

# ২০১৭
# ঘটনাপঞ্জি

প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ



ঘটনাপঞ্জি ২০১৭
প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ

# ঘটনাপঞ্জি ২০১৭

## বাংলাদেশের সংবাদপত্রে প্রকাশিত জনগুরুত্বপূর্ণ সংবাদ

**প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ**
**গবেষণা ও তথ্য সংরক্ষণ বিভাগ**
৩ সার্কিট হাউস রোড, ঢাকা-১০০০

**প্রকাশক**
মহাপরিচালক
প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ

**প্রথম প্রকাশ**
ডিসেম্বর ২০১৮

**প্রচ্ছদ**
মোমিন উদ্দীন খালেদ

**কম্পিউটার বিন্যাস**
ছৈয়দ মোহাম্মদ আবু সোহেল

**মুদ্রাকর**
প্রগতি প্রেস এন্ড পাবলিকেশন্স
২২/১ তোপখানা রোড
ঢাকা

**মূল্য**
৳ ১৫০.০০

© পিআইবি কর্তৃক সংরক্ষিত

---

*Chronology 2017 : Significant News Published in the Newspapers of Bangladesh*
Chief Editor : Md. Shah Alamgir, Published by Press Institute Bangladesh
3 Circuit House Road, Dhaka-1000.
Price : 150.00 Taka. $ 03 Only
ISBN : 978-984-732-046-5
Phone : 9361424, 9330081-84, Fax : 880-02-8317458
E-mail : research@pib.gov.bd, Website : পিআইবি.বাংলা, http://www.pib.gov.bd
বইটি অনলাইনে পেতে হলে : www.rokomari.com

# ঘটনাপঞ্জি ২০১৭

## বাংলাদেশের সংবাদপত্রে প্রকাশিত জনগুরুত্বপূর্ণ সংবাদ


**প্রধান সম্পাদক**
মো. শাহ আলমগীর
মহাপরিচালক
প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ

**তত্ত্বাবধান ও সম্পাদনা**
আকতার হোসেন
পরিচালক, গবেষণা ও তথ্য সংরক্ষণ বিভাগ
প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ

**সমন্বয়**
শেখ মজলিশ ফুয়াদ
রিসার্চ অফিসার
প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ

**গ্রন্থনা**
কাজী ফাহমিদা আক্তার সুমী
গবেষক
প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ

# মু|খ|ব|ন্ধ

সংবাদপত্র চলমান ঘটনাবলীর কথা বলে। তাই বছরের প্রতিটি দিনের সংবাদপত্রের এক একটি পৃষ্ঠা দেশ, সমাজ ও আন্তর্জাতিক বিশ্বের এক একটি দর্পন। প্রতিটি রাত পেরিয়ে দিন আসার সাথে সাথে নতুন নতুন সংবাদের ভিড়ে আগের দিনের সংবাদ ও সংবাদপত্র পুরোনো হয়ে যায়। এভাবে সময় এগিয়ে চলে। দিন পেরিয়ে মাস এবং মাস পেরিয়ে বছরও গড়িয়ে যায়। কিন্তু পেছনে ফেলে আসা বছরের ঘটনাবলীকে কাগজের পৃষ্ঠায় ধরে রাখে সংবাদপত্র। পেছনে ফেলে আসা ঘটনাবলী বর্তমান সময়ের জন্য অনেক ক্ষেত্রেই অত্যন্ত প্রয়োজনীয় হয়ে দাঁড়ায়।

সেই প্রয়োজনের দিকটিকে মাথায় রেখেই প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি) বিভিন্ন সংবাদপত্রে প্রকাশিত জনগুরুত্বপূর্ণ ঘটনাবলী গ্রন্থনা করে গ্রন্থ আকারে প্রকাশের উদ্যোগ নিয়েছে। এর আওতায় ২০১৩ সাল থেকে ঘটনাপঞ্জি হিসেবে গ্রন্থ প্রকাশ করে আসছে পিআইবি। এই গ্রন্থে দেশ, সমাজ ও আন্তর্জাতিক বিশ্বের বিভিন্ন গুরুত্বপূর্ণ ঘটনা প্রবাহ তারিখ অনুযায়ী সন্নিবেশিত করে রাখা হয়েছে যা থেকে জানা যাবে সংশ্লিষ্ট ঘটনাবলীর সার-সংক্ষেপ এবং এর উৎসগুলো।

একটি বছরের অতীতকে তারিখ অনুযায়ী ধরে রাখার জন্য প্রকাশিত হলো **'ঘটনাপঞ্জি ২০১৭: বাংলাদেশের সংবাদপত্রে প্রকাশিত জনগুরুত্বপূর্ণ সংবাদ'**। বইটি তত্ত্বাবধান ও সম্পাদনার দায়িত্ব পালন করেছেন পিআইবি'র গবেষণা ও তথ্য সংরক্ষণ বিভাগের পরিচালক আকতার হোসেন, সমন্বয়কের দায়িত্ব পালন করেছেন রিসার্চ অফিসার শেখ মজলিশ ফুয়াদ ও গ্রন্থনা করেছেন গবেষক কাজী ফাহমিদা আক্তার সুমী। তাদের সবাইকে আমি ধন্যবাদ জানাই।

অনুসন্ধিৎসু পাঠক, গবেষক, সংবাদকর্মীসহ সংশ্লিষ্ট সকলের জন্য এই গ্রন্থ কাজে আসলেই আমাদের শ্রম স্বার্থক হবে বলে মনে করি।

**মো. শাহ আলমগীর**
মহাপরিচালক

# সূ|চি|প|ত্র


জানুয়ারি / ৭
ফেব্রুয়ারি / ২৪
মার্চ / ৪১
এপ্রিল / ৫৮
মে / ৭৬
জুন / ৯৩
জুলাই / ১১১
আগস্ট / ১৩৫
সেপ্টেম্বর / ১৬১
অক্টোবর / ১৯১
নভেম্বর / ২২৯
ডিসেম্বর / ২৬১
২০১৭ সালে দেশ-বিদেশে ঘটে যাওয়া উল্লেখযোগ্য ঘটনা / ২৯২
২০১৭ সালে যাঁদের হারিয়েছি / ৩০০

## জানুয়ারি

### ১ জানুয়ারি

- রাজধানীতে ২২তম আন্তর্জাতিক বাণিজ্য মেলা উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি দেশের রপ্তানি পণ্যের বাজার বহুমুখী করার ওপর গুরুত্বারোপ করে চামড়া ও চামড়াজাত পণ্যকে ২০১৭ সালের জন্য 'প্রোডাক্ট অব দ্য ইয়ার' ঘোষণা করেন।
- সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে নতুন বই বিতরণ শুরু। দেশে প্রথমবারের মতো পাঁচটি ক্ষুদ্র জাতিসত্তার প্রাক-প্রাথমিক স্তরের শিশুদের জন্য মাতৃভাষার বই ছাপানো হয়েছে। একইভাবে প্রাথমিক থেকে মাধ্যমিক স্তরের দৃষ্টিপ্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য বিনামূল্যে ব্রেইল বই ছাপানো হয়েছে।
- শিশুদের ভারি স্কুলব্যাগ বহনে নিষেধাজ্ঞার পূর্ণাঙ্গ রায় সুপ্রিম কোর্টের ওয়েবসাইটে প্রকাশিত।
- জাতীয় পার্টির ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকীতে সাবেক রাষ্ট্রপতি ও জাতীয় পার্টির চেয়ারম্যান হুসেইন মুহম্মদ এরশাদ আগামী সংসদ নির্বাচন এককভাবে করার ঘোষণা দেন।
- বিএনপির ৩৮তম প্রতিষ্ঠাবার্ষিকী সভায় সরকারের বিরুদ্ধে প্রকাশ্যে ঐক্যবদ্ধ হওয়ার আন্দোলনের আহ্বান বিএনপি'র চেয়ারপারসন খালেদা জিয়ার।
- পল্লিকবি জসীম উদ্‌দীনের জন্মজয়ন্তী উপলক্ষ্যে ফরিদপুর জেলা প্রশাসন এবং জসীম ফাউন্ডেশন যৌথভাবে তাঁর পৈতৃক বাড়িতে নানা কর্মসূচির আয়োজন করে।
- কিশোরগঞ্জে নানা আয়োজনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের ৭৪তম জন্মদিন উদযাপিত।
- রাজধানীর আগারগাঁও বিসিসি ভবনে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল ও সেন্টার ফর সার্ভিসেস অ্যান্ড ইনফরমেশন অন ডিজঅ্যাবিলিটি'র (সিএসআইডি) উদ্যোগে আয়োজিত প্রতিবন্ধীদের চাকরি মেলা-২০১৭'র উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা কন্যা অটিজম বিষয়ক জাতীয় উপদেষ্টা কমিটির চেয়ারপারসন সায়মা ওয়াজেদ হোসেন পুতুল।
- ২০১৭ সালকে শান্তির বর্ষে পরিণত করার আহ্বান জানিয়ে জাতিসংঘের নতুন মহাসচিব হিসেবে অ্যান্তোনিও গুতেরিসের দায়িত্ব গ্রহণ।
- তুরস্কের ইস্তাম্বুলে নৈশক্লাবে বর্ষবরণ অনুষ্ঠানে সশস্ত্র হামলায় ৩৯ জন নিহত।



### ২ জানুয়ারি

- নতুন নির্বাচন কমিশন গঠন ইস্যুতে বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে সুষ্ঠু নির্বাচনের পথে বাধা নিরসনে জাতীয় পার্টির সংলাপ।
- মন্ত্রিসভার বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা 'মনজুরুল ইসলাম (লিটন) এমপি'র হত্যাকাণ্ড পরিকল্পিত বলে মন্তব্য করেন।
- ১৯৭১ সালে মুক্তিযুদ্ধে অংশ নেওয়া ন্যাপ-কমিউনিস্ট পার্টি, ছাত্র ইউনিয়নের ও বিশেষ গেরিলা বাহিনীর ২ হাজার ৩৬৭ জনের মুক্তিযোদ্ধা হিসেবে স্বীকৃতি হাইকোর্টে রায় বহাল।
- নির্বাচন কমিশন ১৪ লাখ ৯৭ হাজার ৬৭২ জন নতুন ভোটার নিয়ে খসড়া ভোটার তালিকা প্রকাশ করেছে।
- অপারেশন ক্লিনহার্টের দায়মুক্তি আইন অবৈধ ও বাতিল ঘোষণা করে হাইকোর্টের পূর্ণাঙ্গ রায় প্রকাশ।
- বিদেশী চ্যানেলে দেশি বিজ্ঞাপন প্রচারে তথ্য মন্ত্রণালয়ের নিষেধাজ্ঞা জারি।
- ধর্ম-বর্ণের দোহাই দিয়ে ভোট চাওয়াকে অবৈধ ঘোষণা ভারতের সুপ্রিম কোর্টের।
- বাংলা সাহিত্যের দুই কীর্তিমান পুরোধা আহসান হাবীব ও শওকত ওসমানের জন্মশতবার্ষিকী উদযাপিত।
- মালদ্বীপকে হারিয়ে প্রথমবারের মতো নারী সাফ ফুটবলের ফাইনালে বাংলাদেশ।

### ৩ জানুয়ারি

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) বৈঠকে আড়াই হাজার কোটি টাকার ৬টি প্রকল্প অনুমোদন।
- আওয়ামী লীগের নতুন উপদেষ্টা হলেন মোজাফফর হোসেন পল্টু ও অ্যাডভোকেট বাসেত মজুমদার।
- ১৯৭১ সালে মুক্তিযুদ্ধে অংশ নেয়া ন্যাপ-কমিউনিস্ট পার্টি, ছাত্র ইউনিয়ন, বিশেষ গেরিলা বাহিনীর ২ হাজার ৩৬৭ জনের মুক্তিযোদ্ধা হিসেবে প্রাপ্য সম্মান, মর্যাদা ও সুযোগ- সুবিধা দেয়ার হাইকোর্টে রায় বহাল রেখেছেন সুপ্রিম কোর্টের আপিল বিভাগ।
- সারাদেশে ভূমিকম্পে স্কুলছাত্রীসহ ২ জনের মৃত্যু।
- 'রোজ ভ্যালি আর্থিক কেলেঙ্কারি' ইস্যুতে কলকাতায় বিজেপির পশ্চিমবঙ্গ সদর দপ্তরে তৃণমূলের হামলা ও ভাঙচুর।

**৪ জানুয়ারি**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে বঙ্গভবনে নতুন নির্বাচন কমিশন গঠন ইস্যুতে ন্যাপ ও সাম্যবাদী দলের সংলাপ।
- ছাত্রলীগের ৬৯তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত।
- গণভবনে ভিডিও কনফারেন্সে শিক্ষাপ্রতিষ্ঠানে জঙ্গিবাদের অনুপ্রবেশ ঠেকাতে সংশ্লিষ্ট সবাইকে সতর্ক থাকার আহ্বান জানান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। একই বৈঠকে প্রধানমন্ত্রী জামায়াত বিরোধিতার কারণেই গাইবান্ধার এমপি মনজুরুল ইসলাম লিটনের প্রাণ গেছে বলে জানান।
- এসএসসি ও এইচএসসি পরীক্ষার খাতা দেখতে অভিজ্ঞ শিক্ষক কেন নয় জানতে হাইকোর্টের রুল জারি।
- কক্সবাজারের মহেশখালীতে ২২টি আগ্নেয়াস্ত্র উদ্ধার।
- লন্ডনে বাংলাদেশ-পাকিস্তানি কমিউনিটির ভোট জালিয়াতি ঠেকাতে ভোট দেয়া সংক্রান্ত বিধিমালায় সংশোধনী এনে নতুন করে কঠোরতা আরোপ করেছে ব্রিটিশ সরকার।
- মিয়ানমার সরকার গঠিত তদন্ত কমিশনের প্রতিবেদন– রোহিঙ্গাদের ওপর নির্যাতনের ক্ষেত্রে গণহত্যা ও ধর্ষণের মতো কোন ঘটনা ঘটেনি।
- ফিলিপাইনের রাজধানী ম্যানিলায় প্রথম শুভেচ্ছা সফরে রাশিয়ার যুদ্ধ জাহাজ।
- ভারতের শিলিগুড়ির কাঞ্চনজঙ্ঘা স্টেডিয়ামে নারী সাফ চ্যাম্পিয়নশিপের ৪র্থ আসরে বাংলাদেশ প্রথমবারের মতো রানার্সআপ।

**৫ জানুয়ারি**

- নতুন নির্বাচন কমিশন গঠন ইস্যুতে বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে বাংলাদেশ কমিউনিস্ট পার্টির সাতদফা প্রস্তাব পেশ।
- হোটেল শেরাটনে রিয়েল এস্টেট অ্যান্ড হাউজিং অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (রিহ্যাব)-এর রজতজয়ন্তীর উদ্বোধন অনুষ্ঠানে ভূমি দখলের ব্যবসায়ীদের সতর্ক থাকার আহ্বান জানান রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ।
- প্রধানমন্ত্রীর কার্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের মেয়র হিসেবে শপথ নিয়েছেন ডা. সেলিনা হায়াত আইভী।



- প্রধানমন্ত্রী ও বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল পরিষদের (বেজা) চেয়ারম্যান প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে দেশে আরো চারটি অর্থনৈতিক অঞ্চল অনুমোদন।
- সারাদেশে নানা আয়োজনে আওয়ামী লীগের 'গণতন্ত্রের বিজয় দিবস' পালিত।
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের 'ডিনস অ্যাওয়ার্ড' পেলেন ৬৬ জন শিক্ষার্থী।
- রাজধানীর খামারবাড়িতে 'জাতীয় সবজি মেলা-২০১৭' শুরু।
- মিয়ানমারের রোহিঙ্গা বিষয়ক তদন্ত প্রতিবেদন 'ত্রুটিপূর্ণ' বলে জানান আন্তর্জাতিক মানবাধিকার সংগঠন হিউম্যান রাইটস ওয়াচ।

**৬ জানুয়ারি**

- ঢাকা মহানগর পুলিশের কাউন্টার টেরোরিজম (সিটি) ইউনিটের সঙ্গে বন্দুকযুদ্ধে জঙ্গিনেতা মারজান ও সাদ্দাম নিহত।
- প্রথম আলো 'বর্ষসেরা বই' পুরস্কার পেয়েছে সৈয়দ আবুল মকসুদ ও ফয়জুল ইসলাম।
- ব্রিটিশ যুবরাজ চার্লসের প্রথম স্ত্রী প্রিন্সেস ডায়ানার হাতে লেখা ৬টি চিঠি নিলামে বিক্রি।
- কিউবা ৫০বছর পর যুক্তরাষ্ট্রে পণ্য রপ্তানি শুরু।

**৭ জানুয়ারি**

- নতুন নির্বাচন কমিশন গঠন ইস্যুতে বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে বৈঠকে আগে সংসদের উচ্চকক্ষ গঠন করার পরে নির্বাচনকালীন সরকার ও নতুন নির্বাচন কমিশন গঠনের প্রস্তাব পেশ জাতীয় সমাজতান্ত্রিক দলের (রব)।
- রাজধানীর শিল্পকলা একাডেমিতে অনুষ্ঠিত বেগম জেবুন্নেসা এবং কাজী মাহবুবুল্লাহ্ কল্যাণ ট্রাস্ট আয়োজিত পদক বিতরণ অনুষ্ঠানে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ প্রধান অতিথির বক্তব্যে জঙ্গিবাদ ও সন্ত্রাসমুক্ত দেশ গড়তে গণতান্ত্রিক মূল্যবোধের বিকাশে গুরুত্বারোপ করেন।
- বাংলাদেশ সেনাবাহিনী অশুভ শক্তিকে প্রতিহত করতে প্রস্তুত– নোয়াখালী স্বর্ণদীপে মহড়া অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- গাইবান্ধার এমপি মনজুরুল ইসলাম (লিটন) হত্যার সঙ্গে জড়িত ৮ জন জামায়াত কর্মী গ্রেফতার।
- প্রতি বছর জাতিসংঘে ৬০লাখ ডলার অনুদান কমিয়ে আনার ঘোষণা ইসরায়েলের।

**৮ জানুয়ারি**

- নতুন নির্বাচন কমিশন ইস্যুতে বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে বৈঠকে গণফোরাম নয়দফা ও গণতন্ত্রী পার্টির আটদফা প্রস্তাব।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রম উদ্বোধন করেন।
- নারীর ক্ষমতায়ন নিশ্চিত না করায় নারীরা জঙ্গিবাদে জড়াচ্ছে দাবি করেছে বাংলাদেশ মহিলা পরিষদ।
- সারাদেশে স্কুলে দুর্নীতির খোঁজে দুর্নীতি দমন কমিশনের অনুসন্ধান শুরু।
- চীনের বেইজিংয়ে বায়ুদূষণ নিয়ন্ত্রণে বিশেষ পুলিশ বাহিনী।

**৯ জানুয়ারি**

- নতুন নির্বাচন কমিশন গঠন ইস্যুতে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে বৈঠকে বাসদ-জাসদ পাঁচদফা এবং বিকল্পধারা ইসলামী আন্দোলন সাতদফা প্রস্তাব দিয়েছে।
- জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবসকে কেন্দ্র করে গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে সারাদেশে উন্নয়ন মেলা-২০১৭ উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- অর্ধেকের বেশি পেনশন বিক্রি করা যাবে না। '০১ জুলাই ২০১৭' থেকে কার্যকর করে অর্থ মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন জারি।
- রোগীর ব্যবস্থাপত্রে (প্রেসক্রিপশন) স্পষ্ট অক্ষরে পড়ার উপযোগী করে লেখার নির্দেশ দেন হাইকোর্ট।
- ডা. সেলিনা হায়াৎ আইভী দ্বিতীয়বারের মতো নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের দায়িত্ব গ্রহণ করেছেন।
- রাজধানীর উত্তরা ও কলাবাগান থেকে নিষিদ্ধ জঙ্গিসংগঠন জেএমবির সারোয়ার-তামিম গ্রুপের ১০ জন জঙ্গি গ্রেফতার।
- যুক্তরাষ্ট্রের বহুপক্ষীয় আঞ্চলিক সংগঠন 'অর্গানাইজেশন অব আমেরিকান স্টেটসে'র (ওএএস) স্থায়ী পর্যবেক্ষকের মর্যাদা পেয়েছে বাংলাদেশ।
- জেনেভাভিত্তিক গণমাধ্যম সংগঠন 'এনজিও অ্যাডভাইজার' এর পর্যালোচনায় দ্বিতীয়বারের মতো বিশ্বসেরা এনজিও ব্র্যাক।
- দ্য বেস্ট ফিফা ফুটবল অ্যাওয়ার্ডস-২০১৬ বর্ষসেরা ফুটবলার হলেন ক্রিশ্চিয়ানো রোনালদো।



- আইসিসির নতুন ঘোষিত র‍্যাংকিংয়ে প্রথমবারের মতো টি-টোয়েন্টি বোলারদের সেরা দশে বাংলাদেশের মুস্তাফিজুর রহমান।

**১০ জানুয়ারি**

- সারাদেশে যথাযথ মর্যাদায় ও নানা আয়োজনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত।
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবসে সোহরাওয়ার্দী উদ্যানে জনসভায় সভাপতির বক্তব্যে আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, 'সন্ত্রাসী ও মদদদাতাদের গণআদালতে বিচার হবে'।
- রাষ্ট্রদ্রোহ মামলা অভিযোগ আমলে নেয়া বাতিল চেয়ে খালেদা জিয়ার হাইকোর্টে আবেদন।
- স্থানীয় সরকারের জনপ্রতিনিধিদের সম্মানী বৃদ্ধি। বকেয়াসহ '১ জুলাই ২০১৬' থেকে কার্যকর।
- দেশে প্রথমবারের মতো 'বাংলাদেশ শ্রম আইন' নিয়ে ডিজিটাল হেল্পলাইন যৌথভাবে চালু করে বিপিও প্রতিষ্ঠান ফিফাটেক ও ডাউনটেক কমিউনিকেশন।
- ইত্তেফাকের সাংবাদিক তাসনু আরা মোস্তাফিজ (৫৮) ইন্তেকাল করেন।
- নিউইয়র্কে ১৫০টি দেশের ৩৮ লাখ অভিবাসীর আয় ১০০ বিলিয়ন ডলার।

**১১ জানুয়ারি**

- নতুন নির্বাচন কমিশন গঠন ইস্যুতে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে সংলাপে ই-ভোটিং ও আইন প্রণয়নসহ চার প্রস্তাব আওয়ামী লীগের।
- নবনির্বাচিত জেলা পরিষদ চেয়ারম্যানদের শপথবাক্য পাঠ করানো শেষে উন্নয়নের ধারাবাহিকতা রক্ষায় কাজ করে যাওয়ার আহ্বান জানান প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা মিয়ানমারের পররাষ্ট্র প্রতিমন্ত্রীর সঙ্গে বৈঠকে রোহিঙ্গাদের ফিরিয়ে নেয়ার আহ্বান জানান।
- নতুন নির্বাচন কমিশন গঠন ইস্যুতে আইন প্রণয়নের নির্দেশনা চেয়ে হাইকোর্টে রিট আবেদন দায়ের করে আইনজীবী।
- জাতীয় প্রেস ক্লাবের নবনির্বাচিত কমিটির দায়িত্ব গ্রহণ।
- যশোরে ভারতীয় ভিসা আবেদন সেন্টার উদ্বোধন।
- কিশোরগঞ্জ কুলিয়ারচরে সারা বিশ্বের বিজ্ঞানের সবচেয়ে বড় ব্যবহারিক ক্লাস অনুষ্ঠিত।

- বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের মালয়েশিয়ার কুয়ালালামপুর আন্তর্জাতিক বিমানবন্দরের 'ফরেন এয়ারলাইন অব দ্য ইয়ার-২০১৫' অ্যাওয়ার্ড অর্জন।
- বঙ্গোপসাগরে ডুবোচরে আটকাপড়া পর্যটকবাহী জাহাজ থেকে ৭৫০ জন পর্যটক উদ্ধার।
- বিদায়ী ভাষণে ঐক্যের আশাবাদ ও গণতন্ত্র রক্ষার আহ্বান যুক্তরাষ্ট্রের বিদায়ী প্রেসিডেন্ট বারাক ওবামার।
- নারী হ্যান্ডবলে বিজেএমসি চ্যাম্পিয়ন।

**১২ জানুয়ারি**

- বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ নতুন নির্বাচন কমিশন গঠন ইস্যুতে পঞ্চমদফায় আরো আট রাজনৈতিক দলকে আলোচনার জন্য আমন্ত্রণ জানান।
- দ্বিতীয় মেয়াদে সরকারের তিন বছর পূর্তি দিবসে প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতির উদ্দেশ্যে ভাষণে নির্বাচনে অংশগ্রহণ করে গণতান্ত্রিক ধারা সমুন্নত রাখতে সব রাজনৈতিক দলের প্রতি আহ্বান জানান।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা জঙ্গি দমনে অন্যান্য বাহিনীর পাশাপাশি কোস্ট গার্ডকেও ভূমিকা রাখার আহ্বান জানান।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা রোহিঙ্গাদের নাগরিকত্ব যাচাইয়ের কমিটি গঠনের জন্যে মিয়ানমারের সফররত বিশেষ দূতের কাছে প্রস্তাব দিয়েছেন।
- জিয়া চ্যারিটেবল ট্রাস্ট মামলায় সাক্ষ্য গ্রহণ নিয়ে হাইকোর্টে খালেদা জিয়ার আবেদন খারিজ।
- মহিলা বিষয়ক অধিদপ্তরে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে হেল্পলাইন-১০৯২১ নম্বর ও জয় অ্যাপসের সুবিধা বাড়ানো হয়েছে।
- বাংলাদেশিদের জন্য আবার শ্রম বাজার উন্মুক্ত করেছে মালয়েশিয়া সরকার।
- রাজধানীতে ১৫তম ঢাকা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব-২০১৭ শুরু।
- খাদির ক্যালেন্ডারে মহাত্মা গান্ধীকে সরিয়ে মোদির ছবি ব্যবহারে ভারতে খাদিকর্মীদের ক্ষোভ।
- চার দশকের বিভক্তি পেরিয়ে সাইপ্রাসকে ঐক্যবদ্ধ করতে জেনেভায় আন্তর্জাতিক পর্যায়ে বৈঠক শুরু।
- টেস্ট ক্রিকেটে ১২৩ বছরের রেকর্ড ভাঙ্গলো বাংলাদেশ।

**১৩ জানুয়ারি**

- রাজধানীতে চলচ্চিত্রে নারী শীর্ষক আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধন করেন স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী।



- টঙ্গীতে বিশ্ব ইজতেমার প্রথমপর্ব শুরু।
- গুলশান হামলাসহ ২৩ হত্যায় অভিযুক্ত অন্যতম শীর্ষ জঙ্গি রাজীব গান্ধী গ্রেফতার।
- যুক্তরাষ্ট্রের বিদায়ী ভাইস প্রেসিডেন্ট জো বাইডেনকে দেশটির সর্বোচ্চ বেসামরিক সম্মাননা 'প্রেসিডেনসিয়াল মেডেল অব ফ্রিডমে' ভূষিত করেন বিদায়ী প্রেসিডেন্ট ওবামা।
- কিউবানদের যুক্তরাষ্ট্রে ভিসা ছাড়া প্রবেশ সুবিধা বাতিল ঘোষণা করেন দেশটির বিদায়ী প্রেসিডেন্ট ওবামা।
- হাঙ্গেরীতে শরণার্থীর প্রতি অসদাচরণের জন্য এক ফটো-সাংবাদিককে ৩ বছরের সাজা দিয়েছে দেশটির আদালত।
- সিরীয় সরকারি বাহিনীর সঙ্গে বিদ্রোহীদের পানিচুক্তি।
- ওয়েলিংটনে বাংলাদেশ-নিউজিল্যান্ড ১ম টেস্টে নিউজিল্যান্ডের বিপক্ষে ডাবল সেঞ্চুরি ক্রিকেটার সাকিবের।

**১৪ জানুয়ারি**

- আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর ধানমন্ডিস্থ রাজনৈতিক কার্যালয়ে বক্তব্যে নির্বাচনী ইশতেহার তৈরি করতে সেল গঠন করার নির্দেশ দেন দলের উপদেষ্টামন্ডলীকে।
- সুপ্রিম কোর্ট অডিটোরিয়ামে এক কর্মশালার উদ্বোধনকালে জুডিশিয়াল পলিসি প্রণয়ন ছাড়া মামলাজট সামলানো দুরূহ হয়ে পড়েছে বলে মন্তব্য করেন প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা।
- সরকারের তিনবছর পূর্তিতে সারাদেশে ছাত্রলীগের আনন্দ মিছিল ও সভার আয়োজন।
- চ্যানেল আই কার্যালয়ে প্রকৃতি ও পরিবেশ সংরক্ষণে জনমনে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে দিনব্যাপী প্রকৃতি মেলা উদ্বোধন।
- ভারতের সেনাদের স্মার্টফোন ব্যবহার নিষেধাজ্ঞা করেন ভারতীয় সেনাবাহিনী প্রধান।
- বাংলাদেশ প্রিমিয়ার লীগ চ্যাম্পিয়ন আবাহনীকে ফিফার সভাপতির অভিনন্দন।
- মার্কিন মুদ্রায় প্রথমবারের মতো কৃষ্ণাঙ্গ নারীর মুখ।

**১৫ জানুয়ারি**

- গণভবন থেকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিশ্ব ইজতেমার প্রথম পর্বের আখেরি মোনাজাতে অংশ নেন।
- মুক্তিযোদ্ধা যাচাইয়ে নতুন কমিটি গঠন করেছে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।

- চলতি বছর সরকারি ব্যবস্থাপনায় হজ গমনেচ্ছুদের অনলাইনে প্রাক নিবন্ধন কার্যক্রম শুরু।
- সরকারি উদ্যোগে দিনাজপুরের সদর উপজেলার শশড়া মহতুল্লাপুর গ্রামের মুক্তিযোদ্ধা আবদুল কাদেরের কাছে প্রধানমন্ত্রীর উপহার 'বীর নিবাস'র দলিল হস্তান্তর।
- দেশে ডিজিটাল শিক্ষাবিস্তারে সম্মিলিতভাবে তথ্যপ্রযুক্তি বিভাগ, রবি ও টেন মিনিটস স্কুলের মধ্যে ত্রিপক্ষীয় চুক্তি স্বাক্ষর।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা সুইজারল্যান্ডে ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের (ডব্লিউইএফ) ৪৭তম বার্ষিক সম্মেলনে যোগ দিতে ঢাকা ত্যাগ করেছেন।
- ইসরায়েল-ফিলিস্তিন সংকট নিয়ে ফ্রান্সের প্যারিসে বৈশ্বিক সম্মেলন শুরু।
- আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল (আইসিসি) মহিলা ও পুরুষ ক্রিকেটারদের জন্য হেলমেট ব্যবহারে নতুন নিয়ম চালু করেছে।

**১৬ জানুয়ারি**

- বঙ্গভবনে নতুন নির্বাচন কমিশন ইস্যুতে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে গণফ্রন্টের ১৪দফা, বাংলাদেশ খেলাফত মজলিসের সাতদফা ও বাংলাদেশ ন্যাশনাল আওয়ামী পার্টির ১১-দফা প্রস্তাব পেশ। এ সময় রাজনৈতিক দলগুলোকে নিজেদের মধ্যে সংলাপের পরামর্শ দেন রাষ্ট্রপতি।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিশ্ব অর্থনৈতিক ফোরামের (ডব্লিউইএফ) ৪৭তম বার্ষিক সভায় যোগ দিতে সুইজারল্যান্ড পৌঁছেছেন।
- নারায়ণগঞ্জের চাঞ্চল্যকর সাত হত্যাকাণ্ডে জড়িত ২৬ জনের ফাঁসির আদেশ দিয়েছেন নারায়ণগঞ্জ জেলা ও দায়রা জজ। এ রায়ে সাধারণ মানুষের স্বস্তি প্রকাশ। দণ্ডপ্রাপ্ত আসামীদের মধ্যে ১৬ জনই র‍্যাব-১১ এর সাবেক সদস্য।
- রাজধানীতে ইন্টারন্যাশনাল নিউজ মিডিয়া অ্যাসোসিয়েশনের (ইনমা) প্রধান নির্বাহী কর্মকর্তা আর্ল জে উইলকিনসনের সঙ্গে জ্যেষ্ঠ সাংবাদিকদের মতবিনিময় সভার আয়োজন করে নিউজ পেপার ওনার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (নোয়াব)।
- বিশ্বের উন্নয়শীল ৭৯টি দেশের মধ্যে অন্তর্ভুক্তিমূলক উন্নয়নে বাংলাদেশ বর্তমানে ৩৬তম– সুইজারল্যান্ডের ডাভোসে ফোরামের ৪৭তম বার্ষিক সভায় প্রকাশিত 'ইনক্লুসিভ গ্রোথ অ্যান্ড ডেভেলপমেন্ট রিপোর্ট-২০১৭'এ তথ্য প্রকাশ করে ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম।



- রোহিঙ্গা পরিস্থিতি জানতে কক্সবাজারে ঢাকায় কর্মরত নর্ডিক দেশসমূহের রাষ্ট্রদূতরা।

**১৭ জানুয়ারি**

- বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের নবনির্বাচিত মেয়র সেলিনা হায়াত আইভী সৌজন্য সাক্ষাৎ করেন।
- জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন অনুষ্ঠানে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ গণতন্ত্র অব্যাহত রাখতে ঐক্যবদ্ধ ভূমিকা পালনের আহ্বান জানান।
- সুইজারল্যান্ডের ডাভোসে 'শেপিং এ নিউ ওয়াটার ইকোনমি' শীর্ষক কর্মশালায় বক্তৃতাকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা তৈরি পোশাকশিল্পে কর্মপরিবেশ নিশ্চিত কল্পে সরকার প্রতিশ্রুতিবদ্ধ বলে জানান।
- সার্কের কার্যকারিতা শেষ হয়ে যায়নি– কংগ্রেস সেন্টারে অনুষ্ঠিত ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের (ডব্লিউইএফ) ৪৭তম বার্ষিক সম্মেলনে 'হারনেসিং রিজিওনাল কো-অপারেশন ইন সাউথ এশিয়া' শীর্ষক ইন্টারেক্টিভ সেশনে মতবিনিময়কালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- ফিলিস্তিনের স্বাধীনতাকামী সংগঠন হামাসের সঙ্গে ঐক্য সরকার গঠনে সম্মত ফাতাহ নিয়ন্ত্রিত ফিলিস্তিন কর্তৃপক্ষ।
- উইকিলিকসে তথ্য ফাঁস করার অভিযোগে ম্যানিংয়ের ২৮ বছর সাজা কমালেন যুক্তরাষ্ট্রের বিদায়ী প্রেসিডেন্ট বারাক ওবামা।
- আন্তর্জাতিক শান্তি ও নিরাপত্তার স্বার্থে স্বাধীন প্যালেস্টাইন রাষ্ট্র প্রতিষ্ঠায় সমর্থন দিয়ে যাবেন। জাতিসংঘ সদর দপ্তরে 'ফিলিস্তিন প্রসঙ্গসহ মধ্যপ্রাচ্য পরিস্থিতি' শীর্ষক সভায় জানান বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি ও রাষ্ট্রদূত।
- রোহিঙ্গা ইস্যুতে জাতিসংঘের হস্তক্ষেপ চেয়েছে ওআইসি। ওআইসি'র বিশেষ দূত কুয়ালালামপুরে রয়টার্সকে দেওয়া সাক্ষাৎকারে একথা বলেন।
- জাতিসংঘের গ্রিন ক্লাইমেট ফান্ডে ৫০ কোটি ডলার দিয়েছে মার্কিন সরকার।
- বাংলাদেশের ১১৮৬ জন এক লেনে সাইকেল চালানোর প্রয়াসকে বিশ্বরেকর্ডের স্বীকৃতি দিয়েছে গিনেস বুক অব ওয়ার্ল্ড রেকর্ড কর্তৃপক্ষ।
- বাগেরহাটে শেখ হেলাল উদ্দিন স্টেডিয়াম উদ্বোধন করেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী ড. ধীরেন শিকদার।

**১৮ জানুয়ারি**

- নতুন নির্বাচন কমিশন গঠন ইস্যুতে বঙ্গভবনে বাংলাদেশ ইসলামী ফ্রন্ট, বাংলাদেশ মুসলিম লীগ এবং জাকের পার্টির বৈঠকের মাধ্যমে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ৩১টি নিবন্ধিত রাজনৈতিক দলগুলোর সঙ্গে আনুষ্ঠানিক সংলাপ সমাপ্ত করেন।
- সুইজারল্যান্ডের ডাভোসে ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের আনুষ্ঠানিক সংলাপ সমাপ্ত। ডব্লিউইএফ'র মূল সেশনের বক্তব্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, বৈষম্য হ্রাসের মাধ্যমে টেকসই উন্নয়নের কাজ করে যাচ্ছে বাংলাদেশ।
- রাজধানীর ওসমানী মিলনায়তনে নতুন নির্বাচিত জেলা পরিষদের সদস্যদের শপথ পাঠ করান স্থানীয় সরকারমন্ত্রী।
- মার্কিন মূল্যবোধ হুমকিতে পড়লে চুপ থাকবো না– হোয়াইট হাউসে প্রেসিডেন্ট হিসেবে সর্বশেষ সংবাদ সম্মেলনে বিদায়ী প্রেসিডেন্ট বারাক ওবামা।
- দিল্লিতে রাইসিনা সংলাপ অনুষ্ঠানে ভারতের পররাষ্ট্র সচিব– বাংলাদেশের সঙ্গে ভারতের দ্বিপাক্ষিক সম্পর্ক নতুন মাত্রা পেয়েছে।
- মস্কোতে তিনদিনের আলোচনা শেষে ফিলিস্তিনে জাতীয় ঐক্যমতের সরকার গঠনে সম্মত হামাস ও ফাতাহ।
- শেখ কামাল আন্তর্জাতিক ফুটবলে যোগদানের জন্য চার বিদেশী দলের চুক্তি স্বাক্ষর।

**১৯ জানুয়ারি**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ঢাকা ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশনে একাত্তরের ঘাতক-দালাল নির্মূল কমিটির রজতজয়ন্তী ও ৭তম জাতীয় সম্মেলন-২০১৭ অনুষ্ঠানের উদ্বোধনী বক্তৃতায় বলেন, ধর্মের নামে সন্ত্রাস চালাচ্ছে স্বাধীনতাবিরোধীরা। এসময় রাষ্ট্রপতি শহীদ পরিবারের প্রতিনিধিদের উত্তরীয় ও ক্রেস্ট প্রদান করেন। মূল অধিবেশনে প্রধান অতিথি ছিলেন স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী।
- শহীদ এম মনসুর আলীর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে ওসমানী মিলনায়তনে আলোচনা সভায় দেশের রাজনৈতিক দলগুলোকে জনস্বার্থ প্রাধান্য দেয়ার আহ্বান জানান রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ।
- রাজধানীর শিল্পকলা একাডেমিতে বাংলাদেশ-ত্রিপুরা সাংস্কৃতিক উৎসব উদ্বোধন করেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত।



- স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে দাপ্তরিক কাজের সুবিধার্থে 'জননিরাপত্তা' ও 'সু-রক্ষা সেবা' ২টি বিভাগে ভাগ করেছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- কুয়ালালামপুরে ওআইসির বৈঠকে রোহিঙ্গাদের ফিরিয়ে নেয়ার আহ্বান বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রীর।
- বিএনপি'র প্রতিষ্ঠাতা ও প্রয়াত রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৮১তম জন্মবার্ষিকী পালিত।
- রোহিঙ্গা ইস্যুতে রোহিঙ্গা মুসলিমদের ওপর হামলা ও বৈষম্যমূলক আচরণ বন্ধ করতে মিয়ানমারের প্রতি মালয়েশিয়ার প্রধানমন্ত্রীর আহ্বান।

**২০ জানুয়ারি**

- সুইজারল্যান্ডের ডাভোসে ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের (ডব্লিউইএফ) ৪৭তম সম্মেলনে অংশগ্রহণ শেষে দেশের উদ্দেশ্যে জুরিখ আন্তর্জাতিক বিমানবন্দর ত্যাগ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- রাজধানীর আগারগাঁওয়ে নিজস্ব ভবনে নির্বাচন কমিশন স্থানান্তর ও কমিশনের কার্যক্রম শুরু।
- টঙ্গীতে বিশ্ব ইজতেমার দ্বিতীয়পর্ব শুরু।
- সারাদেশে শহীদ আসাদ দিবস উদযাপিত।
- পরিচ্ছন্ন বাংলাদেশ গড়তে রাজধানীতে বেসরকারি স্বেচ্ছাসেবী সংগঠন 'ঢাকা ক্লিন' এর উদ্যোগে রোড শো'র আয়োজন।
- যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসি'র লিংকন মেমোরিয়ালে জমকালো ও ঐতিহাসিক অনুষ্ঠানের মধ্য দিয়ে ৪৫তম নতুন নির্বাচিত প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প শপথ নেন।
- ডোনাল্ড ট্রাম্পের শপথের পূর্বে ওয়াশিংটনে জাতীয় প্রেস ক্লাব ভবনের সামনে ট্রাম্প সমর্থক ও ট্রাম্প বিরোধীদের মধ্যে সংঘর্ষ।
- 'ওবামাকেয়ার বাতিল' হোয়াইট হাউসে প্রবেশের পর প্রেসিডেন্ট হিসেবে ট্রাম্পের প্রথম নির্বাহী আদেশে স্বাক্ষর।
- মিয়ানমার সফরশেষে জাতিসংঘের মানবাধিকার বিষয়ক বিশেষ দূত রাখাইন প্রদেশে রোহিঙ্গা মুসলিমদের সঙ্গে চরম দুর্ব্যবহার করেছে বলে অভিযোগ করে বিবৃতি দিয়েছেন।
- লিবিয়ায় জঙ্গিগোষ্ঠীর শিবিরে মার্কিন বিমান হামলায় ৮০জন জঙ্গি নিহত।
- ক্রাইস্টচার্চে নিউজিল্যান্ডের বিপক্ষে হাফ সেঞ্চুরি করে ৯ হাজার রানের মাইলফলক স্পর্শ বাংলাদেশের ক্রিকেটার সাকিব আল হাসানের।

## ২১ জানুয়ারি

- সুইজারল্যান্ডের ডাভোসে ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের (ডব্লিউইএফ) ৪৭তম সম্মেলনে অংশগ্রহণ শেষে দেশে ফিরেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা ।
- দেশের ৯৪টি উপজেলায় প্রকৃত মুক্তিযোদ্ধা যাচাই-বাছাই কার্যক্রম শুরু, রাজধানীতে এক সমাবেশে সাংবাদিকদের জানান মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী এ কে এম মোজাম্মেল হক।
- 'পহেলা বৈশাখের মঙ্গল শোভাযাত্রা' বিশ্ব হেরিটেজ হিসেবে ইউনেস্কোর স্বীকৃতি পাওয়ায় সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে রাজধানীতে আনন্দ র‌্যালি।
- পাসপোর্টের ক্ষমতায় বাংলাদেশ বিশ্বের ৯২তম। 'গ্লোবাল পাসপোর্ট পাওয়ার ব্যাংক-২০১৭' সালের নামের তালিকা করেছে আর্থিক পরামর্শক প্রতিষ্ঠান আরটন ক্যাপিটাল।
- তুরস্কের জাতীয় সংসদে 'প্রেসিডেন্ট শাসিত সরকার' অনুমোদন বিল পাস।
- ওয়াশিংটনসহ বিশ্বের ১৬১ শহরে নারীদের ট্রাম্পবিরোধী বিক্ষোভ।
- এক বছরে বিদেশি নাগরিক স্থায়ী বসবাসের সুযোগ পাবে জানান জাপান সরকার।
- ক্রাইস্টচার্চে নিউজিল্যান্ডের বিপক্ষে দ্বিতীয় টেস্টের দ্বিতীয়দিন পর্যন্ত বাংলাদেশ ২৯ রানে এগিয়ে।

## ২২ জানুয়ারি

- স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে দশম জাতীয় সংসদের ১৪তম ও ২০১৭ সালের প্রথম অধিবেশন শুরু।
- দশম জাতীয় সংসদের ১৪তম ও ২০১৭ সালের প্রথম অধিবেশনে বক্তব্যে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ জনগণের প্রত্যাশা পূরণে সরকারি ও বিরোধীদলসহ সবাইকে কার্যকর ভূমিকা পালনের আহ্বান জানান।
- গাইবান্ধার সংসদ সদস্য মঞ্জুরুল ইসলাম লিটনের হত্যাকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি দেয়া হবেই– জাতীয় সংসদের ১৪তম অধিবেশনে শোক প্রস্তাবের ওপর আলোচনাকালে এ অঙ্গীকার করেন প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা।
- বাংলাদেশের উন্নয়ন দেখে বিশ্ব নেতারা অভিভূত– প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা সুইজারল্যান্ডের ডাভোসে ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের (ডব্লিউইএফ) ৪৭তম সম্মেলনে অংশগ্রহণ শেষে দেশে ফিরে গণভবনে আওয়ামী লীগের কেন্দ্রীয় নেতাদের সঙ্গে কুশল বিনিময়কালে একথা বলেন।



- বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক অধিদপ্তর আয়োজিত ৪৬তম শীতকালীন জাতীয় স্কুল ও মাদ্রাসা ক্রীড়া প্রতিযোগিতার সমাপনী এবং পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠানে লেখাপড়ার পাশাপাশি ক্রীড়া ও সাংস্কৃতিক চর্চায় গুরুত্ব দিতে হবে।
- প্রধানমন্ত্রীর সহকারী প্রেস সচিব হিসেবে নিয়োগ পেলেন বাংলাদেশ বেতারের উপ-বার্তা নিয়ন্ত্রক এম এম ইমরুল কায়েস।
- নারায়ণগঞ্জ সাত খুন মামলার ডেথ রেফারেন্সের নথি হাইকোর্টে পৌঁছেছে।
- ফিলিস্তিন ভূখণ্ডে নতুন করে বসতি স্থাপনের অনুমতি দিয়েছে ইসরায়েল সরকার।
- মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের জামাতাকে জ্যেষ্ঠ উপদেষ্টা হিসেবে নিয়োগে কোন বাধা নেই জানান দেশটির বিচার বিভাগ।
- ডেভিড ওয়ার্নারের সেঞ্চুরির জন্য পাকিস্তানের বিপক্ষে অস্ট্রেলিয়ার সিরিজ জয়।

## ২৩ জানুয়ারি

- নতুন নির্বাচন কমিশন গঠন ইস্যুতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা 'সার্চ কমিটি গঠন' বিষয়ে সংসদ ভবনে অবস্থিত রাষ্ট্রপতির কার্যালয়ে দশম জাতীয় সংসদের ১৪তম ও ২০১৭ সালের প্রথম অধিবেশন শেষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে বৈঠক করেন। একই ইস্যুতে রাষ্ট্রপতি বঙ্গভবনের উর্ধ্বতন কর্মকর্তাদের নিয়েও বৈঠক করেন।
- 'জঙ্গি ও মাদকের প্রতিকার বাংলাদেশ পুলিশের অঙ্গীকার' এই প্রত্যাশার সাথে পুলিশ সপ্তাহ-২০১৭ শুরু।
- রাজধানীর রাজারবাগ পুলিশ লাইনে 'পুলিশ সপ্তাহ-২০১৭' উদ্বোধন শেষে পুলিশ ওয়েলফেয়ার প্যারেডে ভাষণে নগরীতে দ্বিতীয় পুলিশ ব্যারাক প্রতিষ্ঠার সিদ্ধান্ত নেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা ।
- গণভবনে সার্কের বিদায়ী মহাসচিবের সঙ্গে সৌজন্য সাক্ষাতের সময় জনগণের প্রত্যাশা পূরণে সার্কের জন্য সময়োপযোগী এবং ফলপ্রসূ কর্মসূচি গ্রহণের প্রয়োজনীয়তার বিষয়ে গুরুত্বারোপ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- সারাদেশে প্রকৃত মুক্তিযোদ্ধা যাচাইয়ে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল (জামুকা) প্রণীত নির্দেশিকা ও কমিটি গঠন প্রক্রিয়া নিয়ে হাইকোর্টে রুল জারি।
- সুনামগঞ্জ জেলাকে 'বাল্যবিবাহমুক্ত' ঘোষণা দেন সিলেটের বিভাগীয় কমিশনার।

- কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ (কউক) কার্যালয়কে 'ঘুষমুক্ত' ঘোষণা করেন প্রতিষ্ঠানটির চেয়ারম্যান অবসরপ্রাপ্ত লে. কর্নেল ফোরকান আহমদ।
- রোহিঙ্গা ইস্যু সমাধানে আরো সময় চেয়েছে মিয়ানমার সরকার।

**২৪ জানুয়ারি**

- রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে ছাত্রলীগের ৬৯তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে পুনর্মিলনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় ছাত্রলীগের নেতাকর্মীদের লেখাপড়ায় মনযোগী হওয়ার আহ্বান জানান প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- ঊনসত্তরের ঐতিহাসিক মহান 'গণঅভ্যুত্থান' দিবস পালিত।
- ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল (টিআই) বাংলাদেশের প্রতিবেদন প্রকাশ– করাপশন পারসেপশন ইনডেক্স (সিপিআই)-২০১৬ অনুযায়ী বিশ্বে বাংলাদেশের অবস্থান **১৫**তম।
- রাজধানীতে চিলড্রেন্স ফিল্ম সোসাইটি বাংলাদেশ আয়োজিত শিশু চলচ্চিত্র উৎসব শুরু।
- এশিয়া প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল ও যুক্তরাষ্ট্রসহ **১২**টি দেশের ট্রান্স প্যাসেফিক পার্টনারশিপ (টিপিপি) চুক্তি বাতিল সংক্রান্ত প্রস্তাবে স্বাক্ষর মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের।
- জাতিসংঘ থেকে যুক্তরাষ্ট্রের বেরিয়ে যাওয়ার আহ্বান জানিয়ে দেশটির পার্লামেন্টে বিল উত্থাপিত।
- দায়িত্ব নেয়ার চতুর্থদিনে টেলিফোনে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে যুক্তরাষ্ট্র সফরে আমন্ত্রণ জানান মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

**২৫ জানুয়ারি**

- নতুন নির্বাচন কমিশন (ইসি) গঠন ইস্যুতে আপিল বিভাগের বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেনকে প্রধান করে ছয় সদস্যের সার্চ কমিটি গঠন করেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ।
- 'বার্ষিক পুলিশ সপ্তাহ-২০১৭' উপলক্ষ্যে বঙ্গভবনে আয়োজিত অনুষ্ঠানে উচ্চপদস্থ পুলিশ কর্মকর্তাদের সঙ্গে বৈঠকে জনগণকে যথাযথ সেবাপ্রদানে পুলিশের প্রতি আহ্বান জানান রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ।
- জাতীয় সংসদে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, গ্রামীণ ব্যাংকের প্রতিষ্ঠাতা ড. মুহাম্মদ ইউনূস ধোঁকা দিয়ে গ্রামীণ ফোনের অনুমতি নিয়েছিলেন।



- বিএনপি আবারো সন্ত্রাসের পথে গেলে জনগণই প্রতিরোধ করবে– গণভবনে ছাত্রলীগের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে সংগঠনের সর্বস্তরের নেতাদের সঙ্গে মতবিনিময়কালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- মেক্সিকো সীমান্তে দেওয়াল তৈরির লক্ষ্যে এক নির্বাহী আদেশে স্বাক্ষর করেন নবনিযুক্ত মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

**২৬ জানুয়ারি**

- নতুন নির্বাচন কমিশন (ইসি) গঠনে কাজ শুরু করেছে ছয় সদস্যের সার্চ কমিটি।
- গোপালগঞ্জে জাতীয় রোভার মুটের উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এসময় প্রধানমন্ত্রী দেশের নেতৃত্বদানের জন্য বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে সামনে এগিয়ে যেতে রোভার স্কাউটদের প্রতি আহ্বান জানান।
- যুক্তরাজ্যের প্রভাবশালী দৈনিক দ্য ইকোনমিস্টে তথ্য প্রকাশ– গণতন্ত্রসূচকে বিশ্বের **১৬৭**টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান **৮৪**তম, এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের অবস্থান **১৬**তম।
- বাঙ্গালী সাংস্কৃতিক আন্দোলনের ব্যক্তিত্ব, সংগীতজ্ঞ, লেখক ও সাংবাদিক ওয়াহিদুল হকের **১০**ম মৃত্যুবার্ষিকী পালিত।
- ডেইলি অবজারভারের বিরুদ্ধে মিথ্যা, ভিত্তিহীন ও মনগড়া সংবাদ পরিবেশনের অভিযোগে বিশেষ অধিকার ক্ষুন্নের নোটিশ জাতীয় সংসদে গৃহীত।
- গ্রামীণ ব্যাংকের নামে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অবৈধভাবে কর সুবিধার তদন্ত হচ্ছে, সাংবাদিকদের জানান অর্থমন্ত্রী।
- নবনিযুক্ত মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের অভিবাসন নীতি বাস্তবায়ন ও মেক্সিকো সীমান্তে দেওয়াল তোলার নির্বাহী আদেশের বিরুদ্ধে যুক্তরাষ্ট্রে ব্যাপক বিক্ষোভ।

**২৭ জানুয়ারি**

- গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় রিকশা-ভ্যানে চড়ে ভাগ্না-ভাগ্নিদের সঙ্গে নিয়ে গ্রাম ঘুরে বেড়ালেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- প্রথমবারের মতো বিরোধিতা করে যুক্তরাজ্যের বিরোধীদল লেবার পার্টির ছায়া মন্ত্রিসভা থেকে দলীয় এমপি টিউলিপ রেজওয়ানা সিদ্দিকের পদত্যাগ।
- হোয়াইট হাউজে ব্রিটিশ প্রধানমন্ত্রী থেরেসা মে ও নবনিযুক্ত মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের যৌথ সংবাদ সম্মেলনে ঘোষণা– দু'দেশের সম্পর্ক নতুন উচ্চতা পেয়েছে।

- ভারতের কংগ্রেস পার্টি এখন অতীতের গল্প– ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি।

**২৮ জানুয়ারি**

- আইইবি চট্টগ্রাম কেন্দ্রে ৫৭তম জাতীয় কনভেনশনে রামপাল বিদ্যুৎকেন্দ্র বিরোধীদের সমালোচনা করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, যারা ঢাকায় আন্দোলন করেন রামপাল থেকে সুন্দরবন কতদূর সেই ধারণাই তাদের নেই।
- দশম জাতীয় সংসদের ৩ বছর পূর্ণ করে ৪র্থ বছরে পদার্পণ।
- বাংলাদেশে অস্থায়ীভাবে আশ্রয় নেয়া মিয়ানমারের রোহিঙ্গাদের অবস্থা সরেজমিনে দেখতে জাতিসংঘের সাবেক মহাসচিব কফি আনানের নেতৃত্বাধীন আন্তর্জাতিক পরামর্শক কমিশনের একটি প্রতিনিধিদল ঢাকায়।
- 'পরবর্তী নোটিশ না দেয়া পর্যন্ত' সিরিয়ান শরণার্থীদের যুক্তরাষ্ট্রে প্রবেশ নিষিদ্ধ করেন নবনিযুক্ত মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

**২৯ জানুয়ারি**

- জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, শিশু-কিশোররা যাতে অপরাধ প্রবণতায় জড়িয়ে না যায় সেজন্য লেখাপড়ার পাশাপাশি খেলাধুলা ও সাংস্কৃতিক কর্মকাণ্ডে ছেলেমেয়েদের উৎসাহ দিতে হবে।
- মিয়ানমারের রোহিঙ্গাদের অবস্থা সরেজমিনে দেখতে জাতিসংঘের সাবেক মহাসচিব কফি আনান কমিশনের তিন সদস্যের উখিয়া ও টেকনাফে রোহিঙ্গা বস্তি পরিদর্শন। এসময় তাঁরা রোহিঙ্গাদের উপর নির্যাতনের বর্ণনা শুনেন।
- চলতি বছরে (জানুয়ারি-জুন) দ্বিতীয়ার্ধের জন্য মুদ্রানীতি ঘোষণা বাংলাদেশ ব্যাংকের। মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে রাখার পাশাপাশি সরকার প্রক্ষেপিত হারে ৭% বেশি জিডিপি প্রবৃদ্ধি অর্জনের আশা।
- নবনিযুক্ত মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প দেশের জন্য অত্যন্ত বিপদজ্জনক– জন হপকিন্স ইউনিভারসিটির এক মনোচিকিৎসকের মন্তব্য।

**৩০ জানুয়ারি**

- সার্চ কমিটির সঙ্গে ১২ সদস্যের নাগরিকের বৈঠক। তিন মাস সময় নিয়ে নির্বাচন কমিশন (ইসি) গঠনের প্রস্তাব।
- যৌতুকের জন্য আত্মহত্যায় প্ররোচনার অভিযোগে ১৪ বছরের কারাদণ্ডের বিধান রেখে যৌতুক নিরোধ আইন-২০১৭ খসড়ায় মন্ত্রিসভায় নীতিগত অনুমোদন দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।



- গাইবান্ধার সাঁওতাল পল্লিতে ৬ নভেম্বর ২০১৬ খ্রি. আগুন লাগানোর ঘটনায় স্থানীয়রা ছাড়াও আইনশৃঙ্খলা বাহিনীর তিনসদস্যের জড়িত থাকার প্রমাণ মিলেছে– তদন্ত কমিটির প্রতিবেদন প্রকাশ।
- কাস্টমস, ওয়াসা ও বিমানে দুর্নীতি দমন কমিশনের (দুদক) অভিযান। সরকারি প্রতিষ্ঠানে দুর্নীতি দূর করার উদ্যোগ।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও নরেন্দ্র মোদির নেতৃত্বে ভারত-বাংলাদেশ সম্পর্ক নতুন উচ্চতায় পৌঁছেছে- ভারতীয় হাইকমিশনার হর্ষবর্ধন শ্রিংলা।
- কানাডার  একটি মসজিদে বন্দুকধারীর গুলিতে নিহত ৬। এটা মুসলমানদের ওপর সন্ত্রাসী হামলা– কানাডীয় প্রধানমন্ত্রী।
- ঢাকায় ১৪ জাতির আইএসএসএফ ইন্টারন্যাশনাল সলিডারিটি আর্চারি চ্যাম্পিয়নশিপে ৬ স্বর্ণসহ ৯ পদক জিতে শীর্ষস্থানে বাংলাদেশ।

**৩১ জানুয়ারি**

- জাতীয় অর্থনীতি পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় গ্রামীণ অবকাঠামো ডিজাইনের ওপর গুরুত্বারোপ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- নতুন নির্বাচন কমিশন (ইসি) পুনর্গঠনে একজন নারী ও চারজন পুরুষসহ মোট পাঁচ সদস্যের নামের তালিকা সার্চ কমিটিতে জমা দিয়েছে আওয়ামী লীগ।
- ঢাকায় সফররত কফি আনান কমিশনের অভিমত– মিয়ানমারের নাগরিকত্ব নিশ্চিত করা ছাড়া রোহিঙ্গা সমস্যা সমাধান হবে না।
- যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত মার্শা বার্নিকাট বলেন, রোহিঙ্গা সমস্যা মিয়ানমারের অভ্যন্তরীণ সমস্যা এবং এর সমাধান মিয়ানমারকেই করতে হবে।
- রাখাইন রাজ্যের সহিংসতা এবং মানবাধিকার লঙ্ঘনের বিষয়ে খতিয়ে দেখতে মিয়ানমার সরকার গঠিত কমিশনের প্রতিবেদন প্রকাশ স্থগিত করেছে মিয়ানমারের স্টেট কাউন্সিলর ও পররাষ্ট্রমন্ত্রী অং সান সুচি।

## ফেব্রুয়ারি

**১ ফেব্রুয়ারি**

- ফিলিস্তিনের প্রেসিডেন্ট মাহমুদ আব্বাস তিনদিনের রাষ্ট্রীয় সফরে ঢাকায়। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে তাঁকে স্বাগত জানান রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ।

- ‘ছেলে-মেয়েরা যে বিপথে চলে যায়, সাহিত্যচর্চার মধ্য দিয়ে তাদের বিপথ থেকে উদ্ধার করা যায়’– বাংলা একাডেমি প্রাঙ্গণে অমর একুশে উপলক্ষ্যে মাসব্যাপী বইমেলা উদ্বোধনকালে বক্তৃতায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। একইসাথে চার দিনব্যাপী ‘আন্তর্জাতিক সাহিত্য সম্মেলন-২০১৭’ উদ্বোধন ও ‘বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার-২০১৬’ বিজয়ীদের পুরস্কার বিতরণ করেন।
- ‘কবিতা মানেনা বর্বরতা’ স্লোগানে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ৩১তম জাতীয় কবিতা উৎসব শুরু।
- উচ্চ আদালতে আপিল বিভাগে বাংলায় রায় লেখার উদ্যোগ।
- কালজয়ী চিত্রশিল্পী পটুয়া কামরুল হাসানের ২৯তম মৃত্যুবাষির্কী পালিত।

**২ ফেব্রুয়ারি**

- গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে ফিলিস্তিনি প্রেসিডেন্ট মাহমুদ আব্বাসের বৈঠক। ফিলিস্তিন-ইসরায়েল দুই রাষ্ট্রভিত্তিক সমাধানের প্রতি বাংলাদেশের সমর্থন পুনর্ব্যক্ত।
- বর্তমান সরকার আমলে (২০০৯-২০১৬ সাল পর্যন্ত) কর্মসংস্থানের উদ্দেশ্যে ৪১ লাখ ৯০ হাজার ৩৮৯ জন বাংলাদেশি কর্মী বিদেশে গেছে, জাতীয় সংসদে এ তথ্য প্রকাশ।
- সারাদেশে এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু। পরীক্ষার্থী সংখ্যা ১৭ লাখ ৮৬ হাজার ৬৩০ জন।
- রাজারবাগ পুলিশ লাইন্স মাঠে বর্ণাঢ্য আয়োজনে ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) ৪২তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত।
- চাঁদপুরের হাইমচর উপজেলায় ছাত্রদের পিঠসেতু বানিয়ে ‘জুতা পায়ে’ হেঁটে যাওয়ার ঘটনায় উপজেলা চেয়ারম্যান ও আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নূর হোসেনসহ ৫ জনকে আসামি করে মামলা।
- জামালপুরের মেলান্দহ উপজেলায় শিশু শিক্ষার্থীদের পিঠসেতু বানিয়ে তার ওপর দিয়ে বিদ্যালয়ের জমিদাতার হেঁটে যাওয়ার ঘটনায় প্রশাসনের তদন্ত কমিটির কাজ শুরু।
- জালিয়াতির মাধ্যমে হিন্দু দেবোত্তর সম্পত্তি দখলের মামলায় সিলেটের কথিত দানবীর রাগীব আলী ও তার ছেলেকে ১৪ বছরের কারাদণ্ড দিয়েছে আদালত।

**৩ ফেব্রুয়ারি**

- সিরাজগঞ্জের শাহজাদপুরে আওয়ামী লীগের দু'গ্রুপের সংঘর্ষের সময় পৌরমেয়রের গুলিতে আহত দৈনিক সমকালের উপজেলা প্রতিনিধি আবদুল হাকিম শিমুলের মৃত্যু।



- ঢাকা রিপোর্টার্স ইউনিটে এক সভায় নদীরক্ষায় সরকারের কাছে ১৬দফা সুপারিশ করে বাংলাদেশ নদী বাঁচাও আন্দোলন।
- হাইমচরে শিক্ষার্থীদের দিয়ে বানানো সেতুর উপর দিয়ে হাঁটার ঘটনায় উপজেলা চেয়ারম্যান ও সাধারণ সম্পাদক দল থেকে বহিষ্কার।
- দৈনিক সংবাদের প্রধান সম্পাদক ও দেশের প্রগতিশীল ধারার রাজনীতির পুরোধা ব্যক্তিত্ব আহমদুল কবিরের (মনু মিয়া) ৯৫তম জন্মবার্ষিকী পালিত।
- জাতিসংঘের মানবাধিকার দফতরের প্রতিবেদন প্রকাশ– রোহিঙ্গাদের ধর্ষণ ও গণহত্যা চালিয়েছে মিয়ানমারের নিরাপত্তা (সেনা) বাহিনী।
- তিস্তাসহ সব সমস্যা সমাধান হবে– দিল্লিতে নিরাপত্তা সংলাপে ভারত সরকারের উপনিরাপত্তা উপদেষ্টা অরবিন্দ গুপ্ত।
- মুসলিম নিষেধাজ্ঞা ইস্যুতে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ব্যবসায়িক উপদেষ্টামণ্ডলীর সদস্যপদ ছাড়লেন অ্যাপসভিত্তিক ট্যাক্সিসেবা নেটওয়ার্ক উবারের প্রধান নির্বাহী কর্মকর্তা ট্রাভিস কালানিক।
- ইরানের ব্যালেস্টিক ক্ষেপণাস্ত্র পরীক্ষার প্রতিক্রিয়া হিসেবে দেশটির উপর নতুন করে নিষেধাজ্ঞা আরোপ মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের।

**৪ ফেব্রুয়ারি**

- রাজধানীতে এসএসসি পরীক্ষার্থীদের যাতায়াতের সুবিধার্থে পূর্বনির্ধারিত অনুষ্ঠান শিক্ষা বিষয়ক ই-নাইন ফোরামের মন্ত্রী পর্যায়ের সম্মেলন আধা ঘণ্টা পিছিয়ে দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- সিরাজগঞ্জের নিহত সাংবাদিক শিমুলের স্ত্রীকে সরকারি চাকরি দেয়ার ঘোষণা দিলেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। শিমুল হত্যায় জড়িতদের বিচারের আওতায় আনার দাবি জানিয়েছে কমিটি টু প্রোটেক্ট জার্নালিস্ট (সিপিজে), ইন্টারন্যাশনাল ফেডারেশন অব জার্নালিস্ট (আইএফজে), বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়ন (বিএফইউজে) এবং ঢাকা সাংবাদিক ইউনিয়ন (ডিইউজে)।
- আগামী নির্বাচনে অংশগ্রহণ না করলে বিএনপি'র অস্তিত্ব বিলীন হয়ে যাবে বলেন, স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম।
- ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলার ২২তম আসর শেষ।
- বাংলা একাডেমিতে আন্তর্জাতিক সাহিত্য সম্মেলন সমাপ্ত।
- যুক্তরাষ্ট্রে সাতটি মুসলিম দেশের বিমানযাত্রীদের উপর মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের আরোপিত নিষেধাজ্ঞা একটি আদালতে সাময়িকভাবে স্থগিত করে দেয়ার পর সেইসব দেশের লোকদের এখন প্রবেশ করতে দেয়া হচ্ছে।

**৫ ফেব্রুয়ারি**

- চৌকস পার্লামেন্টারিয়ান বর্ষিয়ান রাজনীতিবিদ বাংলাদেশের সংবিধান প্রণয়ন কমিটির অন্যতম সদস্য সুরঞ্জিত সেনগুপ্তের (৭১) পরলোকগমন। একটি বর্ণাঢ্য রাজনীতি জীবনের অবসান। রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সংসদ ভবনে দক্ষিণ প্লাজায় প্রয়াত সুরঞ্জিত সেনগুপ্তের কফিনে পুষ্পার্ঘ্য অর্পণ। রাজনৈতিক অঙ্গনে শোকের ছায়া।
- শিক্ষা ও উন্নয়ন বিষয়ক 'ই-নাইন' ফোরামের তিনদিনব্যাপী সম্মেলন উদ্বোধনকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, সন্ত্রাস ও জঙ্গিবাদ রুখতে শিক্ষা কার্যক্রম ও শিক্ষা উপকরণে সংস্কার করা হচ্ছে।
- সিরাজগঞ্জের শাহজাদপুরে সমকালের সাংবাদিক আবদুল হাকিম শিমুল হত্যা মামলায় স্থানীয় পৌরমেয়র হালিমুল হক মিরুকে ঢাকা থেকে গ্রেফতার।
- ব্যাংকিং খাতে সুশাসন প্রতিষ্ঠায়, স্বাধীন ব্যাংকিং কমিশন গঠন করা হবে– জানান অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত।
- ঢাকায় পাক হাইকমিশনে কাশ্মির জনগণের প্রতি সহমর্মিতায় 'কাশ্মির দিবস' পালন শিষ্টাচার বহির্ভূত বলে সাংবাদিকদের কাছে মন্তব্য করেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু।
- গণজাগরণ মঞ্চের চারবছর পূর্তি দিবস উদযাপিত।
- যুক্তরাষ্ট্র কি খুব নিষ্পাপ দেশ– রাশিয়ার সাথে সম্পর্ক উন্নয়নে আগ্রহী মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প মার্কিন সংবাদমাধ্যম ফক্স নিউজের সাথে সাক্ষাৎকারে একথা বলেন।

**৬ ফেব্রুয়ারি**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের কাছে নতুন নির্বাচন কমিশনের (ইসি) তালিকা হস্তান্তর করেছে সার্চ কমিটি।
- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ সাবেক সচিব ও বীর মুক্তিযোদ্ধা কে এম নুরুল হুদাকে প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) হিসেবে নিয়োগ দিয়েছেন। অন্য চারজন কমিশনার হচ্ছেন সাবেক সচিব মো. রফিকুল ইসলাম, সাবেক অতিরিক্ত সচিব মাহবুব তালুকদার, সাবেক জেলা ও দায়রা জজ বেগম কবিতা খানম এবং ব্রিগেডিয়ার জেনারেল (অব.) শাহাদাৎ হোসেন।
- সুরঞ্জিত সেনগুপ্ত'র (৭১) সুনামগঞ্জের দিরাই পৌর সদরের আনোয়ারপুরে নিজ বাসভবন প্রাঙ্গণে নবনির্মিত শ্মশান মঞ্চে দাহকার্য সম্পন্ন।



- মন্ত্রিসভার বৈঠক শেষে আনুষ্ঠানিক আলোচনায় হাতিয়ায় রোহিঙ্গা স্থানান্তর বিষয়ে দাতাসংস্থাগুলোর সাথে আলোচনা করতে পররাষ্ট্রমন্ত্রী এ এইচ মাহমুদ আলীকে পরামর্শ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- রিজার্ভের টাকা দিয়ে সার্বভৌমসম্পদ ও তহবিল গঠনের প্রস্তাব নীতিগতভাবে অনুমোদন মন্ত্রিসভায়। বাংলাদেশ ব্যাংকের ৩২বিলিয়ন ডলারের রিজার্ভ থেকে প্রতিবছর ২ বিলিয়ন ডলার নিয়ে পাঁচ বছরে ১০বিলিয়ন ডলারের এই তহবিল গঠন হবে। সরকার জনস্বার্থে এই তহবিল ব্যবহার করতে পারবে।
- শপথের পর জাজেজ লাউঞ্জে সাংবাদিকদের প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নুরুল হুদা দায়িত্ব পেয়ে সাংবিধানিক এই দায়িত্ব 'সুষ্ঠু ও নিরপেক্ষভাবে' পালনের অঙ্গীকার।
- দেশের স্বাস্থ্য খাতের উন্নতিতে অসাধারণ ভূমিকা রাখায় আন্তর্জাতিক স্বীকৃতি পেল কমিউনিটি ক্লিনিক।

**৭ ফেব্রুয়ারি**

- গণমানুষের ভাগ্য পরিবর্তনের জন্য সরকার নিরলস কাজ করে যাচ্ছে– রাজধানীতে সুইডিশ বামপন্থী প্রতিনিধিদলের সাক্ষাৎকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- নবনিযুক্ত প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নুরুল হুদা সাংবাদিকদের বলেছেন, সবার আস্থা অর্জন ও আগামী জাতীয় নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করাই নতুন নির্বাচন কমিশনারের মূল চ্যালেঞ্জ। একই সাথে কোন চাপের কাছে নতি স্বীকার করবে না বলে জানান সিইসি।
- নতুন নির্বাচন কমিশনার (সিইসি) গঠনে প্রধানমন্ত্রীর পছন্দের প্রতিফলন ঘটেছে বলে মনে করে বিএনপি নেতৃত্বাধীন ২০ দলীয় জোট। একই সঙ্গে নতুন প্রধান নির্বাচন কমিশনারের যোগ্যতা নিয়ে প্রশ্ন তুলেছেন।
- 'আলোচিত-সমালোচিত' কাজী রকিবউদ্দিন আহমদের নেতৃত্বাধীন নির্বাচন কমিশনারের শেষ কর্মদিবস আজ।
- গাইবান্ধার সাঁওতাল পল্লীর বাড়ি-ঘরে আগুন লাগানোর ঘটনায় বিচারিক তদন্ত কমিটিকে তথ্য না দেওয়ায় জেলার এসপি ও পুলিশ সদস্যদের প্রত্যাহারের নির্দেশ হাইকোর্টের।
- রাজধানীতে পৃথক দু'টি সড়ক দুর্ঘটনায় বাংলাদেশ ব্যাংক কর্মকর্তা ও এসএসসি পরীক্ষার্থীর মৃত্যু।
- মার্কিন সংবাদমাধ্যম ফক্স নিউজ রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনকে খুনি বলায় ক্রেমলিনের ক্ষুব্ধ প্রতিক্রিয়া।

**৮ ফেব্রুয়ারি**

- জাতীয় সংসদে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, ২০৩০ সাল নাগাদ বাংলাদেশ হবে বিশ্বের ২৯তম বৃহৎ অর্থনীতির দেশ।
- সন্ত্রাস ও জঙ্গিবাদের বিরুদ্ধে লড়াইয়ে সশস্ত্রবাহিনীসহ সকলের সহযোগিতা চাইলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- বিদায়ী সিইসি কাজী রকিবউদ্দিন আহমদ সচিবালয়ে সংবাদ সম্মেলনে বলেছেন, ২০১৪ সালের ৫ জানুয়ারি নির্বাচন না হলে দেশে অরাজক পরিস্থিতির সৃষ্টি হতো।
- সাংবাদিক কল্যাণ ট্রাস্টের মাধ্যমে প্রকৃত সাংবাদিকদের তালিকা করার উদ্যোগ নেয়া হয়েছে– সংসদে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু।
- 'মুক্তিযোদ্ধার' ক্ষেত্রে ন্যূনতম ১৩ বছর বয়স নির্ধারণের সরকারি সিদ্ধান্ত কেন বাতিল ঘোষণা করা হবে না– এই মর্মে হাইকোর্টে রুল জারি।
- সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে আরো আটজন অতিরিক্ত বিচারককে স্থায়ী বিচারক হিসেবে নিয়োগ।
- সিরিয়ায় আইএস দমনে একসঙ্গে কাজ করতে রাজি মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও তুর্কি প্রেসিডেন্ট তাইয়্যেব এরদোয়ান।

**৯ ফেব্রুয়ারি**

- মুসলিম দেশগুলোতে সংঘাতে লাভবান হচ্ছে কারা দেখতে হবে– রাজধানীতে ইমাম সম্মেলন ও জাতীয় শিশু-কিশোর সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- মাদক নিয়ন্ত্রণ অধিদপ্তরের জরিপে এ তথ্য প্রকাশ– দেশে মাদকাসক্তের সংখ্যা প্রায় ৫০ লাখ। এর মধ্যে সিংহভাগই শিক্ষার্থী।
- দুদকের মামলায় রাজউকের সাবেক চেয়ারম্যান ও সাবেক সচিব ইকবাল চৌধুরী গ্রেফতার।
- মিয়ানমারে রোহিঙ্গা নির্যাতন গণহত্যার শামিল– উখিয়ায় পরিদর্শন শেষে অস্ট্রেলিয়া, যুক্তরাজ্য ও কানাডার হাইকমিশনার।
- মিয়ানমার রোহিঙ্গা নির্যাতনে দেশটির সরকারের ভূমিকায় কঠোর সমালোচনা করলেন খ্রিষ্টানদের শীর্ষ ধর্মগুরু পোপ ফ্রান্সিস।
- যুক্তরাষ্ট্রে সাত মুসলিম দেশের নাগরিকদের প্রবেশে বাধা নেই– ট্রাম্পের আপিল খারিজ।

**১০ ফেব্রুয়ারি**

- ত্রুটিপূর্ণ আইনের কারণে মামলা জট বৃদ্ধি পাচ্ছে– প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা।



- বিএনপি না মানলেও বর্তমান ইসির অধীনেই পরবর্তী সব নির্বাচন হবে বললেন, আইনমন্ত্রী আনিসুল হক।
- ইসি নিয়ে রাষ্ট্রপতির সিদ্ধান্তে ভিন্নমতের সুযোগ নেই বলেছেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. এমাজ উদ্দিন আহমেদ।
- ভোলায় ঈমান আকিদা সংরক্ষণ কমিটির ব্যানারে একটি গ্রুপের হাক্কানী খানকা শরীফে হামলা, পুলিশের লাঠিচার্জ ও অর্ধশতাধিক আহত।
- সিরাজগঞ্জে শাহজাদপুরে নিহত সাংবাদিক শিমুলের স্ত্রী নুরুন্নাহার বেগমকে চাকুরির নিয়োগপত্র দিয়েছে স্বাস্থ্য মন্ত্রণালয়।
- মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও চীনের প্রেসিডেন্ট শি জিন পিংয়ের ফোনালাপ। অবশেষে ডোনাল্ড ট্রাম্পের 'এক চীন নীতি' সমর্থন।

**১১ ফেব্রুয়ারি**

- কানাডার আদালতে পদ্মা সেতুর দুর্নীতির মামলা খারিজ। মামলাটিকে গালগল্প হিসেবে অভিহিত করে বাংলাদেশের সুশীল সমাজের যে অংশ সরকারের বদনাম করেছিল তাদেরকে ক্ষমা চাইতে বলেন প্রধানমন্ত্রীর তথ্য ও প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়। হিলারির হুমকিসহ বার্তা বাংলাদেশ সরকারকে পৌঁছে দিতে মার্কিন পররাষ্ট্র দফতরের কর্মকর্তারা বহুবার জয়ের সঙ্গে যোগাযোগ করেছিল বলে তিনি জানান।
- 'সাংবাদিক দম্পতি সাগর-রুনি হত্যা মামলার তদন্ত প্রতিবেদন শীঘ্রই আলোর মুখ দেখবে। হত্যাকাণ্ডে র‌্যাব দু'জনের ডিএনএ'র অস্তিত্ব পেয়েছিল। সেগুলো বিভিন্ন জায়গায় ম্যাচিং করার চেষ্টা চলছে'– হত্যাকাণ্ডের ক্লু উদঘাটনে সাংবাদিক সমাবেশে গণতদন্ত কমিশন গঠনে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল এ ঘোষণা দেন।
- রাজাকারকে ইসির প্রধান না করা পর্যন্ত বিএনপি'র মন ভরবে না বলেছেন, তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু।
- গাজীপুরে বঙ্গবন্ধু সাফারি পার্কে প্রবেশ করাকে কেন্দ্র করে ইজারাদারদের হামলায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০ শিক্ষার্থী আহত, আটক ৫ জন।
- ইরানে হামলা চালালে যুক্তরাষ্ট্রে অন্ধকার নেমে আসবে– তেহরান। আর ইরানের প্রেসিডেন্ট রোহানীকে সতর্ক থাকার হুমকি ট্রাম্পের।

**১২ ফেব্রুয়ারি**

- দেশের উন্নয়ন কর্মকাণ্ডে সম্পৃক্ত হওয়ার পাশাপাশি সন্ত্রাস-জঙ্গিবাদ ও মাদকের বিরুদ্ধে আরও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে হবে- গাজীপুরে আনসার একাডেমিতে 'বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ৩৭তম জাতীয় সমাবেশ-২০১৭' অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- জাতীয় সংসদে অনির্ধারিত আলোচনাকালে পদ্মা সেতু প্রকল্প নিয়ে বিশ্বব্যাংক বাংলাদেশকে অপমান করেছে বলে মন্তব্য করেছেন, মন্ত্রী ও সংসদ সদস্যরা।
- বিভিন্ন ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদানের জন্য দেশের ১৭ জন বিশিষ্ট নাগরিককে ২০১৭ সালের একুশে পদক দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে সরকার। নির্বাচিতরা হলেন– ভাষা সংগ্রামী অধ্যাপক ড. শরীফা খাতুন (ভাষা আন্দোলন), সুষমা দাস (সংগীত), জুলহাসউদ্দিন আহমেদ (সংগীত), ওস্তাদ আজিজুল ইসলাম (সংগীত), তানভীর মোকাম্মেল (চলচ্চিত্র), সৈয়দ আব্দুল্লাহ খালিদ (ভাস্কর্য), সারা যাকের (নাটক), আবুল মোমেন ও স্বদেশ রায় (সাংবাদিকতা), সৈয়দ আকরম হোসেন (গবেষণা), প্রফেসর এমেরিটাস ড. আলমগীর মোহাম্মদ সিরাজুদ্দীন (শিক্ষা), ড. জামিলুর রেজা চৌধুরী (বিজ্ঞান ও প্রযুক্তি), অধ্যাপক ডা. মাহমুদ হাসান (সমাজসেবা), কবি ওমর আলী (ভাষা ও সাহিত্য- মরণোত্তর), সুকুমার বড়ুয়া (ভাষা ও সাহিত্য), শামীম আরা নিপা (নৃত্য) এবং রহমতুল্লাহ আল মাহমুদ সেলিম (সংগীত)।
- আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, দুই বাংলার মেলবন্ধন– স্লোগানকে সামনে রেখে নয় দিনব্যাপী কেন্দ্রীয় শহীদ মিনার চত্বর থেকে মশাল প্রজ্বলনের মাধ্যমে 'সংহতি' অনুষ্ঠানের উদ্বোধন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি ড. আ আ ম স আরেফিন সিদ্দিক।
- বাংলাদেশে অনুপ্রবেশকারী রোহিঙ্গা মুসলিমদের জন্য মালয়েশিয়া সরকারের ত্রাণসামগ্রীবাহী মালয়েশিয়ান জাহাজ কক্সবাজার জেটিতে।
- জাতিসংঘের অঙ্গসংগঠন ইউনেস্কোর পৃষ্ঠপোষকতায় বিশ্বব্যাপী 'বিশ্ব বেতার দিবস-২০১৭' উদযাপিত।
- যুক্তরাষ্ট্রে ক্যালিফোর্নিয়ায় লস অ্যাঞ্জেলসে অনুষ্ঠিত বিশ্ব সংগীতে মর্যাদাপূর্ণ গ্রামি অ্যাওয়ার্ডের ৫৯তম আসরে ব্রিটিশ শিল্পী ডিভা অ্যাডেল পাঁচ ক্যাটাগরিতে পুরস্কৃত।



**১৩ ফেব্রুয়ারি**

- পরিবারের সদস্যদের এই কল্পিত ঘটনায় জড়ানোর চেষ্টা করা হয়েছিল– পদ্মাসেতু নির্মাণে দুর্নীতির বিষয়ে কানাডার আদালতের রায় নিয়ে মন্ত্রিসভায় অনানুষ্ঠানিক আলোচনায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। একই সভায় পদ্মাসেতু প্রকল্পে দুর্নীতির অভিযোগ প্রমাণিত না হওয়ায় প্রধানমন্ত্রীকে অভিনন্দন জানান মন্ত্রিসভা।
- সারাদেশে বর্ণাঢ্য আয়োজনে বসন্ত উৎসব উদযাপিত। এছাড়াও জাতীয় সংসদ অধিবেশনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা, স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী ও সাংসদদের অনেকে বাসন্তী রঙের পোশাক পরে ঋতুরাজ বসন্তকে স্বাগত জানান।
- গণভবনে যুক্তরাজ্যের লেবার ফ্রেন্ডস অব বাংলাদেশের একটি প্রতিনিধিদলের সঙ্গে সাক্ষাৎকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, শ্রমিকদের কল্যাণ নিশ্চিত করতে সরকার শ্রম খাতে প্রয়োজনীয় সংস্কার করছে।
- খালেদা জিয়া নির্বাচন কমিশনকে ওসিলা করে অজুহাত খুঁজছেন পরিস্থিতি অস্বাভাবিক করার জন্য– কুষ্টিয়ার ভেড়ামাড়া উপজেলা পরিষদে মুক্তিযোদ্ধা যাচাই-বাছাই কার্যক্রম শেষে সাংবাদিকদের জাসদ সভাপতি ও তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু।
- ভাষা আন্দোলনের ৬৫ বছর পর রাজধানীর আজিমপুর পুরনো কবরস্থানে ভাষা শহীদ আবদুস সালামের কবর চিহ্নিত।
- রোহিঙ্গা মুসলিমদের ওপর মিয়ানমারের পুলিশ যৌন নিপীড়ন চালিয়েছে; তা যাচাইয়ে তদন্তে নামছে দেশটির সরকার। মিয়ানমারের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের এক বিবৃতিকে উদ্ধৃত করে ব্রিটিশ বার্তা সংস্থা রয়টার্সে তথ্য প্রকাশ।
- কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল জাজিরায় এ তথ্য প্রকাশ– তুরস্কে নিয়োজিত রাশিয়ার রাষ্ট্রদূতকে হত্যার ছবি ধারণকারী ফরাসি বার্তা সংস্থা 'এপি'র ফটোগ্রাফার বুরহার ওজবিলিচকে 'ওয়ার্ল্ড প্রেস ফটো-২০১৭' পুরস্কার প্রদান।
- রুশ কর্মকর্তার সঙ্গে যোগাযোগ বিতর্কে মার্কিন প্রেসিডেন্ট ট্রাম্পের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা মাইকেল ফ্লিনের পদত্যাগ– মার্কিন গণমাধ্যম সিএনএন সূত্রে তথ্য প্রকাশিত।

**১৪ ফেব্রুয়ারি**

- জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, একজন ব্যক্তির স্বার্থের ষড়যন্ত্রের কারণে বিশ্বব্যাংক পদ্মাসেতু প্রকল্পে মিথ্যা অভিযোগ এনে অর্থায়ন বন্ধ করেছে। একই বৈঠকে তিনি আরও বলেন, প্রস্তাবিত কুমিল্লা বিভাগের নাম হবে ময়নামতি।

- বিশ্বের ৩৮টি দেশের বিভিন্ন কারাগারে ৯ হাজার ৬৪০ জন বাংলাদেশি নাগরিক বন্দি রয়েছে– সংসদে সরকারি দলের সদস্য মো. শামসুল হক টুকুর এক প্রশ্নোত্তরে জবাবে পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী।
- যাবজ্জীবন সাজা মানে (ন্যাচারাল লাইফ) 'আমৃত্যু কারাদণ্ড' মর্মে আদেশ দিয়েছেন সুপ্রিম কোর্টের আপিল বিভাগ।
- নারায়ণগঞ্জে আলোচিত সাত খুন মামলার মৃত্যুদণ্ডপ্রাপ্ত পলাতক আসামির (ওয়াহিদুজ্জামান ওরফে সেলিম) নারায়ণগঞ্জ আদালতে আত্মসমর্পণ।
- চলমান এসএসসি প্রশ্ন ফাঁসের সঙ্গে জড়িত থাকার অভিযোগে ঢাকায় ছয়জনকে গ্রেফতার করেছে মহানগর গোয়েন্দা পুলিশ।
- গাইবান্ধার গোবিন্দগঞ্জে উচ্ছেদ হওয়া সাঁওতালদের পুনর্বাসনের পদক্ষেপ জানতে চেয়েছেন হাইকোর্ট।
- ভারতের শ্রীহরিকোটা মহাকাশ গবেষণা কেন্দ্র থেকে একদিনে ১০৪টি স্যাটেলাইট উৎক্ষেপণ করে ইতিহাস সৃষ্টি।
- চলতি বছরে ভারতের প্রিমিয়ার লীগে আইপিএলের নিলামে ছয় বাংলাদেশি ক্রিকেটার।

**১৫ ফেব্রুয়ারি**

- জাতীয় সংসদে পয়েন্ট অব অর্ডারে দাঁড়িয়ে প্রধানমন্ত্রী ও সংসদ নেতা শেখ হাসিনা বলেছেন, একাত্তরের ২৫ মার্চকে 'গণহত্যা দিবস' হিসেবে ঘোষণা প্রস্তাবের সঙ্গে একমত পোষণ এবং আন্তর্জাতিকভাবেও দিবসটি পালনে আন্তর্জাতিক সম্প্রদায়ের কাছে তথ্য-উপাত্ত পাঠিয়ে জোর দাবি জানানো হবে। একইসময়ে তিনি আরো বলেন, সুষ্ঠু ও অবাধ নির্বাচনের জন্য বিরাজমান সব বিধিবিধানের ই-ভোটিং ব্যবস্থা চালু করা যেতে পারে।
- নবনিযুক্ত নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নুরুল হুদাসহ অপর চার কমিশনার সুপ্রিম কোর্টের জাজেজ লাউঞ্জে প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার কাছে শপথ ও দায়িত্ব গ্রহণ করেছেন।
- মহান মুক্তিযুদ্ধের চেতনাকে ধারণ করে ২৫ বছর পূর্তি উপলক্ষ্যে দৈনিক ভোরের কাগজের প্রধান কার্যালয়ে এক উৎসবের উদ্বোধন করেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু।
- বিশ্বে দূষিত বায়ুর শহরগুলোর মধ্যে ঢাকা দ্বিতীয়। 'বৈশ্বিক বায়ু পরিস্থিতি-২০১৭' শীর্ষক প্রতিবেদনটি বিশ্বজুড়ে একযোগে প্রকাশিত।
- উখিয়া ও টেকনাফের তিনটি রোহিঙ্গা শিবিরের ১৫০টি পরিবারকে মালয়েশিয়া থেকে আনা ত্রাণসামগ্রী বিতরণ শুরু।



- হোয়াইট হাউসে ইসরায়েলের সঙ্গে বৈঠকে ফিলিস্তিন ও ইসরায়েলের মধ্যে 'সেবা' শান্তিচুক্তির অঙ্গীকার মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের।

**১৬ ফেব্রুয়ারি**

- রাজশাহীতে এক অনুষ্ঠানে সশস্ত্র বাহিনীর প্রতি রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেছেন, জাতীয় নিরাপত্তা ও সার্বভৌমত্ব নিশ্চিত করার পাশাপাশি জরুরি পরিস্থিতিতে জনগণ ও দেশের কল্যাণে কাজ করুন।
- ৫৩তম মিউনিখ নিরাপত্তা সম্মেলনে যোগ দিতে তিনদিনের সরকারি সফরে জার্মানির উদ্দেশ্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঢাকা ত্যাগ।
- মন্ত্রিপরিষদ বিভাগের এক সংবাদ বিজ্ঞপ্তি– জাতীয় পর্যায়ে গৌরবোজ্জ্বল ও কৃতিত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ ১৫ জন বিশিষ্ট ব্যক্তি ও একটি প্রতিষ্ঠানের 'স্বাধীনতা পুরস্কার- ২০১৭' লাভ।
 পদকপ্রাপ্তরা হলেন– স্বাধীনতা ও মুক্তিযুদ্ধে গ্রুপ ক্যাপ্টেন (অব.) শামসুল আলম, আশরাফুল আলম, শহীদ মো. নজমুল হক, মরহুম মো. সৈয়দ মহসিন আলী, শহীদ এন এম নাজমুল আহসান, শহীদ ফয়জুর রহমান আহমেদ ও বাংলাদেশ বিমানবাহিনী। আরও আছেন চিকিৎসা বিদ্যায় অধ্যাপক এ এইচ তৌহিদুল আনোয়ার চৌধুরী, সাহিত্যে রাবেয়া খাতুন ও মরহুম গোলাম সাদমানী কোরায়শী। এছাড়া সংস্কৃতিতে অধ্যাপক এনামুল হক ও ওস্তাদ বজলুর রহমান বাদল, সমাজসেবায় খলিল কাজী ওবিই, গবেষণা ও প্রশিক্ষণে শামসুজ্জামান খান ও অধ্যাপক ললিত মোহন নাথ (প্রয়াত) এবং জনপ্রশাসনে অধ্যাপক মোহাম্মদ আসাদুজ্জামান।
- সব দলের অংশগ্রহণে আগামী নির্বাচন অনুষ্ঠানের আশাবাদ প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নুরুল হুদার নেতৃত্বাধীন নির্বাচন কমিশনের। নির্বাচনী কর্মকর্তাদের সঙ্গে প্রথম বৈঠকে দায়িত্ব পালনে জিরো টলারেন্স নীতি গ্রহণ করার নির্দেশ দিয়েছেন নবনিযুক্ত সিইসি।
- প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে থাকা রাজধানীর সাতটি প্রধান সরকারি কলেজকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি প্রদান।
- প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আদেশ জারি– চিফ অব জেনারেল স্টাফ (সিজিএফ) প্রতিরক্ষা গোয়েন্দা সংস্থা ডিজিএফআই'র প্রধানসহ সেনাবাহিনীর আটটি শীর্ষপদে রদবদল।

- স্বাধীন ফিলিস্তিন প্রশ্নে যুক্তরাষ্ট্রের ‘দুই রাষ্ট্র’ নীতির পরিবর্তে এক বা ইসরাইল রাষ্ট্রকেই সমর্থনের ইঙ্গিত মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের।
- মিয়ানমারের সংখ্যালঘু রোহিঙ্গা মুসলিম অধ্যুষিত রাখাইন রাজ্যে সেনা অভিযান বন্ধের ঘোষণা দিয়েছে দেশটির সরকার।

**১৭ ফেব্রুয়ারি**

- জার্মানিতে ৫৩তম মিউনিখ নিরাপত্তা সম্মেলনে যোগ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- মিউনিখে জার্মানি আওয়ামী লীগের সমাবেশে প্রধানমন্ত্রী শেখ হাসি-না, পদ্মাসেতু প্রকল্পে অর্থায়ন বাতিল ও কানাডিয়ান আদালতে মামলায় ক্ষতিগ্রস্ত যে কেউ বিশ্বব্যাংকের বিরুদ্ধে মামলা করতে পারবেন।
- বুড়িগঙ্গায় কেরানীগঞ্জের পানগাঁও নদীবন্দরে প্রথমবারের মতো পৌঁছেছে ভারতীয় কনটেইনার বোঝাই জাহাজ ‘নৌ-কল্যাণ-১’।
- নতুন ইসির অধীনে প্রথম শান্তিপূর্ণ নির্বাচনে রাঙ্গামাটি বাঘাইছড়ি পৌরসভার মেয়র পদে আওয়ামী লীগ প্রার্থী জাফর আলী খান বিজয়ী।
- বিশ্বসাহিত্য কেন্দ্রের বইপড়া কর্মসূচিতে অংশ নিয়ে রাজশাহীতে ১ হাজার ৮২ শিক্ষার্থীর পুরস্কার লাভ।
- দেশের বিশিষ্ট শিক্ষাবিদ, লেখক, গবেষক, মুক্তিযোদ্ধা অধ্যাপক আনিসুজ্জামানের ৮০তম জন্মবার্ষিকী পালিত।
- পাকিস্তানে মাজারে হামলার পর সেনাবাহিনীর সাঁড়াশি অভিযানে নিহত শতাধিক।

**১৮ ফেব্রুয়ারি**

- জার্মানিতে চ্যান্সেলর অ্যাঞ্জেলা মার্কের সঙ্গে প্রধানমন্ত্রী শেখ হাসিন-ার বৈঠক অনুষ্ঠিত। এ সময় তিনি মিয়ানমারের রোহিঙ্গা শরণার্থীদের অস্থায়ী পুনর্বাসনে আন্তর্জাতিক সহযোগিতা কামনা করেন।
- রাজশাহীতে আওয়ামী লীগের কর্মীসভায় ওবায়দুল কাদের বলেছেন, ২০১৮ সালের ডিসেম্বরের মধ্যেই সংবিধান অনুযায়ী নির্বাচন।
- ঝালকাঠিতে জেলা জাসদ আয়োজিত কর্মী সমাবেশে সাংবাদিকদের তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, সাংবাদিক সুরক্ষায় বিশেষ কোন আইন নেই।
- চলমান সিরীয় গৃহযুদ্ধে মার্কিন বাহিনী ক্ষতিকর রাসায়নিক অস্ত্র ব্যবহারের কথা স্বীকার করেছে যুক্তরাষ্ট্র।



**১৯ ফেব্রুয়ারি**

- নিরাপত্তা সম্মেলনে যোগ দিতে জার্মানিতে তিনদিনের সরকারি সফর শেষে দেশে ফিরেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- কেন্দ্রীয় শহীদ মিনারের পাশে একটি পাঠাগারসহ ভাষা জাদুঘর নির্মাণ, ভাষা সৈনিকদের প্রকৃত তালিকা তৈরি ও আটদফা নির্দেশনা বাস্তবায়নে সরকার কী পদক্ষেপ নিয়েছে– তা জানতে চেয়েছেন হাইকোর্ট।
- দেশের প্রথম জেলা হিসেবে শতভাগ শিক্ষাপ্রতিষ্ঠানে শহীদ মিনার নির্মাণের গৌরব অর্জন করল পাবনা।
- যুক্তরাষ্ট্রের ইতিহাসে সবচেয়ে কম রেটিংয়ে অবস্থান করছেন দেশটির প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।
- যুক্তরাষ্ট্র থেকে বিচ্ছিন্ন হয়ে আলাদা রাষ্ট্রগঠনের আন্দোলনে ক্যালিফোর্নিয়া।
- ঢাকায় মিয়ানমারকে ১১-০ গোলে হারিয়ে রোল বল বিশ্বকাপে বাংলাদেশের পুরুষ দলের জয়।

**২০ ফেব্রুয়ারি**

- রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে ২০১৭ সালের একুশে পদকপ্রাপ্তদের মাঝে পদক বিতরণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতির মহান অর্জনগুলো রক্ষায় সবাইকে সতর্ক থাকার আহ্বান জানান।
- বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নুরুল হুদার নেতৃত্বে নবনির্বাচিত কমিশনের সদস্যরা।
- রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর অনুমোদনের জন্য বিভিন্ন প্রস্তাব বা গৃহীত সিদ্ধান্তের সার-সংক্ষেপ লেখার সময় বাংলা একাডেমির বানানরীতি অনুসরণসহ পাঁচদফা দিয়েছেন প্রধানমন্ত্রীর কার্যালয়। বাকি চারটি নির্দেশনা হচ্ছে– সারসংক্ষেপ লেখার সময় ইংরেজির পাশাপাশি বাংলা তারিখ (সাল ও মাস) উল্লেখ করতে হবে। দীর্ঘ বাক্য ও পুনরুক্তি পরিহার করে সংক্ষিপ্ত, স্বয়ংসম্পূর্ণ, সুস্পষ্ট ও যুক্তিপূর্ণ ভাষায় লেখা।
- বৈশ্বিক ও আঞ্চলিক প্রেক্ষাপট বিবেচনায় রেখে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে কেন্দ্রীয় শহীদ মিনার ও আশেপাশের এলাকায় তিন স্তরের নিরাপত্তা ব্যবস্থা নিয়েছে র‍্যাব।
- অমর একুশের অনুষ্ঠানমালায় যোগ দিতে রাজধানীতে নরওয়ের পররাষ্ট্রমন্ত্রী গোরগ ব্রেন্ডে।

## ২১ ফেব্রুয়ারি

- জাতির জীবনে এক অবিস্মরণীয় দিন অমর একুশে ফেব্রুয়ারি রক্তস্নাত ভাষা আন্দোলনের স্মৃতিবহ মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস আজ।
- একুশের প্রথম প্রহরে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা কেন্দ্রীয় শহীদ মিনারে ফুল দিয়ে ভাষা শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন।
- জঙ্গিবাদমুক্ত সমৃদ্ধ বাংলাদেশ গড়ার দৃঢ় প্রত্যয় এবং অন্যান্য জাতিসত্তার ভাষা ও বর্ণমালা সংরক্ষণের দাবি রেখে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা জানাতে শহীদ মিনারে সর্বস্তরের মানুষের ঢল।
- 'নতুন প্রজন্মের ইংরেজি ঢঙে বাংলা বলার প্রবণতা ছাড়াতে কী করা যায়' সেই পথ বের করতে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস আলোচনায় শিক্ষাবিদদের প্রতি আহ্বান জানান প্রধানমন্ত্রী শেখ হাসিনা ।
- ভাষার টানের ভৌগোলিক সীমারেখা ভুলে দুই বাংলার মানুষ শ্রদ্ধা জানালেন ভাষা শহীদদের প্রতি। বেনাপোল, হিলি ও ফেনী সীমান্তে মানুষ একই মঞ্চে গাইলেন বাংলার জয়গান।
- ঢাকায় বিজিবি-বিএসএফ ডিজি পর্যায়ে বৈঠকে জঙ্গিবাদ, সীমান্ত হত্যা, মানব পাচার রোধে যৌথ উদ্যোগ গ্রহণে ঐক্যমত পোষণ।
- গাইবান্ধা-১ আসনের এমপি মঞ্জুরুল ইসলাম লিটন হত্যার সাথে জড়িত থাকার অভিযোগে জাতীয় পার্টির সাবেক এমপি কর্নেল (অব.) ডা. আবদুল কাদের গ্রেফতার।
- অনলাইনে গোপনীয়তা রক্ষায় গণনীয় পদ্ধতি (কম্পিউটেশনাল অ্যাপ্রোচ) আবিষ্কারের স্বীকৃতি হিসেবে বুয়েটের শিক্ষক তানজিমা হাশেমের আন্তর্জাতিক পুরস্কার লাভ।

## ২২ ফেব্রুয়ারি

- রাজধানীতে অমর একুশে ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে বাংলাদেশ আওয়ামী লীগ আয়োজিত সভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, একুশের প্রথম প্রহরে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদনকালে বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া মূল বেদীতে উঠে শহীদ মিনারের পবিত্রতা নষ্ট করেছেন।
- জাতিসংঘ সদর দফতরে প্রথমবারের মতো আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন।
- মানিকগঞ্জে ২০১১ সালে সড়ক দুর্ঘটনায় চলচ্চিত্রকার তারেক মাসুদ ও এটিএন নিউজের প্রধান নির্বাহী মিশুক মুনীর নিহত হওয়ার ঘটনার মামলায় বাসচালককে যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছে আদালত।



- রাজধানীতে জাতীয় জাদুঘরে গণবক্তৃতায় তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেন, গণতন্ত্রের সঙ্গে সংস্কৃতিকে সমান্তরালভাবে এগিয়ে নিতে হবে।
- কানাডাভিত্তিক বাংলা নিউজ পোর্টাল 'নতুনদেশ ডটকম' প্রকাশিত তথ্য– অভিবাসন মামলার রায়ে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে সন্ত্রাসী সংগঠন হিসেবে অভিহিত করেছে কানাডার ফেডারেল আদালত।
- আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপনে মার্কিন কংগ্রেসে উত্থাপন বিল করেন দেশটির কংগ্রেস সদস্য গ্রেস মেং।
- বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে ২০১৬ সালের বঙ্গবন্ধু ও বঙ্গমাতা প্রাথমিক বিদ্যালয় 'গোল্ডকাপ ফুটবল' টুর্নামেন্টের চূড়ান্ত পর্ব শুরু।

## ২৩ ফেব্রুয়ারি

- কৃষিতে বিপ্লব নিশ্চিত করতে টেকসই পদ্ধতি ও প্রযুক্তি উদ্ভাবন করুন– গাজীপুরের বঙ্গবন্ধু কৃষি বিশ্ববিদ্যালয়ের তৃতীয় সমাবর্তন অনুষ্ঠানে সভাপতির ভাষণে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ।
- বিএনপি সন্ত্রাসী দল তা আদালতে প্রমাণিত– আওয়ামী লীগ সংসদীয় দলের বৈঠকে বললেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে শ্রদ্ধা নিবেদন শেষে সাংবাদিকদের প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নুরুল হুদা বলেছেন, চেষ্টা থাকবে যাতে সব দল জাতীয় নির্বাচনে আসে।
- এক ঘোষণায় গড়ে প্রায় ২৩ শতাংশ গ্যাসের দাম বাড়িয়েছেন সরকার।
- জাতীয় সংসদ সদস্য নূর-ই-আলম চৌধুরী লিটন আওয়ামী লীগের পার্লামেন্টারি পার্টির সেক্রেটারি নির্বাচিত।
- আগামী এপ্রিলের প্রথমার্ধে দ্বিপাক্ষিক সফরে ভারত যাচ্ছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির পাঠানো আমন্ত্রণপত্র গতকাল প্রধানমন্ত্রীর হাতে তুলে দেন ভারতের পররাষ্ট্র সচিব এস জয়শঙ্কর।
- পদ্মার চরে আধুনিক ক্রীড়াপল্লি ও অলিম্পিক কমপ্লেক্স গড়ার সিদ্ধান্ত নিয়েছে সরকার- ৪র্থ রোল বল সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

**২৪ ফেব্রুয়ারি**

- বিশ্বস্বাস্থ্য সংস্থার প্রতিবেদন– বাংলাদেশে ৬৩ লাখ ৯১ হাজারের বেশি মানুষ বিষাদগ্রস্ততায় ভুগছে। যা মোট জনসংখ্যার ৪.১ শতাংশ।
- যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের আদেশের প্রতিবাদে দেশটির জাতীয় নিরাপত্তা পরিষদের একমাত্র মুসলিম সদস্য বাংলাদেশি রুমানা আহমেদের পদত্যাগ।
- ক্রিকেটের বিস্ময়কর দুই তারকা মুস্তাফিজুর রহমান ও মেহেদী হাসান মিরাজের ইএসপিএন ক্রিকইনফোর বর্ষসেরা পুরস্কার লাভ।

**২৫ ফেব্রুয়ারি**

- রাজধানীতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা দ্বিতীয় অ্যাপারেল সামিট-২০১৭ উদ্বোধন করেন। এসময় তিনি তৈরি পোশাকপণ্যে বৈচিত্র্য এনে নতুন বাজার খুঁজতে ব্যবসায়ীদের প্রতি আহ্বান জানান।
- পিলখানায় বিডিআর বিদ্রোহের ৮'তম বার্ষিকী। হত্যাযজ্ঞে নিহত ৫৭ কর্মকর্তার বনানী কবরে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শ্রদ্ধাঞ্জলি।
- গাইবান্ধা-১ আসনের এমপি মঞ্জুরুল ইসলাম লিটন হত্যার মূল পরিকল্পনাকারী ডা. আবদুল কাদের খানের আদালতে স্বীকারোক্তিমূলক জবানবন্দি।
- আগারগাঁওয়ে 'বহিরাগমন ও পাসপোর্ট সেবা' সপ্তাহ উদ্বোধনী অনুষ্ঠানে স্বরাষ্ট্রমন্ত্রী বলেছেন, সাতদিনেই পাসপোর্ট পাবেন প্রবাসী-রা।
- দ্বিতীয় মৃত্যুবার্ষিকীতে বিজ্ঞানমনস্ক লেখক ও ব্লগার ড. অভিজিৎ রায়কে শাহবাগে গণজাগরণ মঞ্চ নানা কর্মসূচির মধ্য দিয়ে স্মরণ করে।

**২৬ ফেব্রুয়ারি**

- বগুড়ার শান্তাহারে জনসভায় আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে আগামী নির্বাচনে আওয়ামী লীগকে পুনর্নির্বাচন করতে জনগণের প্রতি আহ্বান জানান।
- রাজধানীর শাহজাহানপুরে ২০১৪ সালের ২৬ ডিসেম্বর রেলের পরিত্যক্ত নলকূপের পাইপের মধ্যে পড়ে শিশু জিহাদের মৃত্যুর ঘটনায় রেলের প্রকৌশলী ও ঠিকাদারসহ চার আসামিকে ১০ বছরের কারাদণ্ড দিয়েছে আদালত।



- হোয়াইট হাউসে সাংবাদিকদের নৈশভোজ বয়কটের ঘোষণা যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের। মিডিয়ার সঙ্গে ট্রাম্পের তিক্ত সম্পর্ক অব্যাহত।

**২৭ ফেব্রুয়ারি**

- 'বিশেষ প্রেক্ষাপটে' বিয়ের বয়সসীমা শিথিল করার বিধান রেখে জাতীয় সংসদে 'বাল্যবিবাহ নিরোধ বিল-২০১৭' পাস।
- 'বিশেষ বিধানের' প্রেক্ষিতে সুযোগ নিতে আদালতের অনুমতি লাগবে– সংসদে মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী।
- সংসদে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী বলেছেন, বর্তমান সরকারের ৭ বছরে দেশে ২ হাজার কি.মি. মহাসড়ক নির্মিত হয়েছে।
- মেরিন কালচার অঞ্চল প্রতিষ্ঠা ও শান্তি বাড়িয়ে 'সামুদ্রিক মৎস্য আইন-২০১৭' এর খসড়া মন্ত্রিসভায় নীতিগত অনুমোদন দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। একই সভায় শেখ হাসিনা জাতীয় যুব ফান্ডকে ইনস্টিটিউটে রূপান্তর করতে 'শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট আইন-২০১৭' খসড়ায় নীতিগত অনুমোদন দেন।
- বাংলা একাডেমির বইমেলায় তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু এমপি'র লেখা 'গণমাধ্যম, গণতন্ত্র ও সাংবাদিকতা, প্রেক্ষিত: বাংলাদেশ' বইয়ের মোড়ক উন্মোচন।
- এই বছর থেকে সারাদেশে জেলা-উপজেলা, ইউনিয়ন পর্যায়ে উদযাপিত হবে বাংলা নববর্ষ- আন্তঃমন্ত্রণালয়ের বৈঠকে সংস্কৃতিমন্ত্রী।
- লস অ্যাঞ্জেলসে ৮৯তম অস্কার আসর অনুষ্ঠিত।

**২৮ ফেব্রুয়ারি**

- রাষ্ট্রপতির কাছে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের (পিএসসি)-২০১৬ সালের বার্ষিক রিপোর্ট পেশ। আগামী বছর থেকে ইংরেজিতেও পুরো বিসিএস পরীক্ষা দেয়ার পরিকল্পনা।
- বাংলা একাডেমি প্রাঙ্গণে মাসব্যাপী বইমেলা সমাপ্ত। এবার ৬৫ কোটি ৪০ লাখ টাকার বই বিক্রি।
- হাইকোর্টের নির্দেশে সারাদেশে চলমান মুক্তিযোদ্ধা যাচাই-বাছাই এবং গেজেট প্রণয়ন কার্যক্রম স্থগিত।
- রংপুরে জাপানের নাগরিক কোনিও হোশি হত্যা মামলায় নিষিদ্ধ জঙ্গি সংগঠন জামা'আতুল মুজাহিদীন বাংলাদেশের (জেএমবি) আঞ্চলিক কমান্ডারসহ পাঁচজনকে ফাঁসির রায় দিয়েছেন আদালত।

- সারাদেশে পরিবহন ধর্মঘটের নামে চরম নৈরাজ্য। সীমাহীন দুর্ভোগ, মারমুখী পরিবহন শ্রমিকরা, গাবতলীতে সংঘর্ষ, পুলিশ বক্স ও রেকারে আগুন।
- সাংবাদিক এ বি এম মূসার ৮৬তম জন্মদিনে 'আজীবন সম্মাননা ও স্মারক বক্তৃতা' অনুষ্ঠানে সাংবাদিক তোয়াব খানকে আজীবন সম্মাননা প্রদান।
- সিলেটের বেঙ্গল সংস্কৃতি উৎসবের সপ্তমদিনে ভারতের জনপ্রিয় শিল্পী শ্রীকান্ত আচার্যের সুরের মূর্ছনায় বিমোহিত দর্শক-শ্রোতারা।

## মার্চ

### ১ মার্চ

- বাংলাদেশের একটি ঘরও আর অন্ধকারে থাকবে না– গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে নতুন আটটি বিদ্যুৎকেন্দ্র উদ্বোধনকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এসময় প্রধানমন্ত্রী মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে শিক্ষাবৃত্তির টাকা বিতরন কর্মসূচিরও উদ্বোধন করেন।
- জঙ্গিবাদের পথ থেকে ফিরে আসলে জঙ্গি সদস্যদের আইনি সহায়তাসহ পুনর্বাসনের ব্যবস্থা করা হবে– সংসদে প্রশ্নোত্তরে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- চরম জনদুর্ভোগ শেষে সড়ক পরিবহন ও শ্রমিক ফেডারেশনের ডাকা অনির্দিষ্টকালের ধর্মঘট প্রত্যাহার। জনদুর্ভোগের জন্য নৌমন্ত্রী শাজাহান খানের দুঃখ প্রকাশ।
- আদালতের রায়ের বিরুদ্ধে ধর্মঘট কেন অবৈধ নয়– তা জানতে চেয়ে হাইকোর্টের রুল জারি।
- ঢাকায় বাংলাদেশ-রাশিয়া আন্তঃরাষ্ট্রীয় কমিশন গঠনে চুক্তি স্বাক্ষর। দু'দেশের বাণিজ্য, অর্থনীতি, বিজ্ঞান ও প্রযুক্তিসহ বিস্তৃত ক্ষেত্র বৃদ্ধির আশাবাদ।
- আমি যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট, বিশ্বের নই– মার্কিন কংগ্রেসের যৌথ অধিবেশনের প্রথম অধিবেশনে প্রেসিডেন্ট ট্রাম্প।
- নিরাপত্তা পরিষদে সিরিয়ার বিরুদ্ধে অবরোধের প্রস্তাবে চীন ও রাশিয়ার ভেটো।

### ২ মার্চ

- খেলাধুলার সুযোগ-সুবিধা বাড়াতে সরকার সব ধরনের পদক্ষেপ নেবে– বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে 'বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট-২০১৬' এবং 'বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট-২০১৬' এর ট্রফি ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।



- ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলাভবন চত্বরে স্বাধীন বাংলাদেশের প্রথম পতাকা উত্তোলনের বার্ষিকী উদযাপিত।
- রাজধানীর বসুন্ধরা আবাসিক এলাকার নিরাপত্তা রক্ষীদের পিটুনীতে নর্থসাউথ বিশ্ববিদ্যালয়ের এক শিক্ষার্থী আহত।

### ৩ মার্চ

- বুড়িগঙ্গাসহ ঢাকার চারপাশের নদী দখল ও দূষণমুক্ত করার দাবিতে ২৮ কি.মি.(পাগলা থেকে বছিলা পর্যন্ত) এলাকাজুড়ে মানববন্ধন।
- মার্কিন নির্বাচনের সময় রুশ রাষ্ট্রদূতের সঙ্গে বৈঠকের তথ্য গোপনের অভিযোগের পর তদন্ত থেকে সরে দাঁড়ালেন অ্যাটর্নি জেনারেল জেফ সেশন্স।
- ভারতে ৭০ হাজার কোটি রুপির কালো অর্থ শনাক্ত।

### ৪ মার্চ

- ক্ষুদ্রঋণ বিষয়ে ড. মুহাম্মদ ইউনূসের প্রশংসা করায় অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের সমালোচনা করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। মহিলা আওয়ামী লীগের ত্রিবার্ষিক সম্মেলনে প্রধানমন্ত্রী আরো বলেন, ক্ষুদ্রঋণে দারিদ্র্যবিমোচন হয় না, লালনপালন হয়।
- ১৩ বছর পর মহিলা আওয়ামী লীগে নতুন কমিটি গঠন। সাফিয়া খাতুন সভাপতি ও মাহমুদা খাতুন ক্রিক সাধারণ সম্পাদক নির্বাচিত।
- বর্তমান ছাত্র রাজনীতিতে আদর্শের চেয়ে ব্যক্তিস্বার্থ বেশি– ঢাকা বিশ্ববিদ্যালয়ে ৫০তম সমাবর্তনে রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর মো. আবদুল হামিদ।
- নীতিভিত্তিক সমাজ প্রতিষ্ঠায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের সব গ্র্যাজুয়েট নেতৃত্ব দিলে বাংলাদেশের ভবিষ্যৎ উজ্জ্বল হবে– বিশ্ববিদ্যালয়ের ৫০তম সমাবর্তনে 'সমাবর্তন বক্তা' হিসেবে বক্তৃতাকালে কানাডার ইউনিভারসিটি অব ওয়েস্টার্ন এন্টারিওর প্রেসিডেন্ট ও ভাইস চ্যান্সেলর অধ্যাপক অমিত চাকমা।

### ৫ মার্চ

- বঙ্গবন্ধুর পরিবারকে নিয়ে লেখা আওয়ামী যুবলীগ প্রকাশিত বই রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের কাছে হস্তান্তর করেন সংগঠনের চেয়ারম্যান মোহাম্মদ ওমর ফারুক চৌধুরী ও সাধারণ সম্পাদক মো. হারুনুর রশীদ।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইন্ডিয়ান ওশান রিম অ্যাসোসিয়েশনের (আইওআরএ) ২০তম বার্ষিকী উপলক্ষ্যে শীর্ষ সম্মেলনে যোগ দিতে তিনদিনের সফরে ইন্দোনেশিয়ার উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন।

- রাজধানীতে ১৯৯৮ সালের ২৩ এপ্রিল শাজনীন তাসনিম রহমানকে ধর্ষণ ও হত্যার দায়ে গৃহপরিচারক শহীদুল ইসলাম ওরফে শহীদের ফাঁসির রায় বহাল রেখেছেন সুপ্রিম কোর্টের আপিল বিভাগ।
- আন্তর্জাতিক জঙ্গি সংগঠন আল কায়েদার অনুসারী আনসার আল ইসলামের সকল কার্যক্রম নিষিদ্ধ করেছে দেশের সরকার।
- বাংলাদেশের কমিউনিস্ট পার্টির (সিপিবি) ৬৯তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত।
- নিউরো ডেভেলপমেন্ট ডিজঅর্ডার (এনডিডি) সম্পর্কে সরকারি কর্মকর্তাদের পূর্ণাঙ্গ ধারণা দেওয়ার বিষয়ে একসঙ্গে কাজ করতে সূচনা ফাউন্ডেশন এবং বাংলাদেশ জনপ্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র'র (পিএটিসি) মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত। বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে এই স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অটিজম বিষয়ক জাতীয় উপদেষ্টা কমিটির চেয়ারপারসন সায়মা হোসেন ওয়াজেদ।
- আগারগাঁও নবনির্মিত মুক্তিযুদ্ধ জাদুঘরে বিলোনিয়া যুদ্ধের মডেল হস্তান্তর।
- রাজধানীর হাতিরঝিলে বাংলাদেশ পোশাকশিল্প প্রস্তুত ও রফতানিকারক সমিতির (বিজিএমইএ) ১৬তলা ভবন ভেঙে ফেলতে সর্বোচ্চ আদালতের রায় পুনর্বিবেচনার (রিভিউ) আবেদন খারিজ।
- বিশ্বে দুর্ভিক্ষের শিকার ১০ কোটি মানুষ। দক্ষিণ সোমালিয়ায় দুর্ভিক্ষ ও ডায়রিয়ায় গত দুইদিনে ১১০ জনের মৃত্যু।

**৬ মার্চ**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইন্ডিয়ান ওশান রিম অ্যাসোসিয়েশনের (আইওআরএ) শীর্ষ সম্মেলনে যোগ দিতে তিনদিনের সফরে ইন্দোনেশিয়া পৌঁছেছেন।
- কুমিল্লায় যাত্রীবাহী বাস ও কাভার্ডভ্যানে পেট্রোল বোমা হামলার ঘটনায় দায়েরকৃত তিন মামলায় অভিযুক্ত হলেন বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া।
- হাজারীবাগ থেকে সাভারে স্থানান্তরে ব্যর্থ হওয়া ট্যানারির সব কার্যক্রম বন্ধের নির্দেশ দিয়েছেন হাইকোর্ট।
- 'সোনালি আঁশের সোনার দেশ। পাট পণ্যের বাংলাদেশ' প্রতিপাদ্য নিয়ে দেশে প্রথমবারের মতো জাতীয় পাট দিবস পালিত।
- টঙ্গীতে হরকাতুল জিহাদের (হুজি) ফাঁসির দণ্ডপ্রাপ্ত মুফতি আব্দুল হান্নানসহ ১৯ জঙ্গি বহনকারী দুইটি প্রিজন ভ্যানে বোমা হামলা করে জঙ্গিদের ছিনিয়ে নেয়ার চেষ্টা ব্যর্থ। বোমা হামলাকারী একজন গ্রেফতার।



- স্বাধীনতার মাসে শ্রীলংকার গলে 'জয়বাংলা কাপ' নামে দুই ম্যাচ সিরিজের প্রথম টেস্ট শুরু।

**৭ মার্চ**

- ঐতিহাসিক ৭ মার্চ উদযাপিত। ১৯৭১ সালের এইদিনে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঢাকার রমনা রেসকোর্স ময়দানের (বর্তমান সোহরাওয়ার্দী উদ্যান) জনসভায় ঐতিহাসিক ভাষণে স্বাধীনতার ডাক দেন। দিবসটি উপলক্ষ্যে ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে বাংলাদেশ আওয়ামী লীগ ও ১৪ দলের শ্রদ্ধাঞ্জলি।
- ইন্দোনেশিয়ার রাজধানী জাকার্তায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভারত মহাসাগরীয় অঞ্চলকে আরো শান্তিপূর্ণ ও সমৃদ্ধ হিসেবে গড়ে তুলতে সামুদ্রিক সহযোগিতা জোরদারে নিবেদিতপ্রাণ হয়ে কাজ করতে এই অঞ্চলের দেশগুলোর জোট ইন্ডিয়ান ওশান রিম অ্যাসোসিয়েশন (আইওআরএ) নেতাদের প্রতি আহ্বান জানান। একই অনুষ্ঠানে এ অঞ্চলের জন্য দক্ষ নাবিক তৈরিতে বাংলাদেশ-ভারত মহাসাগর কারিগরি ও বৃত্তিমূলক বিশ্ববিদ্যালয় স্থাপনের প্রস্তাব দেন।
- জাকার্তায় ইন্দোনেশিয়ার প্রধানমন্ত্রী জোকো উইদোদোর সাথে প্রধানমন্ত্রী শেখ হাসিনার বৈঠক। মিয়ানমারের রোহিঙ্গাদের তাদের দেশে ফেরত পাঠাতে জাকার্তার সহযোগিতা কামনা।
- একযুগ পর বগুড়ার প্রবীণ সাংবাদিক দীপংকর চক্রবর্তী হত্যায় আদালতে রাজীব গান্ধি ওরফে আদিল ওরফে জাহাঙ্গীরের স্বীকারোক্তিমূলক জবানবন্দী।
- ৭ মার্চ উপলক্ষ্যে রাজধানীর আর্মি স্টেডিয়ামে 'জয় বাংলা' কনসার্টে তারুণ্যের বাঁধ ভাঙা উচ্ছ্বাস।
- দেশি-বিদেশি ষড়যন্ত্রে জঙ্গিরা বিচ্ছিন্ন ঘটনা ঘটাচ্ছে– স্বরাষ্ট্রমন্ত্রী।
- ব্রেক্সিট ইস্যুতে পার্লামেন্টের অনুমোদন 'নেওয়া না নেওয়া' প্রশ্নে হাউস অব লর্ডসে দ্বিতীয়দফা ভোটেও ব্রিটিশ প্রধানমন্ত্রী থেরেসা মে'র পরাজয়।
- পশ্চিমবঙ্গের বর্ধমানে সড়ক দুর্ঘটনায় দুই বাংলার জনপ্রিয় লোকসংগীত শিল্পী কালিকা প্রসাদ ভট্টাচার্য্যের মৃত্যু।
- সৌদি বাদশাহ সালমান বিন আবদুল আজিজকে হত্যার ষড়যন্ত্র নস্যাৎ করার দাবি মালয়েশিয়ার নিরাপত্তা বাহিনীর। প্রায় একমাসের বিদেশ সফরের অংশ হিসেবে সৌদি বাদশা গত ২৬ ফেব্রুয়ারি মালয়েশিয়া পৌঁছেছেন।

**৮ মার্চ**

- ইন্দোনেশিয়ায় তিনদিনের সফর শেষে দেশে ফিরেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- সংসদে প্রশ্নোত্তরে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, দেশে নারীদের অবস্থান জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে সুদৃঢ় হয়েছে।
- সারাদেশে বিশ্ব নারী দিবস উদযাপিত।
- সিলেটে কলেজছাত্রী খাদিজা বেগম নার্গিস হত্যাচেষ্টা মামলায় একমাত্র আসামি বদরুল আলমকে যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছেন আদালত।
- রাজধানীর চ্যানেল আই স্টুডিও'তে আয়োজিত অনুষ্ঠানে অমর একুশে গ্রন্থমেলা-২০১৭ প্রকাশিত সেরা বইয়ের জন্য ১০ লেখকের হাতে সিটি আনন্দ আলো সাহিত্য পুরস্কার-২০১৭ প্রদান করেন বাংলা একাডেমির মহাপরিচালক।
- গণমাধ্যমে কথা বলার ক্ষেত্রে নিষেধাজ্ঞা সংক্রান্ত লিখিত আদেশ জারি করেছে নির্বাচন কমিশন।
- চীনভিত্তিক গবেষণা সংস্থা হুরুন গ্লোবালের তথ্য প্রকাশ– বিশ্বের শীর্ষ ধনী ব্যক্তিদের তালিকায় প্রথম বাংলাদেশি সালমান এফ রহমান।
- বিদেশ যেতে ৯০ ভাগ কর্মী দুর্নীতির শিকার– টিআইবি'র 'শ্রম অভিবাসন প্রক্রিয়ায় সুশাসন: সমস্যা ও উত্তরণের উপায়' শীর্ষক গবেষণা প্রতিবেদনে তথ্য প্রকাশিত।
- ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম প্রকাশিত 'বৈশ্বিক লিঙ্গ বিভাজন সূচক' (গ্লোবাল জেন্ডার গ্যাপ ইনডেক্স) প্রতিবেদন-২০১৬ অনুযায়ী বাংলাদেশের অবস্থান ৭২তম। ১৪৪টি দেশের এই তালিকায় দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে প্রতিবেশী দেশ ভারত ৮৭তম, এরপর শ্রীলংকা ১০০তম, নেপাল ১১০তম, মালদ্বীপ ১১৫তম, ভুটান ১২১তম ও পাকিস্তান ১৪৩তম।
- মিয়ানমারের সংখ্যালঘু রোহিঙ্গা মুসলমানদের বিরুদ্ধে মানবতাবিরোধী অপরাধ ঘটিয়েছে দেশটির সেনাবাহিনী ও পুলিশ। জাতিসংঘের মানবাধিকার বিষয়ক বিশেষ দূত ইয়াং লি একথা জানান।
- আফগানিস্তানের রাজধানী কাবুলে সেনা হাসপাতালে সন্ত্রাসী হামলায় ৩০ জন নিহত।
- ওডিআই ও টি-২০ এর পর এবার টেস্ট র‍্যাংকিংয়ে বিশ্বসেরা অলরাউন্ডারদের মধ্যে ক্রিকেটের তিন ফরম্যাটেই সেরার মুকুট ফিরে পেলেন সাকিব আল হাসান।



**৯ মার্চ**

- গণতন্ত্র আছে বলেই দেশে এত উন্নয়ন হচ্ছে– সংসদে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- বিএনপি বিশ্বব্যাংকের পরামর্শে পাটশিল্প ধ্বংস করেছিল - রাজধানীতে কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে জাতীয় পাট দিবস ও বহুমুখী পাটপণ্য মেলার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- কুষ্টিয়ার শিলাইদহের রবীন্দ্র কুঠিবাড়ির উন্নয়নে বাংলাদেশ ও ভারতের মধ্যে চুক্তি স্বাক্ষর।
- গাইবান্ধায় সাঁওতালপল্লিতে হামলার ঘটনায় এসআইসহ দুই পুলিশ কনস্টেবলকে চিহ্নিত করে দুটি প্রতিবেদন দিয়েছে পুলিশ প্রশাসন।
- বিদেশ যেতে ৯০ ভাগ কর্মী দুর্নীতির শিকার– টিআইবি'র 'শ্রম অভিবাসন প্রক্রিয়ায় সুশাসন: সমস্যা ও উত্তরণের উপায়' শীর্ষক গবেষণা প্রতিবেদনে তথ্য প্রকাশিত।
- দুর্নীতির দায়ে ক্ষমতাচ্যুত হলেন দক্ষিণ কোরিয়ার প্রথম নারী প্রেসিডেন্ট পার্ক জিউন হাই।
- ভারতে মাতৃত্বকালীন ছুটি ১২ সপ্তাহ থেকে ২৬ সপ্তাহ বৃদ্ধি করে সংশোধনী বিল পাস করেছে দেশটির পার্লামেন্ট।

**১০ মার্চ**

- বঙ্গবন্ধু স্বাধীনতা ঘোষণার ম্যান্ডেট ভোটের মাধ্যমে জনগণের কাছ থেকে পেয়েছিলেন– ৭ মার্চের ভাষণের ওপর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্ট আয়োজিত সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- মুক্তিযোদ্ধাদের ভিভিআইপি মর্যাদা দেওয়া উচিত– মৌলভীবাজারে মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা।
- সারাদেশে দুর্নীতি দমন কমিশন (দুদক) আয়োজিত দুর্নীতিবিরোধী মানববন্ধনে লক্ষাধিক মানুষ।
- 'নারীর জন্য নিরাপদ ঢাকা' স্লোগানে রাজধানীর হাতিরঝিলে নারীদের ১০ কি.মি. দীর্ঘ ম্যারাথন অনুষ্ঠিত।
- মিয়ানমারে রোহিঙ্গা নির্যাতন মানবতাবিরোধী অপরাধ– মিয়ানমারে মানবাধিকার বিষয়ক জাতিসংঘের বিশেষ দূত ইয়াংঘি লি।

১১ মার্চ

- বিশেষ প্রেক্ষাপটে বিয়ের বয়স শিথিলের বিধানসহ জাতীয় সংসদে পাস হওয়া 'বাল্যবিবাহ নিরোধ' বিলে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের স্বাক্ষর।
- ২৫ মার্চ কালরাতে পাকিস্তানি সেনাবাহিনীর নৃশংস হত্যাকাণ্ডকে স্মরণ করে 'গণহত্যা দিবস' পালনে সংসদে প্রস্তাব গৃহীত। আলোচনায় অংশ নিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, একাত্তরের গণহত্যা যারা ভুলে যায় তাদের এদেশে থাকার অধিকার নেই।
- জাতিসংঘের নিরাপত্তা পরিষদে মানবাধিকার কমিশনের প্রধান স্টিফেন ও ব্রায়ান মিয়ানমার পরিস্থিতি মোকাবিলায় গোটা বিশ্বকে এগিয়ে আসার আহ্বান জানিয়ে বলেছেন, ১৯৪৫ সালের পর ইতিহাসের সবচেয়ে বড় মানবিক সংকট বিশ্বের।
- রাজধানীর মওলানা ভাসানী হকি স্টেডিয়ামে বিশ্ব হকি লীগের দ্বিতীয় রাউন্ডে ৯-০ গোলে শ্রীলংকাকে হারিয়েছে বাংলাদেশ।

১২ মার্চ

- কিশোরগঞ্জের মিঠামইনে এক সমাবেশে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেছেন, শিক্ষার্থীদের সামনে স্বাধীনতা সংগ্রামের আত্মত্যাগের ইতিহাস তুলে ধরুন।
- সাবমেরিন যুগে বাংলাদেশ। চট্টগ্রাম নৌজেটিতে চীন থেকে সংগৃহীত টর্পেডো ও মাইন সজ্জিত দুটি সাবমেরিন– 'নবযাত্রা' ও 'জয়যাত্রা' উদ্বোধন করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, কারও সঙ্গে যুদ্ধের জন্য নয়, আক্রান্ত হলে সমুচিত জবাব দেবো।
- বাংলাদেশের স্বাস্থ্য খাতের অর্জন বিশ্বের জন্য দৃষ্টান্ত– ঢাকায় সফররত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা এবং জলবায়ু পরিবর্তন বিষয়ক জাতিসংঘের বিশেষ দূত ডেভিড ন্যাবারো।
- রাজধানীর হাতিরঝিলে অবৈধভাবে নির্মিত ভবন ভাঙতে বিজিএমইএ'কে ৬ মাস সময় দিয়েছে আপিল বিভাগ।
- রাজধানীর হাজারীবাগে ট্যানারি বন্ধে হাইকোর্টের আদেশ আপিল বিভাগে বহাল।
- রাজধানীর সুফিয়া কামাল জাতীয় গ্রন্থাগারের শওকত ওসমান স্মৃতি মিলনায়তনে তিনদিনব্যাপী জাতীয় রবীন্দ্রসংগীত সম্মেলনের ষড়ত্রিংশতম বার্ষিক অধিবেশন সমাপ্ত।
- জঙ্গি দমনে বাংলাদেশের সাফল্য অনেক– ঢাকায় ১৪ দেশের পুলিশ প্রধানদের সম্মেলনে ইন্টারপোল মহাসচিব জার্গেন স্টোক।
- পদত্যাগ না করায় মার্কিন অ্যাটর্নি প্রীত ভারারাকে বরখাস্ত করেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।



১৩ মার্চ

- জনপ্রতিনিধিরা সৎ হলে চাকরিজীবীরা দুর্নীতি করতে পারবে না– কিশোরগঞ্জের ইটনায় 'রাষ্ট্রপতি আবদুল হামিদ সরকারি কলেজের' ২০ বছর পূর্তি অনুষ্ঠানে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে ওজনে অনিয়মে কঠোর শাস্তির বিধান রেখে 'স্ট্যান্ডার্ড ওজন ও পরিমাপ আইন-২০১৭' খসড়া নীতিগতভাবে অনুমোদন দিয়েছেন মন্ত্রিসভা।
- ফেসবুক আইডি খুলতে পরিচয়পত্র লাগবে– ঢাকায় ১৪ দেশের পুলিশ প্রধানদের তিনদিনের আন্তর্জাতিক সম্মেলনে ফেসবুক কর্তৃপক্ষকে এ অনুরোধ জানান বাংলাদেশ পুলিশ প্রধান।
- দেশের কোনো আদালতের এজলাস কক্ষে আসামিকে ডাণ্ডাবেড়ি পরিয়ে হাজির না করতে কারা কর্তৃপক্ষকে নির্দেশ দিয়েছে হাইকোর্ট।
- রাজধানীর মালিবাগে ফ্লাইওভারের গার্ডার পড়ে শ্রমিকের মৃত্যু। প্রধানমন্ত্রী শেখ হাসিনার দুঃখ প্রকাশ।
- সব রোহিঙ্গাকে দেশছাড়া করতে চায় মিয়ানমার– রোহিঙ্গা পরিস্থিতি নিয়ে জাতিসংঘের মানবাধিকার কাউন্সিলের ৩৪তম অধিবেশনে বিশেষ দূত ইয়াংঘি লি।

১৪ মার্চ

- 'বাবার মতো জীবন দিয়ে হলেও মানুষের জন্য কাজ করবো'– লক্ষ্মীপুরের এক জনসভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- ঢাকায় পুলিশ প্রধান সম্মেলনে যৌথ ঘোষণা– জঙ্গি, সন্ত্রাসবাদ ও অন্যান্য আন্তঃদেশীয় অপরাধ মোকাবিলায় তথ্যপ্রযুক্তি নেটওয়ার্ক গড়ে তোলা হবে।
- বিচার বিভাগকে জিম্মি করে রাখা হয়েছে– প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা।
- বাংলাদেশ টেলিভিশনের (বিটিভি) ৬টি পূর্ণাঙ্গ টিভি কেন্দ্র স্থাপন প্রকল্পসহ ৫ হাজার ২৩৮ কোটি ৫৪ লাখ টাকার প্রাক্কলিত ব্যয়সম্বলিত ৭টি নতুন ও সংশোধিত প্রকল্প অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। প্রধানমন্ত্রীর নির্দেশনানুযায়ী রংপুর, রাজশাহী, সিলেট ও বরিশালের পাশাপাশি ময়মনসিংহে বিটিভি'র এই কেন্দ্র স্থাপনের ব্যয় ধরা হয়েছে ১ হাজার ৩৯১ কোটি টাকা।
- ভিনগ্রহে প্রাণের অস্তিত্বের প্রমাণ এ বছরের মধ্যেই প্রমাণিত হবে– জেনিভা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ও জ্যোতির্বিজ্ঞানী মিশেল মেয়র।

- ইইউ থেকে যুক্তরাজ্যের বেরিয়ে যাওয়ার প্রক্রিয়া শুরু করতে ব্রেক্সিট বিল ব্রিটিশ পার্লামেন্টের উচ্চ পক্ষে পাস।
- বাংলাদেশের ১০০তম টেস্ট ম্যাচ শ্রীলংকায় আজ থেকে শুরু।

**১৫ মার্চ**

- সুষম উন্নয়নই সরকারের লক্ষ্য– প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তাঁর কার্যালয়ে ঢাকায় নিযুক্ত ব্রাজিলের বিদায়ী রাষ্ট্রদূত সৌজন্য সাক্ষাৎ করতে গেলে তিনি একথা বলেন।
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৭তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে তাঁর আত্মজীবনীর দ্বিতীয় গ্রন্থ প্রকাশিত। ৩৩২ পৃষ্ঠার এই গ্রন্থের শিরোনাম হচ্ছে– 'কারাগারের রোজনামচা'। এতে বঙ্গবন্ধুর ১৯৬৬ সাল থেকে ১৯৬৮ সাল পর্যন্ত কারাস্মৃতি স্থান পেয়েছে।
- সড়ক দুর্ঘটনায় আহত স্কোয়াড্রন লিডার মোহাম্মদ সাইদুজ্জামানের স্ত্রী ডা. সাবরিনা নুসরাতের হাতে স্বামীর চিকিৎসা বাবদ এক কোটি টাকা অনুদানের চেক হস্তান্তরকালে সহমর্মিতা জানান প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- চট্টগ্রামের সীতাকুণ্ডে জঙ্গি আস্তানায় পুলিশের অভিযান। গ্রেনেড হামলায় আহত পুলিশ, অস্ত্র ও বিস্ফোরকসহ দম্পতি আটক।
  দেশি-বিদেশি বিনিয়োগ আকর্ষণে আগামী ১৫ বছরে একশ'টি অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার ঘোষণা বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল (বেজা) কর্তৃপক্ষের।
- প্রাণ ফিরে পেল দেশের রেলওয়ের বন্ধ স্টেশনগুলো। দীর্ঘদিন ধরে বন্ধ থাকা পূর্ব-পশ্চিমাঞ্চলের ১৮৮টি স্টেশনের মধ্যে ৬০টি স্টেশন চালু।
- বাঙালি সাংস্কৃতিক আন্দোলনের অন্যতম পুরোধা ব্যক্তিত্ব, সংগীত বিশেষজ্ঞ, লেখক, সাংবাদিক ওয়াহিদুল হকের ৮৫তম জন্মদিন পালিত।
- শ্রীলংকায় বাংলাদেশ দলের শততম টেস্টের শুরুতে বোলারদের আক্রমণাত্মক ও বুদ্ধিদীপ্ত বোলিং, ইনজুরি থেকে ফিরে শতভাগ সামর্থ্য দেখালেন মুস্তাফিজ।

**১৬ মার্চ**

- স্বাধীন বাংলাদেশের স্থপতি, বাঙালির অবিসংবাদিত নেতা, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবাষির্কী ও জাতীয় শিশুদিবস উপলক্ষ্যে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন।



- জঙ্গিবাদের বিরুদ্ধে জনমত গড়ে তুলুন– রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে বঙ্গবন্ধু ফেলোশিপ, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (এনএসটি) ফেলোশিপ এবং গবেষকদের অনুদান প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- মানব পাচার রোধে জাতিসংঘের নিরাপত্তা পরিষদে পাঁচদফা সুপারিশ বাংলাদেশের। জাতিসংঘে মুক্ত আলোচনায় বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি ও রাষ্ট্রদূত মাসুদ বিন মোমেন এ সুপারিশ তুলে ধরেন।
  বঙ্গবন্ধুর জন্মদিন উপলক্ষ্যে বাংলাদেশ শিশু একাডেমিতে শিশুদের বইমেলা শুরু।
- গত তত্ত্বাবধায়ক সরকারের সময় জরুরি অবস্থা চলাকালে ১১টি ব্যবসা প্রতিষ্ঠান ও ব্যক্তির কাছ থেকে জব্দ করা ৬১৫ কোটি ৫৫ লাখ টাকা ফেরত দিতে নির্দেশ দিয়েছেন সুপ্রিম কোর্টের আপিল বিভাগ।
- সীতাকুণ্ডে জঙ্গি আস্তানায় পুলিশের ১৯ ঘণ্টার শ্বাসরুদ্ধকর অভিযানে এক শিশু ও চার জঙ্গি নারী-পুরুষ নিহত, আটকে পড়া ২১ জন অক্ষত উদ্ধার।
- ছয়টি মুসলিম দেশের নাগরিকদের যুক্তরাষ্ট্রে প্রবেশের বিষয়ে মার্কিন প্রেসিডেন্ট ট্রাম্পের দ্বিতীয় নিষেধাজ্ঞাও স্থগিত করে দিয়েছে দেশটির আদালত।

**১৭ মার্চ**

- শিশুকাল থেকেই দেশপ্রেমের শিক্ষা নিতে হবে- জাতীয় শিশু দিবস উদযাপন উপলক্ষ্যে গোপালগঞ্জে টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধুর সমাধিসৌধ কমপ্লেক্স প্রাঙ্গণে শিশু সমাবেশ, আলোচনাসভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দিবসটি উপলক্ষ্যে টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধুর সমাধিতে পুস্পস্তবক অর্পণ করেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন উপলক্ষ্যে রাজধানীর ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সামনে রক্ষিত প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
  সারাদেশে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন উদযাপিত।
- রাজধানীর আশকোনায় র‍্যাব সদর দপ্তরের নির্মাণাধীন স্থাপনায় অস্থায়ী র‍্যাব কার্যালয়ে আত্মঘাতী বোমা হামলার দায় স্বীকার করল 'ইসলামিক স্টেট' (আইএস)। এটি আইন শৃঙ্খলা বাহিনীর দফতরে প্রথম জঙ্গি হামলা।

- দক্ষিণ এশিয়ার মধ্যে ঘুষ লেনদেনে এশিয়ার শীর্ষে ভারত– দুর্নীতিবিষয়ক আন্তর্জাতিক নজরদারি সংস্থা ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনালের (টিআই) এক প্রতিবেদনে তথ্য প্রকাশ।
- শততম টেস্টে শ্রীলংকার বিপক্ষে বাংলাদেশের সাকিব আল হাসানের সেঞ্চুরি।

**১৮ মার্চ**

- জঙ্গি সন্ত্রাসের বিরুদ্ধে কঠোর অবস্থান অব্যাহত থাকবে– ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে রাজধানীতে আওয়ামী লীগ আয়োজিত আলোচনাসভায় সভাপতির বক্তৃতায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- কক্সবাজারে তিন দিনব্যাপী দ্য লংগেস্ট ওয়াক-২০১৭ শুরু।
- রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের স্পেন্ট ফুয়েল (ব্যবহৃত জ্বালানি) ব্যবস্থাপনা সংক্রান্ত খসড়া চুক্তি অনুস্বাক্ষর করেছে বাংলাদেশ ও রাশিয়া।
- খিলগাঁয়ে র‌্যাব চৌকিতে গুলিতে যুবক নিহত। যুবকের দেহে বিস্ফোরক বাধা ছিল, ব্যাগে ছিল আরো কয়েকটি বোমা; র‌্যাব।
- ইসরাইল বিরোধী প্রতিবেদন দেওয়াকে কেন্দ্র করে জাতিসংঘের পশ্চিম এশিয়া বিষয়ক কমিশন ইকোনমিক অ্যান্ড সোশ্যাল কমিশন ফর ওয়েস্টার্ন এশিয়ার (ইএসসিডব্লিউএ) প্রধানের পদত্যাগ।

**১৯ মার্চ**

- কলম্বোয় শততম টেস্ট সিরিজ 'জয় বাংলা' কাপে শ্রীলংকার বিপক্ষে ৪ উইকেটে বাংলাদেশের ঐতিহাসিক জয়। সারাদেশে বাঁধভাঙ্গা উল্লাস। জয়ের পরপরই দলের অধিনায়ক মুশফিকুর রহীম এবং ম্যান অব দ্য সিরিজ সাকিব আল হাসানের সঙ্গে টেলিফোনে কথা বলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- রাজধানীতে বাংলাদেশ তাঁতী লীগের জাতীয় সম্মেলনের উদ্বোধনী অধিবেশনে প্রধান অতিথির বক্তৃতায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, আওয়ামী লীগ ক্ষমতায় থাকলে দেশের উন্নয়ন হয়।
- আজ ঐতিহাসিক ১৯ মার্চ। ১৯৭১ সালে এইদিনে পাকিস্তানি হানাদার বাহিনীর বিরুদ্ধে গাজীপুরে (তৎকালীন জয়দেবপুর) বীর জনতা গর্জে ওঠে এবং সম্মুখযুদ্ধে অবতীর্ণ হয়। এরপর সারা বাংলায় স্লোগান উঠে 'জয়দেবপুরের পথ ধর, বাংলাদেশ স্বাধীন কর'।
- রাজধানীর পল্টনে কালভার্ট রোডে খোলা ম্যানহোলে পড়ে অজ্ঞাত ব্যক্তি নিহতের ঘটনায় ঢাকা ওয়াসার নির্বাহী প্রকৌশলীসহ ৭ জনের বিরুদ্ধে মামলা দায়েরের নির্দেশ হাইকোর্টের।



- দাপ্তরিক কাজের সুবিধার্থে স্বাস্থ্য মন্ত্রণালয়কে 'স্বাস্থ্যসেবা' এবং 'স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ' নামে দুটি বিভাগে বিভক্ত করে প্রজ্ঞাপন জারি।
- রামকৃষ্ণ মিশন ঢাকার শতবর্ষ পূর্তি উৎসব শুরু।
- যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সংরক্ষণবাদ নীতির কারণে মুক্ত বাণিজ্য থেকে সরে গেল বিশ্বের সর্ববৃহৎ অর্থনীতির দেশগুলোর জোট জি-২০।

**২০ মার্চ**

- বিশিষ্ট রাজনীতিবিদ, ভাষাসৈনিক, মুক্তিযুদ্ধের সংগঠক সাবেক রাষ্ট্রপতি জিল্লুর রহমানের চতুর্থ মৃত্যুবার্ষিকী পালিত।
- নগরের পাশাপাশি গ্রামাঞ্চলেও বাড়িঘর নির্মাণ এবং যে কোন উন্নয়ন কাজে ভূমি ব্যবহারের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের ছাড়পত্র নেয়ার বাধ্যবাধকতা রেখে 'নগর ও অঞ্চল পরিকল্পনা আইন-২০১৭'র খসড়া নীতিগত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। এছাড়া ২৫ মার্চ গণহত্যা দিবস জাতীয় ও আন্তর্জাতিকভাবে পালনের জন্য জাতিসংঘে প্রস্তাব পাঠানোর নীতিগত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা।
- বিভিন্ন দুর্নীতির অভিযোগ তদন্তের জন্য হাইকোর্টের রুল মাথায় নিয়ে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর মুহাম্মদ মিজানউদ্দীন ও প্রো-ভিসি প্রফেসর সারওয়ার জাহানের পদত্যাগ।
- প্রকৃত মুক্তিযোদ্ধা যাচাই-বাছাই কার্যক্রমের ওপর আরোপিত নিষেধাজ্ঞা প্রত্যাহার করেছেন আপিল বিভাগ।
- মার্কিন গণতন্ত্রের ক্ষতি ও ট্রাম্পকে সহায়তা করতে চেয়েছিল রাশিয়া– কংগ্রেস ইন্টেলিজেন্স কমিটির শুনানিতে এফবিআই।
- জাতিসংঘের 'বিশ্ব সুখ' রিপোর্টে তথ্য প্রকাশ– নরওয়ে বিশ্বের সবচেয়ে সুখী দেশ ও বাংলাদেশ ১১০তম।

**২১ মার্চ**

- মাগুরায় আওয়ামী লীগ আয়োজিত জনসভায় ভাষণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বিএনপি ক্ষমতায় গেলে দেশ ধ্বংস হয়ে যাবে। তাই দেশবাসীকে এ বিষয়ে সতর্ক থাকতে হবে।
- ভারতে জঙ্গি অনুপ্রবেশ বিষয়ে নয়াদিল্লিকে সতর্ক করেছে ঢাকা। সম্প্রতি বাংলাদেশ সরকারের পক্ষ থেকে এ বিষয়ে ভারতের কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে একটি রিপোর্ট পাঠানো হয়েছে। ভারতের দ্য টাইমস অব ইন্ডিয়া তথ্য প্রকাশ করে।
- দুর্নীতি, নাশকতা, মানহানি ও রাষ্ট্রদ্রোহের অভিযোগে বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার বিরুদ্ধে ৩২টি মামলা দায়ের। এ পর্যন্ত ২১টিতে চার্জশিট দেয়া হয়েছে।

- কলম্বো টেস্টে পারফরম্যান্স দিয়ে আবারো টেস্ট অলরাউন্ডারদের র‍্যাংকিংয়ের শীর্ষে সাকিব আল হাসান। গত তিন সপ্তাহে এই নিয়ে দ্বিতীয়বারের মতো ভারতীয় স্পিনিং অলরাউন্ডার রবীচন্দন অশ্বিনকে হটিয়ে তিনি শীর্ষস্থান পুনরুদ্ধার করেন ।

**২২ মার্চ**

- ২০১৩ ও ২০১৪ সালে দেশের পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদে সর্বোচ্চ নম্বর ও সিজিপিএ প্রাপ্ত ২৩৩ জন মেধাবী শিক্ষার্থী প্রধানমন্ত্রী স্বর্ণপদক পেয়েছেন। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) উদ্যোগে প্রধানমন্ত্রীর কার্যালয়ের শাপলা হলে এক অনুষ্ঠানে এ পদক ও সনদ তুলে দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ সময় প্রধানমন্ত্রী আরও বলেন, 'জঙ্গিবাদে অস্ত্র অর্থ উৎসাহ কারা দিচ্ছে তা খতিয়ে দেখতে হবে'।
- নিহত সংসদ সদস্য মনজুরুল ইসলাম লিটনের গাইবান্ধা-১ (সুন্দরগঞ্জ) আসনের উপনির্বাচনে আওয়ামী লীগের প্রার্থী গোলাম মোস্তফা আহমেদ ৯০ হাজার ১৬৯ ভোট পেয়ে বিজয়ী।
- জাতিসংঘের মানব উন্নয়ন সূচকে বাংলাদেশের এক ধাপ উন্নতি। ইউএনডিপি'র ২০১৬ সালের বার্ষিক প্রতিবেদন প্রকাশ– ১৮৮টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ১৩৯তম।
- বাংলাদেশে মোবাইল ফোন কোম্পানির টাওয়ার থেকে নিঃসৃত রেডিয়েশনের (তেজস্ক্রিয়তা) মাত্রা উচ্চ পর্যায়ের যা স্বাস্থ্যের জন্য ক্ষতিকর– স্বাস্থ্য মন্ত্রণালয়ের এক প্রতিবেদনের উদ্ধৃতি দিয়ে হাইকোর্টকে জানিয়েছে রাষ্ট্রপক্ষ। রেডিয়েশনের মাত্রা কমাতে বিটিআরসিকে নির্দেশনা।
- 'বর্জ্য পানি' প্রতিপাদ্য নিয়ে বিশ্ব পানি দিবস পালিত।
- মহান স্বাধীনতাযুদ্ধে বাংলাদেশ ও ভারতীয় সেনাবাহিনীর ঐতিহাসিক যৌথ অভিযান স্মরণীয় করে রাখতে দু'দেশের সেনাবাহিনীর মধ্যে যৌথ সাইক্লিং অভিযান শুরু। ত্রিপুরার আগরতলা থেকে শুরু হওয়া এ অভিযানে দু'দেশের সেনাবাহিনীর ১৫ জন করে মোট ৩০ জন সেনা অংশ নিচ্ছেন।
- ব্রিটেনের পার্লামেন্ট ভবনের কাছে এবং ওয়েস্টমিনস্টার ব্রিজের ওপর সন্ত্রাসী হামলায় ৪ জন নিহত ও আহত ২০ জন।

**২৩ মার্চ**

- বিশ্বব্যাংক পদ্মা সেতুতে মিথ্যাচারের শিক্ষা পেয়েছে– ওসমানী স্মৃতি মিলনায়তনে স্বাধীনতা পদক প্রদান অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।



- বাংলাদেশ ব্যাংকে রাতে আগুন লেগে ১৩ তলায় বৈদেশিক মুদ্রানীতি বিভাগের ২০টি কম্পিউটার পুড়ে ছাই।
- লন্ডনে হামলাকারী জন্মসূত্রে ব্রিটিশ, আইএসের দায় স্বীকার।

**২৪ মার্চ**

- স্বাধীনতা দিবস উপলক্ষ্যে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে শুভেচ্ছা জানিয়েছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।
- সিলেটে দক্ষিণ সুরমায় আরেক জঙ্গি আস্তানার সন্ধান; ঘিরে রেখেছে র‍্যাব-পুলিশ।
- হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর গোলচত্বরের অদূরে পুলিশ বক্সের কাছে বিস্ফোরণে বোমাবাহী এক যুবক নিহত।
- ঈশ্বরদী রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্পের বর্জ্য ফেরত নিতে রাশিয়ার সম্মতি প্রকাশ। খসড়া চুক্তি অনুমোদন ও স্বাক্ষরিত।

**২৫ মার্চ**

- আজ ২৫ মার্চ 'জাতীয় গণহত্যা দিবস'। একাত্তরের এদিনে বাঙালি জাতি তথা বিশ্ববাসী প্রত্যক্ষ করেছিল ইতিহাসের জঘন্যতম নৃশংসতা। গণহত্যার বৈশ্বিক স্বীকৃতি দাবি।
- সিলেটে দক্ষিণ সুরমার শিববাড়ি এলাকায় জঙ্গি আস্তানা 'আতিয়া মহল' ঘিরে শ্বাসরুদ্ধকর কমান্ডো অভিযান। অপারেশন টোয়াইলাইট শুরু। দুই দফা জঙ্গি হামলায় পুলিশসহ নিহত ৪ জন।
- শ্রীলংকার ডাম্বুলায় প্রথম ওয়ানডেতে শ্রীলংকার বিরুদ্ধে ৯০ রানে বাংলাদেশের জয়।

**২৬ মার্চ**

- জঙ্গিবাদ রোখার দৃঢ়প্রত্যয় এবং মুক্তিযুদ্ধের চেতনায় অসাম্প্রদায়িক বাংলাদেশ গড়ার শপথ উচ্চারণের মধ্য দিয়ে স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপিত। বাঙালি জাতির ইতিহাসে রক্তের আখরে লেখা একটি দিন। এই দিনে ৩০ লাখ শহীদের রক্তস্নাত মুক্তিযুদ্ধের সূচনা হয়েছিল।
- বিপথগামী সন্ত্রাস ও জঙ্গিবাদ ছেড়ে সুপথে ফিরলে তাদের সবধরনের সহযোগিতা ও পুনর্বাসন করা হবে– বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসে শিশু-কিশোর সমাবেশ ও কুচকাওয়াজে প্রধান অতিথির বক্তৃতায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- স্বাধীনতা দিবসে বাংলাদেশের রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীকে শুভেচ্ছা জানিয়েছেন ভারতের রাষ্ট্রপতি প্রণব মুখার্জি ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি।

- সেনাবাহিনীর প্রেস ব্রিফিং– সিলেটের দক্ষিণ সুরমার শিববাড়ির 'আতিয়া মহলের' জঙ্গি আস্তানায় সেনাবাহিনীর কমান্ডো অভিযানে দ্বিতীয় দিনে দুই জঙ্গি নিহত। ভেতরে আরও জঙ্গি থাকায় অভিযান অব্যাহত থাকবে।
- সিলেটে জঙ্গিবিরোধী অভিযানে আহত গোয়েন্দা প্রধান লে. কর্নেল আবুল কালাম আজাদকে আশঙ্কাজনক অবস্থায় সিঙ্গাপুরে পাঠানো হয়েছে।
- সাধারণ মানুষের নিরাপত্তার কথা বিবেচনায় রেখে অভিযানে কৌশলী সেনাবাহিনীর প্যারা কমান্ডো। এখন পর্যন্ত আতিয়া মহল থেকে ৭৯ জন বেসামরিক মানুষকে জীবিত উদ্ধার।
- চুয়াডাঙ্গায় ট্রাক চাপায় ১৩ মাটিকাটা শ্রমিকের মৃত্যু।
- যুক্তরাষ্ট্রে স্বাস্থ্য বিল নিয়ে সংকটে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের রিপাবলিকান দল।

**২৭ মার্চ**

- স্বাধীনতা দিবস উপলক্ষ্যে রাজধানীতে আওয়ামী লীগ আয়োজিত আলোচনাসভায় প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা বলেছেন, ২৫ মার্চ গণহত্যা দিবস পালন না করে বিএনপি-জামায়াত জোট আবারো প্রমাণ করেছে তারা একাত্তরের ঘাতক রাজাকার আলবদরদের দোসর।
- শেখ হাসিনা বাংলাদেশের প্রথম কোন প্রধানমন্ত্রী যিনি ভারতের রাষ্ট্রপতি ভবনে আতিথেয়তা নিতে যাচ্ছেন। প্রধানমন্ত্রীর আসন্ন ভারত সফর নিয়ে এক আলোচনাসভায় ঢাকায় নিযুক্ত ভারতীয় হাইকমিশনার হর্ষবর্ধন শ্রিংলা একথা জানান। তিনি আরো বলেছেন, একাত্তরে গণহত্যার স্বীকৃতি আদায়ে যে লড়াইয়ে নেমেছে বাংলাদেশ, তাতে সমর্থন দেবে ভারত।
- সিলেটের শিববাড়ি এলাকায় জঙ্গিবিরোধী 'অপারেশন টোয়াইলাইট'র চারদিন পর শিববাড়ির আতিয়া মহল সেনা কমান্ডের নিয়ন্ত্রণে। মহিলাসহ ৪ জঙ্গি নিহত। জঙ্গি আস্তানায় প্রচুর বিস্ফোরক, গ্রেনেড ছড়িয়ে ছিটিয়ে আছে।
- তুর্কি প্রধানমন্ত্রী বিনালী ইলদিবিস প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ফোন করে সন্ত্রাসবিরোধী লড়াইয়ে বাংলাদেশের সঙ্গে কাজ করতে আগ্রহ প্রকাশ করেন। প্রধানমন্ত্রী সিলেটে জঙ্গি হামলার তীব্র নিন্দা করেন এবং হতাহতদের প্রতি সমবেদনা জানান।
- বিশেষ ক্ষেত্রে মৃত্যুদণ্ড। যাবজ্জীবন কারাদণ্ডের বিধান রেখে 'সড়ক পরিবহন আইন-২০১৭'র খসড়া নীতিগতভাবে অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা।



- বিশ্বের শীর্ষ ৫০ নেতার তালিকায় স্থান করে নিয়েছেন ব্র্যাকের প্রতিষ্ঠাতা ও চেয়ারপারসন স্যার ফজলে হাসান আবেদ। ফরচুন ম্যাগাজিনে 'ওয়ার্ল্ডস ৫০ গ্রেটেস্ট লিডার্স' শীর্ষক তালিকায় তিনি ৩৭তম অবস্থানে রয়েছেন।

**২৮ মার্চ**

- ১৫ আগস্ট ঘটানোর পটভূমি সৃষ্টি করেছিল অনেকে। রাজধানীর কৃষিবিদ মিলনায়তনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মজীবনীমূলক 'কারাগারের রোজনামচা' গ্রন্থের প্রকাশনা উৎসবে প্রধান অতিথির বক্তৃতায় বাষ্পরুদ্ধ কণ্ঠে এ কথা বলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- দেশের গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ প্রকল্পসহ মোট ১২টি নতুন ও সংশোধিত প্রকল্প অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। এগুলো বাস্তবায়নে মোট ব্যয় ধরা হয়েছে ১০ হাজার ১৪৭ কোটি ৫৭ লাখ টাকা।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ব্রিটিশ প্রধানমন্ত্রী থেরেসা মে'র চিঠি, ঢাকা-লন্ডন সম্পর্ক আরো জোরদারের আশাবাদ।
- একুশে পদকপ্রাপ্ত প্রবীণ ফটো-সাংবাদিক আফতাব আহমেদ (৭৮) হত্যা মামলায় ৫ (পাঁচ) আসামির মৃত্যুদণ্ড এবং এক আসামির ৭ বছর কারাদণ্ডের রায় দিয়েছে ঢাকার দ্রুত বিচার ট্রাইব্যুনাল।
- ইন্টারপার্লামেন্টারি ইউনিয়নের (আইপিইউ) ১৩৬তম সম্মেলন উপলক্ষ্যে ১০ এপ্রিল পর্যন্ত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে দর্শনার্থী প্রবেশে নিষেধাজ্ঞা।
- বিভিন্ন পাবলিক পরীক্ষার 'ভুয়া প্রশ্নপত্র' বিক্রির অভিযোগে এক কলেজের অধ্যক্ষসহ ৯ জন শিক্ষক-ছাত্র ও কর্মচারী গ্রেফতার।
- দেশের মোবাইল ফোন কোম্পানির টাওয়ার থেকে নিঃসৃত বিকিরণ মাত্রা জনস্বাস্থ্যের জন্য কতটা ক্ষতিকর ও ঝুঁকিপূর্ণ– এ বিষয়ে তিনটি আন্তর্জাতিক সংস্থার বিশেষজ্ঞ প্রতিবেদন চেয়েছে হাইকোর্ট।
- ওবামার জলবায়ু নীতিতে ব্যাপক কাটছাঁট ট্রাম্পের। কার্বন নিঃসরণ বিরোধীসহ ৬টির বেশি পদক্ষেপ বাতিলে নির্বাহী আদেশ।

**২৯ মার্চ**

- ঢাকা ভেঙে নতুন আরেকটি বিভাগ হবে। ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর ও শরীয়তপুর নিয়ে বিভাগ করা হবে– ফরিদপুর সরকারি রাজেন্দ্র কলেজ মাঠে বাংলাদেশ আওয়ামী লীগ আয়োজিত বিশাল জনসভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা একথা বলেন। এসময় তিনি আরো বলেন, দেশের উন্নয়নে নৌকার বিকল্প নেই।

- সেনা সদস্যরা চলে আসার পর সিলেটের শিবগঞ্জের আতিয়া মহল এখন পুলিশের নিয়ন্ত্রণে।
- বাল্যবিবাহের বিরুদ্ধে রুখে দাঁড়ানো বাংলাদেশের ঝালকাঠির মেয়ে শারমিন আক্তারের মার্কিন পররাষ্ট্র দফতরের ইন্টারন্যাশনাল উইমেন অব কারেজ অ্যাওয়ার্ড লাভ। মার্কিন ফার্স্টলেডি মেলেনিয়া ট্রাম্পের হাত থেকে পুরস্কার গ্রহণ করেন শারমিন আক্তার।
- মৌলভীবাজারে দুই আস্তানা থেকে জঙ্গিদের গ্রেনেড নিক্ষেপ। কুমিল্লায় তিন জঙ্গি আস্তানার সন্ধান।
- দেশে যে কোন স্থানে জঙ্গি আস্তানায় অভিযান পরিচালনাকালে ওই অভিযানকে কেন্দ্র করে গণমাধ্যমে কোন ধরনের সরাসরি সম্প্রচার, ছবি, ভিডিও ফুটেজ, স্ক্রল প্রচার করা থেকে বিরত থাকার জন্য পুলিশ হেড কোয়ার্টার্সের অনুরোধ।
- 'আর দুর্নীতি করবো না, দুদকে যাব না' শপথ নিন। দুর্নীতি প্রতিরোধ সপ্তাহের অনুষ্ঠানে বক্তৃতায় অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত সরকারের অসৎ কর্মকর্তা-কর্মচারীদের উদ্দেশে একথা বলেন।
- স্বাধীনতা প্রশ্নে স্কটল্যান্ডের পার্লামেন্টে বিল পাস। প্রস্তাবটি ব্রিটিশ পার্লামেন্টে পাস হতে হবে।

**৩০ মার্চ**

- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বাবা ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার দাদা শেখ লুৎফর রহমানের ৪২তম মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে রাজধানীর ধানমন্ডির বঙ্গবন্ধু ভবনে অনুষ্ঠিত দোয়া ও মিলাদ মাহফিলে অংশ নেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- মৌলভীবাজারের নাসিরপুরে জঙ্গি আস্তানায় পরিচালিত 'অপারেশন হিটব্যাক' আনুষ্ঠানিকভাবে সমাপ্ত ঘোষণা। এ অভিযানে জঙ্গি আস্তানায় নারী-শিশুসহ আত্মঘাতী সাত থেকে আটজন নিহত।
- সিলেটে জঙ্গিবিরোধী অভিযানকালে বোমা বিস্ফোরণে গুরুতর আহত র‍্যাবের গোয়েন্দা শাখার পরিচালক লেফটেন্যান্ট কর্নেল আবুল কালাম আজাদের মৃত্যু।
- শিশুদের মাঝে গণতন্ত্র চর্চার ব্যতিক্রমী আয়োজন 'স্টুডেন্টস কেবিনেট' নির্বাচন অনুষ্ঠিত। মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের নিয়ে এ নির্বাচন হতে যাচ্ছে দেশের ২২ হাজার মাধ্যমিক স্কুল ও মাদ্রাসায়।
- রাজধানীর হাজারীবাগের সব ট্যানারি (চামড়াশিল্প) কারখানা ৬ এপ্রিলের মধ্যে সাভারের নির্ধারিত স্থানে সরানোর নির্দেশ দিয়েছেন সুপ্রিমকোর্টের আপিল বিভাগ।



- সুনামগঞ্জ-২ (দিরাই-শাল্লা) আসনে বিপুল ভোটের ব্যবধানে জয়ী হয়েছেন প্রয়াত আওয়ামী লীগ নেতা সুরঞ্জিত সেনগুপ্তের স্ত্রী ড. জয়া সেনগুপ্তা।
- নতুন নির্বাচন কমিশনের অধীনে কুমিল্লায় প্রথম সিটি কর্পোরেশন নির্বাচনে জয়ী বিএনপি প্রার্থী মনিরুল হক সাক্কু।
- কুমিল্লা সিটি কর্পোরেশন নির্বাচন প্রশ্নবিদ্ধ হয়নি– রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন কমিশনের সম্মেলন কক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) নুরুল হুদা।

**৩১ মার্চ**

- ভারতের সেনাবাহিনীর প্রধান জেনারেল বিপিন রাওয়াত তিনদিনের রাষ্ট্রীয় সফরে ঢাকায়।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভারত সফরের সময় ভারতের রাষ্ট্রপতি প্রণব মুখার্জির নৈশভোজে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কেও আমন্ত্রণ জানানো হয়েছে– ভারতের আনন্দবাজার পত্রিকা খবর প্রকাশ।
- সামরিক মর্যাদায় র‍্যাবের গোয়েন্দা প্রধান লেফটেন্যান্ট কর্নেল আবুল কালাম আজাদের দাফন সম্পন্ন।
- দক্ষিণ কোরিয়ার ক্ষমতাচ্যুত প্রেসিডেন্ট পার্ক জিউন হাইকে দুর্নীতির অভিযোগে গ্রেফতার।

## এপ্রিল

**১ এপ্রিল**

- জঙ্গিবাদ মোকাবিলা করতে না পারলে অন্ধকার যুগে ফিরে যাব– রাজধানীতে সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় ইন্টার পার্লামেন্টারি ইউনিয়ন (আইপিইউ'র) ১৩৬তম সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- ঢাকায় ইন্টারপার্লামেন্টারি ইউনিয়নের (আইপিইউ) ১৩৬তম সম্মেলন শুরু। ১৮৮৯ সালে প্রতিষ্ঠিত আন্তর্জাতিক শীর্ষ সংসদীয় সংস্থাটি ঢাকায় প্রথমবারের মতো সম্মেলনে পাকিস্তান ছাড়া বিশ্বের ১৩২টি দেশের স্পিকার, ডেপুটি স্পিকার ও সংসদ সদস্যসহ প্রায় দেড় হাজার প্রতিনিধি অংশ নিচ্ছেন।
- অটিজম এবং নিউরোডেভেলপমেন্টাল ডিজঅর্ডার বিষয়ক বাংলাদেশ ন্যাশনাল অ্যাডভাইজারি কমিটির চেয়ারপারসন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার কন্যা সায়মা ওয়াজেদ হোসেনকে বিশ্বস্বাস্থ্য সংস্থার (হু) দক্ষিণ-পূর্ব এশীয় অঞ্চলের 'অটিজম বিষয়ক' চ্যাম্পিয়ন হিসেবে নির্বাচিত করেছে।

- মৌলভীবাজারের (দ্বিতীয় জঙ্গি আস্তানা) বড়হাটে অপারেশন 'ম্যাক্সিমাস' আনুষ্ঠানিকভাবে সমাপ্ত। এ অভিযানে ভেতরে থাকা তিন জঙ্গি আত্মঘাতী হয়ে নিহত হয়েছে বলে জানান কাউন্টার টেরোরিজম ইউনিটের প্রধান মনিরুল ইসলাম।

**২ এপ্রিল**

- চলতি বছরের আটটি সাধারণ শিক্ষা বোর্ড, একটি মাদ্রাসা ও একটি কারিগরি বোর্ডের অধীনে এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরু। এবার মোট পরীক্ষার্থী **১১** লাখ ৮৩ হাজার ৬৮৬ জন।
- প্রতিবন্ধীদের মেধা বিকাশে চাকরির সুযোগ সৃষ্টি করতে হবে– রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়নে 'দশম বিশ্ব অটিজম দিবস-২০১৭' উপলক্ষ্যে সমাজকল্যাণ মন্ত্রণালয় আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় প্রধানমন্ত্রী।
- আগে ঘোষণা না দিয়ে সরকারি চাকরিতে যোগদানকারীদের মুক্তিযোদ্ধা হিসেবে চাকরির মেয়াদ বাড়ানো কেন অবৈধ ঘোষণা করা হবে না তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট।
- জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে গেজেট প্রকাশিত– ৩৫তম বিসিএসের বিভিন্ন ক্যাডারে ২ হাজার ৭৩ জনকে নিয়োগের সুপারিশ।
- বাংলাদেশ মহিলা পরিষদের লিগ্যাল এইড উপপরিষদের নিয়মিত মাসিক রিপোর্ট প্রকাশ– চলতি বছরের মার্চ মাসে ৮৮টি ধর্ষণ এবং ৪০৬ জন নারী ও কন্যাশিশু নির্যাতনের শিকার। বাল্যবিবাহ সংক্রান্ত **২১**টি ঘটনায় বাল্যবিবাহের শিকার **১০** জন। বাল্যবিবাহ প্রতিরোধের ঘটনা **১১**টি।
- ঢাকায় আইপিইউ সম্মেলনের দ্বিতীয় দিন। অভ্যন্তরীণ বিষয়ে অন্য রাষ্ট্রের অযাচিত হস্তক্ষেপ বন্ধের খসড়া প্রস্তাব। নোবেল শান্তি পুরস্কার বিজয়ী ভারতীয় নাগরিক কৈলাশ সত্যার্থী বলেন, নিরাপত্তার জন্য বড় হুমকি অর্থনৈতিক বৈষম্য।
- ব্লগার রাজীব হত্যা মামলায় দুই আসামির ফাঁসি ও ৬ জনের কারাদণ্ড বহাল।

**৩ এপ্রিল**

- গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে শান্তিতে নোবেল বিজয়ী ভারতের শিশু অধিকারকর্মী কৈলাশ সত্যার্থী– বাংলাদেশে লিঙ্গ অসমতা দূর করে নারী ও শিশুদের উন্নয়নে পদক্ষেপ গ্রহণে সরকারের প্রশংসা।



- জনস্বার্থে শর্তসাপেক্ষে মসজিদ-মন্দিরসহ যে কোন ধর্মীয় উপাসনালয়, কবর ও শ্মশানের জমি অধিগ্রহণের সুযোগ রেখে এ সংক্রান্ত আইনের খসড়া মন্ত্রিসভায় চূড়ান্ত অনুমোদন।
- বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশনের (এফডিসি) উদ্যোগে জাতীয় চলচ্চিত্র দিবস উদযাপিত।
- আইপিইউ সম্মেলনে প্রস্তাব গৃহীত বৈধ সরকারকে ধাক্কা দেয়া যাবে না
- পহেলা বৈশাখে মোটরসাইকেলে একজনের বেশি নয়। বিকাল ৫টার পর খোলা স্থানে কোন অনুষ্ঠান করা যাবে না– স্বরাষ্ট্রমন্ত্রী।
- পাহাড়ি ঢল ও ভারী বর্ষণে সিলেটসহ কয়েকটি জেলায় পানির নিচে তলিয়ে গেছে বহু হাওর ও ফসলি জমি।
- রাশিয়ার সেন্ট পিটার্স বার্গের পাতাল রেলে (মেট্রো স্টেশন) বোমা বিস্ফোরণে নিহত **১১**।

**৪ এপ্রিল**

- সরকারি পরিত্যক্ত সম্পত্তি যেন বেদখল না হয় সেই বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- রাজধানীতে সকল সিটিং, গেটলক ও স্পেশাল বাস সার্ভিস **১৫** এপ্রিলের পর বন্ধের ঘোষণা সড়ক পরিবহন মালিক সমিতির। চার্ট অনুসরণ করে নির্ধারিত হবে যাত্রীভাড়া।
- খুলনার শিশু রাকিব হত্যা মামলায় মৃত্যুদণ্ডপ্রাপ্ত দুই আসামির সাজা হ্রাস করে যাবজ্জীবন দণ্ড দিয়েছে হাইকোর্ট।
- অটিস্টিকদের সহযোগিতা করা মানবাধিকারের অংশ– আইপিইউ সম্মেলনে অটিজম বিষয়ক পরামর্শক কমিটির চেয়ারপারসন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার কন্যা সায়মা ওয়াজেদ পুতুল।
- ছায়ানটে ড. সন্‌জিদা খাতুনের ৮৫তম জন্মবার্ষিকী পালিত।
- সিরিয়ার ইদলিবে রাসায়নিক হামলায় শিশুসহ নিহত ৫৮ জন।
- আন্তর্জাতিক টি-টোয়েন্টি থেকে অবসর নেয়ার ঘোষণা দিলেন বাংলাদেশের জাতীয় দলের অধিনায়ক মাশরাফি বিন মুর্তজা।

**৫ এপ্রিল**

- দেশের ক্ষতি হয় এমন কিছু করব না– বহুল আলোচিত ভারত সফরের দু'দিন আগে রাজধানীর তেজগাঁও কার্যালয়ে এক অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- বিশ্বব্যাপী বিরাজমান রাজনৈতিক, সামাজিক ও অর্থনৈতিক বৈষম্য কমাতে আইনি কাঠামো শক্তিশালী ও পার্লামেন্টকে প্রতিনিধিত্বশীল করা, সবার জন্য অর্থনৈতিক সুবিধা নিশ্চিত, সামাজিক সংলাপ ও মানবসম্পদ বৃদ্ধি এবং আন্তর্জাতিক সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে পাঁচদফা 'ঢাকা ঘোষণা'র মধ্য দিয়ে ঢাকায় **১৩৬**তম আইপিইউ সম্মেলন সমাপ্ত।

- রাজধানীতে গণপরিবহনে অতিরিক্ত ভাড়া আদায়ের কৌশল বন্ধ করতেই সিটিং সার্ভিস বাতিল বলেছেন, সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী।
- মানব উন্নয়ন সূচকে (এইচডিআই) তিন ধাপ অগ্রগতি বাংলাদেশের। বাংলাদেশের বর্তমান অবস্থান দক্ষিণ এশিয়ায় পঞ্চম। এবারের সূচকে বিশ্বের **১৮৮**টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান **১৩৯**। গত ২০১৪ সালে বাংলাদেশের অবস্থান ছিল **১৪২**। সূচকে পাকিস্তানের অবস্থান **১৪৭**।
- জাতীয় জরিপের প্রতিবেদন প্রকাশ– দেশে ২২.৬ শতাংশ শিশু কম ওজন নিয়ে জন্মাচ্ছে।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌদি আরবের দুই ধর্মীয় নেতার সাক্ষাৎ– ইসলাম প্রসারে কাজ করবে দুই দেশ।
- জাপান সাগরে আবারো উত্তর কোরিয়ার ব্যালেস্টিক ক্ষেপণাস্ত্র পরীক্ষা। ট্রাম্প ও শি জিনপিং বৈঠকের আগের দিন শক্তি প্রদর্শন করল পিয়ংইয়ং।

**৬ এপ্রিল**

- জঙ্গিবাদ নির্মূলে ঐক্যবদ্ধ হোন– ইসলামিক ফাউন্ডেশনের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে সোহরাওয়ার্দী উদ্যানে ওলামা-মাশায়েখ ও আলেম-ওলামাদের মহাসম্মেলনে প্রধান অতিথির ভাষণে প্রধানমন্ত্রী শেখ হাসিনার আহ্বান।
- সন্ত্রাস ও জঙ্গিবাদ ইসলামের শিক্ষা নয়– ওলামা-মাশায়েখ ও আলেম-ওলামাদের মহাসম্মেলনে মক্কার পবিত্র মসজিদুল হারাম ও মসজিদে নববী কর্তৃপক্ষের ভাইস প্রেসিডেন্ট ও ইমাম শায়খ ড. মুহাম্মদ বিন নাসের আল খুজায়েস বিশেষ অতিথির বক্তব্যে একথা বলেন।
- ভারতের নয়াদিল্লির পার্ক স্ট্রিটকে বাংলাদেশের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নামে নামকরণ করে নয়াদিল্লির মিউনিসিপ্যাল কর্পোরেশনের আদেশ জারি।
- 'শান্তি ও উন্নয়নের জন্য ক্রীড়া' স্লোগানকে সামনে রেখে প্রথমবারের মতো জাতীয় ও আন্তর্জাতিক ক্রীড়া দিবস উদযাপিত।
- শ্রীলংকার বিরুদ্ধে ৩৫ রানে জয় লাভের মধ্য দিয়ে শেষ হলো মাশরাফি বিন মুর্তজার আন্তর্জাতিক টি-২০ ক্যারিয়ার।



**৭ এপ্রিল**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা দীর্ঘ সাত বছর পর চারদিনের তাৎপর্যপূর্ণ ভারত সফরে দিল্লি পৌঁছেছেন। প্রধানমন্ত্রী নয়াদিল্লির ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছলে প্রটোকল ভেঙে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি তাঁকে ফুলেল শুভেচ্ছা জানান।
- 'আসুন বিষণ্নতাকে নিয়ে কথা বলি' স্লোগানে সারাদেশে বিশ্বস্বাস্থ্য দিবস-২০১৭ পালিত।
- বাংলাদেশের অবকাঠামো উন্নয়নের দুই প্রকল্প বাস্তবায়নে ৫০ কোটি ৭০ লাখ ডলার ঋণ অনুমোদন বিশ্ব ব্যাংকের বোর্ড সভায়।
- নারায়ণগঞ্জ ও কুমিল্লায় অভিযান চালিয়ে জঙ্গি সারোয়ার-তামিম গ্রুপের ৮ সদস্য গ্রেফতার করেছে র‍্যাব।
- ভারতে দ্য হিন্দু ও আনন্দবাজার পত্রিকায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নিবন্ধ প্রকাশ– বন্ধুত্ব বহমান নদীর মতো উদার।
- মার্কিন প্রেসিডেন্ট ট্রাম্পের নির্দেশে সিরিয়ায় পুতিন সমর্থক আসাদের বিমান ঘাটিতে প্রথম সামরিক হামলা। ৫৯টি টমাহক ক্রুজ ক্ষেপণাস্ত্র নিক্ষেপ। নিহত ৬ জন।
- যুক্তরাষ্ট্রের ফ্লোরিডায় চীনা প্রেসিডেন্ট শি জিনপিংকে বন্ধু বলে সাদর অভ্যর্থনা প্রেসিডেন্ট ট্রাম্পের।
- মাশরাফি টি-২০ ছাড়েননি– দাবি বিসিবির সভাপতি নাজমুল হাসান পাপনের।

**৮ এপ্রিল**

- ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ও বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁদের সরকারের বর্তমান মেয়াদেই তিস্তা চুক্তির দৃঢ় আশাবাদ ভারতের প্রধানমন্ত্রীর। দিল্লিতে দ্বিপাক্ষিক বৈঠক শেষে দু'দেশের প্রধানমন্ত্রী এই আশাবাদ ব্যক্ত করেন। একই সঙ্গে দুই সরকার প্রধানের বৈঠকে দুই দেশের মধ্যে প্রতিরক্ষা ও ৫০০ কোটি ডলারের ঋণ চুক্তিসহ ২২টি চুক্তি ও সমঝোতা স্মারক স্বাক্ষরিত।
- ভারতের রাজধানী নয়াদিল্লিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বৈঠকের পর ৬২ দফার যৌথ বিবৃতি ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ– ভ্রাতৃত্বের বন্ধন, সমতা, আস্থা এবং বোঝাপড়ার ওপর প্রতিষ্ঠিত বাংলাদেশ ও ভারতের সম্পর্ককে কৌশলগত অংশীদারত্বের চেয়েও অনেক বেশি বলে অভিহিত করেছেন দুই দেশের প্রধানমন্ত্রী। এ সময় নরেন্দ্র মোদি ও শেখ হাসিনা সরকারের আমলেই তিস্তা নদীর পানি বণ্টন সমস্যার সমাধানে দৃঢ় আশাবাদ ব্যক্ত করেছেন ভারতের প্রধানমন্ত্রী।

- বাংলাদেশের ১০ হাজার মুক্তিযোদ্ধাকে ৫ বছরে মাল্টিপল ভিসা (একাধিকবার যাতায়াতের সুযোগ) দেয়ার ঘোষণা ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির।
- ৫২ বছর পর খুলনা-কলকাতা রুটে পরীক্ষামূলক ট্রেন চলাচল শুরু
- উচ্চ আদালতের নির্দেশে রাজধানীর হাজারীবাগে ট্যানারি বন্ধ ঘোষণা। চামড়া প্রক্রিয়াকরণ কারখানার গ্যাস, বিদ্যুৎ ও পানির সংযোগ বিচ্ছিন্ন করেছে পরিবেশ অধিদপ্তর।
- দিল্লির মানেক সেন্টারে মুক্তিযুদ্ধে ভারতীয় সেনা শহীদদের সম্মাননা প্রদান অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, 'মুক্তিযোদ্ধা ও ভারতীয় সেনা' শহীদদের রক্তে বাংলাদেশের ইতিহাস রচিত। তাঁদের এ আত্মত্যাগের কাহিনী প্রজন্মের পর প্রজন্ম মনে রাখবে।
- সিরিয়ায় মার্কিন হামলায় ক্ষুব্ধ রাশিয়া ও ইরান।
- এই সফরে উভয় দেশই রাজনৈতিকভাবে লাভবান হবে– প্রধানমন্ত্রী শেখ হাসিনার সফর নিয়ে সরব ভারতীয় গণমাধ্যম।

**৯ এপ্রিল**

- দিল্লিতে রাষ্ট্রপতি ভবনে রাষ্ট্রপতি প্রণব মুখার্জি, কংগ্রেস সভানেত্রী সোনিয়া গান্ধী, সাবেক প্রধানমন্ত্রী ড. মনমোহন সিং-এর সঙ্গে প্রধানমন্ত্রী শেখ হাসিনা সাক্ষাৎ করেছেন। বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধের প্রতি সর্বান্তকরণে সমর্থনদানের জন্য রাষ্ট্রপতি প্রণব মুখার্জিকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ধন্যবাদ জ্ঞাপন। বাংলাদেশে জঙ্গি দমনে শেখ হাসিনার প্রশংসায় সোনিয়া গান্ধী।
- সংবাদ পরিবেশনে জাতীয় স্বার্থকে সর্বোচ্চ অগ্রাধিকার দিতে হবে– রাজধানীতে বজলুর রহমান স্মৃতি পদক-২০১৬ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ।
- চিঠিপত্র ও পার্সেল পৌঁছে দিতে ১৯টি নতুন গাড়ির ১০টিতে নারী চালক নিয়োগ ডাক বিভাগের।
- মিশরের দুটি গীর্জায় বোমা বিস্ফোরণে নিহত ৪৫ ও আহত শতাধিক। আইএসের দায় স্বীকার।

**১০ এপ্রিল**

- দিল্লিতে ভারত-বাংলাদেশ বিজনেস ফোরামের মতবিনিময় অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা, বাংলাদেশে বিনিয়োগের সুযোগ কাজে লাগান। এ সময় প্রধানমন্ত্রী আরও বলেন 'দেশ বিক্রির কথা যারা বলেছেন তারা অর্বাচীন'।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভারতে চারদিনের সরকারি সফর শেষে দেশে ফিরেছেন।



- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের কাছে সুপ্রিম কোর্টের ২০১৬ সালের বার্ষিক প্রতিবেদন হস্তান্তর করেছেন প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা।
- সদ্য পাস হওয়া বাল্যবিবাহ নিরোধ আইনের বিশেষ বিধান কেন সংবিধানের সঙ্গে সাংঘর্ষিক ঘোষণা করা হবে না তা জানতে চেয়ে হাইকোর্টের রুল জারি।
- ভারত ও পাকিস্তানের বৈরী সম্পর্কের অবসানে প্রধানমন্ত্রী শেখ হাসি-না মধ্যস্থতা করতে পারেন - দিল্লিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে দেয়া ভারতের শীর্ষস্থানীয় নীতি গবেষণা প্রতিষ্ঠান ইন্ডিয়া ফাউন্ডেশন আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে ভারতের সাবেক উপ-প্রধানমন্ত্রী ও ক্ষমতাসীন বিজেপি'র পরামথ গ্রুপের চেয়ারম্যান এল কে আদভানি।
- তিস্তার পানি নেই দাবি করে পশ্চিমবঙ্গের কয়েকটি ছোট নদীর পানি বণ্টনের যে বিকল্প প্রস্তাব পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় দিয়েছেন বাংলাদেশ তা আমলে নেয়নি– প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভারত সফর নিয়ে তথ্য অধিদফতরে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু।
- প্রথমবারের মতো ট্রেন সংযোগের মধ্য দিয়ে চীনের সঙ্গে বাণিজ্য সূচনা ব্রিটেনের।
- সিরিয়ার বিমান ঘাঁটিতে হামলা চালিয়ে যুক্তরাষ্ট্র বিপদসীমা লঙ্ঘন করেছে বলে হুঁশিয়ার করেছে প্রেসিডেন্ট বাশার আল আসাদের মিত্র দেশ রাশিয়া ও ইরান।
- মিশরে দুটি গীর্জায় বিস্ফোরণের পর দেশটিতে জরুরি অবস্থা জারি।

**১১ এপ্রিল**

- তিস্তার পানি আসবেই, কেউ আটকাতে পারবে না– ভারত সফর শেষে গণভবনে সাংবাদিকদের প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভারত সফরে দু'দেশের (বাংলাদেশ-ভারত) মধ্যে ২৪টি সমঝোতা স্মারক (এমওইউ), ১১টি চুক্তি এবং ২টি স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর (এসওপি) স্বাক্ষরিত। সরকারিভাবে এ তথ্য প্রকাশিত।
- সিলেটের শিশু শেখ সামিউল আলম রাজনকে নির্মম নির্যাতন ও হত্যা মামলার প্রধান আসামিসহ চারজনের মৃত্যুদণ্ড বহাল রেখেছেন হাইকোর্ট।
- বৈশাখী ভাতার দাবিতে সারাদেশে শিক্ষকদের নানা কর্মসূচি পালন।

- পহেলা বৈশাখে ইলিশ না খাওয়ার জন্য দেশবাসীর প্রতি প্রধানমন্ত্রী শেখ হাসিনার আহ্বান।
- শান্তিতে নোবেল জয়ী মালালা ইউসুফজাই জাতিসংঘের কনিষ্ঠতম শান্তি দূত।
- যুক্তরাষ্ট্রে দুঃসাহসিক সাংবাদিকতায় এবছর পুলিৎজার পুরস্কার পেয়েছে ওয়াশিংটন পোস্ট ও নিউইয়র্ক টাইমস পত্রিকা।

**১২ এপ্রিল**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবনে নববর্ষ উৎসবকে দেশের ঐতিহ্য হিসেবে অভিহিত করে বলেন, বাংলা নববর্ষ পালন ও ধর্মের মধ্যে কোনো যোগসূত্র নেই। এই উৎসব হচ্ছে আমাদের সাংস্কৃতিক ঐতিহ্য। বর্ষবরণের অনুষ্ঠান নিয়ে একটি মহলের পক্ষ থেকে বিভ্রান্তি ছড়ানো হচ্ছে জানিয়ে দেশের জনগণকে এ ব্যাপারে সতর্ক থাকার আহ্বান জানান প্রধানমন্ত্রী।
- ২০০৪ সালের ২১ মে সিলেটের তৎকালীন ব্রিটিশ হাইকমিশনার আনোয়ার চৌধুরীর ওপর গ্রেনেড হামলার ঘটনায় করা মামলার রায় অনুযায়ী নিষিদ্ধ জঙ্গি সংগঠন হরকাতুল জিহাদের মুফতি আব্দুল হান্নান ওরফে মুফতি হান্নান এবং তার দুই সহযোগী শরীফ শাহেদুল আলম বিপুল পাটুয়ারী ও দেলোয়ার হোসেনের ফাঁসি কার্যকর।
- আওয়ামী লীগ ধর্ম নিয়ে রাজনীতি করে না উল্লেখ করে দলের সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, ধর্ম আমি পালন করি এবং ধর্ম আমি মেনে চলি। কিন্তু ধর্ম নিয়ে রাজনীতি করি না। রাজনীতি বিএনপি এবং খালেদা জিয়াই করেন। মুখে বিসমিল্লাহ বলে বেড়ান এবং মানুষের ক্ষতি করেন।
- দেশের বিভিন্ন স্থানে পাহাড়ি সম্প্রদায়ের ঐতিহ্যবাহী সামাজিক উৎসব বৈসাবি শুরু।
- আগারগাঁওতে নতুন ভবনে স্থানান্তরের কারণে ২১ বছর পর আনুষ্ঠানিকভাবে বন্ধ হয়ে গেল সেগুন বাগিচায় মুক্তিযুদ্ধ জাদুঘরের দ্বার।
- রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন বলেছেন, যুক্তরাষ্ট্র-রাশিয়া সম্পর্ক অবনতি হয়েছে। তিনি রাশিয়ায় সরকারি টেলিভিশনে সাক্ষাৎকারে বলেন, সিরিয়ার আরো রাসায়নিক হামলা চালিয়ে প্রেসিডেন্ট আসাদের ওপর দোষ চাপানোর ষড়যন্ত্র চলছে। এদিকে মার্কিন প্রেসিডেন্ট ট্রাম্প বলেন, রাশিয়া পশুকে সমর্থন করছে। মস্কোয় পুতিনের সঙ্গে মার্কিন পররাষ্ট্রমন্ত্রী রেক্স টিলারসনের বৈঠক।



- ট্রাম্পকে উত্তর কোরিয়ার সমস্যা শান্তিপূর্ণ সমাধানের আহ্বান চীনা প্রেসিডেন্ট শি জিনপিং এর। এদিকে কোরিয়া উপদ্বীপের উদ্দেশ্যে মার্কিন রণতরী প্রেরণ করেছে যুক্তরাষ্ট্র।

**১৩ এপ্রিল**

- স্কুলে স্কুলে জঙ্গিবিরোধী কাউন্সেলিং করা হবে– গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে সকল শ্রেণির জনগণের সঙ্গে সন্ত্রাস ও জঙ্গিবিরোধী মতবিনিময়কালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- কওমি মাদ্রাসার সর্বোচ্চ স্তর দাওরায়ে হাদিসের স্নাতকোত্তর ডিগ্রির সমমান দিয়ে শিক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন জারি।
- নববর্ষে দেশবাসীর জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার– রাজধানীর হাতিরঝিলে মুক্তমঞ্চ ও বর্ণিল ফোয়ারা উদ্বোধন।
- বিভিন্ন আয়োজনে চৈত্র সংক্রান্তি পালিত। জীর্ণ-পুরাতন আর সব গ্লানিকে ধুয়ে মুছে 'নব আনন্দ বাজুক প্রাণে'– এই মঙ্গল কামনায় বাঙালি আজ বিদায় জানাবে ১৪২৩ সালকে।
- জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) হালখাতা উৎসব অনুষ্ঠিত। ৫৬৬ কোটি টাকা বকেয়া রাজস্ব পেল সরকার।
- আফগানিস্তানে আইএসের অবস্থান লক্ষ্য করে সবচেয়ে শক্তিশালী বোমা নিক্ষেপ করেছে যুক্তরাষ্ট্র। পারমাণবিক বোমা বাদ দিলে এটিই সবচেয়ে শক্তিশালী বোমা।

**১৪ এপ্রিল**

- সারাদেশে 'পহেলা বৈশাখ' বাংলা নববর্ষ উদ্‌যাপিত। সকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদ থেকে ঐতিহ্যবাহী মঙ্গল শোভাযাত্রায় অংশগ্রহণ করে সর্বস্তরের হাজারো মানুষ।
- 'ছায়ানটে'র বর্ষবরণের ৫০ বর্ষপূর্তির আয়োজনে ছায়ানটের সভাপতি ড. সন্‌জিদা খাতুনের আহ্বান– অস্ত্র দিয়ে নয় সংস্কৃতি দিয়ে আমাদের নতুন করে স্বাধীনতা সংগ্রাম করার সময় এসেছে।

**১৫ এপ্রিল**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাজধানীর শেরেবাংলা নগরে বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের কর্মকর্তা-কর্মচারীদের জন্য নবনির্মিত ভবন উদ্বোধন করেন।
- প্রধানমন্ত্রীর ধানমন্ডি রাজনৈতিক কার্যালয়ে সংবাদ সম্মেলনে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, বাংলাদেশের ইতিহাস বলে ধর্ম ব্যবসায়ীদের সবচেয়ে বিশ্বস্ত পৃষ্ঠপোষক হচ্ছে বিএনপি ও ওই দলের চেয়ারপারসন খালেদা জিয়া।

- মুক্তিযুদ্ধ জাদুঘরের 'শিখা চির অম্লান' নতুন ঠিকানায় আগারগাঁও নতুন ভবনে স্থানান্তর।
- যুক্তরাজ্য ও কানাডার দুটি প্রতিষ্ঠানের যৌথ প্রতিবেদনে তথ্য প্রকাশিত– ফেসবুক ব্যবহারে ঢাকা বিশ্বের দ্বিতীয়। রাজধানীর ও আশেপাশে ফেসবুকে সক্রিয় সোয়া দুই কোটি মানুষ। সবচেয়ে বেশি ফেসবুক ব্যবহারকারী ব্যাংককে। ঢাকার পরে জাকার্তা।
- নেপালের রাজধানী কাঠমাণ্ডুতে প্রথম চীনের সঙ্গে যৌথ সামরিক অনুশীলনে অংশ নিল নেপাল। দুই দেশের এই অনুশীলন পর্যবেক্ষণ করছে ভারত।

**১৬ এপ্রিল**

- নতুন প্রজন্ম যেন মুক্তিযুদ্ধের ইতিহাস ভুলে না যায়– রাজধানীর আগারগাঁওয়ে প্রায় দুই বিঘা জমির ওপর মুক্তিযুদ্ধ জাদুঘরের নিজস্ব ৯ তলা ভবন উদ্বোধন অনুষ্ঠানের ভাষণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এসময় প্রধানমন্ত্রী জাদুঘরের সংরক্ষিত স্মৃতিগুলো পরিদর্শন করেন।
- গণভবনে আন্তর্জাতিক পর্যায়ে অনুষ্ঠিত বিভিন্ন খেলায় সাফল্য অর্জনকারী খেলোয়াড়দের পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, দেশের খেলাধুলার প্রসার ও উন্নয়নে প্রয়োজনীয় সবকিছু করবে বর্তমান সরকার।
- হেলিকপ্টারে করে কিশোরগঞ্জে আগাম বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকা পরিদর্শনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। এসময় তিনি মিঠামইনে এক অনুষ্ঠানে বলেন, হাওরে অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার বিকল্প নেই।
- সারাদেশে **১৫৫**টি ইউনিয়ন পরিষদের শান্তিপূর্ণ ভোট গ্রহণ সম্পন্ন। সুপ্রিমকোর্টের বিচারপতিদের আবাসিক ভবনের উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, শাসন ও বিচার বিভাগের মধ্যে দ্বন্দ্ব কাম্য নয়। একই অনুষ্ঠানে প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা বলেন, একটি মহল দূরত্ব তৈরির অপচেষ্টায় লিপ্ত।
- উত্তর কোরিয়ার ক্ষেপণাস্ত্র পরীক্ষার চেষ্টা ব্যর্থ। উত্তর কোরিয়াকে সহযোগিতা করছে চীন– মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।
- ক্যালিফোর্নিয়ায় ট্রাম্প সমর্থক ও বিরোধীদের মধ্যে ব্যাপক সহিংসতা।

**১৭ এপ্রিল**

- বন্যাকবলিত কিশোরগঞ্জ, নেত্রকোণা ও সুনামগঞ্জে বিভিন্ন হাওর এলাকা দ্বিতীয় দিনের মতো পরিদর্শন করলেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ।



- ঐতিহাসিক মুজিবনগর দিবস উদযাপিত। **১৯৭১** সালে এই দিনে তদানীন্তন কুষ্টিয়া জেলার মেহেরপুর মহকুমার বৈদ্যনাথ তলার আম্রকাননে (বর্তমানে মুজিবনগর) স্বাধীন সার্বভৌম গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের প্রথম সরকার আনুষ্ঠানিকভাবে শপথগ্রহণ করে। দিবসটি উপলক্ষ্যে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী বাণী দিয়েছেন।
- ঐতিহাসিক মুজিবনগর দিবসে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে প্রধানমন্ত্রীর শ্রদ্ধার্ঘ্য অর্পণ। মেহেরপুরে আওয়ামী লীগের জনসভায় দলের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেন, মুক্তিযুদ্ধ ও গণতন্ত্রকে বাঁচাতে হলে আওয়ামী লীগকে বাঁচাতে হবে।
- মন্ত্রিসভা বৈঠকের শুরুতে বঙ্গবন্ধু স্যাটেলাইটের রেপ্লিকা আনুষ্ঠানিকভাবে প্রধানমন্ত্রীর কাছে হস্তান্তর করেন ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী তারানা হালিম। নভেম্বরে উৎক্ষেপণ।
- গণপরিবহনের নৈরাজ্য। চরম দুর্ভোগে জিম্মি যাত্রী। গাড়ি বন্ধ রাখলে রুট পারমিট বাতিল করা হবে বলে বিআরটিএ'র চেয়ারম্যানের হুঁশিয়ারি।
- হাইকোর্ট প্রাঙ্গণে স্থাপিত ভাস্কর্য সরাতে বা ঢেকে দিতে প্রধান বিচারপতিকে পরামর্শ প্রধানমন্ত্রীর।
- ৩৫তম বিসিএসে প্রথম শ্রেণির নন-ক্যাডার পদে ৩৯৫ জনকে নিয়োগের সুপারিশ করেছে পিএসসি।
- ১৫৫ ইউপি নির্বাচনে আওয়ামী লীগের সংখ্যাগরিষ্ঠতা। নির্বাচনপরবর্তী সহিংসতায় অর্ধশত আহত।
- চিকিৎসা ভিসার নিয়মাবলি শিথিল করল ভারত।
- দুই কোরিয়ার সীমান্তবর্তী অসামরিক এলাকা পানমুনজাম পরিদর্শনে গিয়ে মার্কিন ভাইস প্রেসিডেন্ট মাইক পেন্স উত্তর কোরিয়ার উদ্দেশে বলেন, ধৈর্যের পরীক্ষা নেবেন না। উত্তর কোরিয়া বলেছে, ক্ষেপণাস্ত্র পরীক্ষা চলবে। মার্কিন একনায়কত্বের দিন শেষ।
- তুরস্কে ২০২৯ সাল পর্যন্ত ক্ষমতায় থাকার ব্যবস্থা পাকা করলেন প্রেসিডেন্ট এরদোয়ান। সাংবিধানিক সংস্কারের গণভোটে জয়।

**১৮ এপ্রিল**

- আগাম বন্যায় ক্ষতিগ্রস্ত হাওরাঞ্চলে তিনদিনের পরিদর্শন শেষে প্রশাসনের কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় সভায় রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেন, পাহাড়ি ঢলে সৃষ্ট আকস্মিক প্লাবন থেকে হাওরকে রক্ষার জন্য যথাযথ নাব্য সৃষ্টি করতে সীমান্ত থেকে ভৈরবমুখী নদীগুলোর পিটোল ড্রেজিং অপরিহার্য। তিনি বলেন, হাওরাঞ্চলকে রক্ষা করতে টেকসই ডুবন্ত বাঁধ নির্মাণ করাও জরুরি।

- তিনদিনের সরকারি সফরে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভুটানে। থিম্পুতে প্রধানমন্ত্রীকে লালগালিচা অভ্যর্থনা। রাজপ্রাসাদে প্রধানমন্ত্রীকে স্বাগত জানান রাজা জিগমে ন্যামগেল ওয়াংচুক। সহযোগিতার নতুন পথ খুঁজতে ভুটানের প্রধানমন্ত্রী তেসোরিন তোগগের সঙ্গে বৈঠক। দ্বৈত কর প্রত্যাহার, বাংলাদেশের নৌপথ ভুটানকে ব্যবহার করতে দেওয়া, কৃষি, সংস্কৃতি এবং পণ্যের মান নিয়ন্ত্রণ নিয়ে দু'দেশের মধ্যে পাঁচ চুক্তি ও সমঝোতা স্মারক স্বাক্ষর।
- দুর্নীতির মামলায় কুমিল্লা সিটি কর্পোরেশনের নবনির্বাচিত চেয়ারম্যানের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি। সম্পদ জব্দের নির্দেশ।
  বোরো মৌসুমে ৮ লাখ টন চাল ও ৭ লাখ টন ধান সংগ্রহ করা হবে– খাদ্যমন্ত্রী।
- রাজধানীবাসীর দুর্ভোগের তৃতীয় দিন। যাত্রীদের সঙ্গে বেপরোয়া আচরণ পরিবহন শ্রমিকদের। সিটিং সার্ভিস বন্ধ মানছে না, গাড়ি নামাচ্ছে না রাস্তায়।
- মার্কিন আগ্রাসন পরমাণু যুদ্ধ ছড়িয়ে দিতে পারে– নিউইয়র্কে সংবাদ সম্মেলনে জাতিসংঘে উত্তর কোরীয় দূত।
- ব্রিটেনে ৮ জুন আগাম নির্বাচনের ঘোষণা ব্রিটিশ প্রধানমন্ত্রী থেরেসা মে'র।

**১৯ এপ্রিল**

- ভুটানের রাজধানী থিম্পুতে অটিজম এবং নিউরো ডেভেলপমেন্টাল ডিজঅর্ডার বিষয়ক তিনদিনের আন্তর্জাতিক সম্মেলনে বিশ্ব নেতাদের প্রতি প্রধানমন্ত্রী শেখ হাসিনার আহ্বান– প্রতিবন্ধীদের সমাজের মূল ধারায় অন্তর্ভুক্ত করুন।
- ভুটানের বাংলাদেশ অ্যাম্বাসির চ্যান্সেরি ভবনের ভিত্তিপ্রস্তর ফলক উন্মোচন করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- রাজধানীতে সিটিং সার্ভিস বন্ধের সিদ্ধান্ত স্থগিত। আরো ৪০০ বাস নামানোর সিদ্ধান্ত মে মাসে– সড়ক পরিবহন মন্ত্রী।
- মুক্তিযুদ্ধকালে মানবতাবিরোধী অপরাধের মামলায় কিশোরগঞ্জের দুই রাজাকার সৈয়দ হুসাইন ও মো. মোসলেম প্রধানের মৃত্যুদণ্ড দিয়েছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল।
- বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট (পিআইবি) আয়োজিত সেমিনারে তথ্য প্রকাশ– দেশে বর্তমানে প্রবীণের (সিনিয়র সিটিজেন) সংখ্যা ১ কোটি ৩০ লাখ, গড় আয়ু ৭২ বছর।
- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র (বিবিএস) জরিপের তথ্য প্রকাশ– দেশে প্রাপ্তবয়স্ক বেকার সংখ্যা ২৬ লাখ।



- রাডার ক্রয় দুর্নীতি মামলায় সাবেক রাষ্ট্রপতি ও জাতীয় পার্টির চেয়ারম্যান এইচএম এরশাদসহ সব আসামিকে খালাস দিয়েছে আদালত।
- ভারতে বাবরি মসজিদ ধ্বংসে ষড়যন্ত্রের অভিযোগে বিজেপি'র শীর্ষ নেতা লালকৃষ্ণ আদভানিসহ একুশজনের বিরুদ্ধে মামলা চালানোর নির্দেশ দেশটির সুপ্রিম কোর্টের।

**২০ এপ্রিল**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভুটানে তিনদিনের রাষ্ট্রীয় সফর শেষে দেশে ফিরেছেন।
- বিদ্যুৎ ও পানিসম্পদ খাতে একত্রে কাজ করবে ঢাকা-থিম্পু দুই দেশের প্রধানমন্ত্রীর যৌথ বিবৃতি।
- রাজধানীর কাফরুলে ছিনতাইয়ের অভিযোগে এক এএসপিসহ ডিবি পুলিশের ১১ সদস্য সাসপেন্ড।
- পরমাণু অস্ত্র ইস্যুতে উত্তর কোরিয়ার বিরুদ্ধে মার্কিন প্রেসিডেন্ট ট্রাম্পের পাশে থাকার ঘোষণা দিল চীন।
- পানামা পেপার্স কেলেঙ্কারিতে পাকিস্তানের প্রধানমন্ত্রী নওয়াজ শরীফের বিরুদ্ধে তদন্তে যৌথ দল গঠনের নির্দেশ দেশটির সুপ্রিম কোর্টের।
- চ্যাম্পিয়ন ট্রফি ও ত্রিদেশীয় ক্রিকেট সিরিজের দল ঘোষণা বিসিবি'র।

**২১ এপ্রিল**

- টানা বৃষ্টিতে পানির নিচে চট্টগ্রাম শহরের নিম্নাঞ্চল। দুর্ভোগে নগরবাসী।
- রাজধানীতে লাইসেন্স ছাড়া গাড়ি চালানোর অভিযোগে ৪শ' চালকের জেল-জরিমানা করেছে বিআরটিএ'র ভ্রাম্যমাণ আদালত।
  দেশের অর্থনৈতিক সম্ভাবনা নিয়ে ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম (ডব্লিউইএফ) ও বিজনেস ইনসাইডারের নিবন্ধ প্রকাশ– এশিয়ার নতুন বাঘ বাংলাদেশ।
- সুনামগঞ্জে তিনটি বৃহৎ হাওরের পানি পরীক্ষায় বিশেষজ্ঞ দল।
- 'আমায় ডেকো না, এই নীল মনিহার, আগে যদি জানতাম'– এ রকম অসংখ্য জনপ্রিয় গানের শিল্পী, সুরকার, সংগীত পরিচালক ও মুক্তিযোদ্ধা লাকী আখান্দের ইন্তেকাল।
- তুরস্কে সংবিধান সংশোধনীর পক্ষে জনগণের রায়ে বিজয়ী হওয়া দেশটির প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোয়ানকে অভিনন্দন প্রধানমন্ত্রী শেখ হাসিনার।

- আলাস্কা থেকে জাপান পর্যন্ত রুশ সামরিক প্রভাব বিস্তৃত হওয়ার খবর। রুশ বোমারু বিমানকে মার্কিন বিমানের ধাওয়া।

**২২ এপ্রিল**

- সারাদেশে টানা বৃষ্টিতে বিপর্যস্ত জনজীবন। সমুদ্রবন্দরসমূহে ৩নং সতর্কতা সংকেত।
- সরকার নির্ধারিত সর্বোচ্চ খুচরা মূল্যে হৃদরোগীদের চিকিৎসায় ব্যবহৃত করোনারি স্ট্যান্ট (হার্টের রিং) বিক্রি শুরু করেছেন ব্যবসায়ীরা।
- বাংলার ধর্ম ছিল মানবতাবাদী, ধর্মান্ধতা নয়- ঢাকা বিশ্ববিদ্যালয়ে গণবক্তৃতায় ড. আকবর আলী খান।
- হাওড়ের পানিতে ইউরেনিয়াম (তেজস্ক্রিয়তা) নেই বলে ধারণা বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিদলের। অধিকতর পরীক্ষার জন্য আজ সুনামগঞ্জ যাচ্ছে বাংলাদেশ আণবিক প্রতিষ্ঠানের প্রতিনিধিদল।
- ঝিনাইদহ জঙ্গি আস্তানা থেকে অস্ত্র, গুলি, বোমা ও বিস্ফোরক উদ্ধার।

  অ্যাকশন এইডের গবেষণা প্রতিবেদন প্রকাশ- সাভারের রানা প্লাজায় দুর্ঘটনায় আহত শ্রমিকদের ৪২% এখনো বেকার।
- আফগানিস্তানের বলখ প্রদেশে সেনাঘাঁটিতে নামাজের সময় তালেবান হামলায় নিহত ১৫০।
- বিসিবি'র নির্বাহী কমিটির সভায় ক্রিকেটারদের বেতন ও ম্যাচ ফি বাড়ানোর সিদ্ধান্ত। টি-টোয়েন্টির অধিনায়ক সাকিব আল হাসান।

**২৩ এপ্রিল**

- সরকারের দেওয়া শিক্ষা সুবিধা নিশ্চিত করতে হবে- প্রধানমন্ত্রীর কার্যালয়ে শিক্ষা সহায়তা ট্রাস্ট ফান্ড উপদেষ্টা পরিষদের বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ আহ্বান জানান।
- দুইজন বীরশ্রেষ্ঠ এবং ১০ জন খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা ও তাঁদের উত্তরাধিকারীদের মধ্যে আর্থিক অনুদানের চেক হস্তান্তর করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- বন্যায় ক্ষতিগ্রস্ত হাওড়াঞ্চলের ছয় জেলায় তিন লাখ ৩০ হাজার পরিবারের প্রত্যেককে প্রতি মাসে ৩০ কেজি ফ্রি চাল, ৫০০ টাকা অর্থ সহায়তা দেবে সরকার। ১০০ দিন পর্যন্ত এ সহায়তা দেওয়া হবে।
- সুনামগঞ্জে পানির নিচে আরো ৮ হাজার হেক্টর জমির ধান বাঁধ ভেঙে ডুবল শনির হাওর। হাওরের পানিতে তেজস্ক্রিয়তার প্রমাণ পান বিজ্ঞানীরা।



- সারাদেশে আরও ২৮৫টি কলেজ এবং ৪০টি মাধ্যমিক বিদ্যালয় সরকারিকরণের জন্য চূড়ান্ত।
- প্রশাসনের উপসচিব পদে ২৯১ জনের পদোন্নতি। ২৭৭ জনের প্রজ্ঞাপন জারি।
- টঙ্গীতে জঙ্গিবিরোধী সাঁড়াশি অভিযান। ২ মহিলাসহ গ্রেফতার ১৪, অস্ত্র ও জিহাদি বই উদ্ধার।
- কড়া নিরাপত্তায় ফ্রান্সে প্রেসিডেন্ট নির্বাচনে প্রথম দফা ভোটগ্রহণ।
- মার্কিন রণতরী ইউএসএস কার্ল ভিনসনকে যে কোন মুহূর্তে ডুবিয়ে দেওয়ার হুমকি উত্তর কোরিয়ার।

**২৪ এপ্রিল**

- মন্ত্রিসভার বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা হাওরাঞ্চলে দ্রুত প্রয়োজনীয় পদক্ষেপ নিতে দুর্যোগ ও ত্রাণ মন্ত্রণালয়ের কর্মকর্তাদের নির্দেশ দিয়েছেন।
- দেশে চলতি বছরে তিন দশকের মধ্যে সর্বোচ্চ বৃষ্টিপাতের রেকর্ড জানিয়েছে আবহাওয়া অধিদফতর।
- সুনামগঞ্জে হাওরাঞ্চলের সর্বশেষ সুরক্ষিত জামালগঞ্জ উপজেলার হাওর ডুবে তলিয়ে গেছে ১০ হাজার হেক্টর জমির বোরো ধান। হবিগঞ্জে খোয়াই নদীর পানি বিপদসীমার উপরে।
- মৎস্য অধিদফতরের প্রতিবেদন- হাওরে ৪১ কোটি টাকার মাছ মরেছে।
- যাবজ্জীবন মানে আমৃত্যু কারাবাস- আপিল বিভাগের চূড়ান্ত রায় প্রকাশ।
- আজ রানা প্লাজা ট্র্যাজেডির ৪ বছর। ২০১৩ সালের এইদিনে রাজধানীর অদূরে সাভারে ভয়াবহ ভবন ধসের ঘটনা ঘটে।
- ভারতের ছত্তিশগড় রাজ্যে মাওবাদী হামলায় সিআরপিএফ'র ২৫ সদস্য নিহত।
- কোরীয় উপদ্বীপের দিকে যুক্তরাষ্ট্রের যুদ্ধ বিমানবাহী জাহাজ। সবাইকে শান্ত থাকার আহ্বান চীনের।
- রিয়েল মাদ্রিদের বিপক্ষে বার্সেলোনার ৩-২ গোলে জয়ে খেলায় আর্জেন্টাইন তারকা, লিওনেল মেসির জোড়া গোল। নিজের বর্ণাঢ্য ক্যারিয়ারে বার্সেলোনার জার্সিতে ৫০০ গোল করার অনন্য রেকর্ড।

**২৫ এপ্রিল**

- দেশের জেলা-উপজেলায় মোট ৫৬০টি মডেল মসজিদ ও ইসলামিক কেন্দ্র স্থাপনে একনেক সভায় ৯ হাজার ৬২ কোটি টাকার প্রকল্প অনুমোদন। এনইসি সম্মেলন কেন্দ্রে সভায় সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- দেশের মানুষের গড় আয়ু ৭১ বছর ৭ মাসে উন্নীত। পুরুষের গড় আয়ু ৭০ বছর ৪ মাস ও নারীদের গড় আয়ু ৭২ বছর ১১ মাস। একনেক বৈঠক শেষে সংবাদ সম্মেলনে বিবিএসের তথ্য প্রকাশ।
- প্রশাসন বিভাগ কখনো চায় না বিচার বিভাগ স্বাধীনভাবে চলুক– হবিগঞ্জ জেলা আইনজীবী সমিতির সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা।
- হাওরাঞ্চলে ক্ষতিগ্রস্তদের জন্য ২০ কোটি টাকা সুদমুক্ত ঋণ দেওয়ার সিদ্ধান্ত দিয়েছে পল্লীকর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)।
- র‍্যাপিড অ্যাকশন ব্যাটেলিয়নের (র‍্যাব) ১৩তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত।
- চট্টগ্রামে ঐতিহ্যবাহী জব্বারের বলী খেলায় টানা ১৩ বছর চ্যাম্পিয়ন হবার পর শিরোপা থেকে বিদায় নিলেন কক্সবাজারের দিদার বলী।

**২৬ এপ্রিল**

- র‍্যাপিড অ্যাকশন ব্যাটেলিয়নের (র‍্যাব) ১৩তম প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে ভাষণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, র‍্যাবের প্রতিটি সদস্যকে সততা, দেশপ্রেম, কর্তব্যনিষ্ঠা, দক্ষতা ও পেশাদারিত্বের মনোভাব নিয়ে দায়িত্ব পালন করতে হবে।
- যুক্তরাজ্যের সাবেক প্রধানমন্ত্রী ডেভিড ক্যামেরুন এক বেসরকারি সংস্থার আমন্ত্রণে দুইদিনের সফরে প্রথমবারের মতো ঢাকায়।
- হাওরে অকাল দুর্যোগ মোকাবিলায় সরকারের ব্যাপক প্রস্তুতি। ছয় জেলায় দুর্যোগ মন্ত্রণালয় অধীনস্থ কর্মচারীদের ছুটি বাতিল। বিদ্যুৎ বিল ও শিক্ষার্থীদের বেতন মওকুফ ও পরবর্তী ফসল না উঠা পর্যন্ত ভিজিএফ।
- আগারগাঁওয়ে বিজ্ঞান জাদুঘরের সুবর্ণজয়ন্তী উদযাপিত।
- চাঁপাইনবাবগঞ্জে জঙ্গি বিরোধী অভিযান ঈগল হান্ট। পাল্টা গুলি ও গ্রেনেড বিস্ফোরণ ঘটায় জঙ্গিরা।
- সরকার বিচার কাজে কখনো হস্তক্ষেপ করে না, কখনোই হস্তক্ষেপ করবে না– প্রধান বিচারপতির বক্তব্য প্রসঙ্গে আইনমন্ত্রী আনিসুল হক।
- দেশে তৈরি প্রথম বিমানবাহী রণতরী ভাসালো চীন। দক্ষিণ কোরিয়ায় ক্ষেপণাস্ত্র বিধ্বংসী থাড সিস্টেম বসাচ্ছে যুক্তরাষ্ট্র।



- দক্ষিণ কোরিয়ায় ক্ষেপণাস্ত্র প্রতিরোধী ব্যবস্থা থাড মোতায়েন শুরু করেছে মার্কিন সামরিক বাহিনী। স্থানীয়দের বিক্ষোভ। চীনের ক্ষোভ প্রকাশ।

**২৭ এপ্রিল**

- চট্টগ্রাম বন্দরের ১৩০তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে গণভবনে ভিডিও কনফারেন্সের মাধ্যমে এক্সপ্রো উদ্বোধনকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, লক্ষ্য আমাদের স্পষ্ট। ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত দেশ হিসেবে গড়ে তোলা হবে। ২০৪১ সালের মধ্যে বাংলাদেশ হবে উন্নত সমৃদ্ধ একটি দেশ।
- গণভবন থেকে 'ডিজিটাল আইল্যান্ড মহেশখালী' প্রকল্প উদ্বোধনকালে প্রধানমন্ত্রী– বিচ্ছিন্ন সব এলাকা ডিজিটাল করা হবে।
- অবিভক্ত বাংলার মুখ্যমন্ত্রী ও বাঙালি জাতীয়তাবাদী নেতা শেরেবাংলা আবুল কাশেম ফজলুল হকের ৫৫তম মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন।
- গণভবনে প্রধানমন্ত্রীর সঙ্গে ক্যামেরুনের সাক্ষাৎ– ব্রেক্সিটের কারণে দু'দেশের সম্পর্ক পরিবর্তন হবে না।
- চাঁপাইনবাবগঞ্জে অপারেশন ঈগল হান্টে ৪ জঙ্গি নিহত। ১ নারী ও শিশু জীবিত উদ্ধার।
- মানসম্পন্ন গণতন্ত্র ও দুর্নীতিমুক্ত রাজনীতি বড় চ্যালেঞ্জ– ঢাকায় ঝটিকা সফরে এসে বক্তৃতায় সাবেক ব্রিটিশ প্রধানমন্ত্রী ডেভিড ক্যামেরুন। ক্যামেরুন আরো বলেন, বাংলাদেশ আজ বিশ্বের কাছে উন্নয়নের উজ্জ্বল দৃষ্টান্ত।
- এসএসসি পর্যায়ের ১২টি পাঠ্যবইয়ের পরিমার্জন ও পরিবর্তনের সিদ্ধান্ত শিক্ষা মন্ত্রণালয়ের।
- বন্যার পানিতে হাওরে অপরিপক্ব ধানের পচনই মাছের মড়কের প্রধান কারণ– বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের বিশেষজ্ঞদের সংবাদ সম্মেলন।

  বাংলাদেশকে পানি দেব তবে পশ্চিমবঙ্গকে শুকিয়ে নয়– পশ্চিমবঙ্গে এক জনসভায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি।

**২৮ এপ্রিল**

- জাতীয় আইনগত সহায়তা দিবসের অনুষ্ঠানে বিচারক ও আইনজীবীদের প্রতি প্রধানমন্ত্রী শেখ হাসিনার আহ্বান– বিচারপ্রার্থীদের প্রতি আরো মানবিক হোন। এ সময় তিনি আরো বলেন, রাষ্ট্রের প্রধান তিনটি অঙ্গ আইন, বিচার ও শাসন বিভাগকে সমন্বয়ের ভিত্তিতে পরিচালিত হতে হবে। সর্বস্তরে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে চাই।

- ত্রাণ মন্ত্রণালয়ের হালনাগাদ তথ্য– হাওরে সাড়ে ৮ লক্ষ পরিবার ক্ষতিগ্রস্ত, তলিয়ে গেছে ২ লাখ ১৯ হাজার ৮৪০ হেক্টর জমির ফসল। ৪৫তম মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের শততম দিনকে 'কোলাহলপূর্ণ' বলে উল্লেখ করেছে সংবাদমাধ্যম সিএনএন।
- ব্রিটেনকে পেছনে ফেলে ৫ম বৃহত্তম অর্থনীতির দেশ হচ্ছে ভারত– আইএমএফের পূর্বাভাস।

**২৯ এপ্রিল**

- সরকার হেফাজতের সঙ্গে কোন চুক্তি বা জোট করেনি– আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের।
- সরকারি কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার চর্চায় উৎসাহ দিতে 'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০১৭' প্রণয়ন করেছে সরকার।
- বরেণ্য আবৃত্তিশিল্পী, মুক্তিযোদ্ধা ও স্থপতি কাজী আরিফের যুক্তরাষ্ট্রের একটি হাসপাতালে ইন্তেকাল করেন।
- ভারত সরকার নতুন মুক্তিযোদ্ধা বৃত্তিস্কিমের আওতায় বাংলাদেশের আরো ১০ হাজার ছাত্রছাত্রীকে ৩৫ কোটি রুপি মূল্যমানের বৃত্তি দেবে– বাংলাদেশে নিযুক্ত ভারতীয় হাইকমিশনার।
- হাওরে এবারই সবচেয়ে বড় বিপর্যয়। সাত জেলায় ৭৫ ভাগ ফসল তলিয়ে গেছে। ঢাকা রিপোর্টার্স ইউনিটির মিলনায়তনে পরিবেশ ও হাওর উন্নয়ন সংস্থার সংবাদ সম্মেলনে তথ্য জানানো হয়।
- অধ্যাপক ড. আনিসুজ্জামান ১৪২৩ বঙ্গাব্দের আনন্দ পুরস্কার লাভ করলেন। ১৯৫৮ সাল থেকে ভারতের বাংলা দৈনিক আনন্দবাজার পত্রিকা এই পুরস্কার প্রদান করে আসছে।
- গাইবান্ধার সরকার দলীয় এমপি মঞ্জুরুল ইসলাম লিটন হত্যা মামলার চার্জশীট দাখিল। সাবেক এমপি কাদের খানসহ অভিযুক্ত ৮।
- তুরস্কের প্রেসিডেন্ট তাইয়েপ এরদোগানের ভারত সফর। দিল্লিতে নজিরবিহীন নিরাপত্তা।
- মৃদু ভূমিকম্প ও ঝড়ে ক্ষতিগ্রস্ত সিলেট আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়াম।

**৩০ এপ্রিল**

- সুনামগঞ্জের বন্যাকবলিত হাওরাঞ্চল পরিদর্শন ও ত্রাণ বিতরণকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, হাওরের দুর্গত মানুষের পাশে আছি। বাঁধনির্মাণে গাফিলতি প্রমাণ হলে ব্যবস্থা, আগামী ফসল না ওঠা পর্যন্ত খাদ্য সহায়তা, কৃষি ঋণের সুদ অর্ধেক মওকুফ।
- বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের (বিএসএমএমইউ) ২০তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত। এ উপলক্ষ্যে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাণী দিয়েছেন।



- সংসদ প্রণীত আইন পরীক্ষার ক্ষমতা না থাকলে কোর্ট উঠে যাওয়া উচিত– জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে এক অনুষ্ঠানে উদ্বোধনকালে বক্তৃতায় প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা।
- চলনবিলে কৃষকের কান্না। পানিতে ডুবে গেছে ফসল, বাড়তি মজুরি দিয়েও শ্রমিক মিলছে না।
- বাংলাদেশ প্রেস ইনস্টিটিউটে 'পিআইবি-সোহেল সামাদ স্মৃতি পুরস্কার-২০১৬' প্রদান অনুষ্ঠানে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেন, গণতন্ত্রের স্বার্থেই রাজনীতিকে অপরাধীমুক্ত ও গণমাধ্যমকে মিথ্যাচারমুক্ত রাখার প্রয়োজন। এ বছর 'রক্ত বাণিজ্য' শীর্ষক অনুসন্ধানী প্রতিবেদনের জন্য পুরস্কার পেয়েছেন আরটিভি'র নিজস্ব প্রতিবেদক আরাফাতুর রহমান।
- ভ্যাট আইন নিয়ে তুমুল বিতর্ক। ব্যবসায়ী ও অর্থমন্ত্রীর পাল্টাপাল্টি হুঁশিয়ারি।
- প্রেসিডেন্ট হিসেবে ১০০ দিনের সমাবেশে গণমাধ্যমের ওপর আবারো চড়াও হলেন ডোনাল্ড ট্রাম্প। জলবায়ু চুক্তি ইস্যুতে যুক্তরাষ্ট্রে বড় কয়েকটি শহরে বিক্ষোভ সমাবেশ।

## মে

**১ মে**

- বাংলাদেশসহ সারাবিশ্বে মহান 'মে দিবস' পালিত। ১৮৮৬ সালের এইদিনে শ্রমিকরা ৮ ঘণ্টা কাজের অধিকারের দাবিতে যুক্তরাষ্ট্রের সব শিল্পাঞ্চলে ধর্মঘটের ডাক দিয়েছিলেন। শিকাগোর হে মার্কেটের সামনে বিশাল শ্রমিক জমায়েত ও বিক্ষোভে পুলিশের গুলিতে প্রাণ হারান ১১ জন।
- ঢাকা বিশ্ববিদ্যালয়ে কেন্দ্রীয় খেলার মাঠে লাখো কণ্ঠে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের 'বিদ্রোহী কবিতা' আবৃত্তি কর্মসূচি অনুষ্ঠিত।

**২ মে**

- মহান মে দিবস উপলক্ষ্যে রাজধানীতে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, দেশের শিল্প-কারখানাগুলো অস্থিতিশীল করতে কিছু শ্রমিক নেতা বিদেশের স্বার্থে কাজ করছে।
- সুনামগঞ্জসহ দেশের অন্যান্য জেলায় হাওর রক্ষা বাঁধ নির্মাণ ও সংস্কার কাজে অনিয়ম, দুর্নীতি ও ধীরগতি সংক্রান্ত অভিযোগ তদন্তের স্বার্থে পানি উন্নয়ন বোর্ডের তিন প্রকৌশলী সাময়িক বরখাস্ত।

- সাংবাদিকদেরকে আইনমন্ত্রী আনিসুল হক বলেন, তথ্যপ্রযুক্তি (আইসিটি) আইনের বহুল আলোচিত ও সমালোচিত ৫৭ ধারা থাকবে না। অনলাইনে প্রকাশিত সংবাদের ক্ষেত্রে এই ধারা প্রযোজ্য হবে না।
- জাতীয় গ্রিডে বিপর্যয়ের ফলে বিদ্যুৎ বিভ্রাটে দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের ৩৬ জেলা টানা ৪ ঘণ্টা বিদ্যুৎ বিহীন।
- সেতু ভবনে ভারতীয় হাইকমিশনারের সাথে বৈঠকের পর সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, ভারতীয় ঋণের আওতায় ১১শ' বাস-ট্রাকসহ সড়ক নির্মাণের সরঞ্জামাদি আনার প্রক্রিয়া এগিয়ে চলছে।
- ওয়াশিংটনভিত্তিক গবেষণা পরামর্শ প্রতিষ্ঠান গ্লোবাল ফাইন্যান্সিয়াল ইন্টিগ্রিটি (জিএফআই) অর্থ পাচার বিষয়ে সর্বশেষ রিপোর্ট প্রকাশ– বাংলাদেশ থেকে ২০১৪ সালে ৭৪ হাজার ৯২০ কোটি টাকা (৯১০ কোটি ডলার) পাচার হয়েছে। পাচার করা টাকার পরিমাণ আলোচ্য অর্থবছরের মূল্য বাণিজ্যের শতকরা ১৩ শতাংশ।
- মেয়র হাসিমুল হক মিরুসহ ৩৮ জনকে আসামি করে সিরাজগঞ্জের শাহজাদপুরে সাংবাদিক আবদুল হাকিম শিমুল হত্যা মামলার চার্জশিট দাখিল।
- লন্ডনের হোটেলে অ্যামনেস্টি ইন্টারন্যাশনালের প্রতিবেদন প্রকাশ– বাংলাদেশের বাক-স্বাধীনতার পথ রুদ্ধ। এ বিষয়ে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেন, প্রতিবেদনটি পুরোপুরি ভিত্তিহীন।
- ৪ বলে ৯২ রান ও ৭ বলে ৬৯ রান আন্তর্জাতিক গণমাধ্যমে ফলাও করে প্রচার হওয়ার পর বাংলাদেশে ক্রিকেটের ভাবমূর্তি ক্ষুণ্ন হওয়ায় সুজন মাহমুদ ও তাসনিম হাসানকে ১০ বছর নিষিদ্ধ করে বাংলাদেশ ক্রিকেট বোর্ড।

**৩ মে**

- জাতীয় সংসদে এক প্রশ্নোত্তরে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, দেশের স্বার্থবিরোধী কোন চুক্তি ভারতের সঙ্গে হয়নি। নোটিশ পেলে প্রতিরক্ষা বিষয়ক সব চুক্তি সংসদে উপস্থাপন করা হবে।
- গণভবন থেকে ঢাকা বিভাগের ১৩ জেলার এক হাজার ইউনিয়নের প্রায় ২০ লাখ মানুষের সাথে ভিডিও কনফারেন্সে অংশ নিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বিভিন্ন স্থানে গুচ্ছগ্রাম উদ্বোধন। এ সময় তিনি বলেন, ২০২১ সালের আগেই দেশের একটি লোকও আর গৃহহীন থাকবে না। প্রধানমন্ত্রী জঙ্গিবাদ নির্মূলে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান।



- জাতীয় সংসদের সংসদীয় কমিটি একজন মন্ত্রীসহ ৩০ সংসদ সদস্যকে সংসদ সদস্য ভবনের ও ফ্ল্যাট ছাড়তে চিঠি দিয়েছে।
- সারাবিশ্বে 'ওয়ার্ল্ড প্রেস ফ্রিডম ডে বা বিশ্ব মুক্ত গণমাধ্যম' দিবস পালিত।
- জাতীয় সংসদে অর্থ প্রতিমন্ত্রী বলেছেন, বাংলাদেশ থেকে ৭০ হাজার কোটি টাকা পাচারের যে তথ্য জিএফআই প্রকাশ করেছে তা তদন্ত করে দেখবে বাংলাদেশ ব্যাংক।
- প্রধান বিচারপতির বক্তব্যের বিচারের ভার গণমাধ্যমের ওপর ছেড়ে দিলাম– আইনমন্ত্রী।
- শহীদ জননী জাহানারা ইমামের ৮৮তম জন্মবার্ষিকী উদযাপিত।
- ট্রাম্পের দায়িত্ব গ্রহণের ১০০ দিন পার হলেও নির্বাচন নিয়ে বিতর্ক। এফবিআই ও রাশিয়ার কারণে নির্বাচনে হেরেছি– নিউইয়র্কে ওয়ার্ল্ড সামিটের এক অনুষ্ঠানে হিলারি ক্লিনটন।
- সিরিয়া সংকট সমাধানের উপায় এবং কোরিয় উপদ্বীপে উত্তেজনা নিয়ে রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সাথে মার্কিন প্রেসিডেন্টের ফোনালাপ।

**৪ মে**

- ভারতের অন্ধ্রপ্রদেশে শ্রী হরিকোটায় সতীশ ধাওয়ান মহাকাশ কেন্দ্র থেকে সাউথ এশিয়া স্যাটেলাইটের সফল উৎক্ষেপণ। গণভবন থেকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সাথে ভিডিও কনফারেন্সে যোগ দেন। প্রাকৃতিক সম্পদের সন্ধান, দুর্যোগ মোকাবিলায় দ্রুত যোগাযোগ, টিভি ব্রডকাস্ট, টেলিমেডিসিন ও শিক্ষায় কাজে লাগবে এ স্যাটেলাইট।
- সারাদেশে ২০১৭ সালের এসএসসি ও সমমানের পরীক্ষার ফল প্রকাশ। গড় পাসের হার ৮০.৩৫ শতাংশ। গতবারের চেয়ে ৭.৯৪ ভাগ কমেছে। জিপিএ-৫ পেয়েছে ১ লাখ ৪ হাজার ৭৬১ জন। খাতা মূল্যায়নে নয়া পদ্ধতি। ইংরেজি ও গণিতে ফেল বেশি। প্রধানমন্ত্রীর কার্যালয়ে এসএসসি ও সমমানের পরীক্ষার ফল প্রকাশ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, প্রতিটি শিশুর শিক্ষায় প্রবেশ নিশ্চিত করতে চায় সরকার।
- বাংলাদেশ আওয়ামী লীগে যোগ দিলেন ১৪ স্বতন্ত্র এমপি।
- দুদক কার্যালয়ে জিজ্ঞাসাবাদে পানিসম্পদ মন্ত্রণালয়ের যুগ্মসচিবসহ পানি উন্নয়ন বোর্ডের কর্মকর্তাদের হাওরে বাঁধ নির্মাণে দুর্নীতি ও অনিয়ম হওয়ার দায় স্বীকার।

- বিশ্বে সামরিক ব্যয় বেড়েছে সাড়ে ৮ হাজার কোটি ডলার– স্টকহোম ইন্টারন্যাশনাল পিস রিসার্চ ইনস্টিটিউট'র (এসআইপিআরআই) গবেষণা প্রতিবেদনে এ তথ্য প্রকাশ।

**৫ মে**

- ঢাকার দুই সিটি কর্পোরেশনের দুই মেয়রের দায়িত্ব গ্রহণের দুই বছর পূর্তি।
- আমেরিকার নতুন স্বাস্থ্যসেবা বিল পাস। ওবামা কেয়ার এখন 'মৃত' বললেন, দেশটির প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।
- সহকারী রেফারির সঙ্গে অশোভন আচরণের অভিযোগে মেসির ওপর নিষেধাজ্ঞা প্রত্যাহার ফিফার।

**৬ মে**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা কক্সবাজারের টেকনাফে দেশের সর্ববৃহৎ মেরিন ড্রাইভ উদ্বোধনসহ আরও ১৬টি প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। এসময় প্রধানমন্ত্রী বলেন, কক্সবাজারকে আরো আকর্ষণীয় করা হবে। ইনানী সৈকতে নেমে নোনাজলে পা ভেজান প্রধানমন্ত্রী।
- অ্যামনেস্টি কিছু রাজনৈতিক এজেন্ডা বাস্তবায়নে কাজ করছে বলে ফেসবুকে এক স্ট্যাটাসে মন্তব্য করেন প্রধানমন্ত্রীর তথ্যপ্রযুক্তি বিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়।
- দিল্লিতে গ্যাস দুর্ঘটনায় ৩০০ ছাত্রী হাসপাতালে।
- ফ্রান্সের প্রেসিডেন্ট নির্বাচনেও রাশিয়ার কালো ছায়া। দ্বিতীয় দফা ভোট আজ, ম্যাক্রোনের ই-মেইল হ্যাক, তথ্য ফাঁস।

**৭ মে**

- কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের ১৫৬তম জন্মবার্ষিকী উদযাপিত।
- বাংলাদেশ আওয়ামী লীগের সংসদীয় দলের বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, জনগণের ঘরে ঘরে গিয়ে ভোট প্রার্থনা করুন। জনবিচ্ছিন্ন কাউকেই আগামী জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগের মনোনয়ন দেয়া হবে না।
- ঝিনাইদহের মহেশপুরে অপারেশন সাবটেল প্লিট, দুই জঙ্গি নিহত।
- দুটি নিবন্ধিত দল ও দুটি রাজনৈতিক মোর্চার সমন্বয়ে ৫৯ দলের বৃহত্তর সম্মিলিত জাতীয় জোট (ইউএনএ) গঠন করলেন জাতীয় পার্টির চেয়ারম্যান হুসেইন মুহম্মদ এরশাদ।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে জাতীয় সরকার গঠনের দাবি জানালেন গণস্বাস্থ্য কেন্দ্রের ট্রাস্টি ডা. জাফরুল্লাহ চৌধুরী।



- ধানমন্ডিতে আওয়ামী লীগের নতুন নির্বাচনী কার্যালয়ে সংসদ সদস্যদের প্রশিক্ষণ কর্মশালায় প্রধানমন্ত্রীর তথ্য প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয় বলেন, সামাজিক যোগাযোগের মাধ্যমে উন্নয়নের প্রচার করুন।
- প্রতিদ্বন্দ্বী সারিন লো পেনকে বড় ব্যবধানে হারিয়ে প্রধান দুই দলের বাইরের কোনো রাজনীতিক হিসেবে ফ্রান্সের সর্বকনিষ্ঠ প্রেসিডেন্ট হলেন ম্যাঁক্রো (৩৯)।

**৮ মে**

- নওগাঁর পতিসরে রবীন্দ্র কাচারি বাড়িতে বিশ্বকবির ১৫৬তম জন্মবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেন, রবীন্দ্রনাথ ঠাকুরের চেতনা ও আদর্শই হচ্ছে সব ধরনের শোষণ, বঞ্চনা, চরমপন্থা ও জঙ্গিবাদমুক্ত একটি মানবিক ও অসাম্প্রদায়িক সমাজ প্রতিষ্ঠা।
- দশম জাতীয় সংসদে ১৫তম অধিবেশনে সমাপনী বক্তৃতায় প্রধানমন্ত্রী ও সংসদ নেতা শেখ হাসিনা বলেন, বিচার বিভাগের স্বাধীনতা আছে বলেই এক নেত্রীকে (খালেদা জিয়া) ১৪০ বার সময় দিয়েছে।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্বামী ও বঙ্গবন্ধুর জ্যেষ্ঠ জামাতা পরমাণু বিজ্ঞানী ড. এম এ ওয়াজেদ মিয়ার অষ্টম মৃত্যুবার্ষিকী পালিত। এ উপলক্ষ্যে বাদ আছর সুধাসদনে দোয়া ও মিলাদ মাহফিলে শরিক হন আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- মন্ত্রিসভায় ব্যাংক কোম্পানি আইনে সংশোধনী অনুমোদন। এক পরিবারের চার সদস্য পরিচালক হতে পারবেন।
- বনানীতে হোটেলে দুই ছাত্রী ধর্ষণের ঘটনায় মানবাধিকার কমিশনের কমিটি গঠন। আসামিদের দেশ ত্যাগে নিষেধাজ্ঞা।
- রবীন্দ্র সাহিত্যে গবেষণা চর্চায় অবদানের জন্য বাংলা একাডেমি প্রবর্তিত 'রবীন্দ্র পুরস্কার-২০১৭' পেলেন গবেষক হায়াৎ মাহমুদ ও সংগীত শিল্পী মিতা হক।
- ঢাকায় সংবাদ সম্মেলনে ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) রাষ্ট্রদূত পিয়েরে আয়াদুন– অতীতের শিক্ষা নিয়ে সব দলকে নির্বাচনে আসতে হবে, হেফাজতের সঙ্গে সম্পর্ক ইতিবাচক।
- বাংলাদেশ প্রেস ইনস্টিটিউটের সেমিনার কক্ষে আয়োজিত অনুষ্ঠানে জাতীয় দৈনিক, টেলিভিশন ও বার্তা সংস্থার সম্পাদক ও প্রধানদের সঙ্গে মতবিনিময়কালে দুর্নীতি দমন কমিশনের (দুদক) চেয়ারম্যান বলেন, দুর্নীতি প্রতিরোধের লড়াইয়ে গণমাধ্যমকে পাশে চায় দুদক।

- ফ্রান্সে নেপোলিয়নের পর সবচেয়ে তরুণ নেতা ম্যাক্রো জাতীয় ও ইউরোপীয় ঐক্যের আহ্বান জানান।

**৯ মে**

- বৌদ্ধ ধর্মাবলম্বীদের সর্ববৃহৎ উৎসব বুদ্ধপূর্ণিমা উদযাপিত। এ উপলক্ষ্যে গণভবনে বৌদ্ধ সম্প্রদায়ের নেতৃবৃন্দ ও গণ্যমান্য ব্যক্তিবর্গের সঙ্গে মতবিনিময়কালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, দেশের সকল ধর্মের মানুষের মর্যাদা নিশ্চিত করবে সরকার।
- রোহিঙ্গাদের ফিরিয়ে নেওয়ার পথ খুঁজতে হবে– প্রধানমন্ত্রীর কার্যালয়ে মিয়ানমারের রাষ্ট্রদূত মিয়ো মিন্ত থানে বিদায়ী সাক্ষাৎ করতে গেলে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ আহ্বান জানান।
- রাষ্ট্রপতি থাকা অবস্থায় হুসেইন মুহম্মদ এরশাদের মামলায় তিন বছরের সাজার রায় বাতিল করে তাকে খালাশ দিয়েছেন হাইকোর্ট।
- চলতি বছরের একাদশ শ্রেণিতে ভর্তি কার্যক্রম শুরু। অনলাইনে চার ঘণ্টায় ৪০ হাজার আবেদন।
- দক্ষিণ কোরিয়ার প্রেসিডেন্ট নির্বাচনে উদারপন্থি মুন জাই'র জয়লাভ। উত্তর কোরিয়ার সঙ্গে আলোচনায় আগ্রহী।
- যুক্তরাষ্ট্রে শীর্ষ জলবায়ু উপদেষ্টাদের সঙ্গে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বৈঠক।

**১০ মে**

- বুদ্ধপূর্ণিমা উপলক্ষ্যে বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে বৌদ্ধ সম্প্রদায়ের ধর্মীয় নেতৃবৃন্দ, কূটনীতিক ও গণমান্য ব্যক্তিবর্গের শুভেচ্ছা বিনিময়।
- ঢাকায় 'জলবায়ু পরিবর্তন ও দুর্যোগঝুঁকিহ্রাস' বিষয়ে তিনদিনব্যাপী এশিয়া প্যাসিফিক ব্রডকাস্টিং ইউনিয়নের (এবিইউ) ৩য় গণমাধ্যম সম্মেলন শুরু।
- রাজধানীতে বুদ্ধপূর্ণিমা উপলক্ষ্যে বৌদ্ধ ধর্মের আলোকে বিশ্বশান্তি শীর্ষক আলোচনায় প্রধান বিচারপতি বলেন, দেশের কোনো ধর্ম থাকতে পারে না। রাষ্ট্রেরও ধর্ম থাকতে পারে না। ধর্ম মানুষের জন্য।
- মার্কিন গোয়েন্দা সংস্থা এফবিআই'র প্রধান জেমস কৌমিকে বরখাস্ত করেন দেশটির প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

**১১ মে**

- সারাদেশে পবিত্র শবে বরাত উদযাপিত।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর কার্যালয়ে বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের তহবিল থেকে শ্রমিকদের ৩৭ জন মেধাবী সন্তান ও দুর্ঘটনায় নিহত ২৭ জন শ্রমজীবী পরিবারের সদস্যদের মধ্যে আর্থিক সহায়তার চেক বিতরণ করেন।



- প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিজ কার্যালয়ে কুমিল্লা সিটি কর্পোরেশনে (কুসিক) দ্বিতীয় দফায় নির্বাচিত মেয়র মনিরুল হক সাক্কুকে শপথবাক্য পাঠ করান।

**১২ মে**

- মুসলমানদের জাতিগত দ্বন্দ্ব-সংঘাতে লাভবান হচ্ছে অস্ত্র ব্যবসায়ী-রা– প্রধানমন্ত্রীর কার্যালয়ে সৌদি আরব মজলিশে শুরার স্পিকার ড. আবদুল্লাহ বিন মোহাম্মদ ইব্রাহীম আলী সাক্ষাৎ করতে গেলে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ কথা বলেন।
- বনানীতে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের দুই ছাত্রীকে ধর্ষণের ঘটনায় আপন জুয়েলার্সের মালিকের ছেলে সাফাত আহমেদ ও সাদমান সাকিবকে গ্রেফতার দেখিয়ে সাফাতকে ৬ দিন ও সাদমানকে ৫ দিনের রিমান্ডে নিয়েছে পুলিশ।
- হাইকোর্টের রায়ে মোবাইল কোর্ট আইন অকার্যকর। রায়ে বলা হয়েছে– নির্বাহী ম্যাজিস্ট্রেটকে বিচারিক ক্ষমতা দেওয়া সংবিধানের লঙ্ঘন। 'নির্বাহী ম্যাজিস্ট্রেট ও জেলা ম্যাজিস্ট্রেটসহ কর্মকমিশনের সদস্যরা প্রশাসনিক নির্বাহী'। তারা প্রজাতন্ত্রের সার্বভৌম বিচারিক ক্ষমতা চর্চা করতে পারেন না। নির্বাহী ম্যাজিস্ট্রেটদের দিয়ে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা ও বিচারকার্য পরিচালনার বৈধতা চ্যালেঞ্জ করে পৃথক তিনটি রিট আবেদনের ওপর চূড়ান্ত শুনানি শেষে বিচারপতি মইনুল ইসলাম চৌধুরী ও বিচারপতি আশীষ রঞ্জন দাসের সমন্বয় গঠিত বেঞ্চ এ রায় দেন।
- পদ্মা সেতুর সার্বিক অগ্রগতি ৪৩ শতাংশ। মাওয়ায় নিয়মিত প্রেস ব্রিফিংয়ে এ কথা জানিয়ে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের আরো বলেন, পদ্মা সেতু কোন দলের সেতু নয়। এটি প্রধানমন্ত্রী শেখ হাসিনার অসীম সাহসের ফসল এবং ১৬ কোটি মানুষের সম্পদ।
- রাজশাহী গোদাগারি উপজেলায় জঙ্গিবিরোধী অভিযান 'সান ডেভিলে' আত্মঘাতী বিস্ফোরণে নারীসহ ৫ জঙ্গি নিহত। জঙ্গি হামলায় নিহত ফায়ার সার্ভিসের এক কর্মী। আস্তানা থেকে ১১টি বোমাসহ অন্যান্য অস্ত্র উদ্ধার। ২ শিশুসহ এক নারী জঙ্গির আত্মসমর্পণ।
- বিশ্বের সবচেয়ে ঘনবসতি শহর ঢাকা। প্রতি বর্গকিলোমিটার এলাকায় বসবাস করে ৪৪ হাজার ৫৫ জন মানুষ– জাতিসংঘের হ্যাবিটেট ডাটা থেকে তথ্য নিয়ে যুক্তরাজ্যভিত্তিক সংবাদপত্র গার্ডিয়ানের একটি প্রতিবেদনে একথা বলা হয়।

**১৩ মে**

- আগামী সংসদ নির্বাচনে ইলেকট্রনিক ভোটিং মেশিন (ইভিএম) ব্যবহারের পক্ষে ক্ষমতাসীন আওয়ামী লীগ– সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের।
- বিশ্ব 'মা' দিবস উদযাপিত।
- বনানীর ঘটনায় তদন্ত অনুযায়ী ব্যবস্থা– স্বরাষ্ট্রমন্ত্রী। ১৫ জঙ্গিবিরোধী অভিযানে এ পর্যন্ত ৬৫ জঙ্গি নিহত– আইজিপি।
- অর্থপাচার ঠেকাতে এলাকাভিত্তিক জমির মূল্য তুলে দেওয়া হবে। সচিবালয়ে ইকোনমিক রিপোর্টার্স ফোরামের (ইআরএফ) সঙ্গে প্রাক বাজেট আলোচনায় অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত।
- ইসলামী ব্যাংকের যাকাতের অর্থ সরাসরি বন্টন না করে প্রধানমন্ত্রীর ফান্ডের মাধ্যমে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে ব্যাংকের নতুন পরিচালনা পর্ষদ।
- বিশ্বে একযোগে ৯৯ দেশে সাইবার হামলা। আক্রান্ত লক্ষাধিক কম্পিউটার। হ্যাকিংয়ের শিকার দেশগুলোর তালিকায় আছে যুক্তরাষ্ট্র, রাশিয়া, চীন, স্পেন, ইতালি ও তাইওয়ানের মতো উন্নত প্রযুক্তির রাষ্ট্রও।

**১৪ মে**

- গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে অর্থমন্ত্রীর বৈঠক। ভ্যাট হার কমাতে প্রধানমন্ত্রীর সায়, বাড়ছে করমুক্ত আয়সীমা।
- একনেক বৈঠক শেষে পরিকল্পনা মন্ত্রীর সংবাদ সম্মেলন– চলতি বছরে জিডিপি'তে ৭ দশমিক ২৪ ভাগ রেকর্ড প্রবৃদ্ধি অর্জন। মাথাপিছু আয় বেড়ে এক হাজার ৬০২ ডলার; এক লাখ ৬৪ হাজার ৮৪ কোটি টাকার নতুন এডিপি অনুমোদন।
- ১৯৯৬ সালে সম্পাদিত গঙ্গাচুক্তি নিয়েও দিল্লিকে ভাবতে বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- নির্বাহী ম্যাজিস্ট্রেট দিয়ে মোবাইল কোর্ট পরিচালনা অবৈধ ও অসাংবিধানিক ঘোষণা করে হাইকোর্টের দেয়া রায় ১৮ মে পর্যন্ত স্থগিত।
- বনানী আপন জুয়েলার্সের মালিকের সম্পদের খোঁজে অভিযান। পাঁচ শোরুম সিলগালা। ৩০০ কেজি স্বর্ণালঙ্কার জব্দ করে দিয়েছে শুল্ক ও গোয়েন্দা তদন্ত অধিদপ্তর।
- আবারো ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্রের পরীক্ষা চালিয়েছে উ. কোরিয়া। দেশটির বিরুদ্ধে অবরোধ আরো কঠিন করার কথা বলেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।



- আজারবাইজানের রাজধানী বাকুতে ইসলামি সলিডারিটি গেমসে মিশ্র দলগত ১০ মিটার এয়ার রাইফেল ইভেন্টে স্বর্ণ জয় করলেন আব্দুল্লাহহেল বাকী ও সৈয়দা আতিকা হাসান দিশা।

**১৫ মে**

- জনবিচ্ছিন্নরা আগামীতে মনোনয়ন পাবে না। এমপিদের বিগত বছরের কর্মকাণ্ড মূল্যায়ন করা হবে– মন্ত্রিসভার বৈঠকে অনির্ধারিত আলোচনায় মন্ত্রী-এমপিদের সতর্ক করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে দু'বছরেই পাল্টে দিয়েছি ঢাকা উত্তর– রাজধানীতে এক হোটেলে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় অনুষ্ঠানে ঢাকা-উত্তর মেয়র আনিসুল হক।
- রিভিউ খারিজ। ট্রাইব্যুনালের ফাঁসির সাজা কমিয়ে সুপ্রিম কোর্টের আপিল বিভাগে আমৃত্যু কারাদণ্ডের রায় বহাল জামায়াত নেতা ও যুদ্ধাপরাধী দেলওয়ার হোসাইন সাঈদির।
- সারাদেশে রমজান ও ঈদ-উল-ফিতরকে সামনে রেখে ন্যায্যমূল্যে ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশের (টিসিবি) পাঁচ পণ্য বিক্রি কার্যক্রম শুরু।
- যে কোনো সময় যে কোনো স্থানে ক্ষেপণাস্ত্র পরীক্ষা চলবে– উ. কোরিয়া। চীন সফররত রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের ক্ষেপণাস্ত্রের পরীক্ষাকে বিপজ্জনক এবং ক্ষতিকর বলে মন্তব্য।
- নতুন মিল্ক রোড খ্যাত 'ওয়ান বেল্ট ওয়ান রোড' সম্মেলনের শেষ দিনের ভাষণে বিশ্বনেতাদের প্রতি সংরক্ষণবাদ পরিহার করার আহ্বান করেন– চীনা প্রেসিডেন্ট শি জিনপিং।

**১৬ মে**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে বঙ্গভবনে সৌজন্য সাক্ষাৎ করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সাক্ষাৎ শেষে রাষ্ট্রপতির প্রেস সচিব সাংবাদিকদের জানান, প্রধানমন্ত্রী সম্প্রতি তাঁর ভারত ও ভুটান সফর সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করেন। এ সময় হাওরাঞ্চলে বন্যার ক্ষয়ক্ষতি এবং এ বিপর্যয় রোধে গৃহীত বিভিন্ন পদক্ষেপ নিয়েও আলোচনা হয়।
- ভ্যাট নিবন্ধন সংখ্যা বাড়াতে রাজধানীতে প্রথমবারের মতো ভ্যাট রেজিস্ট্রেশন মেলা শুরু।
- স্বপ্নজয়ী ৯ মাকে বিশেষ সম্মাননা প্রদান করেছে মহিলা বিষয়ক অধিদপ্তর।
- ওয়াশিংটন পোস্টের বিশেষ প্রতিবেদন প্রকাশ– মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইসলামপন্থি জঙ্গি সংগঠন আইএস (ইসলামিক স্টেট) সম্পর্কিত গোপন তথ্য রাশিয়ার পররাষ্ট্রমন্ত্রীর কাছে প্রকাশ করেছেন মর্মে অভিযোগ যুক্তরাষ্ট্রের দু'জন কর্মকর্তার।

**১৭ মে**

- আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৩৭তম স্বদেশ প্রত্যাবর্তন দিবস উদযাপিত। এ উপলক্ষ্যে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বাণী দিয়েছেন।
- গণভবনে স্বদেশ প্রত্যাবর্তন দিবসে মতবিনিময় অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, ষড়যন্ত্র পরোয়া করিনা। পঁচাত্তরের ১৫ আগস্ট বঙ্গবন্ধুকে হত্যার পর প্রবাসজীবন থেকে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা আওয়ামী লীগের সভাপতি নির্বাচিত হয়ে ১৯৮১ সালের এইদিনে দেশে ফেরেন। দিবসটি উপলক্ষ্যে আওয়ামী লীগ ও এর সহযোগী সংগঠনের নেতা-কর্মীরা প্রধানমন্ত্রীকে ফুলেল শুভেচ্ছা জানান।
- 'বিগ ডাটা ফর বিগ ইমপ্যাক্ট' প্রতিপাদ্য নিয়ে সারাবিশ্বে 'দ্য ওয়ার্ল্ড টেলিকমিউনিকেশন অ্যান্ড ইনফরমেশন সোসাইটি ডে' (ডব্লিউটিআইএসডি) ১৫২তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত। এ দিবস উপলক্ষ্যে পৃথক পৃথক বাণী দিয়েছেন বাংলাদেশের রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী।
- মুক্তবুদ্ধি চর্চা, মুক্তিযুদ্ধ ও অসাম্প্রদায়িক আদর্শে অবিচল থাকার প্রত্যয় ব্যক্ত করে দেশের ঐতিহ্যবাহী পত্রিকা দৈনিক সংবাদ-এর ৬৭তম জন্মদিন উদযাপিত।
- এক এগারোতে সাবেক তত্ত্বাবধায়ক সরকারের আমলে বিভিন্ন ব্যবসায়ী প্রতিষ্ঠান ও ব্যক্তির কাছ থেকে জোর করে নেয়া অর্থ আদায় মামলায় আপিল বিভাগের রায়ের পূর্ণাঙ্গ অনুলিপি সুপ্রিম কোর্টের ওয়েবসাইটে প্রকাশ। সশস্ত্র বাহিনীকে বেসামরিক কর্তৃত্ব মানতে হবে: সুপ্রিম কোর্ট।
- সন্ত্রাসে জড়িত থাকার অভিযোগে ভূমিমন্ত্রী শামসুর রহমান শরিফের পুত্র ঈশ্বরদীতে মন্ত্রীর বাড়ি থেকে গ্রেফতার।

**১৮ মে**

- নেত্রকোণার খালিয়াজুরী উপজেলায় বন্যায় ক্ষতিগ্রস্ত হাওর এলাকা পরিদর্শন ও ক্ষতিগ্রস্ত হাওরবাসীর মাঝে ত্রাণ বিতরণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, কেউ যাতে গৃহহীন না থাকে তার ব্যবস্থা করা হবে।
- জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা-২০১৭ পুরস্কার বিতরণ অনুষ্ঠানে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ– শিশুদের প্রতিভা বিকাশে শিশুবান্ধব কর্মসূচি গ্রহণের আহ্বান।
- রাজধানীতে এক অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী বলেছেন, টাকার বিনিময়ে শিক্ষকরা পরীক্ষার হলে উত্তর বলে দিচ্ছেন। পরীক্ষার দিন সকালে প্রশ্ন ফাঁস হচ্ছে এসব কিছুর সঙ্গে শিক্ষকরা জড়িত।



- তথ্য ও যোগাযোগপ্রযুক্তি (আইসিটি) আইনের ৫৭ ধারা সহজ করে নতুন ডিজিটাল সিকিউরিটিজ আইনে অন্তর্ভুক্ত করা হবে বলে সাংবাদিকদের জানান আইনমন্ত্রী।
- ডিপ্লোমা মেডিক্যাল স্টুডেন্টস অ্যাসোসিয়েশনের চারদফার দাবিতে রাজধানীর শাহবাগে শিক্ষার্থী-পুলিশ দফায় দফায় সংঘর্ষ ভাঙচুর। আটক ৩৩ জন।
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের এক ছাত্রীর ভুল চিকিৎসায় মৃত্যু হয়েছে। এ অভিযোগে রাজধানীর সেন্ট্রাল হাসপাতালে শিক্ষার্থীদের ব্যাপক ভাঙচুর।
- মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনে রাশিয়ার সম্ভাব্য প্রভাব– প্রভাবের তদন্তভার পেলেন দেশটির সাবেক এফবিআই প্রধান।

**১৯ মে**

- সৌদি আরবে 'আরব ইসলামিক আমেরিকান' (এআইএ) সম্মেলনে যোগ দিতে রিয়াদের উদ্দেশ্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঢাকা ত্যাগ।
- অগ্রণী ব্যাংকের নিয়োগ পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁসের অভিযোগের মধ্যেই সকালের পরীক্ষা অনুষ্ঠিত আর বিকালের পরীক্ষা স্থগিত।
- পূর্ব চীন সাগরে আন্তর্জাতিক আকাশ সীমায় এক মার্কিন সামরিক বিমানের পথ রোধ করল চীনা যুদ্ধবিমান।
- জাপানে সম্রাট আকিহিতু সিংহাসন ত্যাগের বিল অনুমোদন করেছে দেশটির সরকার।
- আয়ারল্যান্ডের রাজধানী ডাব্লিনে ত্রিদেশীয় সিরিজে গুরুত্বপূর্ণ ম্যাচে স্বাগতিক আয়ারল্যান্ডের বিপক্ষে ৮ উইকেটের বিশাল ব্যবধানে বাংলাদেশের জয়লাভ।

**২০ মে**

- গণভবনে বাংলাদেশ আওয়ামী লীগের বর্ধিত সভায় প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা বলেন, আওয়ামী লীগকে অনুসরণ করে ভিশন ঘোষণা করেছে বিএনপি। এসময় তিনি আরো বলেন, বিএনপি হত্যা ও সহিংসতার পথ ছেড়ে জাতির সামনে একটি বিষয় তুলে ধরেছে, এটা ভালো।
- প্রথম সফরে সৌদি আরবে গিয়ে দেশটির সর্বোচ্চ সম্মাননা পেলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ১১০ বিলিয়ন ডলারের অস্ত্র চুক্তি স্বাক্ষর। ট্রাম্পের সফর বিশ্ব নিরাপত্তা বাড়াবে– সৌদি বাদশা।
- ইরানে বিপুল ভোটে দ্বিতীয়বার প্রেসিডেন্ট হলেন হাসান রুহানী।

**২১ মে**

- নির্বাহী ম্যাজিস্ট্রেট দিয়ে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা অবৈধ ও অসাংবিধানিক ঘোষণা করে হাইকোর্টের দেয়া রায় আপিল বিভাগে ২ জুলাই পর্যন্ত স্থগিত।
- ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'অপরাজেয় বাংলা'র ভাস্কর সৈয়দ আবদুল্লাহ খালিদের পরলোকগমন।
- সৌদি আরবের রাজধানী রিয়াদে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উষ্ণ সংবর্ধনা। আরব ইসলামিক-আমেরিকান সম্মেলনে যোগ দিতে প্রধানমন্ত্রী গতকাল রিয়াদে বাদশা আবদুল আজিজ ইন্টারন্যাশনাল কনফারেন্স সেন্টারে পৌঁছলে তাঁকে স্বাগত জানান সৌদি বাদশা সালমান বিন আবদুল আজিজ।
- রিয়াদে এআইএ সম্মেলনে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেন, উগ্রবাদ নির্মূলে মুসলিম বিশ্বকে নেতৃত্ব দিতে হবে। এ সম্মেলনে সৌদি বাদশা বলেন, বিশ্ব সন্ত্রাসবাদের নেতৃত্বে ইরান।
- দুঃসহ গরমে অতিষ্ঠ নগরজীবন। তাপদাহ চলতে পারে আরও কয়েকদিন। গত বছরের তুলনায় তাপমাত্রা বেড়েছে জানালো আবহাওয়া বিভাগ।
- নিউইয়র্ক টাইমসের প্রতিবেদন প্রকাশ– চীনে সিআইএ'র গুপ্তচর বৃত্তিতে ধস।

**২২ মে**

- বঙ্গবন্ধুর 'জুলিও কুরি' পদকপ্রাপ্তির ৪৪তম বার্ষিকী পালিত। দিবসটি উপলক্ষ্যে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন।
- সৌদি আরবের রাজধানী রিয়াদে এআইএ সম্মেলন শুরুর পূর্বে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে প্রধানমন্ত্রী শেখ হাসিনা শুভেচ্ছা বিনিময়কালে ট্রাম্প বাংলাদেশ সফরে আগ্রহ প্রকাশ করেন।
- সন্ত্রাসীদের অস্ত্র ও অর্থায়ন বন্ধে বৈশ্বিক উদ্যোগ নিন– এআইএ সম্মেলনে বিশ্ব নেতৃবৃন্দের প্রতি প্রধানমন্ত্রী শেখ হাসিনার আহ্বান। মুসলিম দেশগুলোর প্রতি মুসলিম উম্মাহের মধ্যে বিভেদ সৃষ্টি বন্ধ ও শান্তির নীতি অবলম্বনের জন্য আন্তর্জাতিক পর্যায়ে সংলাপ অংশগ্রহণের আহ্বান জানিয়ে তিনি আরো বলেন, 'এটি সকলের জন্য বিজয়-বিজয় পরিস্থিতি তৈরি করবে'।
- কেন্দ্রের অনুমতি ছাড়া অন্য দলের কাউকে আওয়ামী লীগের সদস্য করা যাবে না– আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের এমপি।



- বিচারক নিয়োগে প্রধান বিচারপতিকেই মুখ্য ভূমিকা নিতে হবে। সাত দফা নির্দেশনা দিয়ে হাইকোর্টের রায়।
- আফগানিস্তানে সামরিক বাহিনীর অভিযানে ৭১ জঙ্গি নিহত।

**২৩ মে**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা পবিত্র ওমরাহ পালন করেছেন।
- সাতটি বিষয়কে প্রাধান্য দিয়ে একাদশ জাতীয় সংসদ নির্বাচনে খসড়া রোডম্যাপের ঘোষণা দিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। তবে এ রোডম্যাপে নির্বাচনে ইলেকট্রনিক ভোটিং মেশিন (ইভিএম) ব্যবহার বিষয়টি অন্তর্ভুক্ত হয়নি।
- বাংলাদেশ চাইলে আগামী নির্বাচনে সহযোগিতা করবে ভারত– জাতীয় প্রেস ক্লাবে ডিকাব টক অনুষ্ঠানে সাংবাদিকদের প্রশ্নোত্তরে ঢাকায় নিযুক্ত ভারতের হাইকমিশনার হর্ষ বর্ধন শ্রিংলা।
- সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষকের শূন্যপদ পূরণে ১৬ হাজার সহকারী শিক্ষকদের জ্যেষ্ঠতার ভিত্তিতে চলতি দায়িত্ব দেয়ার সিদ্ধান্ত নিয়েছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
- প্রশ্নপত্র ফাঁসের কারণে ১৯মে সকালে অনুষ্ঠিত অগ্রণী ব্যাংকের জ্যেষ্ঠ কর্মকর্তা পদে নিয়োগের বাছাই (প্রিলিমিনারি) পরীক্ষা বাতিলের সিদ্ধান্ত।
- ঢাকায় বাংলাদেশ ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট অব স্ট্রাটেজিক স্টাডিস (বিআইআইএসএস) আয়োজিত বক্তৃতা অনুষ্ঠানে শ্রীলংকার সাবেক প্রেসিডেন্ট চন্দ্রিকা কুমারাতুঙ্গা বলেন, রাজনৈতিক সমস্যা সমাধানে সার্ক ও বিমসটেক ব্যর্থ।
- রামপাল বিদ্যুৎ প্রকল্প বাস্তবায়নে ইউনেস্কোর সমর্থন চেয়েছে বাংলাদেশ।
- ইরানের সহযোগিতা ছাড়া মধ্যপ্রাচ্যে স্থিতিশীলতা আসবে না– ইরানি প্রেসিডেন্ট হাসান রুহানি ।
- যুক্তরাজ্যের ম্যানচেস্টারে এক কনসার্টে আত্মঘাতী হামলা, নিহত ২২ জন, আহত ৫৯ জন। হতাহতের বেশির ভাগই কিশোর-কিশোরী, আইএসের দায় স্বীকার।

**২৪ মে**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা সৌদি আরবে চার দিনের সরকারি সফর শেষে দেশে ফিরেছেন।
- গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে শ্রীলংকার সাবেক প্রেসিডেন্ট চন্দ্রিকা কুমারাতুঙ্গার সাক্ষাৎ। এসময় প্রধানমন্ত্রী বলেন, বাংলাদেশে সব ধর্মের মানুষ শান্তিপূর্ণভাবে বসবাস এবং উৎসব পালন করছে।

- নারায়ণগঞ্জের মেঘনাঘাটে ৭৫০ মেগাওয়াট গ্যাসচালিত বিদ্যুৎকেন্দ্র নির্মাণে ভারতের রিলায়েন্স গ্রুপকে অনুমোদনসহ ১০টি ক্রয় প্রস্তাব অনুমোদন দিয়েছে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি।
- বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের কাছে আইন কমিশনের বার্ষিক রিপোর্ট-২০১৬ পেশ।
- পায়রা বন্দর উন্নয়ন সংক্রান্ত মহাপরিকল্পনা বাস্তবায়নে ৪০০ কেভি সঞ্চালন লাইন নির্মাণের কাজ শুরু।
- রোহিঙ্গাদের বাদ দিয়ে মিয়ানমারে শান্তি আলোচনা শুরু।
- প্রথম ইউরোপ সফরে ইতালির ভ্যাটিকানে পোপের সঙ্গে সাক্ষাৎ মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের।
- প্রথমবারের মতো নিউজিল্যান্ডকে ৫ উইকেটে হারিয়ে আইসিসি'র ওয়ানডে র‍্যাংকিংয়ের ৬ নম্বরে বাংলাদেশ।

**২৫ মে**

- জাতীয় কবি নজরুলের ১১৮তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে এক অনুষ্ঠানে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ– কবির চেতনা ও আদর্শে উদ্বুদ্ধ হয়ে শোষণমুক্ত দেশ গঠনে ঐক্যবদ্ধভাবে সকলকে কাজ করার আহবান।
- সুপ্রিম কোর্ট প্রাঙ্গণে স্থাপিত গ্রিক দেবীর ভাস্কর্য সরিয়ে ফেলা হয়েছে।
- নৌবাহিনীর সদর দফতরে সুইমিং কমপ্লেক্সে বাংলাদেশ নৌবাহিনী এবং সুইমিং ফেডারেশনের যৌথ উদ্যোগে সুইমার টেলেন্ট হান্ট অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা, বাংলাদেশ থেকেই একদিন বিশ্বমানের সাঁতারু গড়ে ওঠবে বলে দৃঢ় আশাবাদ ব্যক্ত।
- রাজধানীতে চিকনগুনিয়া জ্বরের প্রকোপ।
- ইংরেজি মাধ্যম স্কুলে দেশীয় আবহে জাতীয় দিবস পালনে হাইকোর্টের নির্দেশ। সেশন ফি'র নামে অর্থ আদায় বেআইনি ঘোষণা।
- আজ একাদশ শ্রেণিতে ভর্তির সময় শেষ।

**২৬ মে**

- সুপ্রিম কোর্ট চত্বর থেকে ভাস্কর্য সরানোর প্রতিবাদে রাজধানীসহ সারাদেশে ক্ষোভ-বিক্ষোভ। পুলিশের বাধা। পুলিশের সঙ্গে বিক্ষোভকারীদের সংঘর্ষে আহত ১০। আটক ৪ জনকে কারাগারে প্রেরণ।
- সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, ভাস্কর্য অপসারণের বিষয়টি আদালতের এখতিয়ার।



- সুপ্রিম কোর্টের মাননীয় প্রধান বিচারপতির এখতিয়ারে কোর্ট চত্বরে ভাস্কর্য স্থাপন করা হয়েছিল। তাঁর এখতিয়ারেই অপসারণ করা হয়েছে। এর সঙ্গে সরকারের কোনো সম্পর্ক নেই– তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু।
- ভারতের উত্তর-পূর্বাঞ্চলীয় আসাম ও অরুণাচল প্রদেশের মধ্যে ৯.১৫ কি. মি. দীর্ঘ সেতু উদ্বোধন করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। প্রয়াত গণসংগীতশিল্পী ভুপেন হাজারিকার নামে নতুন নামকরণ করা এশিয়ার সর্ববৃহৎ এই সেতুটি নির্মাণে ব্যয় হয়েছে ২ হাজার ৫৬ কোটি রুপি।
- ইতালির সিসিলি দ্বিপে জি-৭ সম্মেলন। সন্ত্রাস মোকাবিলায় নতুন কর্মপন্থা নির্ধারণে মতৈক্য।

**২৭ মে**

- ধর্মাবলম্বীদের সিয়াম সাধনার মাস রমজান শুরু। এ উপলক্ষ্যে দেশবাসীসহ মুসলিম উম্মাহকে আন্তরিক শুভেচ্ছা জানিয়ে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার বাণী। জীবনের সর্বস্তরে ধৈর্য ও সংযম প্রদর্শনের মাধ্যমে রমজান মাসের পবিত্রতা রক্ষার আহ্বান।
- অপসারণের ৪৮ ঘণ্টা পর সুপ্রিম কোর্টের নির্দেশনা মোতাবেক সুপ্রিম কোর্ট অ্যানেক্স ভবনের সামনে পুনঃস্থাপিত হলো গ্রিক দেবীর ভাস্কর্য।
- মূল্য সংযোজন কর (মূসক) বা ভ্যাটের হার ১৫% হবেই বলে সাংবাদিকদের জানান– অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত।
- বাসের ধাক্কায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ২ ছাত্রের নিহত হওয়ার ঘটনায় শিক্ষার্থীদের প্রতিবাদ কর্মসূচিতে পুলিশের টিয়ারশেল, রাবার বুলেট নিক্ষেপ ও হামলা। উপাচার্য ভবনে হামলা শিক্ষক লাঞ্ছিত। ৩০ শিক্ষার্থী আটক বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা।
- সাভার পৌর এলাকায় জঙ্গি আস্তানায় আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর অভিযান সমাপ্ত। গ্রেনেড সুইসাইডাল ভেস্ট ও বিস্ফোরক উদ্ধার, আটক ১ জন।
- নিরাপদ মাতৃত্ব দিবস পালিত। এ উপলক্ষ্যে স্বাস্থ্য অধিদপ্তরের এক সংবাদ সম্মেলনে জানানো হয়– দেশে প্রতিদিন গড়ে ১৪ জন মা প্রসবজনিত কারণে মৃত্যুবরণ করেন।
- দেশের সনাতন ধর্মাবলম্বীদের অন্যতম ধর্মীয় তীর্থস্থান জয়পুরহাটের বেলআমলা বারো শিবালয় মন্দিরে শিবলিঙ্গসহ অন্যান্য স্থাপনায় ব্যাপক ভাঙচুর দুর্বৃত্তদের।

- সুপ্রিম কোর্ট থেকে গ্রিক দেবীর ভাস্কর্য সরিয়ে সব ধর্মকে সম্মান করা হয়েছে– এটি গ্রিক দেবী থেমিসের মূর্তি ছিল না– আইনমন্ত্রী আনিসুল হক।
- প্রধানমন্ত্রীর কার্যালয়ে টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জনে তরুণ নেতৃত্বের ভূমিকা শীর্ষক ওয়ার্কশপে বক্তারা– সমতা ছাড়া টেকসই উন্নয়ন সম্ভব না।
- ওয়াশিংটন পোস্টের খবর– মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনে রাশিয়ার সঙ্গে গোপন যোগাযোগে প্রস্তাব দিয়েছিলেন ডোনাল্ড ট্রাম্পের জামাতা এবং সিনিয়র উপদেষ্টা জাবেদ কুশনার।

**২৮ মে**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা আন্তর্জাতিক আণবিক শক্তি সংস্থার (আইএইও) ৬০ বছরপূর্তি উপলক্ষ্যে আয়োজিত শীর্ষ সম্মেলনে যোগ দিতে দু'দিনের সফরে অস্ট্রিয়ার উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন।
- ব্লগার ও গণজাগরণ মঞ্চের কর্মী আহমেদ রাজীব হায়দার হত্যা মামলায় দু'জনকে ফাঁসি ও একজনকে যাবজ্জীবন কারাদণ্ড। হাইকোর্টের পূর্ণাঙ্গ রায় সুপ্রিম কোর্টের ওয়েবসাইটে প্রকাশিত।
- গণমাধ্যমের প্রধান শত্রু সাইবার অপরাধী– বাংলাদেশ প্রেস ইনস্টিটিউটের সেমিনার কক্ষে 'স্টেট অব জার্নালিজম ইন বাংলাদেশ উইদিন দি কনটেক্সট অব ফ্রিডম অব এক্সপ্রেশন' শীর্ষক আলোচনায় তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু।
- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) শ্রমশক্তি জরিপের প্রতিবেদন প্রকাশ– এক দশক আগে বছরে সাড়ে ১৩ লাখ কর্মসংস্থান বাড়ত, এখন ৯ লাখ ৩৩ হাজার। প্রবৃদ্ধি বাড়লেও কর্মসংস্থানের গতি বাড়ছে না।
- যুক্তরাষ্ট্রে মিসিসিপির অঙ্গরাজ্যে এক বন্দুকধারীর গুলিতে শীর্ষ পুলিশ কর্মকর্তাসহ নিহত ৮ জন।
- যুক্তরাজ্যে কম্পিউটার গোলোযোগের কারণে হিথ্রো বিমানবন্দরে ফ্লাইট বিপর্যয় অব্যাহত।
- হিজবুল জঙ্গি সাবজার ভাটের মৃত্যুকে কেন্দ্র করে ভারত নিয়ন্ত্রিত কাশ্মিরে কারফিউ জারি।

**২৯ মে**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা আন্তর্জাতিক আণবিক শক্তি সংস্থা (আইএইএ) সম্মেলনে যোগ দিতে ভিয়েনায় পৌঁছেছেন।
- উপকূলীয় অঞ্চলে ১০ নম্বর মহাবিপদ সংকেত। ঘূর্ণিঝড় 'মোরা' ভোরে আঘাত হানার পূর্বাভাস। নৌ চলাচল বন্ধ, সর্বাত্মক প্রস্তুতি নিতে ভিয়েনা থেকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশ। সংশ্লিষ্ট জেলাগুলোর সরকারি চাকরিজীবীদের ছুটি বাতিল।



- আন্তর্জাতিক জাতিসংঘ শান্তিরক্ষী দিবস পালিত। দিবসটি উপলক্ষ্যে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক পৃথক বাণী দিয়েছেন।
- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) প্রতিবেদন– দেশে জনসংখ্যা ১৬ কোটি ১৭ লাখ ৫০ হাজার। জনসংখ্যার ৮৮ দশমিক ৪ শতাংশ মুসলমান। মোট পুরুষের সংখ্যা ৮ কোটি ১০ লাখ এবং নারী ৮ কোটি ৭ লাখ ৫০ হাজার। অন্য ধর্মাবলম্বীদের তথ্য আলাদা নেই।
- আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা, তাঁর ছোটবোন শেখ রেহানা এবং কন্যা সায়মা ওয়াজেদ হোসেন পুতুলের কোন অফিসিয়াল ফেসবুক পেজ নেই বলে জানান আওয়ামী লীগ।
- যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্র ছাড়াই ইউরোপকে শক্তিশালী করার আহ্বান জার্মান চ্যান্সেলর অ্যাঞ্জেলা মার্কেল। জি-৭ সম্মেলনে প্যারিস জলবায়ু চুক্তির প্রতিশ্রুতি যুক্তরাষ্ট্রের ব্যর্থতার পর মার্কেল এ মন্তব্য করলেন।

**৩০ মে**

- দশম জাতীয় সংসদের ষোড়শ অধিবেশন শুরু। এ অধিবেশনটি বাজেট অধিবেশন এবং তা চলবে ১৩ জুলাই পর্যন্ত।
- অস্ট্রিয়ার রাজধানী ভিয়েনায় আইএইএ'র সম্মেলনে ভাষণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা, পারমাণবিক প্রযুক্তির শান্তিপূর্ণ ব্যবহারের মাধ্যমে টেকসই উন্নয়ন লক্ষ্য (এসডিজি) বাস্তবায়নে বাংলাদেশসহ অন্যান্য উন্নয়নশীল দেশের জন্য আইএইএ'র সহায়তা কামনা।
- ভিয়েনায় প্রবাসী বাংলাদেশীদের সংবর্ধনা অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা, প্রবাসী বাংলাদেশী ও আওয়ামী লীগ নেতাকর্মীদের নিজ এলাকায় নির্বাচিত জনপ্রতিনিধিদের সঙ্গে ঘনিষ্ঠ যোগাযোগ এবং দেশে বিএনপি-জামায়াতের নৃশংসতা ও দুর্নীতি তুলে ধরার আহ্বান।
- ঘূর্ণিঝড় 'মোরা'র আঘাতে লণ্ডভণ্ড উপকূল। নিহত ৮ জন। সেন্টমার্টিন ও কুতুবদিয়ায় জরুরি ত্রাণ বিতরণ। গৃহে ফিরতে শুরু করেছে উপকূলবাসী। নৌ চলাচল শুরু।
- উচ্চ আদালতে বিচারকদের অপসারণ ক্ষমতা সংক্রান্ত সংবিধানের সংশোধনী বিষয়ে ১২ অ্যামিকাস কিউরির মধ্যে ৯ জনের অভিমত– বিচারক অপসারণের ক্ষমতা সংসদের হাতে নয়।
- ভারতে বাবরি মসজিদ ধ্বংস মামলায় লক্ষ্ণৌর আদালতে ক্ষমতাসীন বিজিপি'র সাবেক প্রধান লালকৃষ্ণ আদভানি, শীর্ষনেতা মনোহর যোশি এবং কেন্দ্রীয় পানিসম্পদ মন্ত্রী উমা ভারতীসহ ১২ জনের বিরুদ্ধে অপরাধমূলক ষড়যন্ত্রের অভিযোগ গঠন।

- সিরিয়ায় আইএসবিরোধী লড়াইয়ে রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের পাশে থাকার আগ্রহ প্রকাশ করেছেন নতুন ফরাসি প্রেসিডেন্ট এমানুয়েল ম্যাক্রো।
- ভারতে গরু কেনাবেচায় কেন্দ্রীয় সরকারের নিষেধাজ্ঞার ওপর স্থগিত আদেশ দিয়েছেন চেন্নাই হাইকোর্ট।

**৩১ মে**

- জাতীয় সংসদের ১৬তম (বাজেট) অধিবেশনে নির্ধারিত প্রশ্নোত্তরপর্বে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, জনগণের সেবার জন্য রাজনীতি করি। শুধু সরকারি দলে থাকলেই নয়, বিরোধীদলে থাকতেও আমরা দুর্গত মানুষের পাশে দাঁড়িয়েছি। এসময় ঘূর্ণিঝড় 'মোরা'য় ক্ষতিগ্রস্ত মানুষের জন্য গৃহীত উদ্যোগ প্রসঙ্গে প্রধানমন্ত্রী বলেন, খাবারের অভাব হবে না, ক্ষতিগ্রস্তদের ঘর তৈরি করে দেয়া হবে।
- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে প্রাথমিক হিসাব, ঘূর্ণিঝড় 'মোরা'য় ২ লাখ ৮৬ হাজার মানুষ ক্ষতির শিকার। ৬ জন নিহত। ৬১ জন আহত। ক্ষতিগ্রস্তদের জন্য ১ কোটি ৩৭ লাখ টাকা এবং ১ হাজার ৭০০ মেট্রিক টন চাল বরাদ্দ।
- হাইকোর্টের আদেশ স্থগিত। চলতি বছর দ্বিতীয় ধাপে আবাসিকসহ সব খাতের গ্যাসের মূল্য বৃদ্ধির সিদ্ধান্ত ১ জুন থেকে কার্যকর।
- বাংলাদেশের সমুদ্রসীমায় ভারতীয় নৌবাহিনীর উদ্ধার অভিযান। ৩৩ জন জীবিত উদ্ধার।
- পুরান ঢাকায় হোসেনী দালানে বোমা হামলার হত্যা মামলায় ১০ জেএমবি সদস্যের বিচার শুরু।
- প্রধান নির্বাচন কমিশনারের (সিইসি) সঙ্গে মার্কিন রাষ্ট্রদূত মার্শা বার্নিকাটের বৈঠক। সকল দলের অংশগ্রহণে গ্রহণযোগ্য নির্বাচন চায় যুক্তরাষ্ট্র। ১৫ ফেব্রুয়ারি বা ৫ জানুয়ারির মতো নির্বাচন চায় না ইসি।
- আফগানিস্তানের রাজধানী কাবুলে কূটনীতি পাড়ায় ভয়াবহ গাড়ি বোমা হামলায় নিহত ৯০, আহত ৩ শতাধিক।

## জুন

**১ জুন**

- জাতীয় সংসদে ২০১৭-'১৮ সালের বাজেট উপস্থাপন করেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। প্রস্তাবিত বাজেটের পরিমাণ ৪ লাখ ২৬৬ কোটি টাকা। গুরুত্ব দেয়া হয়েছে শিক্ষা ও মানবসম্পদ উন্নয়নে।



- মুক্তিযোদ্ধাদের জন্য মাসিক সম্মানী ভাতার পাশাপাশি বাজেটে এবারই প্রথম দুটি উৎসব ভাতার প্রস্তাব। অসচ্ছল মুক্তিযোদ্ধাদের জন্য সারাদেশে ১০ হাজার ফ্ল্যাট নির্মাণের পরিকল্পনা।
- ১৯৪৫ সালে বিমান দুর্ঘটনায় নেতাজী সুভাষ চন্দ্র বসুর মৃত্যু হয়েছে বলে সিদ্ধান্তে পৌঁছেছে ভারত সরকার। তথ্য অধিকার আইনে করা একটি আবেদনের প্রেক্ষিতে এ তথ্য জানানো হয়।
- দৈনিক ইত্তেফাকের প্রতিষ্ঠাতা, প্রবাদ প্রতীম সাংবাদিক ব্যক্তিত্ব তফাজ্জল হোসেন মানিক মিয়ার ৪৮তম মৃত্যুবার্ষিকী পালিত।

**২ জুন**

- বাজেটোত্তর সংবাদ সম্মেলনে অর্থমন্ত্রী; কোন দুর্বলতা নেই পুরো বাজেটেই উজ্জ্বল। ১৫ শতাংশ ভ্যাট ক্ষুদ্র ও মধ্য ব্যবসায়ীদের স্পর্শ করবে না। দ্রব্যমূল্যে প্রভাব পড়বে না। ব্যাংকে যাদের লাখ টাকা তারা সম্পদশালী, তাই বাড়তি কর আরোপ।
- নারায়ণগঞ্জের রূপগঞ্জে পূর্বাচল উপশহরের একটি খাল থেকে রকেট লাঞ্চার, এসএমজি, গ্রেনেডসহ বিপুল অস্ত্র ও গোলাবারুদ উদ্ধার। দেশি-বিদেশি ষড়যন্ত্রের অংশ; আইজিপি। দিয়াবাড়ির অস্ত্র গোলাবারুদের সঙ্গে মিল; কাউন্টার টেরোরিজম ইউনিট।
- রাঙামাটির লংগদুতে বাইকচালক হত্যা, আড়াইশ' পাহাড়ির ঘরবাড়িতে আগুন, পরিস্থিতি নিয়ন্ত্রণে ১৪৪ ধারা জারি।
- নির্বাচনী প্রতিশ্রুতি অনুযায়ী যুক্তরাষ্ট্রকে প্যারিস জলবায়ু চুক্তি থেকে সরিয়ে নেয়ার আনুষ্ঠানিক ঘোষণা দিয়েছেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।
- আলাস্কা ও দক্ষিণ কোরিয়ায় যুক্তরাষ্ট্রের ক্ষেপণাস্ত্রবিধ্বংসী ব্যবস্থা মস্কোর জন্য চ্যালেঞ্জ– রুশ প্রেসিডেন্ট পুতিন।

**৩ জুন**

- গণভবনে যোদ্ধাহত মুক্তিযোদ্ধা, এতিম, শারীরিক প্রতিবন্ধী শিশু এবং আলেম-ওলামাদের সাথে ইফতার করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা ।
- রাঙামাটি লংগদুতে ১৪৪ ধারা প্রত্যাহার। অগ্নিসংযোগের ঘটনায় ৩শ' অজ্ঞাত ব্যক্তিকে আসামি করে মামলা।
- ২০১৭-১৮ অর্থবছরের প্রস্তাবিত বাজেটে বর্ধিত আবগারি শুল্ক প্রত্যাহার হতে পারে– অর্থ প্রতিমন্ত্রী।
- কুষ্টিয়ার ফকির লালন শাহ কবি এবং দার্শনিক এবং তাঁর শিল্পকর্ম বিশ্ব ঐতিহ্যের অংশ। দিল্লিতে রাষ্ট্রপতি ভবনে লালন শাহ'র সংগীতের হিন্দি অনুবাদের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে ভারতের রাষ্ট্রপতি প্রণব মুখার্জী। অনুষ্ঠানে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু উপস্থিত ছিলেন।

- নেতাজী সুভাষচন্দ্র বসুর অন্তর্ধান রহস্য। ভারতের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুর বদল। নেতাজীর বংশধর এবং তাঁর গড়া দল ফরোয়ার্ড ব্লকে তীব্র প্রতিক্রিয়ার পর স্বরাষ্ট্র মন্ত্রণালয় বলেছে, বিষয়টি এখনও তদন্ত সাপেক্ষ। এ ব্যাপারে যথাযোগ্য এবং উপযুক্ত প্রমাণ পেলে এখনও তা গুরুত্ব সহকারে দেখা হবে।
- ড. ইউনূসের বিরুদ্ধে বাংলাদেশে পরিচালিত একটি দুর্নীতির তদন্ত বন্ধের জন্য সাবেক মার্কিন পররাষ্ট্রমন্ত্রী হিলারি তার পদ ব্যবহার করেছিলেন কিনা সে বিষয়ে জানতে পররাষ্ট্রমন্ত্রী রেক্স টিলারসনের কাছে সিনেট কমিটির চেয়ারম্যানের চিঠি। উদ্যোগকে স্বাগত জানিয়েছে বাংলাদেশ।

**৪ জুন**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বিশ্ব পরিবেশ দিবস ও জাতীয় বৃক্ষরোপণ অভিযান এবং পরিবেশ মেলা ও বৃক্ষমেলা-২০১৭ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে প্রকৃতির ভারসাম্য রক্ষায় জনগণকে এগিয়ে আসার আহ্বান জানিয়ে বলেন, সরকার সুন্দরবন রক্ষায় বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করে যাচ্ছে। সমগ্র উপকূলীয় অঞ্চলে সুন্দরবন বিস্তৃত হবে।
- জাতীয় প্রেস ক্লাবে বিএফইউজে ও ডিইউজের ইফতার ও দোয়া মাহফিলে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, আওয়ামী লীগ নয় বিএনপির পায়ের নিচেই মাটি নেই। আওয়ামী লীগের শেকড় এদেশের, এ মাটির অনেক গভীরে।
- মহাকাশে বাংলাদেশের তৈরি প্রথম ন্যানো স্যাটেলাইট 'ব্র্যাক অন্বেষা'র সফল উৎক্ষেপণ।
- নির্বাচনের আর ৪ দিন, লন্ডনে আবার সন্ত্রাসী হামলা, নিহত ৭। পুলিশের গুলিতে ৩ সন্ত্রাসী নিহত। যুক্তরাজ্যে আড়াই মাসে ৩ হামলায় নিহত ৩৪। বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা হামলার তীব্র নিন্দা করেছেন।
- বাংলাদেশ জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি বিষয়ক সংস্থা ইউনেস্কোর সাংস্কৃতিক বৈচিত্র্য রক্ষা সম্মেলনে সভাপতি নির্বাচিত।

**৫ জুন**

- বিশ্ব পরিবেশ দিবস উদযাপিত।
- সাজার পরিমাণ দুই বছর বাড়িয়ে 'আইন-শৃঙ্খলা বিঘ্নকারী অপরাধ (দ্রুত বিচার) সংশোধনী আইন'-২০১৭ খসড়ায় নীতিগত অনুমোদন দিয়েছে মন্ত্রিপরিষদ।



- স্থগিতাদেশ বহাল আপিল বিভাগেও। দ্বিতীয় ধাপে পহেলা জুন থেকে গ্রাহকের গ্যাসের দাম বাড়ানোর সিদ্ধান্ত বহাল।
- রাজধানীতে পুলিশ কর্মকর্তা দম্পতি হত্যা, মামলায় মৃত্যুদণ্ডের পরিবর্তে তাদের মেয়ে ঐশীর যাবজ্জীবন। বয়স ও মানসিক স্বাস্থ্য বিবেচনায় এই রায় দিয়েছেন হাইকোর্ট।
- দুর্নীতি রোধে দুদক ও টিআইবি একযোগে কাজ করবে, সমঝোতা স্মারক সই। দুর্নীতি শেকড় থেকে উৎপাটনের চেষ্টা করা হবে– দুদক চেয়ারম্যান।
- দেশের সব সরকারি-বেসরকারি কলেজে একাদশ শ্রেণিতে ভর্তি। ১২ লাখ ৪৯ হাজার ৮৪৮ জন শিক্ষার্থী মনোনীত করে প্রথম তালিকা প্রকাশ।
- ভারতের ২৪টি আন্তর্জাতিক বিমানবন্দর এবং হরিদাসপুর ও গেদের সমন্বিত চেকপোস্ট (আইসিসি) দিয়ে যাতায়াতকারী বাংলাদেশী নাগরিকদের ভিসার প্রবেশ ও প্রস্থান নিষেধাজ্ঞা অপসারণ করা হয়েছে মর্মে ভারতীয় হাইকমিশনের সংবাদ বিজ্ঞপ্তি।
- সন্ত্রাসবাদে মদদ দেয়ার অভিযোগে কাতারের সঙ্গে সম্পর্ক ছিন্ন করেছে ৭ দেশ– সৌদি আরব, বাহরাইন, মিশর, সংযুক্ত আরব আমিরাত, ইয়েমেন, লিবিয়া ও মালদ্বীপ। আধিপত্য বিস্তারের অভিপ্রায়ে মিথ্যা অজুহাতে সম্পর্ক ছিন্ন : কাতার।

**৬ জুন**

- গণভবনে বিচারপতি, কূটনীতিক ও পদস্থ কর্মকর্তাদের সম্মানে ইফতারের আয়োজন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- একনেকে ৩ হাজার ৭২৩ কোটি টাকা ব্যয় সাপেক্ষ ১১ প্রকল্প অনুমোদন।
- দেশে মোট চাহিদার ৯৮ শতাংশ ঔষধ দেশেই তৈরি হয়– সংসদে স্বাস্থ্যমন্ত্রী।
- চলতি ২০১৬-'১৭ অর্থবছরের জন্য ১৮ হাজার ৩৭০ কোটি ২২ লাখ ৫০ হাজার টাকার 'সম্পূরক বাজেট' জাতীয় সংসদে পাস।
- পিলখানা হত্যা মামলায় ৫৮৯ জন জওয়ানের মৃত্যুদণ্ড চেয়ে তিন আবেদন খারিজ করেছে সুপ্রিম কোর্টের আপিল বিভাগ।
- নির্বাচন ভবনে প্রধান নির্বাচন কমিশনার ও ব্রিটিশ হাইকমিশনারের বৈঠক। অংশগ্রহণমূলক নির্বাচন চায় যুক্তরাজ্য।
- ন্যাটোর ২৯তম সদস্য হলো দক্ষিণ– পশ্চিম ইউরোপের দেশ মন্টেনিগ্রো।
- কাতারের সঙ্গে সম্পর্ক ছিন্ন সমাধান নয়– ইরান।

**৭ জুন**

- ঐতিহাসিক ৬-দফা দিবস উদযাপিত। ঐতিহাসিক ৬-দফা দিবসে আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা দলের কেন্দ্রীয় নেতৃবৃন্দকে সঙ্গে নিয়ে ধানমণ্ডি ৩২ নম্বর বঙ্গবন্ধু ভবনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জানান।
- সংসদে প্রধানমন্ত্রী– বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার 'রূপকল্প-২০৩০' ঘোষণার সমালোচনা করে বলেন, জঙ্গিবাদ, সন্ত্রাস, গ্রেনেড হামলা, সংসদ সদস্য হত্যাসহ নানা ধরনের সন্ত্রাসী কাজে যারা পারদর্শী তারা আবার জনগণকে কি আশার বাণী শোনাবে? তাদের রূপকল্প মূলত আমাদের (আওয়ামী লীগ) 'রূপকল্প-২০২১' এরই প্রতিচ্ছবি।
- তিন দশক ধরে সাবেক মন্ত্রী মওদুদ আহমদের দখলে থাকার পর গুলশান ২ এর ৭৯ নম্বর সড়কের ১৫৯ নম্বর বাড়ি আদালতের রায়ে দখলমুক্ত করে রাজউক।
- ইরানে পার্লামেন্ট ভবন ও সাবেক শীর্ষ ধর্মীয় নেতা আয়াতুল্লাহ আল খোমেনীর মাজারে সন্ত্রাসী হামলায় ১২ জন নিহত ও ৩৯ জন আহত। আইএসের দায় স্বীকার।
- ১২০ আরোহী নিয়ে মিয়ানমারের সামরিক বিমান বিধ্বস্ত। আন্দামান সাগরে নিমজ্জিত।

**৮ জুন**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বঙ্গভবনে প্রধানমন্ত্রী, স্পিকার, প্রধান বিচারপতি, মন্ত্রী, সংসদ সদস্য, বিদেশি কূটনীতিক, বিশিষ্ট নাগরিক এবং উচ্চপদস্থ বেসামরিক ও সামরিক কর্মকর্তাদের সম্মানে ইফতারের আয়োজন করেন।
- ফের উত্তপ্ত পার্বত্য অঞ্চল, লংগদুতে আরো এক যুবকের লাশ উদ্ধার, বান্দরবানে অস্ত্রসহ পাঁচ পাহাড়ি গ্রেফতার।
- জনপ্রতি সর্বনিম্ন ফিতরা ৬৫ টাকা এবং সর্বোচ্চ ৯৮০ টাকা নির্ধারণ। ইসলামিক ফাউন্ডেশনের জাতীয় ফিতরা কমিটির সভায় সিদ্ধান্ত।
- ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে ৭ জোড়া বিশেষ ট্রেন। রেলওয়ে প্রতিদিন ২ লাখ ৬০ হাজার যাত্রী বহন করবে– সাংবাদিকদের রেলমন্ত্রী।
- বনানীতে হোটেলে দুই ছাত্রী ধর্ষণের ঘটনায় সাফাত, নাঈমসহ পাঁচজনের বিরুদ্ধে চার্জশিট।
- সরকারি চাকরিতে জেলা কোটা পুনঃনির্ধারণ করে জনপ্রশাসন মন্ত্রণালয়ের আদেশ জারি। সর্বোচ্চ ঢাকায় ৮ দশমিক ৩৬ শতাংশ। সর্বনিম্ন বান্দরবানে ০.২৭ শতাংশ। মেধাসহ অন্যান্য কোটা অপরিবর্তিত।



- ইরানের পার্লামেন্ট ভবন ও ইমান খোমেনীর মাজারে হামলাকারীরা আইএসের ইরানী সদস্য– জানাল তেহরান পত্রিকা।

**৯ জুন**

- যুক্তরাজ্যের নির্বাচনে পুনঃনির্বাচিত বাংলাদেশী বংশোদ্ভুত তিন কন্যা– বঙ্গবন্ধু নাতনি টিউলিপ রেজওয়ানা সিদ্দিক, রুশনারা আলী ও রুপা হক। বাংলাদেশী তিন কন্যাকে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার অভিনন্দন। শাহবাগ সমাবেশে সুলতানা কামালকে হত্যার হুমকিদাতাকে গ্রেফতারের দাবি ছাত্র-জনতার। যুক্তরাজ্যের আগাম সাধারণ নির্বাচনে কোন দলই একক সংখ্যাগরিষ্ঠতা পায়নি। ডেমোক্রেটিক ইউনিয়নিস্ট পার্টির (ডিইউপি) সমর্থন নিয়ে নতুন সরকার গঠনের ঘোষণা কনজারভেটিভ পার্টির প্রধান থেরেসা মে'র।
- অধুনালুপ্ত জনপ্রিয় সাময়িকী সচিত্র সন্ধানী প্রকাশক ও সম্পাদক গাজী শাহাবুদ্দীনের (৭৮) ইন্তেকাল।
- সাকিব আল হাসান (১১৪) এবং মাহমুদুল্লাহ রিয়াদের (১০২) অসাধারণ ব্যাটিংয়ে নিউজিল্যান্ডকে ৫ উইকেটে হারিয়ে চ্যাম্পিয়ন লীগে সেমিফাইনালে খেলার আশা বাংলাদেশের।

**১০ জুন**

- গণভবনে বিভিন্ন পেশাজীবী সংগঠনের নেতাদের সম্মানে ইফতারের আয়োজন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- সারাদেশে প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনার কারামুক্তি দিবস পালিত।
- আগামী নির্বাচনে অগ্রহণযোগ্য ও বিতর্কিত কোন ব্যক্তিকে মনোনয়ন দেয়া হবে না– ওবায়দুল কাদের।
- ব্রিটিশ প্রধানমন্ত্রী থেরেসা মে'কে ব্রেক্সিট আলোচনা শুরুর জন্য চাপ দিলেন জার্মান চ্যান্সেলর মার্কেল। অনিশ্চিত যাত্রায় ব্রিটেন। নানামুখী চাপে মে।
- চ্যাম্পিয়নস ট্রফির 'এ' গ্রুপের শেষ ম্যাচে বৃষ্টি আইনে অস্ট্রেলিয়াকে ৪০ রানে ইংল্যান্ডের জয়ের মধ্য দিয়ে সেমিফাইনালে বাংলাদেশ। টাইগারদের জয়ে মুগ্ধ ক্রিকেটবিশ্ব।

**১১ জুন**

- গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নবম 'কারামুক্তি' দিবস উপলক্ষ্যে সাক্ষাৎ করতে গেলে আওয়ামী লীগ নেতাকর্মীদের উদ্দেশে প্রধানমন্ত্রী বলেছেন, উন্নয়নের ধারাবাহিকতা বজায় রাখতে আগামী নির্বাচনে মানুষ আবারও নিশ্চয়ই নৌকায় ভোট দিয়ে আওয়ামী লীগকে বিজয়ী করবে।

- বুয়েট ছাত্রলীগের বর্ধিত সভায় আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, রমজান মাস শেষে ঈদের পর সরকারের বিরুদ্ধে বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার আন্দোলনের হুমকি ফাঁকা বুলি ছাড়া আর কিছুই না।
- নিষিদ্ধ জঙ্গি সংগঠনের (জেএমবি) সারোয়ার-তামিম গ্রুপের জঙ্গিবাদের জন্য অস্ত্র ও অর্থ জোগানের অভিযোগে গাজীপুরে এক গার্মেন্টস মালিক গ্রেফতার।
- ব্যাংকে আবগারি শুল্ক বাড়ানোর সিদ্ধান্ত সঠিক সময়ে হয়নি বলে মন্তব্য করেন, অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রী।
- ১৬ বেসরকারি বিশ্ববিদ্যালয়ের নানা সমস্যা তুলে ধরে এসব প্রতিষ্ঠানে ভর্তি সতর্কতা জানিয়ে ইউজিসির গণ বিজ্ঞপ্তি প্রকাশ।
- লিবিয়ার ক্ষমতাচ্যুত নেতা প্রয়াত মোহাম্মদ গাদ্দাফির ছেলে সাইফ আল ইসলামের একটি সশস্ত্র সংগঠনের দীর্ঘ বন্দিদশা থেকে মুক্তিলাভ।
- ভাষা নিয়ে বিরোধের জেরে ভারতের পশ্চিমবঙ্গের দার্জিলিংয়ে গোর্খা জনমুক্তি মোর্চার ডাকে অনির্দিষ্টকালের বনধ্ শুরু।
- প্রতিবেশীদের অবরোধের শিকার কাতারে খাদ্য বোঝাই পাঁচটি উড়োজাহাজ পাঠালো ইরান।

**১২ জুন**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঢাকা সেনানিবাসে তাঁর সম্মানে সশস্ত্র বাহি-নী আয়োজিত ইফতার মাহফিলে যোগ দেন।
- সারাদেশে ভারী বর্ষণ। জনজীবন বিপর্যস্ত। কক্সবাজারে গ্রামের পর গ্রাম প্লাবিত, ১৫ ঘণ্টা বিদ্যুৎ বিচ্ছিন্ন, বান্দরবানে ২০ হাজার মানুষ পানিবন্দি। বরিশাল-ঢাকাসহ বিভিন্ন নৌরুটে লঞ্চ চলাচলে নিষেধাজ্ঞা।
- জলজট-যানজটে নাকাল রাজধানীবাসী। খোঁড়াখুঁড়ির কারণে আরও দুর্ভোগ। জলে আর কাদায় সড়কের মাঝে মরণফাঁদ।
- উচ্চ আদালতে রাষ্ট্রপক্ষে মামলা পরিচালনায় দায়িত্বরত ২৩ সহকারী অ্যাটর্নি জেনারেলকে অব্যাহতি এবং ২৭ জনকে নতুন নিয়োগ দিয়ে আইন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন জারি।
- রাজশাহীর তানোরে জঙ্গি আস্তানা সন্দেহে স্কুল শিক্ষকের বাড়িতে অভিযানে সুইসাইড ভেস্ট অস্ত্র, গুলি, জিহাদি বইসহ ১২ জনকে আটক।
- জেনেভায় ভোটে পাকিস্তান ও নেপালকে হারিয়ে আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও) গভর্নিং বডিতে বাংলাদেশ।



- ব্রিটিশ পার্লামেন্টে বিজয়ী ৩ বাঙালি কন্যাকে প্রাণঢালা অভিনন্দন জাতীয় সংসদে।
- ঈদ উপলক্ষ্যে রাজধানীতে বাস ট্রেনের অগ্রিম টিকেট বিক্রি শুরু।
- রাজধানীর নিউমার্কেট এলাকা থেকে নব্য জেএমবি'র শরীয়া বোর্ডের আমিরসহ সন্দেহভাজন ৭ জনকে গ্রেফতার।
- বিক্ষোভের আশঙ্কায় মার্কিন প্রেসিডেন্ট ট্রাম্পের যুক্তরাজ্য সফর স্থগিত।
- আইসিসি চ্যাম্পিয়নস ট্রফিতে অবিশ্বাস্য জয়ে সেমিফাইনালে পাকিস্তান, প্রতিপক্ষ ইংল্যান্ড।

**১৩ জুন**

- রাঙামাটি, বান্দরবান ও চট্টগ্রামে টানা বৃষ্টিতে পাহাড় ধসে ১২৩ জন নিহত ও শতাধিক আহত। উদ্ধার অভিযানে প্রাণ হারালেন ২ কর্মকর্তাসহ ৪ সেনা সদস্য, নিখোঁজ ১ জন। প্রাণহানির ঘটনায় রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার গভীর শোক প্রকাশ।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা সুইডেনে তিনদিনের সরকারি সফরের পথে লন্ডন পৌঁছেছেন।
- ৪০টি রাজনৈতিক দলকে চিঠি। দলের সব পর্যায়ের কমিটিতে ৩৩ শতাংশ নারী প্রতিনিধিত্বের বিষয়ে অগ্রগতি জানতে চেয়েছে নির্বাচন কমিশন (ইসি)।
- দেশে বর্তমানে ৩ লাখ ২৮ হাজার ৩১১টি শূন্যপদ রয়েছে। শূন্যপদে নিয়োগ কার্যক্রমকে চলমান, জাতীয় সংসদে জনপ্রশাসনমন্ত্রী সৈয়দ আশরাফুল ইসলাম।
- সংসদে অর্থ প্রতিমন্ত্রী– ব্যাংক হিসাবে আবগারি শুল্কের বিষয়ে গ্রহণযোগ্য সমাধান হবে।
- যুক্তরাজ্যে ডেইলি মেইল প্রকাশিত নতুন জনমত জরিপ– থেরেসা মে'কে প্রধানমন্ত্রী চান না ব্রিটেনের অর্ধেক নাগরিক।
- চীনের সঙ্গে কূটনীতিক সম্পর্ক সুদৃঢ় করার জেরে তাইওয়ানের সঙ্গে কূটনীতিক সম্পর্ক ছিন্ন করল পানামা।
- কাতার সংশ্লিষ্টদের সম্পদ জব্দের নির্দেশ বাহরাইনের।

**১৪ জুন**

- যুক্তরাষ্ট্রসহ বিভিন্ন দেশের শোক ও সমবেদনা। প্রবল বর্ষণে চট্টগ্রাম বিভাগে পাহাড় ধসে, পানিতে ডুবে নিহতের সংখ্যা বেড়ে ১৫২।
- লন্ডনে প্রবাসীদের উদ্দেশে সফররত প্রধানমন্ত্রী শেখ হাসিনা– এমন কিছু করবেন না যাতে দেশের ভাবমূর্তি ক্ষুণ্ন হয়।

- চালের সংকট মেটাতে ভিয়েতনাম থেকে আনা হচ্ছে আড়াই লাখ মেট্রিক টন চাল। সচিবালয়ে সাংবাদিকদের জানান অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত।
- ব্যাংক আমানতের উপর প্রস্তাবিত আবগারি শুল্ক হার কমানোর ইঙ্গিত অর্থমন্ত্রীর।
- রাঙামাটিতে ক্ষতিগ্রস্ত মানুষের সব সহযোগিতা করবে সরকার– ক্ষতিগ্রস্ত এলাকা পরিদর্শনের আগে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের।
- সংসদে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের জানান– ঢাকায় নিবন্ধিত গাড়ির সংখ্যা ১১ লাখ ২৫ হাজার, সড়ক দুর্ঘটনায় ৪ মাসে নিহত ৮'শ' জন।
- পাহাড় ধসে আহতদের চিকিৎসায় ৪৮৩টি মেডিক্যাল টিম গঠন।
- পশ্চিম লন্ডনে ২৭ তলাবিশিষ্ট বহুতল ভবন আগুনে পুড়ে নিহত ১২। ভবনে আটকা পড়েছে বহু মানুষ। বাংলাদেশীয় পরিবার নিখোঁজ। ব্রিটিশ প্রধানমন্ত্রী থেরেসা মে'র শোক প্রকাশ। প্রধানমন্ত্রী শেখ হাসি-নার দুঃখ প্রকাশ।
- রাজধানীর রামপুরা থেকে খিলক্ষেত পর্যন্ত সড়কে দু'পাশের অধিগ্রহণ করা এক হাজার ৩৮৫ একর জমি অবমুক্ত করার চূড়ান্ত সিদ্ধান্ত নিয়েছে সরকার।
- চ্যাম্পিয়নস ট্রফিতে বাংলাদেশ-ভারত সেমিফাইনাল আজ। প্রথম সেমিফাইনালে ইংল্যান্ডকে উড়িয়ে ফাইনালে পাকিস্তান।

**১৫ জুন**

- ঢাকা ও স্টকহোম অর্থনৈতিক সহযোগিতার খাতসমূহে সম্পর্কোন্নয়ন এবং দ্বিপক্ষীয় সরাসরি বিনিয়োগ (এফডিআই) আরো উৎসাহিত করার ব্যাপারে একসঙ্গে কাজ করতে সম্মত। সুইডেনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে দেশটির প্রধানমন্ত্রী স্টিফেন লোফভেনের দ্বিপক্ষীয় বৈঠক শেষে যৌথ বিবৃতি প্রকাশ।
- চট্টগ্রাম বিভাগে পাহাড় ধসে প্রাণহানি ও ক্ষয়ক্ষতির ঘটনায় সেনাবাহিনীর সহায়তায় অবিলম্বে ত্রাণ পুনর্বাসন ও সংস্কার কার্যক্রম পরিচালনার নির্দেশ প্রধানমন্ত্রী শেখ হাসিনার।
- ত্রাণ বিতরণের পাশাপাশি ভূমিধসে ক্ষতিগ্রস্ত রাস্তাঘাট ও অবকাঠামো সংস্কারসহ ১৯টি বিষয়ে নির্দেশনা দিয়েছেন সরকারপ্রধান। পাহ-াড়ধসে বহু হতাহতের ঘটনায় রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর কাছে পাঠানো শোক বার্তায় শোক জানিয়েছেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন।



- ভারত, চীন ও রাশিয়ার সঙ্গে বাংলাদেশের দ্বিপক্ষীয় চুক্তিগুলোর ৭৪ শতাংশই আওয়ামী লীগ সরকারের আমলে স্বাক্ষরিত হয়েছে– সংসদে পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী।
- সঞ্চয়পত্রে সুদ কমানো ঠিক হবে না– সংসদে বাজেট আলোচনায় কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী।
- ইউরোপীয় ইউনিয়নে জিএসপি সুবিধা পাওয়ার বাধা দূর হয়েছে– আইন মন্ত্রণালয়ের সংবাদ বিজ্ঞপ্তি।
- পাহাড় ধসে মাটি চাপা পড়ে মানুষের মৃত্যু আর চারদিন ধরে রাঙামাটির সাথে সব ধরনের সড়ক যোগাযোগ বন্ধ থাকায় ভুতুড়ে শহরে পরিণত রাঙামাটি।
- পাহাড়ে ঝুঁকিপূর্ণ বসবাসকারীদের জীবনরক্ষায় উচ্ছেদ অভিযানে কোন ধরনের রাজনৈতিক প্রভাব ও বাঁধা সহ্য করা হবে না– চট্টগ্রামে ক্ষতিগ্রস্ত এলাকা পরিদর্শন শেষে সাংবাদিকদের সাথে আলাপকালে 'কারও বাঁচার সম্ভাবনা নেই' বলেন, সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের।
- পশ্চিম লন্ডনে গ্রিনফেল টাওয়ারে অগ্নিকাণ্ডে নিহতের সংখ্যা বেড়ে ১৭। টাওয়ারে অবস্থানরত বাংলাদেশের মৌলভীবাজারের পাঁচ সদস্য নিখোঁজ। টাওয়ারটি ধ্বংসস্তূপে পরিণত।
- ভারতের কাছে ৯ উইকেটে হেরে চ্যাম্পিয়ন ট্রফির সেমিফাইনাল থেকে বাংলাদেশের বিদায়।

**১৬ জুন**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা সুইডেনে বাংলাদেশ ও সুইডেন বিনিয়োগ ফোরামের সভায় ভাষণদানকালে বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়াকে সুস্থ রাজনীতিতে ফিরে আসার আহ্বান জানান। এসময় প্রধানমন্ত্রী হত্যা, লুটপাট ও দুর্নীতির রাজনীতি বাদ দিয়ে আগামী নির্বাচনে অংশ নেয়ার আহ্বান জানিয়ে আরো বলেন, আমরা চাই বিএনপি নির্বাচন থেকে সরে যাওয়ার মতো ভুল পুনরায় না করুক।
- রাঙামাটিতে পাহাড় ধসে নিহতদের স্বজনের আহাজারি থামছে না, চলছে চারদিকে হাহাকার। মৃতের সংখ্যা ১১০। উদ্ধার কাজ সমাপ্ত ঘোষণা।
- কুষ্টিয়ায় সাংবাদিকদের সাথে আলাপকালে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু– বিএনপি নির্বাচন নিয়ে সুনির্দিষ্ট কোন প্রস্তাব দিতে পারেনি। খালেদা জিয়া অস্বাভাবিক পন্থায় সরকার পরিবর্তনের চক্রান্ত অনুসরণ করে যাচ্ছেন।

- ১৫২ রকমের ফলের একাধিক জাত নিয়ে রাজধানীর ফার্মগেটে ৩ দিনব্যাপী ফলমেলা শুরু।
- সংবিধানে সহায়ক সরকার বলে কিছু নেই। তিন পার্বত্য জেলায় পাহাড় ধসে মানবিক বিপর্যয় ঘটেছে। কিন্তু খালেদা জিয়া ঢাকায় বসে প্রেস ব্রিফিং করে দুর্গত মানুষের জন্য মায়াকান্না শুরু করেছেন– কুমিল্লায় সাংবাদিকদের সঙ্গে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের।
- লন্ডনে গ্রিনফেল টাওয়ার অগ্নিকাণ্ডে নিহতের সংখ্যা ৩০ জন। পুলিশের আশঙ্কা নিহত সবাই শনাক্ত নাও হতে পারে।
- ভারত নিয়ন্ত্রিত কাশ্মিরে সন্ত্রাসী হামলায় ৬ পুলিশ নিহত।

**১৭ জুন**

- সুইডেন সফর শেষে দেশে ফিরে গণভবনে আওয়ামী লীগ কেন্দ্রীয় নেতাদের সঙ্গে অনির্ধারিত আলোচনায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা– একজন মানুষও না খেয়ে মারা যাবে না। প্রাকৃতিক দুর্যোগের স্বীকার। প্রত্যেককে পুনর্বাসন করবে সরকার।
- রাজধানীর ৯২টি ওয়ার্ডে চিকনগুনিয়া প্রতিরোধের অংশ হিসেবে এডিস মশার প্রজনন ক্ষমতা ধ্বংস কার্যক্রম উদ্বোধনকালে স্বাস্থ্যমন্ত্রী– যে যার অবস্থান থেকে নিজের বাড়িঘর ও আশেপাশের এলাকা পরিষ্কার রাখলে এবং কোথাও পানি জমতে না দিলে এই রোগ থেকে রেহাই পাওয়া যাবে।
- ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটের বার্ষিক অধিবেশনে ২০১৭-২০১৮ অর্থবছরের জন্য ৬৬৪ কোটি ৩৭ লাখ টাকার বাজেট পেশ। গবেষণায় বরাদ্দ ২ ভাগ, বেতনভাতা ৭৮ ভাগ।
- বিএনপি আগামী নির্বাচনে না এলে মুসলিম লীগের মতো তাদের পরিণতি অপেক্ষা করছে– সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের।
- কিউবার ওপর ভ্রমণ ও বাণিজ্যিক নিষেধাজ্ঞা কঠোর করার ঘোষণা মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের। ওবামা আমলের কিউবা নীতি বাতিলেরও ঘোষণা দিয়েছেন ট্রাম্প।
- গোর্খাল্যান্ডের দাবি এবং বাংলা ভাষার বিরুদ্ধে আন্দোলনে উত্তাল ভারতের দার্জিলিং। বন্‌ধে সহিংসতায় চার বিক্ষোভকারী নিহত। পরিস্থিতি নিয়ন্ত্রণে মাঠে সেনাবাহিনী। বিদেশি জঙ্গিদের হাত থাকার অভিযোগ পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতার।
- জাপানে মার্কিন নৌবাহিনী ডেস্ট্রয়ারের সঙ্গে একটি ফিলিপাইনি কার্গো জাহাজের সংঘর্ষে সাত মার্কিন সেনা নিখোঁজ।



**১৮ জুন**

- প্রবল বর্ষণে পাহাড় ধসে মাটিচাপা পড়ে খাগড়াছড়ি ও মৌলভীবাজারে আরো চার শিশুসহ পাঁচজনের মৃত্যু।
- রাঙামাটিতে পাহাড় ধসে ক্ষতিগ্রস্ত এলাকা পরিদর্শন ও ত্রাণ বিতরণে যাওয়ার পথে চট্টগ্রামের রাঙ্গুনিয়ায় বিএনপি'র গাড়ি বহরে হামলায় দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর ও স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদসহ ৫ নেতা আহত।
- বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে প্রধান তথ্য কমিশনার অধ্যাপক ড. গোলাম রহমানের নেতৃত্বে তিন সদস্যের প্রতিনিধিদলের সাক্ষাৎ এবং কমিশনের বার্ষিক প্রতিবেদন-২০১৬ পেশ। তৃণমূল পর্যায়ে তথ্য অধিকার (আরটিআই) আইন বিষয়ে গণসচেতনতা বাড়াতে প্রচারণা চালানোর জন্য রাষ্ট্রপতির আহ্বান।
- ব্যাংক হিসাবের ওপর সরকারের আদায় করা আবগারি শুল্ক এর নাম পরিবর্তন করে ইনকাম ট্যাক্সের আদলে নতুন নামকরণ হবে বলে জানান অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত।
- ঈদের আগে রাস্তাঘাটে যানবাহনে চাপ কমাতে পোশাক শ্রমিকদের পর্যায়ক্রমে ২২ জুন থেকে ২৫ জুনের মধ্যে ছুটি দেয়ার নির্দেশ দেয়া হয়েছে বলে নির্দেশ স্বরাষ্ট্রমন্ত্রীর। শ্রমিকদের বোনাস ও বেতন ২২ জুনের মধ্যে পরিশোধের অনুরোধ।
- ব্রেক্সিট প্রক্রিয়া শুরু। ব্রেক্সিট প্রশ্নে দ্বিতীয় গণভোটের পক্ষে অধিকাংশ ব্রিটিশ।
- ইংল্যান্ডে ওভালে টপ ফেভারিট ভারতকে ১৮০ রানের বিশাল ব্যবধানে পরাজিত করে আইসিসি চ্যাম্পিয়নস ট্রফি জয় পাকিস্তানের।

**১৯ জুন**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে সভায় অন্যান্য গণমাধ্যমের মতো অনলাইন গণমাধ্যমগুলোকে সম্প্রচার কমিশনের অধীনে রেখে কমিশনের কাছ থেকে নিবন্ধন নেয়ার বিধান সম্বলিত জাতীয় অনলাইন নীতিমালা-২০১৭ খসড়া অনুমোদন মন্ত্রিসভায়। নীতিমালায় বলা হয়েছে– পত্রিকা বা টেলিভিশনের অনলাইন ভার্সনের জন্য নতুন করে নিবন্ধন করতে হবে না।
- ব্যাংক আমানতের ওপর আবগারি শুল্ক বৃদ্ধির প্রস্তাবসহ নানা মন্তব্যের জন্য জাতীয় সংসদে নিজ দলের জ্যেষ্ঠ সংসদ সদস্যদের তোপের মুখে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। অর্থমন্ত্রীকে কম কথা বলার পরামর্শ।

- গণভবনে রাজনীতিক নেতাদের সম্মানে ইফতারের আয়োজন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা ।
- চাল আমদানিতে এলসি মার্জিনের ক্ষেত্রে কিছুটা শিথিলতা দেখাতে ব্যাংকগুলোকে নির্দেশ দিয়ে বাংলাদেশ ব্যাংকের সার্কুলার জারি। এর ফলে ব্যাংকগুলো শূন্য মার্জিনে এলসি খুলে দিতে পারবে।
- ভারতে রাষ্ট্রপতি পদে ক্ষমতাসীন বিজেপি জোটের প্রার্থী হিসেবে বিহারের রাজ্যপাল দলিত নেতা রামনাথ কোবিন্দের নাম ঘোষণা।
- উত্তর লন্ডনে মসজিদের সামনে মুসল্লিদের ওপর উঠিয়ে দিয়ে হামলার ঘটনায় এক বাংলাদেশি নিহত, আহত ১০। হামলাকারী মুসলিম বিদ্বেষী ব্রিটিশ নাগরিক গ্রেফতার।
- ফ্রান্সে সাধারণ নির্বাচনে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করেছে দেশটির ইতিহাসে সবচেয়ে কম বয়সি প্রেসিডেন্ট ইমানোয়েল ম্যাক্রোর দল ও তার মিত্ররা।
- ইন্দোনেশিয়ার ফার্সটেনজ পর্বত থেকে মুসা ইব্রাহিমকে উদ্ধার।

**২০ জুন**

- কবি বেগম সুফিয়া কামালের ১০৭তম জন্মদিন পালন। রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার বাণী।
- জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) চেয়ারপারসন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে শতভাগ পল্লী বিদ্যুতায়নের জন্য নেটওয়ার্ক সম্প্রসারণসহ ১২ প্রকল্পের চূড়ান্ত অনুমোদন।
- সব দলের অংশগ্রহণে সুষ্ঠু ও অবাধ নির্বাচন সম্ভব– রাজধানীর আগারগাঁওয়ের নির্বাচন ভবনে এক সভা শেষে সংবাদ সম্মেলনে নির্বাচন কমিশনার কে এম নুরুল হুদা।
- ২৪ ক্যাডারে দুই হাজার ২৪টি শূন্যপদে নিয়োগের সুপারিশ করতে ৩৮তম বিসিএসের সার্কুলার জারি করেছে সরকারি কর্মকমিশন। ১০ জুলাই আবেদন শুরু।
- দেশের অধস্তন আদালতের বিচারকদের বিচারিক ও প্রশাসনিক কাজের মূল্যায়ন সংক্রান্ত নীতিমালা প্রকাশ করেছেন সুপ্রিমকোর্ট।
- হাক্কানী পাবলিশার্স প্রকাশিত বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের ১৫ খণ্ড দলিলপত্র দেশের বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানে বিতরণের বিরুদ্ধে আপিল প্রত্যাহার করে নিয়েছেন রাষ্ট্রপক্ষ। এর ফলে এ দলিলপত্র বিতরণে বাধা নেই বলে জানিয়েছেন অ্যাটর্নি জেনারেল।



- প্রস্তুতি ম্যাচ খেলতে জাপান সফররত অনূর্ধ্ব-১৬ মেয়েদের ফুটবল দলকে বেগম সুফিয়া কামাল সম্মাননা দেয়ার ঘোষণা।

**২১ জুন**

- গণভবনে কবি-সাহিত্যিক-শিল্পীসহ বিশিষ্ট ব্যক্তি এবং প্রধানমন্ত্রীর আত্মীয়-স্বজনদের সম্মানে ইফতারের আয়োজন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- ২০৪১ সালের মধ্যে দেশের অর্থনীতি হবে আড়াই ট্রিলিয়ন ডলারের। মাথাপিছু আয় ১২ হাজার ডলারে ওঠবে। বিদ্যুৎ ক্ষমতার ৬১ শতাংশ অর্জন আওয়ামী লীগের ৮ বছরে– সংসদে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- আন্তর্জাতিক যোগ দিবস উপলক্ষ্যে ঢাকাস্থ ভারতীয় হাইকমিশনের আয়োজনে প্রধান অতিথি জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর উপস্থিতিতে 'সামঞ্জস্য ও শান্তির জন্য যোগ' প্রতিপাদ্য নিয়ে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে যোগ অনুশীলনে অংশ নেন কয়েক হাজার নারী-পুরুষ।
- ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ২৩৮৪ কোটি ৮০ লাখ টাকার বাজেট ঘোষণা।
- ৮ দিন পর রাঙামাটি-চট্টগ্রাম সড়কে হালকা যান চলাচল শুরু।
- জাতীয় সংসদে প্রস্তাবিত ২০১৭-২০১৮ সালের বাজেট প্রসঙ্গে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের পক্ষে অবস্থান নিলেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ।
- ২০১৭ সালে ৩৫ লাখ নতুন ভোটারের লক্ষ্য নির্ধারণ করে আগামী ২৫ জুলাই থেকে ভোটারদের তথ্য সংগ্রহ শুরু ঘোষণা নির্বাচন কমিশনের।
- রাঙ্গুনিয়ায় বিএনপির মহাসচিব মীর্জা ফখরুল ইসলাম আলমগীরের গাড়ি বহরে হামলার ঘটনায় স্থানীয় যুবলীগ নেতাসহ ৫৬ জনকে আসামি করে দ্রুত বিচার আইনে মামলা। পিবিআইকে তদন্তের নির্দেশ।
- রাজধানীর মিরপুরে রূপনগর বেড়িবাঁধ এলাকা থেকে হাইওয়ে পুলিশের সাভার সার্কেলের এএসপি মিজানুর রহমান তালুকদারের লাশ উদ্ধার।
- রাঙামাটিতে পাহাড় ধসে নিহতদের তালিকা প্রকাশ করেছে জেলা প্রশাসক। নিহতদের ৬১ জন উপজাতি, ৫৭ জন বাঙালি।
- ফরমান জারি করে ভাতিজা মোহাম্মদ বিন নায়েফকে সরিয়ে নিজের পুত্র মোহাম্মদ বিন সালমানকে যুবরাজ ঘোষণা করলেন সৌদি আরবের বাদশা সালমান।

**২২ জুন**

- পানিসম্পদ মন্ত্রণালয়ের তদন্ত প্রতিবেদন– হাওরে বাঁধ ভেঙে ব্যাপক ক্ষতির জন্য অতিবৃষ্টি ও প্রকল্প পরিচালকসহ পদস্থ কর্মকর্তারা দায়ী। নকশা অনুযায়ী হাওর রক্ষা বাঁধের কাজ হয়নি।
- বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রার রিজার্ভ ফের রেকর্ড ভেঙে ৩৩ বিলিয়ন মার্কিন ডলার দাঁড়িয়েছে। দেশের ইতিহাসে এটা সর্বোচ্চ রিজার্ভ।
- পবিত্র লাইলাতুল কদর উদযাপিত।
- সংসদে ২০১৭-২০১৮ অর্থবছরের বাজেট আলোচনায় অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের পক্ষ নিয়ে কথা বললেন শিল্পমন্ত্রী আমীর হোসেন আমু, স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম ও তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু।
- ইরানের মসুলে প্রাচীন গ্র্যান্ড আল নূরী মসজিদ বোমায় ধ্বংস। মসুল পুনর্দখলের লড়াইয়ের শেষ পর্যায়ে থাকা ইরাকি সেনাবাহিনী দাবি করেছে, জঙ্গিগোষ্ঠী আইএস মসজিদটি গুড়িয়ে দিয়েছে। আইএস এজন্য মার্কিন বিমান হামলাকে দায়ী করেছে। এ মসজিদ থেকেই আইএস নেতা আবু বকর আল বাগদাদি 'খেলাফত' ঘোষণা করেছিলেন।
- ব্রিটেনের রাজ পরিবারের কেউ রাজা বা রানী হতে চায় না– নিউজ উইকের সঙ্গে একান্ত সাক্ষাৎকারে প্রিন্স হ্যারি।
- নরওয়েতে বিজ্ঞান উৎসবে বিজ্ঞানী স্টিফেন হকিং– ধ্বংসের দ্বারপ্রান্তে পৃথিবী। দ্রুত ছাড়তে হবে এ গ্রহ।

**২৩ জুন**

- বাংলাদেশ আওয়ামী লীগের ৬৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত। ৬৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে ২৩ বঙ্গবন্ধু অ্যাভিনিউয়ে নির্মাণাধীন আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন দলের সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- ঢাকা মহানগরীতে মোবাইল অ্যাপনির্ভর পরিবহনসেবা উন্মুক্ত করতে চায় সরকার– সচিবালয়ে উবার ইস্ট রিজিওনের পাবলিক পলিসি বিষয়ক প্রতিনিধিদলের সাথে সাক্ষাৎকালে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের।
- ট্যুর অপারেটর অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ'র (টোয়াব) প্রতিবেদন– এবার দেশের বাইরে ঈদ করবে সাড়ে তিন লাখ মানুষ। বছরে ২৫ লাখ মানুষ দেশের বাইরে ভ্রমণ করলেও বিদেশ থেকে আসে ১ লাখ।



- প্রতিবেশী আরব দেশগুলোর নিষেধাজ্ঞা থেকে রেহাই পেতে চাইলে কাতারকে টিভি চ্যানেল আল জাজিরা বন্ধ ও ইরানের সঙ্গে সম্পর্কে সীমারেখা টানাসহ ১৩ শর্ত মানতে হবে। কাতারের সঙ্গে সম্পর্ক ছিন্নকারী সৌদি আরব, মিশর, সংযুক্ত আরব আমিরাত ও বাহরাইন এ শর্তগুলোর তালিকা দিয়ে বলেছে ১০ দিনের মধ্যে সেগুলো পূরণ করতে হবে।
- আফগানিস্তান ও আয়ারল্যান্ডকে টেস্ট খেলার অনুমতি দিয়েছে আইসিসি। টেস্ট মর্যাদাপ্রাপ্ত দেশ দুটি একাদশ ও দ্বাদশ দেশ হিসেবে অন্তর্ভুক্ত।

**২৪ জুন**

- রংপুরের পীরগঞ্জে ট্রাক উল্টে নিহত ১৬ জন। ৯ জেলায় নিহত আরও ১৬ জন।
- ঈদে মহাসড়কগুলোতে যানজট নেই, তবে ধীরগতি।
- সৌদি সরকারের দাবি– কাবা শরীফে হামলার পরিকল্পনা নস্যাৎ। হামলাকারী নিহত, সন্দেহভাজন পাঁচ জন গ্রেফতার।

**২৫ জুন**

- গতকাল পবিত্র সাওয়াল মাসের চাঁদ দেখা যাওয়ায় সৌদি আরব, মিশর, সংযুক্ত আরব আমিরাত, কাতার ও বাহরাইনসহ মধ্যপ্রাচ্যের বেশির ভাগ দেশ এবং এশিয়ার দেশ ইন্দোনেশিয়া ও মালয়েশিয়ায় ঈদ উদযাপিত।
- সনাতন মতাবলম্বীদের অন্যতম ধর্মীয় অনুষ্ঠান রথ যাত্রা উৎসব শুরু।

**২৬ জুন**

- গণভবনে সর্বস্তরের মানুষের সঙ্গে ঈদ শুভেচ্ছা বিনিময়কালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা– উন্নত-সমৃদ্ধ দেশ গড়তে সবার সহযোগিতা চাই। এসময় মুক্তিযোদ্ধাদের ঈদ উপহার দিলেন প্রধানমন্ত্রী।
- বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর ঈদ শুভেচ্ছা বিনিময়।
- রাজধানীতে ঢাকাবাসীর উদ্যোগে ঈদ শোভাযাত্রা অনুষ্ঠিত। বিনোদন কেন্দ্রগুলোতে আনন্দের বন্যা।
- হোয়াইট হাউসের রোজ গার্ডেনে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির প্রথম সাক্ষাতে অনেকটা জুড়েই ছিল সন্ত্রাসবাদ প্রসঙ্গ। বৈঠকে পাকিস্তানকে সতর্ক বার্তা। ট্রাম্প প্রশাসন ভারতের ভাষায় কথা বলছে; পাকিস্তানের স্বরাষ্ট্রমন্ত্রী।

**২৭ জুন**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিশ্বের বর্তমান ১৮ জন নারী জাতীয় নেতাদের মধ্যে অন্যতম হিসেবে চিহ্নিত হয়েছেন। যুক্তরাষ্ট্রে প্রকাশিত এক গ্রন্থে এর উল্লেখ করা হয়েছে বলে বাংলাদেশ দূতাবাসের সংবাদ বিজ্ঞপ্তি। Women President and Prime Minister শীর্ষক গ্রন্থের প্রচ্ছদে অপর ছয়জন বিশ্ব নেতার সঙ্গে শেখ হাসিনার ছবি মুদ্রিত। গ্রন্থটির লেখক যুক্তরাষ্ট্রের অন্যতম মানবাধিকার কর্মী ও শিক্ষাবিদ রিচার্ড ও'ব্রেইন।
- ভেনিজুয়েলার সুপ্রিমকোর্ট ভবনে হেলিকপ্টার থেকে গ্রেনেড হামলা। অভ্যুত্থানের ষড়যন্ত্রের অভিযোগ প্রেসিডেন্ট নিকোলাস মাদুড়োর।

**২৮ জুন**

- দেশব্যাপী পবিত্র ঈদ-উল-ফিতর উদযাপিত।
- জাতীয় সংসদে ২০১৭-২০১৮ অর্থবছরের বাজেটের ওপর প্রধানমন্ত্রী শেখ হাসিনার সমাপনী ভাষণ। নতুন ভ্যাট আইন দুই বছরের জন্য স্থগিত। ব্যাংক আমানতে এক লাখ টাকা পর্যন্ত কোন আবগারি শুল্ক নেই। সংসদে প্রধানমন্ত্রীর প্রস্তাবের পরিপ্রেক্ষিতে অর্থমন্ত্রী আবুল মাল মুহিত এই ঘোষণা দেন।
- সংসদ গণতন্ত্রের কেন্দ্রবিন্দু এবার প্রমাণিত হলো– সংসদে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- সংসদে অর্থ বিল-২০১৭ পাস। বঙ্গবন্ধুর সমৃদ্ধ বাংলাদেশ গড়তেই এ বাজেট– অর্থমন্ত্রী।
- উন্নত-সমৃদ্ধ দেশ গড়তে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আরো ১০ বছর সময় দিন– জাতীয় সংসদে বাজেট আলোচনায় দেশবাসীর প্রতি স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম।
- প্রখ্যাত সংগীতজ্ঞ, স্বরলিপিকার ও নজরুল গবেষক সুধীন দাশের পরলোকগমন। রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক ও সমবেদনা প্রকাশ।
- ছুটির আমেজে রাজধানী। স্বস্তিদায়ক ঈদ যাত্রা– সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী। আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভালো ছিল– স্বরাষ্ট্রমন্ত্রী।
- প্রবীণ অভিনেতা ও সংগীতশিল্পী নাজমুল হুদা বাচ্চুর ইন্তেকাল।
- চীন-ভারত সীমান্তে অনুপ্রবেশ নিয়ে দুই দেশের মধ্যে উত্তেজনা। সিকিম ও তিব্বতের মাঝখানে তাদের ভূখণ্ডে ভারতীয় সেনাদের অনুপ্রবেশের অভিযোগ করেছে চীন।

**২৯ জুন**

- জাতীয় সংসদে ২০১৭-২০১৮ অর্থবছরের জাতীয় বাজেট পাস। ১জুলাই ২০১৭ থেকে কার্যকর।



- সুইজারল্যান্ডের বিভিন্ন ব্যাংকে (সুইস ব্যাংক) বাংলাদেশীদের জমার পরিমাণ বেড়ে ৫ হাজার ৬শ' ৮৫ কোটি টাকা ছাড়িয়েছে। গত এক বছরে বেড়েছে ১ হাজার ১শ' ৫০ কোটি টাকা। সুইজারল্যান্ডের কেন্দ্রীয় ব্যাংক সুইস ন্যাশনাল ব্যাংকের বার্ষিক প্রতিবেদন প্রকাশ।
- দেশে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষকের ২০ হাজার ৫১৬টি পদ শূন্য এবং মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষকের শূন্যপদের সংখ্যা দুই হাজার– জাতীয় সংসদে তথ্য প্রকাশ।
- ফরিদপুরে 'কুমার নদ' খননে ২শ' ৫০ কোটি টাকার প্রকল্প গ্রহণ।
- কক্সবাজারের মাতারবাড়িতে গভীর সমুদ্র বন্দর নির্মাণের সম্ভাব্যতা যাচাই শুরু।
- বৈদ্যুতিক শর্ট সার্কিট থেকে আগুন। গাবতলী পশুর হাটে আগুনে পুড়ে ১৯টি গবাদিপশুর মৃত্যু।
- সীমান্তে মুখোমুখি অবস্থানে ভারতীয় চীনা সৈন্য। ইতিহাস থেকে শিক্ষা নিতে হবে ভারতকে। চীনা সেনাবাহিনীর হুঁশিয়ারি। সিকিম সীমান্ত পরিদর্শনে ভারতীয় সেনাপ্রধান।
- মানবতাবিরোধী অপরাধের সাক্ষ্য মুছে ফেলার চেষ্টায় লিপ্ত ছিল যুদ্ধাপরাধীরা– নেদারল্যান্ডের হেগে আন্তর্জাতিক অপরাধ আদালতের (আইসিসি) প্রেসিডেন্টের সঙ্গে সাক্ষাৎকালে প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা।
- আইএসের 'খিলাফত' সমাপ্তি ঘোষণা ইরাকের। মসুল মসজিদ পুনর্দখলে নিয়েছে সরকারি বাহিনী।
- গরুভক্তির নামে মানুষ খুন কিছুতেই মেনে নেয়া যায় না– 'গো' রক্ষার নামে একের পর এক খুনের বিরুদ্ধে অবশেষে মুখ খুললেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি।
- আল-জাজিরা কণ্ঠরোধের চেষ্টার বিরুদ্ধে সোচ্চার জাতিসংঘসহ বিশ্বের ৮০টি গণমাধ্যম।

**৩০ জুন**

- ঐতিহাসিক সাঁওতাল বিদ্রোহ দিবস উদযাপিত। ১৮৫৫ সালের এইদিনে সাঁওতাল আদিবাসীর ব্রিটিশ ও ঔপনিবেশিক, জমিদার ও মহাজনদের শোষণ থেকে মুক্তি পেতে ভারতের পাকড় জেলায় সাঁওতাল নেতা সিধু কানু এবং তাদের বোন ফুলমনির নেতৃত্বে সাঁওতাল বিদ্রোহ শুরু হয়।
- মানবাধিকার সংগঠন আইন ও সালিশ কেন্দ্র'র (আসক) প্রতিবেদন– ক্রসফায়ার ও আইন-শৃঙ্খলা বাহিনীর হেফাজতে গত ছয় মাসে নিহত ৯০।

- সিকিম সীমান্ত নিয়ে চীনকে পাল্টা হুঁশিয়ারি দিয়ে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয় বলেছে, সিকিমের ডোকালাম এলাকায় চীনের রাস্তা নির্মাণ ভারতের নিরাপত্তার জন্য চরম হুমকি। আর প্রতিরক্ষামন্ত্রী অরুণ জেটলী বলেছেন, বর্তমান ভারতকে ১৯৬২ সালের ভারত মনে করলে ভুল করবে চীন।
- তাইওয়ানের কাছে যুক্তরাষ্ট্রের ১৪২ কোটি ডলারের অস্ত্র বিক্রির ঘটনায় চীনের ক্ষুব্ধ প্রতিক্রিয়া। ২৯ জুন এ অস্ত্র বিক্রির বিষয়টি কংগ্রেসকে জানায় মার্কিন পররাষ্ট্র মন্ত্রণালয়।

## জুলাই

### ১ জুলাই

- একাত্তরের মুক্তিযোদ্ধা গেরিলা কমান্ডার সৈয়দ শহীদুল হক মামার ইন্তেকাল। তাঁর অবদানের কথা স্মরণ করে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক প্রকাশ।
- জঙ্গিরা দুর্বল হলেও নির্মূল হয়নি– হলি আর্টিজান রেস্তোরাঁয় হামলার এক বছর উপলক্ষ্যে সেখানে জঙ্গিদের হাতে নিহত দেশি-বিদেশি নাগরিকদের ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন শেষে সাংবাদিকদের সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের।
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৯৬তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন।
- কুষ্টিয়ার ভেড়ামারার পৌরসভা এলাকার সন্দেহভাজন একটি জঙ্গি আস্তানা থেকে নব্য জেএমবির আমিরের স্ত্রীসহ গ্রেফতার তিন জন।
- নজরুল গবেষক ও একুশে পদকে ভূষিত সংগীত বিশেষজ্ঞ অধ্যাপক ড. করুণাময় গোস্বামীর পরলোকগমন।
- দুর্নীতির মামলায় বেসরকারি মোবাইল ফোন সিটিসেলের সিইও মেহবুব চৌধুরীকে গ্রেফতার করেছে দুদক।
- সারাদেশে ২০১৭-'১৮ শিক্ষাবর্ষের উচ্চ মাধ্যমিক পর্যায়ে ক্লাস শুরু।
- আসন্ন জি-২০ সম্মেলনকে সামনে রেখে ডোনাল্ড ট্রাম্পের 'আমেরিকাই প্রথম নীতি'কে চ্যালেঞ্জ করেছেন জার্মান চ্যান্সেলর অ্যাঞ্জেলা মার্কেল।
- চীনা প্রেসিডেন্ট জিপিংয়ের ঐতিহাসিক হংকং সফরকালে বেইজিং বিরোধী বিক্ষোভকারীদের সীমা লঙ্ঘন না করার হুঁশিয়ারি।
- আর্জেন্টাইন ফুটবল তারকা লিওনেল মেসি ও তার বান্ধবী অ্যান্ডোনেল্লা রকুজ্জোর বিয়ে অনুষ্ঠিত। আর্জেন্টাইন সংবাদপত্র ক্লারিনের মতে ওয়েডিং অব দ্য সেঞ্চুরি– শতাব্দীর সেরা বিয়ে।



### ২ জুলাই

- বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাক্ষাৎ। ঈদ শুভেচ্ছা বিনিময়।
- হলি আর্টিজানে ভয়াবহ জঙ্গি হামলার এক বছর পূর্তি উপলক্ষ্যে নিহতদের প্রতি বিনম্র শ্রদ্ধা। জঙ্গি নির্মূলে সামাজিক প্রতিরোধ গড়ে তোলার প্রত্যয় ব্যক্ত।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা সচিবালয়ে মন্ত্রিপরিষদ সভাকক্ষে সরকারের বর্তমান মেয়াদে সচিবদের সঙ্গে দ্বিতীয় দফা এক বৈঠকে ১৭দফা নির্দেশনা দিয়ে বলেছেন, 'সরকারি কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা বাড়ানো হয়েছে এবার দুর্নীতি অপচয় বন্ধ করতে হবে'।
- অবিরাম বর্ষণ ও উজান থেকে নেমে আসা পাহাড়ি ঢল অব্যাহত থাকায় মৌলভীবাজারে বন্যায় দুই লক্ষাধিক মানুষ পানিবন্দী।
- হাওরে বাঁধনির্মাণে দুর্নীতি, অনিয়ম ও কর্তব্যে অবহেলার অভিযোগে সিলেট-সুনামগঞ্জ অঞ্চলে পানি উন্নয়ন বোর্ডের সংশ্লিষ্ট কর্মকর্তা ও ঠিকাদারসহ মোট ৬১ জনের বিরুদ্ধে দুদকের মামলা। প্রকৌশলীসহ ২ জন কারাগারে।
- মালয়েশিয়ায় অবৈধ শ্রমিক হিসেবে ৫১৫ বাংলাদেশি আটক।
- ধামরাইয়ের চারশ' বছরের ঐতিহ্যবাহী উল্টো রথযাত্রায় জঙ্গি হামলার আশঙ্কায় নিরাপত্তা ব্যবস্থা জোরদারে আইন-শৃঙ্খলা বাহিনীর ব্যাপক প্রস্তুতি।
- পাহাড়ি ঢলে সৃষ্ট বন্যায় সিলেট বিভাগে ৫ লাখ মানুষ পানিবন্দী। দুই জেলায় ৩৫৭ স্কুল বন্ধ ঘোষণা। তিনদফা বন্যায় চরম ক্ষতিগ্রস্ত এলাকাবাসী।
- ঢাকায় তিনদিনের সফরে মিয়ানমারের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা থং তুন।
- ২০১৯ বিশ্বকাপে সরাসরি খেলবে বাংলাদেশ– সংবাদ সম্মেলনে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) সভাপতি নাজমুল হাসান পাপন।

### ৩ জুলাই

- জাতীয় সংসদের হাতে বিচারক অপসারণ ক্ষমতা অবৈধ করে ষোড়শ সংশোধনী বাতিলের রায় আপিল বিভাগে বহাল। প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার নেতৃত্বে আপিল বিভাগের সাত বিচারকের বেঞ্চ সর্বসম্মতভাবে এ রায় দিয়েছেন। সংসদ সম্পর্কে হাইকোর্টের কতিপয় মন্তব্য এক্সপাঞ্জ।

- সচিবালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে দেশের প্রথম স্যাটেলাইট, বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ পরিচালনার জন্য বাংলাদেশ কমিউনিকেশন স্যাটেলাইট কোম্পানি (বিসিএসসি) লিমিটেড গঠনের প্রস্তাব এবং শাস্তি বাড়িয়ে বীজ আইন-২০১৭ অনুমোদন করেছে মন্ত্রিসভা।
- গাজীপুর সিটি কর্পোরেশনের কাশিমপুরের নয়াপাড়া এলাকায় মালটি ফ্যাবস লিমিটেড নামের একটি পোশাক কারখানায় ভয়াবহ বয়লার বিস্ফোরণের ঘটনায় ৯ জন নিহত ও অর্ধশতাধিক আহত।
- কবি, প্রাবন্ধিক ফরহাদ মজহারকে টানা ১৮ ঘণ্টা নিখোঁজ রহস্যের পর যশোরের নওয়াপাড়া ঢাকাগামী একটি বাস থেকে উদ্ধার করে র‍্যাব।
- সফররত মিয়ানমারের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা থং তুন বৈঠক করেছেন পররাষ্ট্রমন্ত্রী এ এইচ মাহমুদ আলী ও স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালের সঙ্গে– রোহিঙ্গাদের ফিরিয়ে নেয়ার ব্যাপারে আলোচনায় আগ্রহী মিয়ানমার।
- ষোড়শ সংশোধনী অবৈধ ঘোষণা করে হাইকোর্টের দেওয়া রায়ের বিরুদ্ধে রাষ্ট্রপক্ষের আপিল সর্বোচ্চ আদালতে খারিজ হয়ে যাওয়ার প্রেক্ষাপটে সচিবালয়ে আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, পূর্ণাঙ্গ রায় পাওয়ার পর করণীয় নির্ধারণ হবে।
- ঈশ্বরদীতে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্প পরিদর্শনে গিয়ে আন্তর্জাতিক আণবিক সংস্থার (আইএইএ) মহাপরিচালক ইউকিয়া আমানো বলেছেন, রূপপুরের কারণে পাল্টে যাবে বাংলাদেশের চেহারা।
- হাওরে বাঁধ নির্মাণে দায়িত্ব পালনে অবহেলা ও সরকারি কাজে অদক্ষতার দায়ে পানি সম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জাফর আহমেদ খানসহ সংশ্লিষ্ট ১৩ কর্মকর্তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেয়ার সুপারিশ করে মন্ত্রিপরিষদ বিভাগের সচিবের কাছে চিঠি পাঠিয়েছে দুদক।
- 'চীনও ১৯৬২ সালের অবস্থানে পড়ে নেই'। ভারতীয় প্রতিরক্ষা মন্ত্রীর বক্তব্যের জবাবে– বেইজিং।
- নিজেদের দেয়া ১৩টি দাবি মানতে কাতারকে অতিরিক্ত আরো ৪৮ ঘণ্টা সময় দিয়েছে সৌদি আরব ও তার মিত্র তিন দেশ।



**৪ জুলাই**

- রূপপুর পারমাণবিক বিদ্যুৎ নির্মাণ প্রকল্পে কারিগরি সহযোগিতা দেবে আইএইএ। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে বিশেষ সমাবর্তনে আইএইএ-এর মহাপরিচালক ইউকিয়া আমানোকে 'ডক্টর অব লজ ডিগ্রি' প্রদান করেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ।
- প্রধানমন্ত্রীর সঙ্গে মিয়ানমারের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা থংতুনের সাক্ষাৎকালে প্রধানমন্ত্রী বলেন, 'আশা করি, দ্বিপক্ষীয় আলোচনার মাধ্যমে উভয় দেশ রোহিঙ্গা সমস্যা সমাধান করতে পারবে'।
- বন্যা মোকাবিলায় সরকারের সবরকম প্রস্তুতি রয়েছে– প্রধানমন্ত্রীর কার্যালয়ে 'জাতীয় মজুরি ও উৎপাদনশীলতা কমিশন-২০১৫' প্রতিবেদন হস্তান্তর অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- গাজীপুরে বয়লার বিস্ফোরণে মৃতের সংখ্যা বেড়ে ১৩। নিহতদের প্রত্যেকের পরিবার পাবে ৫ লাখ টাকা– শ্রম প্রতিমন্ত্রী। বিস্ফোরিত বয়লার ছিল মেয়াদোত্তীর্ণ– তদন্ত কমিটি।
- ভারত কথা না শুনলে সামরিক শক্তি ব্যবহার করা উচিত। সিকিম সীমান্ত নিয়ে চীনা গণমাধ্যমে বিশেষজ্ঞরা।
- জি-২০ সম্মেলনের আগে আন্তঃমহাদেশীয় ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র (আইসিবিএম) পরীক্ষা প্রথমবারের মতো সফলভাবে সম্পন্ন করার দাবি করেছে উত্তর কোরিয়া।
- ইউরোপে পাড়ি জমাতে তুরস্কে গিয়ে আটকা পড়েছেন প্রায় দুই হাজার বাংলাদেশি। তুরস্কে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূতকে উদ্ধৃত করে সরকারের তথ্যবিবরণী।

**৫ জুলাই**

- ঢাকা সেনানিবাসে প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্টের (পিজিআর)- ৪২তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, সাধারণ মানুষ এবং আইন-শৃঙ্খলা রক্ষাকারী ও সশস্ত্র বাহিনী যেভাবে লড়ছে তাতে বাংলাদেশ কোনভাবেই জঙ্গিবাদের স্থান হবে না।
- সচিবালয়ে সাংবাদিকদের অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, ভ্যাট আইন স্থগিতের কারণে রাজস্ব ঘাটতি মেটানো কঠিন হবে। ঘাটতি হবে ২০ হাজার কোটি টাকা।
- দেশের অভ্যন্তরীণ রুটসমূহে চলাচলকারী ফ্লাইটে ভ্রমণের ক্ষেত্রে সংশ্লিষ্ট যাত্রীদের টিকিটের সঙ্গে বৈধ ফটো আইডি প্রদর্শন বাধ্যতামূলক করেছে বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
- ফরহাদ মজহারকে অল্প সময়ে উদ্ধারে পুলিশ প্রশংসিত– স্বরাষ্ট্রমন্ত্রী।

- পুলিশের দুই অতিরিক্ত ডিআইজি ইয়াসমিন গফুর ও মো. বখতিয়ার আলমকে বাধ্যতামূলক অবসরে পাঠিয়েছেন কর্তৃপক্ষ।
- উত্তর কোরিয়ার ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ছোড়ায় বাংলাদেশের গভীর উদ্বেগ প্রকাশ। শান্তি ও স্থিতিশীলতার লক্ষ্যে উত্তর কোরিয়াকে এ ধরনের কর্মসূচি থেকে সরে আসার আহ্বান।
- ভারতের প্রথম প্রধানমন্ত্রী হিসেবে ইসরায়েলে তিনদিনের সফরে নরেন্দ্র মোদি। জেরুজালেমে ইসরায়েলী প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহুর সঙ্গে কৃষি মহাকাশ গবেষণায় সহযোগিতাসহ সাতটি চুক্তি সই। চরমপন্থী ও সন্ত্রাসবাদ দমনে দুদেশের একসঙ্গে কাজ করার অঙ্গীকার।
- ক্রেমলিনে পুতিন-শি জিনপিং বৈঠকে বিশ্ব শান্তির স্বার্থে রাশিয়া-চীন সম্পর্ক আরো দৃঢ় করার অঙ্গীকার। জিনপিং রাশিয়ার সর্বোচ্চ রাষ্ট্রীয় পদকে ভূষিত।

**৬ জুলাই**

- প্রধানমন্ত্রীর কার্যালয়ে সকল মন্ত্রণালয়, বিভাগ ও দপ্তরের সচিবদের সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৭-'১৮ স্বাক্ষর অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশকে এগিয়ে নিতে সরকারি কর্মকর্তাদের আন্তরিকতার সঙ্গে দায়িত্ব পালনের নির্দেশ দেন। তিনি বলেন, আমরা তখনই দেশকে সামনে এগিয়ে নেয়ার লক্ষ্য অর্জনে সক্ষম হবো যখন আপনারা জনগণের সেবক হিসেবে ঠিকভাবে কাজ করবেন।
- প্রধানমন্ত্রী কন্যা এবং বাংলাদেশ অটিজম ও নিউরো ডেভেলপমেন্ট ডিজঅর্ডার বিষয়ক জাতীয় উপদেষ্টা কমিটির চেয়ারপারসন সায়মা ওয়াজেদ হোসেনকে দক্ষিণ-পূর্ব এশিয়া অঞ্চলের জন্য বিশ্বস্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) শুভেচ্ছা দূত হিসেবে নিয়োগ দেয়া হয়েছে।
- সুন্দরবনের কাছে রামপালের তাপ বিদ্যুৎকেন্দ্র নিয়ে জাতিসংঘের অঙ্গসংস্থা ইউনেস্কোর উদ্বেগের প্রশমন ঘটেছে। পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, ইউনেস্কোর ওয়ার্ল্ড হেরিটেজ কমিটি সুন্দরবনের প্রান্তী-য়সীমায় এই বিদ্যুৎকেন্দ্র নিয়ে তাদের আগের আপত্তি তুলে নিয়েছে।
- যুক্তরাষ্ট্রভিত্তিক সংস্থা হিউম্যান রাইটস ওয়াচের (এইচআরডব্লিউ) অভিযোগ আইন-শৃঙ্খলা বাহিনী শত শত মানুষকে গোপনস্থানে আটকে রেখেছে। এইচআরডব্লিউ'র অভিযোগ ভিত্তিহীন– স্বরাষ্ট্রমন্ত্রী।
- উত্তর কোরিয়ার পারমাণবিক ক্ষেপণাস্ত্র কর্মসূচি বন্ধ করতে প্রয়োজনে সামরিক হস্তক্ষেপ– যুক্তরাষ্ট্র।



- পশ্চিমা সাম্রাজ্যের ভবিষ্যৎ ঝুঁকির মুখে পড়েছে। পোল্যান্ডে সন্ত্রাসবাদ প্রসঙ্গে এক ভাষণে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

**৭ জুলাই**

- কিছু স্বার্থান্বেষী মহল ধর্মের নামে অপব্যাখ্যা দিচ্ছে, প্রত্যন্ত পল্লিতে খুতবার অপব্যাখ্যা দিচ্ছে– কুমিল্লায় এক অনুষ্ঠানে প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা।
- দেশকে অস্থিতিশীল করতে চক্রান্ত চলছে– ময়মনসিংহে সাংবাদিকদের সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের।
- সহিংস বিক্ষোভের মধ্য দিয়ে জার্মানির হামবুর্গ শহরে প্রভাবশালী বিশ্বনেতাদের দু'দিনব্যাপী জি-২০ সম্মেলন। সম্মেলনে যোগ দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প, রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন, চীনা প্রেসিডেন্ট শি জিনপিং, ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিসহ গুরুত্বপূর্ণ নেতৃবৃন্দ। হামবুর্গসহ বিভিন্ন শহরে পুঁজিবাদ বিরোধী বিক্ষোভে ১৫৯ জন পুলিশ সদস্য আহত, গ্রেফতার ২৯ জন।
- হামবুর্গে রুশ প্রেসিডেন্ট পুতিনের সঙ্গে মার্কিন প্রেসিডেন্টের প্রথম বৈঠক অনুষ্ঠিত। 'ঐতিহাসিক' এই বৈঠকে পুতিনকে ট্রাম্প বলেন, আপনার সঙ্গে বৈঠক সম্মানের ব্যাপার।

**৮ জুলাই**

- আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদের বৈঠকে সূচনা বক্তব্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা– উন্নয়নের ধারাবাহিকতা রাখতে জনগণ আবারো আওয়ামী লীগকে ভোট দেবে।
- হলি আর্টিজান হামলার অন্যতম পরিকল্পনাকারী ও অস্ত্র জোগানদাতা জেএমবি'র ভারত শাখার সাবেক প্রধান সোহেল মাহফুজ ওরফে হাতকাটা মাহফুজ ওরফে নসরুল্লাহ গ্রেফতার।
- কবি ও কলামিস্ট ফরহাদ মজহারকে অপহরণের প্রমাণ মেলেনি– পুলিশের আইজি একেএম শহীদুল হক।
- চট্টগ্রামের শাহ আমানত বিমানবন্দর সড়কের তিনটি সেতুর নির্মাণ কাজ প্রধানমন্ত্রীর নির্দেশের পর অবিশ্বাস্য দ্রুততায় শেষ হয়েছে। চট্টগ্রাম সিটি কর্পোরেশন (চসিক) সেতুগুলো যান চলাচলের জন্য খুলে দিয়েছে।
- ঢাকা মহানগরীর জলাবদ্ধতা নিরসনে ৫ হাজার ২৮৬ কোটি ৯১ লাখ টাকা ব্যয়ে রাজধানীর পূর্বাচল লিংক রোডের উভয় পাশে কুড়িল থেকে বালু নদী পর্যন্ত ১শ' ফুট চওড়া খাল খনন শুরু।

- জি-২০ শীর্ষ সম্মেলন সমাপ্ত। ডোনাল্ড ট্রাম্পকে ছাড়াই জলবায়ু চুক্তিতে অটল বিশ্বের অন্য নেতৃবৃন্দ।
- সিরিয়ায় যুদ্ধবিরতিতে একমত যুক্তরাষ্ট্র ও রাশিয়া।

**৯ জুলাই**

- ঢাকা সেনানিবাসের 'সেনা সদর নির্বাচনী পর্ষদ-২০১৭' উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, মাঠ পর্যায়ে সাফল্য, মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাস, সততা এবং প্রশিক্ষণে দক্ষতাই সেনাবাহিনীর কর্মকর্তাদের পদোন্নতির জন্য সব থেকে গুরুত্বপূর্ণ মানদণ্ড হওয়া উচিত।
- জাতীয় সংসদে পাস হওয়া ষোড়শ সংশোধনী সর্বোচ্চ আদালতের রায়ে বাতিল হওয়ায় সরকার ও বিরোধীদলের সংসদ সদস্যদের তীব্র ক্ষোভ ও অসন্তোষ প্রকাশ। তাঁরা বলেছেন, পাকিস্তান ছাড়া সুপ্রিম কোর্টের বিচারপতিদের অভিশংসনে জুডিশিয়াল কাউন্সিল পদ্ধতি আর কোথাও নেই।
- ঢাকা সফররত উদ্বাস্তু বিষয়ক জাতিসংঘের হাইকমিশনার (ইউএনএইচসিআর) ফিলিপ্পো গ্রান্ডির সঙ্গে বৈঠকে পররাষ্ট্রমন্ত্রী এ এইচ মাহমুদ আলী– বাংলাদেশ থেকে রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে মিয়ানমার সরকারকে কার্যকর উদ্যোগ গ্রহণের কথা বলার জন্য জাতিসংঘের উদ্বাস্তু বিষয়ক হাইকমিশন প্রধানের প্রতি আহ্বান।
- একাদশ জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে রোডম্যাপ চূড়ান্ত করেছে নির্বাচন কমিশন (ইসি)। ঘোষিত রোডম্যাপ অনুযায়ী আগামী ৩১ জুলাই সুশীলসমাজের প্রতিনিধিদের সঙ্গে আলোচনার মধ্য দিয়ে সংলাপের প্রক্রিয়া শুরু করবে নির্বাচন কমিশন। আর আগস্ট থেকে অক্টোবর পর্যন্ত তিন মাসব্যাপী আলোচনা চলবে রাজনৈতিক দলগুলোর সঙ্গে।
- বাংলাদেশ ও ভারত দুই দেশের 'কমন মোস্ট ওয়ান্টেড' গুলশান হলি আর্টিজান বেকারিতে জঙ্গি হামলার অন্যতম পরিকল্পনাকারী ও অস্ত্র, বোমা জোগানদাতা জঙ্গি হাতকাটা সোহেল মাহফুজকে সাত দিনের রিমান্ড দিয়েছে আদালত।
- নতুন নীতিমালা না হওয়া পর্যন্ত যৌথ প্রযোজনায় চলচ্চিত্র নির্মাণ বন্ধের সিদ্ধান্ত নিয়েছে তথ্য মন্ত্রণালয়।
- সচিবালয়ে প্রস্তাবিত ডিজিটাল নিরাপত্তা আইনের খসড়া নিয়ে মতবিনিময় সভা শেষে সাংবাদিকদের আইনমন্ত্রী আনিসুল হক বলেন, তথ্যপ্রযুক্তি আইনের (আইসিটি) ৫৭ ধারার বিষয়ে সিদ্ধান্ত হবে আগামী আগস্ট মাসে। এই অ্যাক্টের ৫৭ ধারায় যাতে সাংবাদিকরা হয়রানি না হয় সেই ব্যবস্থা নেয়া হবে।



- চিকনগুনিয়ায় আক্রান্তদের ক্ষতিপূরণ কেন দেয়া হবে না তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট।
- জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল (জামুকা) ৪৪তম সভার সিদ্ধান্ত অনুযায়ী গেজেট প্রকাশ– মুক্তিযুদ্ধে পাকিস্তানি বাহিনী এবং রাজাকারদের হাতে নির্যাতিত আরও ১৫ জন বীরাঙ্গনাকে মুক্তিযোদ্ধার স্বীকৃতি দিয়েছে সরকার। এ পর্যন্ত মোট ১শ' ৮৫ জন বীরাঙ্গনাকে স্বীকৃতি দেয়া হলো।
- আওয়ামী লীগের খুলনা বিভাগীয় কর্মী সমাবেশে ওবায়দুল কাদের– আন্দোলনে পরাজিত বিএনপি আগামী জাতীয় নির্বাচনে অংশ নিয়েও পরাজিত হবে। তারা গত আট বছরে বারবার হুমকি দিয়ে আন্দোলনে পরাজিত হয়েছে। বিএনপির মরা গাঙ্গে আর জোয়ার আসবে না।
- চীন-ভারত উত্তেজনা। সিকিমের ডোকালামে এবার তাবু ফেলতে শুরু করল ভারতীয় সেনাবাহিনী।

**১০ জুলাই**

- দেশের শীর্ষস্থানীয় ১০০ ঋণ খেলাপি প্রতিষ্ঠান ও ব্যক্তির নামের তালিকা জাতীয় সংসদে প্রকাশ করেছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। একইসঙ্গে তিনি এক লাখ ১১ হাজার ৩৪৭ কোটি টাকা খেলাপি ঋণের তথ্যও প্রকাশ করেছেন। ঋণ খেলাপিদের মধ্যে রয়েছেন দু'জন ব্যক্তি, বাকি সব প্রতিষ্ঠান।
- মন্ত্রিসভায় শ্রীলংকার সঙ্গে ভিসা অব্যাহতি চুক্তির প্রস্তাব অনুমোদন। এসময় প্রধানমন্ত্রী শেখ হাসিনা 'বাংলাদেশে যুদ্ধাপরাধ-১৯৭১' শিরোনামে স্মারক ডাকটিকিট অবমুক্ত ও অ্যালবামের মোড়ক উন্মোচন করেন।
- ১৯৯৪ সালে সংগঠিত আনসার বিদ্রোহের অভিযোগ থেকে খালাস পাওয়া এক হাজার ৪৪৭ জনের মধ্যে যাদের বয়স ও শারীরিক সক্ষমতা আছে তাদের চাকুরিতে পুনর্বহালের নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। যাদের চাকরির বয়স শেষ হয়ে গেছে, তাদের চাকরিবিধি অনুযায়ী পেনশন সুবিধা দিতে সরকারকে নির্দেশ দেয়া হয়েছে।
- আপিল খারিজ। হানিফ ফ্লাইওভারে সিঁড়ি অপসারণের নির্দেশ বহাল।
- নির্বাচন কমিশনে (ইসি) ১৮ জেলা নির্বাচন কর্মকর্তা বদলি।
- রোহিঙ্গা প্রত্যাবাসনে কাজ চলছে। জাতিসংঘের শরণার্থী বিষয়ক হাইকমিশনারের নেতৃত্বে ১০ সদস্যের প্রতিনিধি দলের কক্সবাজারের উখিয়া, কুতুবপালন শরণার্থী ক্যাম্প পরিদর্শন।

- ভারতের পশ্চিমবঙ্গের গজল ডোবা ব্যারেজের সব কয়টি গেট খুলে দেয়ায় তিস্তা তীরবর্তী নীলফামারী, রংপুর, লালমনিরহাট, কুড়িগ্রাম, গাইবান্ধাসহ বিস্তীর্ণ এলাকা প্লাবিত। পানিবন্দী লাখো মানুষের মানবেতর জীবনযাপন।
- চীনা বিশেষজ্ঞের হুমকি। ভারত ডোকালাম থেকে সেনা না সরালে কাশ্মিরে ঢুকবে চীনা বাহিনী।

**১১ জুলাই**

- চট্টগ্রাম শহরের লালখানবাজার থেকে শাহ আমানত বিমানবন্দর পর্যন্ত এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ করা হবে– প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন শেখ হাসিনার সভাপতিত্বে একনেক বৈঠকে এ প্রকল্পের অনুমোদন দেয়া হয়। সরকারের নিজস্ব তহবিল হতে ৩ হাজার ২৫০ কোটি টাকা ব্যয়ে ২০২০ সালের মধ্যে এই এক্সপ্রেসওয়ে নির্মাণের লক্ষ্য রয়েছে।
- স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের অংশগ্রহণকারী মুক্তিযুদ্ধকালে গঠিত সাংস্কৃতিক সংগঠনের আরও ৫৮ জন শব্দ সৈনিককে মুক্তিযোদ্ধার স্বীকৃতি দিয়েছে সরকার।
- জাতীয় পরিচয়পত্র (এনআইডি) না থাকলেও ৩৮তম বিসিএসে আবেদন করা যাবে বলে জানিয়েছে সরকারি কর্মকমিশন (পিএসসি)।
- বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে সারাদেশে বিশ্ব জনসংখ্যা দিবস উদযাপিত।
- ভারত নিয়ন্ত্রিত কাশ্মিরের অমরনাথে পুণ্যার্থীদের বাসে সন্ত্রাসী হামলায় ৭জন নিহত এবং ২০জন আহত। দিল্লিতে সতর্কতা জারি। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নিন্দা।
- ইরাক ও সিরিয়াভিত্তিক জঙ্গি সংগঠন ইসলামিক স্টেটের (আইএস) স্বঘোষিত 'খলিফা' আবু বকর আল বাগদাদি নিহত হয়েছেন।
- ভারতে গরু জবাই ও জবাই করার জন্য গরু বিক্রির ওপর আরোপিত নিষেধাজ্ঞা স্থগিত করেছে দেশটির সুপ্রিম কোর্ট।

**১২ জুলাই**

- জাতীয় সংসদে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, একটি সুখী, সমৃদ্ধ ও স্বনির্ভর বাংলাদেশ বিনির্মাণে ৪২ বছর আগে বঙ্গবন্ধু যে মশাল জ্বালিয়ে রেখে গিয়েছিলেন, তার সুযোগ্য উত্তরসুরিরা আজও নিষ্ঠার সঙ্গে তা বহন করে চলেছেন। আওয়ামী লীগ বঙ্গবন্ধুর স্বপ্নের সিঁড়ি বেয়ে বাংলাদেশকে সমৃদ্ধির পথে এগিয়ে নিয়ে যাচ্ছে। জনগণের কল্যাণে কাজ করে আজকে ১৬ কোটি জনগণের আস্থা ও সমর্থনের প্রতীকে পরিণত হয়েছে। এরই ধারাবাহিকতায় নিশ্চিতভাবে বাংলাদেশ ২০৪১ সালের আগেই উন্নত-সমৃদ্ধ বাংলাদেশে পরিণত হবে।



- বরিশাল-ভোলা সড়কে সেতু নির্মাণসহ ১ হাজার ১০৪ কোটি টাকা ব্যয়ে মোট ১০টি ক্রয় প্রস্তাবে অনুমোদন দিয়েছে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি।
- স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী এবং আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য মোহাম্মদ নাসিম চিকনগুনিয়া সম্পর্কে ভয় কাটাতে জনসচেতনতা কার্যক্রম জোরদারে চিকিৎসকদের আরো তৎপর হওয়ার আহ্বান জানান।
- জ্ঞানতাপস ও বহুভাষাবিদ ড. মুহম্মদ শহীদুল্লাহ'র ৪৮তম মৃত্যুবার্ষিকী পালিত।
- বন্যায় দেশের ১৩ জেলায় সাড়ে ৬ লাখ মানুষ ক্ষতিগ্রস্ত– সচিবালয়ে বন্যা পরিস্থিতি নিয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া।
- অবসর সুবিধা ও কল্যাণ ট্রাস্ট খাতে শিক্ষক-কর্মচারীদের বেতন ১০ শতাংশ চাঁদা কাটার সিদ্ধান্ত সরকারের। তীব্র আন্দোলনের হুমকি শিক্ষক সংগঠনগুলোর। সিদ্ধান্ত প্রত্যাহারে তিন দিনের আল্টিমেটাম।
- অপহরণের ঘটনায় ফরহাদ মজহারের জবানবন্দির সঙ্গে প্রাপ্ত তথ্যের মিল নেই– ডিএমপি কমিশনার।
- সুইস ব্যাংকে খুব বেশি বাংলাদেশীর টাকা নেই– সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে অর্থমন্ত্রী।
- জঙ্গি অর্থায়নের বিরুদ্ধে লড়তে মার্কিন যুক্তরাষ্ট্র ও কাতার চুক্তি 'অপর্যাপ্ত'। দোহার সফরকালে মার্কিন পররাষ্ট্রমন্ত্রী রেক্স টিলারসন।
- যুক্তরাষ্ট্রের আলোচিত ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষা ব্যবস্থা 'টার্মিনাল হাই আলটিচুড এরিয়া ডিফেন্স বা থাড'র সফল পরীক্ষা চালানোর দাবি দেশটির সেনাবাহিনীর। আলাস্কায় এ পরীক্ষা চালানো হয়।

**১৩ জুলাই**

- তিনদিনের সফরে ঢাকায় শ্রীলংকার প্রেসিডেন্ট মাইথ্রিপালা সিরিসেনা। বিমানবন্দরে লালগালিচা সংবর্ধনা। রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও সিনিয়র মন্ত্রীরা তাঁকে অভ্যর্থনা জানান।
- জাতীয় সংসদের বাজেট অধিবেশনের সমাপনী ভাষণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, ভ্যাট আইন স্থগিত হওয়ায় চলতি অর্থবছরে ২০ হাজার কোটি টাকার রাজস্ব আদায় কম হবে। তাই বাজেট বাস্তবায়নে বিকল্প ব্যবস্থা নিতে হবে।
- রাজধানীর বনানীতে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের দুই ছাত্রী ধর্ষণ মামলায় শাফাত আহমেদসহ পাঁচ আসামির বিরুদ্ধে অভিযোগ গঠন করেছে ট্রাইব্যুনাল।

- একুশে পদক-২০১৮ এর জন্য মনোনয়ন আহ্বান করেছে সংস্কৃতি মন্ত্রণালয়।
- স্বাধীন বিচার ব্যবস্থার জন্য বিচারকদের সুবিধা বৃদ্ধি ও প্রশিক্ষণ আবশ্যক– আইনমন্ত্রী আনিসুল হক।
- ভিয়েতনাম থেকে আমদানির ২০ হাজার টন চালের প্রথম চালান চট্টগ্রামে পৌঁছেছে।
- অবৈধভাবে চাল মজুদ করে বাজার অস্থিতিশীল করায় ১৬ হাজার মিল মালিককে তিন বছরের জন্য কালো তালিকাভুক্ত করার সিদ্ধান্ত সরকারের।
- মালয়েশিয়ার নিউ স্টেটস টাইমস প্রতিবেদন প্রকাশিত– মালয়েশিয়ায় বিশেষ কর্মসূচির আওতায় গত ১৫ বছরে 'সেকেন্ড হোম' বা দ্বিতীয় বাড়ি গড়ার সুবিধা নিয়েছে সাড়ে তিন হাজারের বেশি বাংলাদেশি। বিভিন্ন দেশের ৩৩ হাজারের বেশি মানুষের মধ্যে বাংলাদেশিদের অবস্থান তৃতীয়।
- যুক্তরাষ্ট্রের প্রতিবেদন– পুরো চীনে আঘাত হানতে সক্ষম ক্ষেপণাস্ত্র তৈরি করছে ভারত।
- ব্রাজিলের সাবেক প্রেসিডেন্ট লুলা দ্য সিলভা দুর্নীতির অভিযোগে দোষী সাব্যস্ত। সাড়ে ৯ বছরের কারাদণ্ড প্রদান।
- কাতারের বিরুদ্ধে কোন সামরিক পদক্ষেপ নেয়া হলে মধ্যপ্রাচ্যকে চরম পরিণতি ভোগ করতে হবে বলে হুঁশিয়ারি কাতারের পররাষ্ট্রমন্ত্রীর।

**১৪ জুলাই**

- বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে শ্রীলংকার প্রেসিডেন্ট মাইথ্রিপালা সিরিসেনার সাক্ষাৎ। যৌথ উদ্যোগ গ্রহণের মাধ্যমে দু'দেশের বাণিজ্য ও বিনিয়োগের সম্ভাবনা খুঁজতে রাষ্ট্রপতির আহ্বান।
- প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও শ্রীলংকার প্রেসিডেন্ট মাইথ্রিপালা সিরিসেনার মধ্যে আনুষ্ঠানিক বৈঠক অনুষ্ঠিত। বৈঠকে বাংলাদেশ ও শ্রীলংকার মধ্যে চলতি বছরেই সই হবে মুক্ত বাণিজ্য চুক্তি (এফটিএ) এবং দু'দেশের মধ্যে এক চুক্তি ও ১৩ এমওইউ স্বাক্ষরিত। চট্টগ্রাম-কলম্বো সরাসরি জাহাজ চলবে।
- দেশের ২৯ ইউপি নির্বাচনে ২২টিতে আওয়ামী লীগ জয়ী। তৃণমূলে বিজয়ীরা আগামী জাতীয় নির্বাচনেও জয়ী হবেন– আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের।



- জলবায়ু পরিবর্তন নিয়ে এডিবির প্রতিবেদন প্রকাশ– দক্ষিণ এশিয়ায় বাংলাদেশের কৃষি সবচেয়ে বেশি ঝুঁকিতে।
- আইএস ও আল-কায়দাকে অর্থায়ন করে সৌদি আরব-আমিরাত। গোপন নথি প্রকাশ করেছে কাতার।
- কাশ্মির নিয়ে পাকিস্তানের সঙ্গে চীনের মধ্যস্ততার প্রস্তাব প্রত্যাখ্যান করেছে ভারত।

**১৫ জুলাই**

- প্রধানমন্ত্রীর কার্যালয়ে স্পেশাল সিকিউরিটি ফোর্স (এসএসএফ) এর ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, নিরাপত্তার কারণে যেন জনগণ থেকে বিচ্ছিন্ন না হই। জনগণকে দেয়া ওয়াদা পূরণের লক্ষ্য নিয়েই কাজ করছে বর্তমান সরকার।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার কারাবন্দি দিবস আজ।
- চিকনগুনিয়া ঠেকাতে সাঁড়াশি অভিযান। মশা নিধনে অবহেলা, চাকরি গেছে ১০৯ কর্মীর। ঔষধ ছিটানো আরো জোরদার করা হয়েছে– ঢাকার দুই মেয়র।
- দুর্যোগে ক্ষতিগ্রস্ত মানুষ পুষিয়ে না ওঠা পর্যন্ত সরকারি সাহায্য অব্যাহত থাকবে– বগুড়ার সারিয়াকান্দিতে বন্যাদুর্গত এলাকা পরিদর্শন শেষে জনসমাবেশে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া।
- বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণের কাজ ৮৮ ভাগ সম্পন্ন। টার্গেট এ বছর ১৬ ডিসেম্বরের মধ্যে উৎক্ষেপণ– গাজীপুরে ডাক, টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী তারানা হালিম এমপি।
- ঘরে ঘরে গিয়ে মশা মারা সম্ভব নয়। মশার কাড়ে চিকনগুনিয়া রোগ ছড়ানো নিয়ে নিজের এই বক্তব্যের জন্য দুঃখ প্রকাশ করলেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র আনিসুল হক।
- মার্কিন নির্বাচনে রুশ সংশ্লিষ্টতা নিয়ে গণমাধ্যমের খবর। ট্রাম্প পুত্রের সঙ্গে বৈঠকে সাবেক রুশ গোয়েন্দাও ছিলেন।

**১৬ জুলাই**

- বন্যায় ফসলহানি হলেও খাদ্য ঘাটতি হবে না– রাজধানীতে ওসমানী স্মৃতি মিলনায়তনে 'বঙ্গবন্ধু' জাতীয় কৃষি পুরস্কার-১৪২১ ও ১৪২২ প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- প্রতিটি ভোটকেন্দ্রে এখনই নির্বাচনী কমিটি গড়ে তুলুন– চট্টগ্রামে আওয়ামী লীগের প্রতিনিধিসভায় সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের।

- নির্বাচন কমিশন (ইসি) ঘোষিত রোডম্যাপকে বাস্তবসম্মত দাবি করে তা গ্রহণ এবং নির্বাচনে অংশ নিতে সব দলের প্রস্তুতি নেয়া উচিত– সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ।
- সাভারের আশুলিয়ার জঙ্গি আস্তানায় র‌্যাবের অভিযান। চার জঙ্গির আত্মসমর্পণ। আস্তানা থেকে বিপুল পরিমাণ বিস্ফোরক দ্রব্য উদ্ধার।
- প্রতিষ্ঠানের নাম থেকে 'ক্যাডেট' ও 'ইন্টারন্যাশনাল' শব্দ বাদ দিতে দেশের মাদ্রাসাগুলোকে নির্দেশ শিক্ষা মন্ত্রণালয়ের।
- প্রথমবারের মতো সেরা সৈনিকের পুরস্কার পেয়েছেন নারীসৈনিক পাপিয়া আক্তার। সীমান্তরক্ষী বর্ডার গার্ড বাংলাদেশে (বিজিবি) তৃতীয়বারের মতো নিয়োগ পেয়েছেন ৯৭ জন নারী সদস্য।
- তুরস্কের 'ব্যর্থ অভ্যুত্থানের' প্রচেষ্টাকারীদের মাথা কেটে নেয়ার হুমকি দেশটির প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোগানের।
- ভারতে নেতাজী সুভাষ চন্দ্র বোসের মৃত্যু বিমান দুর্ঘটনায় হয়নি– ফরাসি এক গোপন রিপোর্টে দাবি করা এই রিপোর্ট অনুযায়ী নেতাজী সুভাষ বোস ১৯৪৭ সালের ১১ ডিসেম্বর পর্যন্ত বেঁচে ছিলেন।

**১৭ জুলাই**

- মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, এতিমের টাকা মেরে খেয়ে একটি মহল এখন নির্বাচন করতে চায়। নির্বাচন নিয়ে তারা ষড়যন্ত্র করছে।
- চিকনগুনিয়া প্রতিরোধে রাজধানীর দুই সিটি কর্পোরেশনের মশক নিধন কর্মসূচি জোরদার করতে ডিএসসিসি'র সব কর্মকর্তা-কর্মচারীদের সাপ্তাহিকসহ অন্যান্য ছুটি বাতিল ঘোষণা। পরবর্তী সিদ্ধান্ত না দেয়া পর্যন্ত এই সিদ্ধান্ত বলবৎ থাকবে।
- ভিয়েতনাম থেকে আমদানি করা চালের দ্বিতীয় চালান চট্টগ্রাম বন্দরে পৌঁছেছে।
- চট্টগ্রামের সীতাকুণ্ডে ৯ শিশু মৃত্যুর কারণ হাম। ২০ বছর তাদেরকে টিকা দেয়া হয়নি। মহাখালীতে রোগতত্ত্ব রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (আইইডিসির) মিলনায়তনে সংবাদ সম্মেলনে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক।
- জঙ্গি দমন, জঙ্গিদের অস্ত্র ও অর্থের উৎস সম্পর্কে তথ্য বিনিময়ে ভারতীয় জাতীয় তদন্ত সংস্থার (এনআইএ) একটি টিম ঢাকায় পৌঁছেছে।
- ভারতের রাষ্ট্রপতি নির্বাচনে ভোটগ্রহণ সম্পন্ন। ফল প্রকাশ ২০ জুলাই।



- সিরিয়ায় যুদ্ধের বলি ৩ লাখ ৩০ হাজার। রাকায় যুক্তরাষ্ট্রের বিমান হামলা জোরদার।
- কাতারের ওপর আন্তর্জাতিক নজরদারির আহ্বান আরব আমিরাতের।

**১৮ জুলাই**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর তেজগাঁও কার্যালয় চত্বরে 'আকাশ নীম' এবং 'রুদ্রপলাশ' নামের দুইটি গাছের চারা রোপণ করেন। পরে তিনি বাগান ঘুরে দেখেন এবং পরিবেশ রক্ষা ও বাস্তুসংস্থানের ভারসাম্য বজায় রাখতে বর্ষাকালে আরো বেশি চারাগাছ লাগানোর জন্য সকলের প্রতি আহ্বান জানান।
- দেশের বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানে ব্যবহৃত নিবন্ধনহীন বয়লার ৬০ দিনের মধ্যে বন্ধের নির্দেশ দিয়েছে হাইকোর্ট।
- চট্টগ্রামে পাচারকালে ৯৫৫ মে. টন সরকারি চাল উদ্ধার করেছে র‌্যাব। গুদামের ম্যানেজারসহ আটক ৫।
- রাজধানীর মিরপুরে ২০১৩ সালে গৃহকর্মী আদুরি (১১) নির্যাতনের মামলায় গৃহকর্ত্রী নওরীন জাহান নদীকে যাবজ্জীবন কারাদণ্ড ও ১ লাখ টাকা জরিমানা করেছে আদালত।
- রাজধানীতে ন্যাশনাল ডিফেন্স কলেজের অনুষ্ঠানে ভারতের হাইকমিশনার হর্ষবর্ধন শ্রিংলা বলেন, বাংলাদেশ এবং ভারতের জনগণের সম্পর্ক অতীতের যেকোন সময়ের চেয়ে এখন অনেক শক্তিশালী। আমাদের দ্বিপক্ষীয় সম্পর্ক ঘনিষ্ঠ দুই প্রতিবেশী দেশের সম্পর্কের জন্য মডেল।
- টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) বাস্তবায়নে বাংলাদেশের অগ্রগতি জাতিসংঘের সদর দপ্তরে উপস্থাপন করা হয়। প্রতিবেদনে এসডিজিকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সর্বোচ্চ গুরুত্বপূর্ণ এজেন্ডা হিসেবে উল্লেখ করা হয়েছে।
- নৌপরিবহন অধিদপ্তরে দুদকের ফাঁদ। ঘুষ নেয়ার সময় প্রধান প্রকৌশলী এ কে এম ফখরুল ইসলাম আটক।
- ঢাকা বিশ্ববিদ্যালয়ে সামাজিক বিজ্ঞান ভবনে টেলিভিশন স্টুডিও'র আনুষ্ঠানিক যাত্রা শুরু। এই স্টুডিও'র উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয় উপাচার্য অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক।
- প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা বলেছেন, বিচার বিভাগকে কোণঠাঁসা করে দেশের মঙ্গল হয় না। ভ্রাম্যমাণ আদালতের মেয়াদ আরো দুই সপ্তাহ বাড়লো।

- ভারতের বর্ধমানের খাগড়াগড় বিস্ফোরণে তথ্য পেতে শীর্ষ জঙ্গি নেতা সোহেল মাহফুজকে দিনভর জেরা করেছেন এনআইএ ও এসটিএফ। ভারতের জাতীয় গোয়েন্দা সংস্থা (এনআইএ) ও কলকাতা পুলিশের স্পেশাল টাস্কফোর্সের (এসটিএফ) সঙ্গে কাউন্টার টেরোরিজম কর্মকর্তাদের বৈঠক অনুষ্ঠিত।
- মালয়েশিয়া-বাংলাদেশ বৈঠক। বৈধ হওয়ার সুযোগ ৩১ ডিসেম্বর পর্যন্ত। আটক অভিযান বন্ধ থাকবে।

**১৯ জুলাই**

- জাতীয় মৎস্য সপ্তাহ-২০১৭ (১৮-২৪ জুলাই) উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা সামান্য মুনাফার লোভে মাছে রাসায়নিক বা ভেজাল না দিতে মৎস্য ব্যবসায়ীর সাথে সম্পৃক্ত সকলের প্রতি আহ্বান জানান। এসময় তিনি সমুদ্রে বিপুল মৎস্য সম্ভাবনার কথা তুলে ধরেন।
- রাজধানীতে ঢাকার উন্নয়ন শীর্ষক আন্তর্জাতিক সম্মেলনে বিশ্ব ব্যাংকের প্রতিবেদন– ঢাকায় যানজটের কারণে প্রতিদিন ৩২ লাখ কর্মঘণ্টা নষ্ট হয়।
- যুক্তরাজ্যের লন্ডনে অবস্থানরত বিএনপি'র সিনিয়র ভাইস চেয়ারম্যান তারেক রহমানের কাছে বাংলাদেশের পাসপোর্ট বা বৈধ কোন কাগজ নেই– কয়েকটি বেসরকারি চ্যানেলকে দেয়া এক সাক্ষাৎকারে পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম।
- চট্টগ্রাম সমুদ্র বন্দর ও বেনাপোল স্থলবন্দর ২৪ ঘণ্টা খোলা রাখার সিদ্ধান্ত নিয়েছে সরকার।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার কর্মময় জীবন নিয়ে লেখা গ্রন্থ 'দেশরত্ন শেখ হাসিনা' এর মোড়ক উন্মোচন।
- জনপ্রিয় কথাসাহিত্যিক, নাট্যকার, ঔপন্যাসিক হুমায়ূন আহমেদের পঞ্চম মৃত্যুবার্ষিকী উদযাপিত।
- দেশের খাদ্য মজুদ বাড়াতে আন্তর্জাতিক দরপত্রের মাধ্যমে ৫০ হাজার মে. টন চাল আমদানিসহ দুই হাজার ২৯৫ কোটি টাকার মোট ১২টি ক্রয় প্রস্তাব অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা কমিটি।
- জঙ্গি সোহেলকে জেরা করার জন্য ভারতের এনআইএ'র কোন দল বাংলাদেশে আসেনি– ঢাকা মেট্রোপলিটন সদর দপ্তরে সাংবাদিকদের পুলিশ কমিশনার আছাদুজ্জামান মিয়া।
- বিরোধপূর্ণ ডোকালাম অঞ্চল নিয়ে টানাপোড়েনের মধ্যে ভারতকে সরাসরি যুদ্ধের হুমকি দিয়েছে চীন। যুদ্ধের মতো পরিস্থিতি হয়নি বলে মনে করে নয়াদিল্লি।



- চলতি মাসে জার্মানিতে জি-২০ শীর্ষ সম্মেলনে রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সঙ্গে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের গোপন বৈঠকের খবর ফাঁস করেছে বিবিসি'র রয়টার্স ও আল-জাজিরা।

**২০ জুলাই**

- বাংলাদেশ শিল্পকলা একাডেমি আয়োজিত শিল্পকলা পদক প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেছেন, জঙ্গিবাদ ও সন্ত্রাসবাদের বিরুদ্ধে বাঙালির সংস্কৃতির ঐতিহ্য গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। সেজন্য সংস্কৃতি চর্চা বাড়াতে হবে।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশ নেটওয়ার্ক ফর এনসিডি কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশনের একটি প্রতিনিধিদলের সঙ্গে সাক্ষাৎকালে বলেন, ইয়াবাসহ অন্যান্য মাদক চোরাচালান রোধে নাফ নদীতে মাছ ধরা বন্ধ রাখার নির্দেশ দেয়া হয়েছে। এখান থেকে মাছ ধরার নৌকায় মাদক পাচার হয়। এই বিষয়ে মিয়ানমার সরকারের সঙ্গেও আলোচনা চলছে।
- ৩৫তম বিসিএস থেকে রেকর্ডসংখ্যক ২ হাজার ১৬৩ জনকে শুধু নন-ক্যাডার পদে নিয়োগের সুপারিশ করেছে সরকারি কর্মকমিশন (পিএসসি)।
- তথ্য ও যোগাযোগপ্রযুক্তি (আইসিটি) আইন থেকে ৫৭ ধারা সম্পূর্ণ প্রত্যাহার এবং নতুন কোন আইনে এই ধারা পুনঃপ্রতিষ্ঠার উদ্যোগ নেয়া থেকে বিরত থাকতে সরকারের কাছে দাবি জানিয়েছে সম্পাদক পরিষদ। পরিষদ বলছে, এই ধারা সংবিধান পরিপন্থি এবং সংবিধানে রক্ষিত স্বাধীন মতপ্রকাশ ও সাংবাদিকতার প্রতি হুমকি।
- পরীক্ষার তারিখ ও সময়সূচি ঘোষণার দাবিতে রাজধানীতে ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত সরকারি সাত কলেজের শিক্ষার্থী-পুলিশ সংঘর্ষে আহত শতাধিক। অধিভুক্ত সাত কলেজের পরীক্ষার তারিখ চূড়ান্ত।
- খালেদা টেমস নদীর তীরে বসে সহায়ক সরকারের রূপরেখা করছেন– ব্রাহ্মণবাড়িয়ায় সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের।
- বিরোধী জোটের প্রার্থী লোকসভার সাবেক স্পিকার মীরা কুমারকে বিপুল ভোটে হারিয়ে ভারতের ১৪তম রাষ্ট্রপতি হলেন এনডিএ প্রার্থী কোবিন্দ রামনাথ। বাংলাদেশের রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর অভিনন্দন।
- সীমান্ত বিরোধ নিয়ে ভারতীয় পররাষ্ট্রমন্ত্রী সুষমা স্বরাজ– চীন সেনা সরালে ভারতও সরাবে।

**২১ জুলাই**

- জাতির পিতা বঙ্গবন্ধুর ছবি বিকৃতির অভিযোগে বরিশালের আগৈলঝড়ার সাবেক উপজেলা নির্বাহী কর্মকর্তা গাজী তারেক সালমানের বিরুদ্ধে দায়ের করা মামলার বাদী ওবায়েদ উল্লাহ সাজুকে আওয়ামী লীগ থেকে সাময়িক বহিষ্কার। একইসঙ্গে তাকে কেন স্থায়ীভাবে দল থেকে বহিষ্কার করা হবে না, তা জানতে চেয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রধানমন্ত্রী ও দেশবাসীর প্রতি ইউএনও'র কৃতজ্ঞতা প্রকাশ।
- বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া বিদেশে বসে ষড়যন্ত্র করছেন, তারা সরকারের বিরুদ্ধে মিথ্যা ডকুমেন্টস বানিয়েছে– গণভবনে আওয়ামী লীগের স্থানীয় সরকার নির্বাচন মনোনয়ন বোর্ডের সভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ সময় তিনি দলে অনুপ্রবেশকারীদের বিষয়ে ক্ষুব্ধ প্রতিক্রিয়া ব্যক্ত করে বিভিন্ন দল থেকে আসা নেতাকর্মীদের আওয়ামী লীগে যোগ দেয়াসহ পদ-পদবি পাওয়ার ঘটনায় বিস্ময় প্রকাশ করেন। অ্যাডভোকেট আবদুল মতিন খসরুকে আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য করার সিদ্ধান্ত।
- খালেদা জিয়া জেলের ভয়ে দেশ ছেড়েছেন– ফরিদপুরে স্থানীয় সরকারমন্ত্রী ইঞ্জিনিয়ার খন্দকার মোশাররফ হোসেন।
- রাজধানীতে স্টাডি ইন ইন্ডিয়া শীর্ষক দু'দিনব্যাপী শিক্ষামেলা শুরু। ভারতের বিভিন্ন অঞ্চলের ত্রিশটিরও বেশি বিশ্ববিদ্যালয়, কলেজ এবং আবাসিক স্কুল অংশ নিয়েছে।
- চট্টগ্রামে সীতাকুণ্ডে নতুন করে পাহাড় ধ্বসে নারী ও শিশুসহ নিহত ৫।
- ইসরায়েল অধিকৃত পূর্ব জেরুজালেমের আল-আকসা মসজিদে প্রবেশের নিষেধাজ্ঞাকে কেন্দ্র করে সংঘর্ষে ইসরায়েলী পুলিশের গুলিতে ৩ ফিলিস্তিনি নিহত।
- ভেনিজুয়েলায় সরকারবিরোধী ধর্মঘটে পুলিশ ও বিক্ষোভকারী সংঘর্ষে নিহত ৩। ধর্মঘটে যোগ দিয়েছে ১০ লক্ষাধিক মানুষ।
- সৌদি আরবে নিরাপত্তা ব্যবস্থার পদগুলোতে ব্যাপক রদবদল এনেছেন সৌদি বাদশা সালমান। নতুন করে গঠন করা হয়েছে দেশটির সিকিউরিটি কাউন্সিল।
- হোয়াইট হাউসের প্রেস সেক্রেটারি শ্যান স্পাইসারের পদত্যাগ।



**২২ জুলাই**

- রাজধানীর আশকোনায় হজ কার্যকরী উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, ইসলামের নামে জঙ্গি তৎপরতা চালিয়ে মানুষ হত্যার জন্য বিদেশে বাংলাদেশের ভাবমূর্তি ক্ষুণ্ন হচ্ছে। কয়েকটা বিপথগামী লোকের কারণে আজ মুসলিম উম্মাহ বিপদের মধ্যে পড়ে যাচ্ছে। সেজন্য আমাদের কোনমতেই দেশে ধর্মের নামে সন্ত্রাস বা জঙ্গি তৎপরতা চালাতে দেয়া হবে না।
- জাতীয় পাবলিক সার্ভিস দিবস উদযাপন। দিবসটি উপলক্ষ্যে পৃথক বাণী দিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসি-না।
- ১০ দিনের মধ্যে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন (ডিএসসিসি) এলাকায় চিকনগুনিয়া রোগ নিয়ন্ত্রণে আসবে বলে ঘোষণা দিয়েছেন মেয়র সাঈদ খোকন।
- রাজধানীর শাহবাগে শিক্ষার্থী-পুলিশ সংঘর্ষে দৃষ্টি হারানো তিতুমীর কলেজের শিক্ষার্থী সিদ্দিকুর রহমানের চোখ ভালো হওয়ার সম্ভাবনা কম বলে জানান চিকিৎসকরা। দোষী পুলিশের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে– ডিএমপি কমিশনার।
- জেরুজালেমে তিন ইসরায়েলি ছুরিকাঘাতে নিহত। ফিলিস্তিনিদের বাড়িতে অভিযান চালায় ইসরায়েল পুলিশ।
- আফগানিস্তানে মার্কিন হামলায় ১৬ পুলিশ নিহত।

**২৩ জুলাই**

- সারাদেশে ২০১৭ সালের এইচএসসি এবং সমমানের পরীক্ষার ফল প্রকাশ। গণভবনে এইচএসসি এবং সমমানের পরীক্ষার ফল গ্রহণকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা সন্তোষ প্রকাশ করে বলেছেন, ভবিষ্যৎ প্রজন্ম যেন বর্তমান বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে নিজেদের গড়ে তোলার সুযোগ পায় সেজন্য তাঁর সরকার শিক্ষার গুণগত মানোন্নয়নে সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছে। এসময় প্রধানমন্ত্রী আরো বলেন, পরীক্ষায় কত পার্সেন্ট পাস করল তা বিবেচ্য নয়, মানুষ হওয়াটাই মুখ্য।
- রাজধানীর জাতীয় পাবলিক সার্ভিস দিবস উদযাপন ও জনপ্রশাসন পদক-২০১৭ প্রদান অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশে গণতান্ত্রিক ধারা ব্যাহত করার ষড়যন্ত্র মোকাবিলায় সবসময় সতর্ক থাকার জন্য প্রজাতন্ত্রের কর্মকর্তা-কর্মচারীদের প্রতি আহ্বান জানান। অনুষ্ঠানে জনসেবায় বিশেষ অবদানের জন্য ১৪ ব্যক্তি ও এক প্রতিষ্ঠানকে জনপ্রশাসন পদক তুলে দেন প্রধানমন্ত্রী।

- মুক্তিযুদ্ধকালীন মুজিবনগর সরকারের প্রধানমন্ত্রী তাজউদ্দিন আহমেদের ৯২তম জন্মবার্ষিকী পালন।
- রাজধানীর শাহবাগে শিক্ষার্থীদের ওপর পুলিশের কাঁদানী গ্যাস ও টিয়ার শেলের আঘাতে দুই চোখে গুরুতর জখম হওয়া তিতুমীর কলেজের ছাত্র সিদ্দিকুরের বামচোখে আলো ফেরার ক্ষীণ সম্ভাবনা দেখছেন চিকিৎসকরা– জানিয়েছেন চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতালের পরিচালক অধ্যাপক ডা. গোলাম ফারুক। সিদ্দিকুরকে দেখতে হাসপাতালে যান শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ। পুলিশের তিন সদস্যের তদন্ত কমিটি গঠন।
- ভারতের রাষ্ট্রপতি প্রণব মুখার্জিকে বিদায় জানালো ভারতের সংসদ।
- ইংল্যান্ডে অনুষ্ঠিত নারী ক্রিকেটে ৯ রানে ভারতকে হারিয়ে বিশ্বকাপে চতুর্থ শিরোপা জয় ইংল্যান্ডের।

**২৪ জুলাই**

- জাতীয় চলচ্চিত্র পুরস্কার-২০১৫ প্রদান অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা চলচ্চিত্র নির্মাতাদের দেশের ইতিহাস সংস্কৃতি ও কৃষ্টিকে তুলে ধরে উন্নতমানের চলচ্চিত্র নির্মাণের আহ্বান জানিয়েছেন। সেরা চলচ্চিত্রে পুরস্কারসহ সর্বাধিক নয়টি বিভাগে জয়লাভ করেছে ভিন্নধ-ারার চলচ্চিত্র বাপজানের বায়োস্কোপ। শ্রেষ্ঠ অভিনেতা যুগ্মভাবে শাকিব খান ও মাহফুজ আহমেদ এবং অভিনেত্রী জয়া আহসান। অভিনয়ে শাবানা এবং সংগীতে ফেরদৌসি রহমানকে আজীবন সম্মাননা প্রদান।
- জাতীয় মৎস্য সপ্তাহ-২০১৭ পালন। এ উপলক্ষ্যে বঙ্গভবনের দরবার হলে আয়োজিত অনুষ্ঠানে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেছেন, মৎস্য খাত রক্ষায় নজরদারি বাড়াতে হবে।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে তথ্যপ্রযুক্তি আইনে ৫৭ ধারা প্রসঙ্গে সংশ্লিষ্ট সব পক্ষের সঙ্গে আরো আলোচনার ওপর গুরুত্বারোপ করেন।
- ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের (ডিএসসিসি) ৩ হাজার ৩৩৭ কোটি টাকার বাজেট ঘোষণা।
- শাহবাগে শিক্ষার্থীদের আন্দোলনে আহত তিতুমীর কলেজের ছাত্র সিদ্দিকুরকে উন্নত চিকিৎসার জন্য ভারতের চেন্নাই নেয়া হচ্ছে। সর্বোচ্চ চিকিৎসাসেবা প্রদানের নির্দেশ স্বাস্থ্যমন্ত্রীর।
- বাংলাদেশ থেকে ৪১৮ জন যাত্রী নিয়ে হজের প্রথম ফ্লাইট সৌদি আরবের জেদ্দায় পৌঁছেছে।



- ইউএনও গাজী তারিক সালমনকে যথাযথ আইনি সহায়তা এবং নিরাপত্তা নিতে ব্যর্থ হওয়ায় বরিশাল ও বরগুনার জেলা প্রশাসক দু'জনকে প্রত্যাহার। ঘটনা তদন্তের জন্য পাঁচ সদস্যের কমিটি গঠন করেছে মন্ত্রিপরিষদ বিভাগ।
- টানা বর্ষণে জলজটে বিপর্যস্ত বন্দরনগরী চট্টগ্রাম।
- নয়াদিল্লিতে রাষ্ট্রপতি ভবনে বিদায়ী অনুষ্ঠানে প্রণব মুখার্জি বলেন, বহুমত ও সহনশীলতাই বিশাল ভারতের প্রাণ। বহুত্ববাদী সংস্কৃতি এদেশের একমাত্র পরিচয়।

**২৫ জুলাই**

- প্রধানমন্ত্রী কার্যালয়ে তিনদিনব্যাপী জেলা প্রশাসক (ডিসি) সম্মেলন শুরু। সম্মেলনে সরকারি কর্মচারীদের ১২২ ভাগ বেতন বৃদ্ধির কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, এখন দেশের জন্য মানুষের জন্য আন্তরিকতার সঙ্গে কাজ করে যেতে হবে। সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে জেলা প্রশাসকদেরকে জনপ্রতিনিধিদের সঙ্গে সমন্বয় করে কাজ করারও নির্দেশ দেন। জেলা প্রশাসকদের করণীয় হিসেবে ২৩-দফা নির্দেশনা প্রধানমন্ত্রীর।
- মুক্ত আলোচনায় 'মোবাইল কোর্ট রাখা ও মাঠ প্রশাসনকে রাজনৈতিক প্রভাবমুক্ত করার' দাবি জেলা প্রশাসকদের।
- ময়মনসিংহ থেকে শুরু হলো সারাদেশের ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি। সুষ্ঠু নির্বাচনের স্বার্থে কারো সঙ্গে আপস নয়– প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নুরুল হুদা।
- বিরল রোগে আক্রান্ত ১২ বছরের মুক্তামণিকে উন্নত চিকিৎসার জন্য প্রয়োজনে বিদেশে পাঠানোর নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসি-না। ঢামেক হাসপাতালের বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইউনিটের সমন্বয়কারী ডা. সামন্ত লাল সেন জনকণ্ঠকে এ তথ্য নিশ্চিত করেন।
- পূর্ব লন্ডনে টানা ২৭ ঘণ্টা ঢোল বাজিয়ে গিনেস ওয়ার্ল্ড রেকর্ডসে জায়গা করে নিয়েছেন চট্টগ্রামের সাতকানিয়ার পণ্ডিত সুদর্শন দাশ।
- ভারতীয় সমাজে ঐক্যের ডাক দিয়ে ১৪তম রাষ্ট্রপতি হিসেবে শপথ নিলেন রামনাথ কোবিন্দ। কে আর রাময়ণের ৭১ বছর বয়সি কোবিন্দই ভারতের দ্বিতীয় দলিত রাষ্ট্রপতি।

**২৬ জুলাই**

- প্রধানমন্ত্রীর কার্যালয়ে বাংলাদেশে নিযুক্ত ফরাসি রাষ্ট্রদূত সোফি অবার সৌজন্য সাক্ষাৎ করতে গেলে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, নির্বাচন কমিশন একটি স্বাধীন স্বতন্ত্র প্রতিষ্ঠান এবং এটি সম্পূর্ণ স্বাধীনভাবেই কাজ করছে। এসময় প্রধানমন্ত্রী আরো বলেন, সিদ্ধান্ত গ্রহণের সর্বক্ষেত্রে নির্বাচন কমিশন স্বাধীনভাবেই কাজ করছে।

- ঢাকায় সম্মেলনে আসা ডিসিদের প্রতি রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ– পুরাতন আমলাতান্ত্রিক ধ্যান-ধারণা ছেড়ে দেশ ও জনগণের সেবক হিসেবে এবং জনগণের স্বার্থকে অগ্রাধিকার দিয়ে দায়িত্ব পালন করুন।
- ঢাকার বিভিন্ন মন্ত্রণালয়ের সঙ্গে কার্য অধিবেশনে ডিসিদের অভিযোগ। রাজনৈতিক হস্তক্ষেপের কারণে আইনানুযায়ী কাজ করা যায় না। নির্বাহী হাকিমের মাধ্যমে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা অব্যাহত রাখার দাবি ডিসিদের। সরকার ও প্রশাসনের মধ্যে সেতুবন্ধন গড়ে তোলার নির্দেশ মন্ত্রিদের।
- অটিজম আক্রান্তদের কল্যাণে নিরবচ্ছিন্ন ও উদ্ভাবনীমূলক কাজের স্বীকৃতিস্বরূপ প্রধানমন্ত্রী কন্যা ও বঙ্গবন্ধুর নাতনি সায়মা ওয়াজেদ 'ইন্টারন্যাশনাল চ্যাম্পিয়ন অ্যাওয়ার্ডে' ভূষিত। জাহানারা ইমাম স্মৃতি পদক প্রদান। '৭১ এ বাংলাদেশে গণহত্যার জন্য পাকিস্তানের ক্ষমা চাওয়ার দাবি পাকিস্তানের মানবতাবাদী কবি আহমদ সালিমের। ৪০ কোটি টাকা ঋণ জালিয়াতির অভিযোগে বেসিক ব্যাংকের সাবেক চেয়ারম্যান ও পরিচালনা পর্ষদের বিরুদ্ধে দুদককে তদন্তের নির্দেশ দিয়েছে হাইকোর্ট।
- রাশিয়ার ওপর নতুন অবরোধ বিল মার্কিন প্রতিনিধি পরিষদে পাস। পদক্ষেপের নিন্দায় ইউরোপীয় ইউনিয়ন (ইইউ)।
- বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) গঠনতন্ত্র সংশোধনের ক্ষমতা একমাত্র ক্রিকেট বোর্ডেরই। এই গঠনতন্ত্র সংশোধনীতে জাতীয় ক্রীড়া পরিষদের (এনএসসি) হস্তক্ষেপের কোন সুযোগ নেই মর্মে পর্যবেক্ষণ দিয়েছেন সুপ্রিম কোর্টের আপিল বিভাগ।

**২৭ জুলাই**

- বাংলাদেশের জনসংখ্যা নিয়ে উদ্বিগ্ন না হওয়ার পরামর্শ দিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, সঠিক শিক্ষায় শিক্ষিত করে তুলতে পারলে জনশক্তিই হবে দেশের সবচেয়ে বড় সম্পদ। রাজধানীতে কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ বিষয়ক এক অনুষ্ঠানে প্রধানমন্ত্রী একথা বলেন।
- বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বাংলাদেশ অ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিস অ্যাসোসিয়েশনের বার্ষিক সম্মেলন-২০১৭ এ প্রধান অতিথির বক্তব্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, সমাজ থেকে যে কোন মূল্যে দুর্নীতি উচ্ছেদ এবং সন্ত্রাস জঙ্গিবাদ ও মাদকের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলে ভবিষ্যৎ প্রজন্মকে রক্ষা করতে হবে।



- আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন, আওয়ামী লীগ সরকারের ধারাবাহিকতা আছে বলেই দেশের মানুষ এখন উন্নয়নের ছোঁয়া পাচ্ছে। বিশ্ব এখন বাংলাদেশকে সম্মানের চোখে দেখে।
- ঢাকায় ড. ইউনূসের সামাজিক ব্যবসা সম্মেলন বাতিল। এত স্বল্পসময়ে বিশাল আয়োজনের নিরাপত্তা দেয়া সম্ভব নয় বললেন আইজিপি।
- ডিসি সম্মেলনের সমাপনী দিনে স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত কার্য অধিবেশনে স্বরাষ্ট্রমন্ত্রী বলেছেন, এখন থেকে ভ্রাম্যমাণ আদালত পরিচালনার জন্য ডিসিরা চাওয়া মাত্র পুলিশ পাঠানো হবে।
- প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার কাছে অধস্তন আদালতের বিচারকদের চাকরির শৃঙ্খলা ও আচরণ সংক্রান্ত বিধিমালার খসড়া দিয়েছেন আইনমন্ত্রী আনিসুল হক।
- দুদকের প্রধান কার্যালয়ে 'হট লাইন-১০৬' উদ্বোধন অনুষ্ঠানে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেন, দুর্নীতিতে আমরা সবাই নিমজ্জিত। দুর্নীতি আমাদের রন্ধ্রে রন্ধ্রে ছড়িয়ে পড়েছে। যাদের ক্ষমতা আছে তারাই বেশি দুর্নীতি করে। তবে প্রযুক্তির ছোঁয়ায় দুর্নীতি কমানো সম্ভব হবে এবং আগামী আট থেকে দশ বছরের মধ্যে সব ধরনের দুর্নীতি চলে যাবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।
- শাহবাগে পুলিশের টিয়ারশেলের আঘাতে আহত শিক্ষার্থী সিদ্দিকুরকে উন্নত চিকিৎসার জন্য চেন্নাই পাঠানো হয়েছে। দেশে ফিরে প্রধানমন্ত্রীকে দেখার ইচ্ছা সিদ্দিকুরের।
- মার্কিন কংগ্রেসে রাশিয়ার ওপর নিষেধাজ্ঞার বিল পাস। বিশ্বকে স্নায়ু-যুদ্ধের দিকে ঠেলে দেবে– প্রতিক্রিয়ায় রাশিয়া।

**২৮ জুলাই**

- মুক্তিযুদ্ধে ৯ নম্বর সেক্টরের সুন্দরবন সেক্টর কমান্ডার এবং বঙ্গবন্ধু হত্যা মামলার অন্যতম সাক্ষী মেজর (অব.) জিয়াউদ্দিন আহমেদ (৬৭) ইন্তেকাল করেন। রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক প্রকাশ।
- 'বাঘ আমাদের গর্ব, বাঘ রক্ষা করব' প্রতিপাদ্য নিয়ে বিশ্ব বাঘ দিবস পালিত।
- হলি আর্টিজান হামলার অন্যতম হোতা ও দুর্ধর্ষ জঙ্গি রাশেদ ওরফে র‍্যাশকে নাটোর থেকে গ্রেফতার করেছে পুলিশের কাউন্টার টেরোরিজম অ্যান্ড ট্রান্স ন্যাশনাল ক্রাইম ইউনিট।
- পিআইবি-এটুআই 'গণমাধ্যম পুরস্কার-২০১৭' এর সাত বিজয়ী সাংবাদিকের নাম ঘোষণা। ডিজিটাল বাংলাদেশ বিষয়ে রিপোর্ট, ফিচার ও ছবির জন্য এ বছর ছয় ক্যাটাগরিতে এ পুরস্কার দেয়া হয়।

- পানামা পেপারস কেলেঙ্কারিতে পাকিস্তানের সর্বোচ্চ আদালতের রায়ে অযোগ্য ঘোষিত হওয়ার পর প্রধানমন্ত্রী নওয়াজ শরীফের পদত্যাগ।

**২৯ জুলাই**

- রাজধানীতে তিনদিনব্যাপী ঢাকা পানি সম্মেলন উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেছেন, পানি সম্পদের সমন্বিত ব্যবস্থাপনার জন্য উন্নয়ন সহযোগী ১২টি দেশের সহযোগিতার ১০০ বছর মেয়াদি বাংলাদেশ ডেলটা প্ল্যান (বিডিপি)-২১০০ নামে যুগান্তকারী উদ্যোগ বাস্তবায়ন করা হচ্ছে। ভিশন-২০২১ বাস্তবায়নের মাধ্যমে ২০২১ সালের মধ্যেই সকলের জন্য নিরাপদ পানি নিশ্চিত করতে পারব।
- রাজধানীতে এক অনুষ্ঠানে বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেন, বর্তমান সরকারের অধীনে ও এই নির্বাচন কমিশনের মাধ্যমে আগামী জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে।
- মুন্সিগঞ্জের টঙ্গিবাড়িতে এক অনুষ্ঠানে ভারতীয় হাইকমিশনার হর্ষবর্ধন শ্রিংলা– বাংলাদেশ-ভারত সম্পর্ক চিরদিন অবিচ্ছেদ্য থাকবে। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং ইন্দিরা গান্ধী ভারত ও বাংলাদেশের মধ্যে একটি শক্তিশালী সম্পর্কের বীজ বপন করেন যা বর্তমানে নতুন উচ্চতায় পৌঁছে গেছে।
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ কন্যা শেখ রেহানাকে গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়া উপজেলা আওয়ামী লীগের উপদেষ্টা করা হয়েছে।
- বেইজিংয়ে ভারতের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভাল ও চীনের স্টেট কাউন্সিলর ইয়াং জিয়েচির আলোচনা, শীতের আগেই সিকিমের ডোকালাম থেকে দু'দেশের সৈন্য প্রত্যাহার করা হবে।
- ঢাকা বিশ্ববিদ্যালয়ে উপাচার্য প্যানেল নির্বাচন নিয়ে শিক্ষক ও শিক্ষার্থীদের হাতাহাতি। তিনজনের প্যানেল ঘোষণা।
- পাকিস্তানে নওয়াজ শরীফের উত্তরসূরি ছোট ভাই শাহবাজ শরীফ। ৪৫ দিনের অন্তর্বর্তী প্রধানমন্ত্রী শাহিদ খাকান আব্বাসী।
- কলকাতায় আনন্দবাজার গ্রুপের টিভি চ্যানেল এপিপি আনন্দের কাছ থেকে সেরা বাঙালির পুরস্কার গ্রহণ করলেন বাংলাদেশ জাতীয় দলের ক্রিকেট অধিনায়ক মাশরাফি বিন মুর্তজা এবং প্রখ্যাত অভিনেত্রী জয়া আহসান।



**৩০ জুলাই**

- প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে ঢাকায় নিযুক্ত পাকিস্তানের হাইকমিশনার সাক্ষাৎ করতে গেলে প্রধানমন্ত্রী বলেন, প্রতিবেশী দেশগুলোর সঙ্গে সবসময় সুসম্পর্কে বিশ্বাস করে বাংলাদেশ।
- কিশোরগঞ্জের শোলাকিয়ায় জঙ্গি হামলায় নিহত ঝর্ণা রাণী ভৌমিকের ছেলে বাসু দেবকে একটি বেসরকারি ব্যাংকে সহকারী অফিসার পদে চাকরির নিয়োগপত্র হস্তান্তর করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- আবাসিক গ্রাহকদের গ্যাসের দাম একই বছরে দুই ধাপে বৃদ্ধির সিদ্ধান্ত অবৈধ ঘোষণা করে রায় দিয়েছেন হাইকোর্ট।
- নিম্ন আদালতে বিচারকদের শৃঙ্খলাবিধি গৃহীত হয়নি আপিল বিভাগে। সংবিধানে ১১৬ অনুচ্ছেদ সমন্বিত রেখেই শৃঙ্খলাবিধি করা হবে বলে জানিয়েছেন আইনমন্ত্রী।
- রাজধানীতে দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক প্রথম কনভেনশনে বক্তারা বলেছেন, দেশের ৮০ শতাংশ মানুষ ভূমিকম্পের ঝুঁকিতে।
- ঢাকা ওয়াসার পানির দাম ৫ শতাংশ বাড়ল, ১ আগস্ট থেকে কার্যকর।
- সুন্দরবনের পাশে রামপাল বিদ্যুৎ কেন্দ্রের দ্বিতীয় ইউনিট এবং ওরিয়ন গ্রুপের বিদ্যুৎকেন্দ্র নির্মাণ বন্ধে সরকারের সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছে ইউনেস্কো। সংস্থাটির ওয়েবসাইটে হেরিটেজ কমিটির ৪১তম সভায় গৃহীত সিদ্ধান্ত প্রকাশ।
- 'মাধ্যমিক পর্যায়ে ৩৫ শতাংশ শিক্ষার্থীর সৃজনশীল প্রশ্ন বুঝতে অসুবিধা হচ্ছে। প্রায় ৬০ ভাগ শিক্ষার্থী সৃজনশীল বুঝতে কোচিং, গাইড বই অনুসরণ করছে'– পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীনে বাস্তবায়নাধীন সেকেন্ডারি এডুকেশন সেক্টর ডেভেলপমেন্ট প্রজেক্ট (এসইএসডিপি) জরিপে এ তথ্য প্রকাশ।
- চিকনগুনিয়ায় আক্রান্ত হলে ফোন করলেই বাড়ি গিয়ে বিনামূল্যে চিকিৎসা সেবা দেবে– ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
- বগুড়ায় ছাত্রী ধর্ষণ-নির্যাতন। দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে সোচ্চার সারাদেশ। ধর্ষক তুফানকে শ্রমিক লীগ থেকে বহিষ্কার। তিন দিনের রিমান্ড। তদন্ত কমিটি গঠন।
- বিশ্বের সব মানুষের জন্য সুপেয় পানি নিশ্চিত এবং পয়ঃনিষ্কাশন সমাধানের লক্ষ্যে পানি সম্মেলনের ১২-দফা ঢাকা ঘোষণা প্রকাশ।
- উত্তর কোরিয়ার ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ছোঁড়ার ঘটনায় বাংলাদেশের গভীর উদ্বেগ প্রকাশ।

**৩১ জুলাই**

- বিদ্যুৎ স্থাপনায় নাশকতার জন্য সর্বোচ্চ ১০ বছরের জেল এবং ১০ কোটি টাকা জরিমানার বিধান রেখে 'বিদ্যুৎ আইন-২০১৭' খসড়ার চূড়ান্ত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা।
- একাদশ জাতীয় সংসদ নির্বাচন অংশগ্রহণমূলক ও গ্রহণযোগ্য করার লক্ষ্যে নির্বাচন কমিশনকে (ইসি) সকলের আস্থা অর্জনের জন্য সর্বোচ্চ কঠোরতা অবলম্বনের পরামর্শ সুশীলসমাজের প্রতিনিধিদের। প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) সুশীলসমাজের প্রতিনিধিদের সঙ্গে বৈঠকের পর প্রেস ব্রিফিংয়ে জানিয়েছেন, সংলাপের সুপারিশ কপি আকারে সরকার ও রাজনৈতিক দলের কাছে পাঠানো হবে।
- পিরোজপুরে বীর মুক্তিযোদ্ধা মেজর জিয়াউদ্দিনের রাষ্ট্রীয় মর্যাদায় দাফন সম্পন্ন।
- সুন্দরবনসহ দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে কৌশলগত পরিবেশ সমীক্ষা (এসইএ) সম্পন্নের আগে ওই এলাকায় বড় কোন শিল্প কিংবা অবকাঠামো নির্মাণের অনুমোদন না দিতে সরকারের কাছে আহ্বান জানিয়েছেন, জাতিসংঘের শিক্ষা ও বিজ্ঞান এবং সংস্কৃতি বিষয়ক সংস্থা (ইউনেস্কো)।
- রাশিয়ায় মার্কিন কূটনৈতিক মিশনের ৭৫৫ জন কর্মীকে রাশিয়া ত্যাগের নির্দেশ দিয়েছেন দেশটির প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। নৌবাহিনী দিবসে দেশটির বিশাল ভূখণ্ডের চারটি অঞ্চলে নৌবাহিনীর শক্তি প্রদর্শন।
- হজের স্থানগুলোর আন্তর্জাতিকীকরণে কাতারের দাবিকে সৌদি আরবের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণার শামিল; সৌদি পররাষ্ট্রমন্ত্রী আদেল আল জুবেইর।

## আগস্ট

**১ আগস্ট**

- জাতীয় শোক দিবস উপলক্ষ্যে কৃষক লীগের রক্তদান কর্মসূচি অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, বঙ্গবন্ধু হত্যার ষড়যন্ত্রে মোস্তাকের সঙ্গে জিয়াও জড়িত ছিল। স্বাধীনতার চেতনা নস্যাৎ করার জন্যই ১৫ আগস্টের হত্যাকাণ্ড।
- বিচারপতিদের অপসারণ সংক্রান্ত সংবিধানের ষোড়শ সংশোধনী অবৈধ ঘোষণা করে দেয়া হাইকোর্টের রায় বহাল রেখে আপিল বিভাগের পূর্ণাঙ্গ রায় প্রকাশ। বিচারক অপসারণে সুপ্রীম জুডিশিয়াল কাউন্সিল বহাল। প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহাসহ সাত বিচারপতির স্বাক্ষরের পর এই রায় প্রকাশ করা হয়।



- আদালতে নাজেহাল বরগুনার ইউএনও গাজী তারিক সালমনকে মন্ত্রিপরিষদ বিভাগের সিনিয়র সহকারী সচিব হিসেবে বদলি সংক্রান্ত আদেশ জারি করেছে জনপ্রশাসন মন্ত্রণালয়।
- মরা ছাগলের খবর শেয়ার করায় খুলনার এক সাংবাদিকের বিরুদ্ধে ৫৭ ধারায় মামলা। মামলার বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে বললেন, তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু।
- পাকিস্তানের জাতীয় পরিষদে ক্ষমতাসীন মুসলিম লীগের মনোনীত শাহীদ খাকান আব্বাসী দেশটির অন্তর্বর্তীকালীন প্রধানমন্ত্রী নির্বাচিত।
- ভেনিজুয়েলার প্রেসিডেন্ট নিকোলাস মাদুরুর ওপর আবারো যুক্তরাষ্ট্রের অবরোধ আরোপ।

**২ আগস্ট**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা যথাযথ সংস্কারের মাধ্যমে রাজধানীর প্রত্নতাত্ত্বিক স্থাপনাগুলো সংরক্ষণে পদক্ষেপ নিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দিয়েছেন। প্রধানমন্ত্রীর কার্যালয়ে সংস্কৃতি মন্ত্রণালয়, প্রত্নতত্ত্ব অধিদপ্তর ও রাজউকের জ্যেষ্ঠ কর্মকর্তাদের সঙ্গে বৈঠকে প্রধানমন্ত্রী ঐতিহাসিক গুরুত্ব বিবেচনায় নিয়ে প্রয়োজনে কোন স্থাপনা ভেঙে নতুন করে নির্মাণ বা সংরক্ষণ বা সংস্কারের ব্যাপারে পদক্ষেপ নেয়ারও নির্দেশ দেন। সভায় পাওয়ার পয়েন্ট উপস্থাপনার মাধ্যমে ৯৩টি স্থাপনার অবস্থা তুলে ধরা হয়।
- তথ্য ও যোগাযোগপ্রযুক্তি আইনের ৫৭ ধারা বন্ধের চেয়ে অপপ্রয়োগ বন্ধ হওয়া জরুরি। এজন্য তথ্যমন্ত্রীর হস্তক্ষেপ করা উচিত– আগারগাঁওয়ে ট্র্যাক ও এলিভেটেড এক্সপ্রেসওয়ে উদ্বোধনী অনুষ্ঠানে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের।
- আইসিটি আইনের ৫৭ ধারায় মামলা নেয়ার আগে পুলিশ সদর দফতরের আইন শাখার অনুমতি লাগবে– পুলিশের আইজি।
- চারদিনের সফরে ঢাকায় পৌঁছেছেন ইসলামী সম্মেলন সংস্থা (ওআইসি) মহাসচিব ড. ইউসেফ বিন আহমদ আল ওথাইমিন।
- জনগণকে দুর্নীতিমুক্ত সেবা না দিলে কারাগারে যেতে হবে বলে সরকারি কর্মকর্তাদের হুঁশিয়ার করলেন দুদক চেয়ারম্যান ইকবাল মাহমুদ।
- কম্বোডিয়া থেকে আগামী পাঁচ বছরে ১০ লাখ টন চাল আমদানি করবে বাংলাদেশ। নমপেনে বাংলাদেশ-কম্বোডিয়া চুক্তি স্বাক্ষরিত।
- কিংবদন্তি কণ্ঠশিল্পী আবদুল জব্বারকে রাজধানীর বঙ্গবন্ধু শেখ মুজিব

মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের (বিএসএমএমইউ) নিবিড় পর্যবেক্ষণ কেন্দ্রে (আইসিইউ) স্থানান্তর করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

- ন্যাটো সীমান্তে এক লাখ সেনা পাঠানোর ঘোষণা রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের।

**৩ আগস্ট**

- প্রধানমন্ত্রীর কার্যালয়ে সফররত ওআইসি মহাসচিব ড. ইউসুফ বিন আহমেদ আল ওথাইমিনের সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, কিছু রাজনৈতিক দল দেশে সন্ত্রাসবাদের পৃষ্ঠপোষকতা করছে। এসময় ওআইসি মহাসচিব রোহিঙ্গা সমস্যার সমাধানে মিয়ানমারকে রোহিঙ্গাদের নাগরিকত্ব ও সকল মৌলিক অধিকার নিশ্চিত করার আহ্বান জানান।
- বৃষ্টির পানিতে তলিয়ে যাওয়া রাজধানীর জলাবদ্ধ এলাকায় ফায়ার সার্ভিসের লাইফবোটে পথযাত্রী পারাপার।
- আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের নির্বাচনকে সামনে রেখে রাজনৈতিক জোট গঠনের প্রক্রিয়াকে রাজনীতির নতুন মেরুকরণ হিসেবে আখ্যায়িত করেন।
- রাশিয়ার ওপর যুক্তরাষ্ট্রের আরোপ করা নতুন নিষেধাজ্ঞাকে 'বাণিজ্য যুদ্ধ' আখ্যায়িত করে রাশিয়া এক প্রতিক্রিয়ায় বলেছে, বিলটি অসাংবিধানিক। রুশ-মার্কিন সম্পর্ক 'বিপজ্জনক তলানিতে' বলেন, যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ট্রাম্প।
- বৈশ্বিক উষ্ণায়ন: মারাত্মক হুমকিতে দক্ষিণ এশিয়া, বসবাস অসহনীয় হয়ে ওঠবে এ অঞ্চল– নতুন গবেষণা প্রতিবেদনটি সায়েন্স অ্যাডভান্স জার্নালে প্রকাশিত।

**৪ আগস্ট**

- রাজধানীর ধানমন্ডিস্থ বঙ্গবন্ধু ভবনে ট্রাস্টের চেয়ারপারসন বঙ্গবন্ধুর জ্যেষ্ঠ কন্যা ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্টের বৈঠক অনুষ্ঠিত। বৈঠকে ট্রাস্টের সমাজকল্যাণমূলক কর্মকাণ্ডের পর্যালোচনা এবং বিভিন্ন প্রকল্প দ্রুততার সঙ্গে সম্পন্নের সিদ্ধান্ত।
- ষোড়শ সংশোধনী যতবার বাতিল হবে, ততবার তা সংসদে পাস করা হবে– সিলেটে সাংবাদিকদের অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত।
- কক্সবাজারে উখিয়া শরণার্থী পরিদর্শনকালে ওআইসি মহাসচিব– রোহিঙ্গাদের মিয়ানমারে ফেরত পাঠানোর কাজ চলছে।
- রাশিয়াকে মোকাবিলায় যুদ্ধের প্রস্তুতি মার্কিন সেনাবাহিনীর।



**৫ আগস্ট**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা তৃতীয় লিঙ্গের মানুষদের সামাজিক ও অর্থনৈতিক নিরাপত্তা নিশ্চিত করতে নির্দেশ দিয়েছেন। সমাজসেবা অধিদপ্তরে 'হিজড়া জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন বিষয়ক কর্মশালা'-২০১৭ উদ্বোধনী পর্বে সমাজকল্যাণ প্রতিমন্ত্রী নুরুজ্জামান আহমেদ।
- দক্ষিণ এশিয়ার মর্যাদাসম্পন্ন অ্যাওয়ার্ড এম বিলিয়নস্থ অ্যাওয়ার্ডের চূড়ান্ত বিজয়ী হয়েছে একমাত্র বাংলাদেশি স্বেচ্ছাসেবী সংগঠন 'আমার এমপি' ডটকম। নয়াদিল্লিতে ভারতের ডিজিটাল ফাউন্ডেশন এমপাওয়ারমেন্ট ইন্ডিয়া (ডিএফই) অ্যাওয়ার্ড প্রদান করে। এই অ্যাওয়ার্ড প্রাপ্তিতে সংগঠনের প্রতিনিধিদলকে প্রধানমন্ত্রীর তথ্য ও প্রযুক্তিবিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয় অভিনন্দন জানান।
- আসন্ন জাতীয় (একাদশ সংসদ) নির্বাচনকে সামনে রেখে সরকারের উন্নয়ন কর্মকাণ্ড জনসম্মুখে আনতে ডিজিটাল প্রচারণা চালানোর সিদ্ধান্ত আওয়ামী লীগের।
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র, আবাহনী ক্লাবের প্রতিষ্ঠাতা, সংস্কৃতিকর্মী শহীদ শেখ কামালের ৬৮তম জন্মবার্ষিকী উদযাপিত।
- ইরানে দ্বিতীয়বারের মতো প্রেসিডেন্ট হিসেবে শপথ নেন 'উদারপন্থী' হিসেবে পরিচিত হাসান রুহানী।
- প্রথমবারের মতো জাতিসংঘকে আনুষ্ঠানিকভাবে লিখিত নোটিস দিয়ে প্যারিস জলবায়ু চুক্তি থেকে নিজেদের প্রত্যাহারের কথা নিশ্চিত করল মার্কিন যুক্তরাষ্ট্র।

**৬ আগস্ট**

- পরিবেশ ও বন মন্ত্রণালয়ের নাম পরিবর্তন করে 'পরিবেশ বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়' করার সিদ্ধান্ত নিয়েছে সরকার। প্রধানমন্ত্রীর সভাপতিত্বে জাতীয় পরিবেশ কমিটির ৪র্থ বৈঠকে এ সিদ্ধান্ত নেয়া হয়।
- সারাদেশে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ৭৬তম মৃত্যুবার্ষিকী উদযাপিত।
- ২০১২ সালের ৯ ডিসেম্বর সংঘটিত বিশ্বজিৎ হত্যা মামলার রায় দিয়েছেন হাইকোর্ট। নিম্ন আদালতে আট আসামির মধ্যে দুইজনের মৃত্যুদণ্ড বহাল। সুরতহালকারী এসআই ও ময়নাতদন্তকারীর পেশাগত অসদাচরণ তদন্তের নির্দেশ হাইকোর্টের। মৃত্যুদণ্ড থেকে যাবজ্জীবন পেলেন চার আসামি। মোট চারজন খালাস। ছাত্র রাজনীতিতে যারা অপকর্মে জড়িত তাদের নিয়ন্ত্রণ করছে গুটিকয়েক নেতা, যা সমাজকে কলঙ্কিত করছে; হাইকোর্ট।

- 'ষোড়শ সংশোধনী যতবার বাতিল হবে, ততবার তা সংসদে পাস করা হবে' অর্থমন্ত্রীর এ বক্তব্য তাঁর ব্যক্তিগত বললেন, আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের।
- ঈদ-উল-আজহার আগেই প্রত্যেক মুক্তিযোদ্ধা সাড়ে ৫২ হাজার টাকা সম্মানী ও উৎসব ভাতা পাবেন বলে জানান, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক।
- জাপানের হিরোশিমা শহরে বিশ্বের প্রথম পরমাণু বোমা হামলার ৭২তম বার্ষিকী পালন। 'পরমাণু অস্ত্রমুক্ত বিশ্ব চাই' শীর্ষক স্মরণসভায় দেশটির প্রধানমন্ত্রী শিনজো আবের আহ্বান।
- ভারতের ডোকালাম সংকট নিয়ে নেপালের সঙ্গে চীনা রাষ্ট্রদূতের বৈঠক। ভারতের উদ্বেগ প্রকাশ।

**৭ আগস্ট**

- সংবিধানের ষোড়শ সংশোধনী বাতিলের রায়ের পর্যবেক্ষণে কিছু বিষয়ে মন্ত্রিসভায় ক্ষুব্ধ প্রতিক্রিয়া। রায়কে ইতিবাচকভাবে নিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। মন্ত্রিসভায় রায়ের বিষয়ে জনমত গড়ে তুলতে মন্ত্রিসভার সদস্যদের পরামর্শ প্রধানমন্ত্রীর।
- আজীবন ভাতা পাবেন সরকারি চাকরিজীবীদের স্ত্রী, স্বামী ও প্রতিবন্ধী সন্তান। কিন্তু দ্বিতীয়বার বিবাহবন্ধনে আবদ্ধ হলে বিধবা বা বিপত্নিক স্বামী এ সুবিধা পাবেন না– অর্থ মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন জারি ।
- গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌদি চিফ অব জেনারেল স্টাফ জেনারেল আবদুল রহমান আল বুনাইয়ানের সাক্ষাৎ। সৌদি আরবের সঙ্গে কৌশলগত অংশীদার হওয়ার ওপর গুরুত্বারোপ।
- বাংলাদেশি পণ্য হিসেবে জামদানির পর ইলিশের ভৌগোলিক নির্দেশক বা জিআই পণ্যের স্বীকৃতি লাভ– পণ্যের ভৌগোলিক নির্দেশক (জিআই) স্বীকৃতিদাতা আন্তর্জাতিক প্রতিষ্ঠান পেটেন্ট ডিজাইন ও টেডমার্কস অধিদপ্তরের সিদ্ধান্ত।
- পররাষ্ট্র সচিব শহীদুল হকের সঙ্গে সাক্ষাতের পর সাংবাদিকদেরকে বাংলাদেশে নিযুক্ত ভারতের হাইকমিশনার হর্ষবর্ধন শ্রিংলা– আগামী জাতীয় নির্বাচন অবাধ, সুষ্ঠু ও অংশগ্রহণমূলক হবে।
- জাতীয় জাদুঘরের ১০৪তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত বিশেষ বক্তৃতানুষ্ঠানে সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর; আমলা নয় জাদুঘর পরিচালনায় দরকার জাদুঘর বিশেষজ্ঞ।
- পুলিশের তদন্ত প্রতিবেদন– শাহবাগে আন্দোলনরত শিক্ষার্থীদের লক্ষ্য করে পুলিশের ছোঁড়া টিয়ারশেলে জখম সিদ্দিকুরের চোখ।
- ১১২ জন সহকারী জজ পদোন্নতি পেয়ে জ্যেষ্ঠ সহকারী জজ হয়েছেন– আইন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন জারি।



- জাতিসংঘের নতুন নিষেধাজ্ঞায় যে পরিমাণ ক্ষতি হবে তার চেয়েও চড়ামূল্য দিতে হবে যুক্তরাষ্ট্রকে; উত্তর কোরিয়ার হুঁশিয়ারি।
- ভেনিজুয়েলায় ব্যর্থ সামরিক অভ্যুত্থানের সঙ্গে জড়িতদের গ্রেফতার অভিযান শুরু করেছে দেশটির সেনাবাহিনী।

**৮ আগস্ট**

- বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের ৮৭তম জন্মবার্ষিকী অনুষ্ঠানে আবেগাপ্লুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বাংলাদেশের স্বাধীনতা লাভে আমার মায়ের অবদান অনেক। আসলে আমার আব্বা (বঙ্গবন্ধু) মায়ের মতো একজন সাথী পেয়েছিলেন বলেই সংগ্রাম করে তিনি সফলতা অর্জন করতে পেরেছিলেন।
- সাংবাদিকদের জন্য নতুন ওয়েজ বোর্ডের দরকার নেই– অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তাঁর মতে, সাংবাদিকদের বেতন সরকারি কর্মকর্তা-কর্মচারীদের চেয়ে বেশি। সচিবালয়ে সংবাদপত্র মালিকদের সংগঠন নিউজপেপার ওনার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (নোয়াব)-এর প্রতিনিধিদের সঙ্গে বৈঠক শেষে তিনি সাংবাদিকদের ওপর ক্ষুব্ধ প্রতিক্রিয়া ব্যক্ত করেন।
- প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠকের পর 'আগামী নির্বাচনে সকল রাজনৈতিক দল অংশগ্রহণ করবে' আশা প্রকাশ করেন ব্রিটিশ পররাষ্ট্র ও কমনওয়েলথ বিষয়ক প্রতিমন্ত্রী এবং লর্ড আহমেদ অব উইম্বলডন তারিক মাহমুদ আহমেদ।
- সুপ্রিম জুডিশিয়াল কাউন্সিলের প্রথম বৈঠক অনুষ্ঠিত।
- রাজধানীতে আন্তর্জাতিক আদিবাসী দিবস উদযাপিত। পার্বত্য শান্তিচুক্তি বাস্তবায়নের জোর দাবি আদিবাসীদের।
- পাকিস্তানে দলের প্রধানের পদ থেকে সদ্য পদত্যাগ করা প্রধানমন্ত্রী নওয়াজ শরীফকে সরিয়ে অন্য কাউকে নির্বাচিত করার নির্দেশ দিয়েছে দেশটির নির্বাচন কমিশন।
- প্রশান্ত মহাসাগরীয় মার্কিন দ্বীপ গুয়ামে ক্ষেপণাস্ত্র হামলার হুমকি উত্তর কোরিয়ার।

**৯ আগস্ট**

- 'চট্টগ্রাম শহরের জলাবদ্ধতা নিরশনে খাল পুনঃখনন, সম্প্রসারণ, সংস্কার ও উন্নয়ন' শীর্ষক নতুন একটি প্রকল্প অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। এ প্রকল্পের মাধ্যমে চট্টগ্রাম শহরকে ঘিরে থাকা ৩৬টি খালের মাটি খননসহ খালসমূহ পরিষ্কারের স্থায়ী ব্যবস্থা করা হবে। সেই সাথে গুরুত্বপূর্ণ খালসমূহের পাড়ে রাস্তা নির্মাণ, খালের সাথে সংযোগকারী পাকা ড্রেনসমূহের সংস্কার ও সম্প্রসারণ করা হবে।

- ষোড়শ সংশোধনী বাতিল প্রশ্নে আইন কমিশনের চেয়ারম্যান ও সাবেক প্রধান বিচারপতি এবিএম খায়রুল হক বলেছেন, সকলেরই যখন জাতীয় সংসদের কাছে জবাবদিহিতা রয়েছে বিচারপতিদের বিষয়টি না হওয়ার কোন কারণ ছিল না। সুপ্রিম জুডিশিয়াল কাউন্সিলের নিরপেক্ষতা নিয়েও প্রশ্ন উঠতে পারে।
- ষোড়শ সংশোধনী বাতিলের রায়ে উচ্চ আদালত কিছু অনাকাঙ্ক্ষিত ও অনভিপ্রেত পর্যবেক্ষণ দিয়েছে; মন্তব্য আওয়ামী লীগ নেতাদের।
- জিয়া অরফানেজ ট্রাস্ট দুর্নীতি মামলায় বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াকে স্থায়ী জামিন দিয়েছেন হাইকোর্ট।
- বাংলাদেশ এয়ারলাইন্সের আরো দু'টি হজ ফ্লাইট বাতিল ঘোষণা করা হয়েছে। ই-ভিসা জটিলতার আবর্তে যাত্রী সংকটের কারণে এ নিয়ে মোট হজ ফ্লাইট বাতিলের সংখ্যা ২৭টি। এদিকে হজ ব্যবস্থাপনায় জটিলতা সৃষ্টির অভিযোগে ১৯টি হজ এজেন্সিকে কারণ দর্শাও নোটিস দিয়েছে ধর্ম মন্ত্রণালয়।
- ডোকালাম নিয়ে টান টান উত্তেজনার মধ্যে চীনের সঙ্গে যুদ্ধের প্রস্তুতির জন্য কেন্দ্রীয় সরকারের কাছে অতিরিক্ত ২০ হাজার কোটি রুপি দাবি করেছে; ভারত প্রতিরক্ষা মন্ত্রণালয়।

**১০ আগস্ট**

- পঁচাত্তর থেকে ছিয়ানব্বই পর্যন্ত ২১ বছর এ দেশ এবং ইতিহাস থেকে বঙ্গবন্ধুর নাম মুছে ফেলার চক্রান্ত করা হয়েছে। গণভবনে আওয়ামী লীগের প্রেসিডিয়াম সম্পাদকমণ্ডলীর যৌথ সভায় এ অভিযোগ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, স্বাধীনতার ঘোষণা নিয়েও বিভ্রান্তি এবং ইতিহাস বিকৃতির ষড়যন্ত্র হয়েছে। সভায় ষোড়শ সংশোধনীর রায় নিয়ে ক্ষোভ প্রকাশ করা হয়। রায়ের 'আপত্তিকর' বিষয়গুলো জনগণের কাছে তুলে ধরার নির্দেশ প্রধানমন্ত্রীর।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে চিঠি দিয়েছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। গণভবনে সাক্ষাৎকালে ভারতীয় হাইকমিশনার হর্ষবর্ধন শ্রিংলা চিঠির সঙ্গে প্রধানমন্ত্রীকে 'ম্যাচিং উইথ এ বিলিয়ন' বই উপহার দেন। বইটিতে মোদি সরকারের তিন বছরের অবকাঠামো, পররাষ্ট্র ও জ্বালানিসহ বিভিন্ন ক্ষেত্রে অগ্রগতির বিষয়ে পর্যালোচনা করা হয়েছে। এ সময় প্রধানমন্ত্রী দ্বিপক্ষীয় সম্পর্কের অগ্রগতিতে সন্তুষ্টি প্রকাশ করেন।
- কোন রাজনৈতিক দলের ফাঁদে পা দেব না– ষোড়শ সংশোধনী বাতিল প্রসঙ্গে বিএনপিপন্থী আইনজীবীদের সঙ্গে বৈঠকে প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা।



- ষোড়শ সংশোধনী বাতিল প্রসঙ্গে সংবাদ সম্মেলনে আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, রায়ের প্রতি দ্বিমত থাকলেও আদালতের প্রতি শ্রদ্ধাশীল। রিভিউর বিষয়ে এখনও কোন সিদ্ধান্ত হয়নি। রায়ে যেসব আপত্তি ও অসংগতি রয়েছে সেগুলো এক্সপাঞ্জ করার উদ্যোগ নেয়া হবে।
- অ্যাটর্নি জেনারেল অ্যাডভোকেট মাহবুবে আলম বলেছেন, ষোড়শ সংশোধনী বাতিলের রায় নিয়ে রাজনীতি অনভিপ্রেত। মাঠে রাজনীতি করতে পারছে না বলেই বিএনপি এ রায় নিয়ে মাঠ গরম করতে চাচ্ছে।
- নানা আয়োজনে বরেণ্য চিত্রশিল্পী এস এম সুলতানের ৯৩তম জন্মবার্ষিকী পালন।

**১১ আগস্ট**

- রাজধানীর শাহবাগে পুলিশের টিয়ারশেলের আঘাতে দৃষ্টিশক্তি হারানো সিদ্দিকুর দেশে ফিরেছেন। এসময় সাংবাদিকদের কাছে সিদ্দিকুর বলেন, আমার রক্ত ও চোখের বিনিময়ে সাত কলেজে শিক্ষার পরিবেশ চাই। এসময় তার সহপাঠী বন্ধুরা প্রতিবাদস্বরূপ চোখে কালো কাপড় বেঁধে বিমানবন্দরে অবস্থান নেন।
- হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের মূল ভবনে অগ্নিকাণ্ডের ঘটনায় দুই ঘণ্টা কার্যক্রম ব্যাহত। দুর্ভোগে পড়েন বিমান যাত্রী ও তাদের জন্য অপেক্ষমাণ স্বজনরা। তদন্ত কমিটি গঠন।
- ষড়যন্ত্র চলছে। আবার দুঃসময়ে পতিত হয়েছি– রাজধানীতে এক সভায় আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। এসময় তিনি বিএনপি-জামায়াত অপশক্তিকে মোকাবিলায় মানসিক, রাজনৈতিক ও সাংগঠনিক প্রস্তুতি গ্রহণের জন্য দলীয় নেতাকর্মীদের প্রতি আহ্বান জানান।
- বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার ব্যাংক হিসাবের তথ্য তলব করেছে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)।
- বিভিন্ন জেলার নিম্নাঞ্চল প্লাবিত। ফসলের ব্যাপক ক্ষতি। তিস্তা ও সুরমার পানি বিপদসীমার উপরে। পানিবন্দি বহু মানুষ।
- ভারতে উপ-রাষ্ট্রপতি পদে ভেকাইয়া নাইডুর শপথ গ্রহণ। তিনি স্বাধীন ভারতে জন্ম নেয়া প্রথম উপ-রাষ্ট্রপতি।
- কোরীয় উপদ্বীপে সমস্যা সমাধানে সামরিক পদক্ষেপের সব চূড়ান্ত; মার্কিন প্রেসিডেন্ট ট্রাম্প। কোরীয় উপদ্বীপকে পরমাণু যুদ্ধের দিকে নিচ্ছেন ট্রাম্প; উত্তর কোরিয়া।

**১২ আগস্ট**

- ষোড়শ সংশোধনী বাতিলের রায় চ্যালেঞ্জবিহীন ছেড়ে দেয়া হবে না– ঝালকাঠিতে শিল্পমন্ত্রী।
- ১৪ জেলায় বন্যায় লাখো মানুষের দুর্ভোগ। ১৭ পয়েন্টে নদ-নদীর পানি বিপদসীমার ওপরে।
- বিরল রোগে আক্রান্ত শিশু মুক্তামনির অপারেশন করলেন দেশের চিকিৎসকরাই। অপারেশন শেষে পুরো চিকিৎসা প্রক্রিয়ার সমন্বয়ক অধ্যাপক ডা. সামন্ত লাল বলেন, আমরা সফল হয়েছি, তার হাতটি রেখে অপারেশন করতে পেরেছি। তবে এখানেই শেষ নয়। আরো চার-পাঁচটি অপারেশন করতে হবে। চিকিৎসককে ধন্যবাদ জানিয়েছেন প্রধানমন্ত্রী।
- হবিগঞ্জের বাহুবল উপজেলায় মসজিদের কমিটি গঠন ও ইমাম পরিবর্তন নিয়ে বিরোধের জেরে দু'পক্ষের মধ্যে সংঘর্ষে এক লন্ডন প্রবাসীসহ দু'জন নিহত। তিন পুলিশ সদস্যসহ উভয়পক্ষের আহত শতাধিক।
- সৌদি আরবে শিয়া অধ্যুষিত প্রদেশ কটিফে বিদ্রোহের সঙ্গে জড়িত থাকার অভিযোগে ১৪ জন শিয়ার মৃত্যুদণ্ড রদ করার আহ্বান জানিয়ে এক খোলা চিঠি লিখেছেন ১০ নোবেল বিজয়ী।
- যুক্তরাষ্ট্র কিংবা মিত্রদের ওপর হামলা হলে উত্তর কোরিয়ার প্রেসিডেন্ট কিমকে চরম মূল্য দিতে হবে; ট্রাম্প। পরিস্থিতি খারাপ না করতে ট্রাম্পের প্রতি শি জিনপিং'র আহ্বান।

**১৩ আগস্ট**

- জাতীয় পুষ্টি পরিষদের (এনসিসি) প্রথম সভায় সভাপতির বক্তৃতায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, ঘন ঘন বন্যার কবলে পড়লেও এ বছর খাদ্য ঘাটতি মোকাবিলা করতে পর্যাপ্ত খাদ্য মজুদ করা হচ্ছে। খাদ্য ঘাটতি মোকাবিলায় সরকার প্রস্তুত।
- প্রধানমন্ত্রী বঙ্গবন্ধুর পলাতক খুনি নূর চৌধুরীকে বাংলাদেশে ফেরত পাঠাতে কানাডার প্রতি আহ্বান পুনর্ব্যক্ত করেছেন। প্রধানমন্ত্রীর কার্যালয়ে কানাডার বিদায়ী হাইকমিশনার বোনই-পিয়েরে থারাসি প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাতের সময় তিনি এ আহ্বান জানান।
- ষোড়শ সংশোধনীর রায়ের কিছু পর্যবেক্ষণ ইতিহাস বিকৃতির সমান। এই পর্যবেক্ষণ বিচারপতিদের অসদাচরণের মধ্যে পড়ে কিনা তা খতিয়ে দেখতে হবে। এসব বিষয়ে রাষ্ট্রপতিই শেষ ভরসা– ডিআরইউতে মিট দ্য রিপোর্টার্স অনুষ্ঠানে আইনমন্ত্রী আনিসুল হক।



- প্রধান বিচারপতি এস কে সিনহার সঙ্গে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরের দুই ঘণ্টা বৈঠক। পর্যবেক্ষণের অপ্রাসঙ্গিক বিষয় বাদ দেয়ার অনুরোধ।
- ষোড়শ সংশোধনী রায় নিয়ে আইনজীবীদের সভায় ব্যারিস্টার ফজলে নূর তাপস এমপি– একটি ইংরেজি পত্রিকার সম্পাদক এই ড্রাফট করে দিয়েছেন।
- সৌদি দূতাবাসের সঙ্গে আলোচনা করে ভিসা জটিলতাসহ বিদ্যমান সমস্যা ৪৮ ঘণ্টার মধ্যে নিরশন করে হজ যাত্রীদের হজে পাঠাতে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে পররাষ্ট্র সচিবকে নির্দেশ হাইকোর্টের।
- যুক্তরাষ্ট্রের ভার্জিনিয়ায় কার্লোটেসভিলে শহরে চরম ডানপন্থি শ্বেতাঙ্গ জাতীয়তাবাদী আর বর্ণবাদ বিরোধীদের মধ্যে ব্যাপক সহিংসতার ঘটনায় নিহত ৩।

**১৪ আগস্ট**

- রাজধানীতে উৎসবমুখর পরিবেশে জন্মাষ্টমী উদযাপিত। দেশ ও জাতির মঙ্গল কামনায় বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে সনাতন ধর্মাবলম্বী নেতৃবৃন্দের শুভেচ্ছা বিনিময়।
- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের এক ঘণ্টা বৈঠক করেন। ষোড়শ সংশোধনী বাতিলের রায়ের পর্যবেক্ষণ ও প্রধান বিচারপতির সঙ্গে আলোচনার বিষয় তুলে ধরা হয়েছে।
- দেশে ভয়াবহ বন্যার পদধ্বনি। মাসব্যাপী প্রলম্বিত হওয়ার সংকেত। প্রধান তিন নদীতে পানি বাড়ছে। ২৭টি পয়েন্টে বিপদসীমার উপর দিয়ে পানি প্রবাহিত। বন্যা মোকাবিলায় সব প্রস্তুতি রয়েছে; দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রী।
- আফ্রিকার দেশ সিয়েরালিওনে বন্যা ও ভূমিধসে নিহত ৩ শতাধিক।

**১৫ আগস্ট**

- জাতীয় শোক দিবস। সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদতবার্ষিকী। ১৯৭৫ সালের এইদিনে মুক্তিযুদ্ধের পরাজিত শত্রুদের প্ররোচনায় মানবতার দুশমন, ঘৃণ্য, ঘাতকরা সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে সপরিবারে নৃশংসভাবে হত্যা করে। এ কারণে আজ বিভীষিকাময় ইতিহাসের এক ভয়ঙ্কর দিন। জাতীয় শোক দিবস উপলক্ষ্যে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী পৃথক বাণী দিয়েছেন।

- বিনম্র শ্রদ্ধা ও ভালোবাসায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদতবার্ষিকী ও জাতীয় শোক দিবস পালিত। ধানমন্ডির ৩২ নম্বরে বঙ্গবন্ধু ভবনে জাতির পিতার প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানান হাজারো মানুষ। টুঙ্গিপাড়ায় পিতার সমাধিতে ফুল দিয়ে শ্রদ্ধা জ্ঞাপন করেন তাঁর দুই কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও শেখ রেহানা।
- সুপ্রিম কোর্ট মিলনায়তনে জাতীয় শোক দিবসের এক অনুষ্ঠানে প্রধান বিচারপতি বলেন, বঙ্গবন্ধু হত্যার ষড়যন্ত্রের সঙ্গে আরো রাঘব-বোয়াল জড়িত ছিল। মামলার তদন্তের ত্রুটির কারণে তাদের বিচারের মুখোমুখি করা যায়নি।
- দেশে ২৮ জেলাজুড়ে বন্যার বিস্তার। উত্তরের পর মধ্যাঞ্চল আক্রান্ত। চার দিনে ৩৬ জনের মৃত্যু। ২৩ বন্যা রক্ষা বাঁধ বিলীন। সারাদেশ থেকে ৫ জেলা বিচ্ছিন্ন।
- রাজধানীর পান্থপথে এক হোটেলে পুলিশের 'অপারেশন আগস্ট বাইট' অভিযানে এক আত্মঘাতী জঙ্গির মৃত্যু। পুলিশের দাবি ধানমন্ডি ৩২ নম্বরে জাতীয় শোক দিবসে হামলার পরিকল্পনা ছিল।
- ভারতের ৭১তম স্বাধীনতা দিবসে দিল্লির লালকেল্লা থেকে দেয়া জাতির উদ্দেশে ভাষণে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি– ধর্মের নামে প্রতিহিংসাকে বরদাস্ত করা হবে না।
- যুক্তরাষ্ট্রের গুয়াম দ্বীপে ক্ষেপণাস্ত্র হামলার সিদ্ধান্ত থেকে আপাতত সরে আসার ঘোষণা উত্তর কোরিয়ার নেতা কিম জন উনের।

**১৬ আগস্ট**

- রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বাংলাদেশ আওয়ামী লীগ আয়োজিত জাতির জনক বঙ্গবন্ধুর ৪২তম শাহাদতবার্ষিকীর আলোচনা অনুষ্ঠানে সভাপতির ভাষণে প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা বলেন, এই দেশের মানুষের ভাগ্য নিয়ে কেউ যেন আর ছিনিমিনি খেলতে না পারে। আর কেউ যেন বাংলাদেশের মানুষের উন্নত জীবন পাওয়ার যে সম্ভাবনা সৃষ্টি হয়েছে তা যেন কেড়ে নিতে না পারে, সে বিষয়ে দেশবাসীকে তাদের সম্পর্কে সতর্ক থাকতে হবে।
- বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সৌজন্য সাক্ষাৎ। এ সময় প্রধানমন্ত্রী দেশের সার্বিক পরিস্থিতি ও সংবিধানের ষোড়শ সংশোধনী বাতিলের রায়ের পর্যবেক্ষণ বিষয়ে দীর্ঘ আলোচনা করেন।



- নির্বাহী ম্যাজিস্ট্রেট দিয়ে মোবাইল কোর্ট পরিচালনার মেয়াদ ১০ অক্টোবর পর্যন্ত বৃদ্ধি করেছে আদালত।
- একাদশ জাতীয় সংসদ নির্বাচনে সব দলের অংশগ্রহণ নিশ্চিত করতে যথাযথ পরিবেশ তৈরি এবং অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচনের লক্ষ্যে নির্বাচন কমিশনকে (ইসি) সাংবিধানিক ক্ষমতা প্রয়োগের পরামর্শ দিয়েছেন দেশের বিভিন্ন গণমাধ্যম সম্পাদক, জ্যেষ্ঠ সাংবাদিক ও সাংবাদিক নেতারা– রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনের সম্মেলন কক্ষে গণমাধ্যম প্রতিনিধিদের সঙ্গে ইসির আয়োজিত সংলাপে তারা এ পরামর্শ দেন।
- বন্যার কারণে উত্তরাঞ্চলের ছয় জেলার সঙ্গে সারাদেশের রেল যোগাযোগ বন্ধ রয়েছে বলে স্থানীয় সূত্র জানায়।
- ভারত-চীন সীমান্ত লাদাখে ভারতীয় ও চীনা সৈন্যদের মধ্যে সংঘর্ষ। দুই দেশের সিনিয়র সেনা কর্মকর্তাদের ফ্ল্যাগ মিটিং।
- পাকিস্তানের ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী নওয়াজ শরীফকে প্রধানমন্ত্রীর পদে অযোগ্য ঘোষণা দেয়া সর্বোচ্চ আদালতের রায়কে চ্যালেঞ্জ করেছেন নওয়াজ।
- কলম্বিয়ায় কট্টোর বামপন্থী ফার্ক বিচ্ছিন্নতাবাদী দলের সঙ্গে ৫০ বছরের যুদ্ধের অবসানের আনুষ্ঠানিক ঘোষণা দিয়েছেন দেশটির প্রেসিডেন্ট হুয়ান মানুয়েল সান্তোস।

**১৭ আগস্ট**

- বন্যায় বানভাসী মানুষের দুঃখ-দুর্দশা লাঘবে সরকার এবং দলগতভাবে তাদের পাশে দাঁড়ানোর জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশ। বানভাসীদের যাতে কোন ধরনের সমস্যা না হয় সেজন্য সর্বাত্মক মনিটরিং করার জন্য কেন্দ্র থেকে তৃণমূল পর্যন্ত সকলকে সর্বোচ্চ সতর্ক থাকারও নির্দেশনা দেন তিনি। গণভবনে আওয়ামী লীগের স্থানীয় সরকার মনোনয়ন বোর্ডের সভায় সভাপতির বক্তৃতায় প্রধানমন্ত্রী এসব নির্দেশনা দেন।
- নির্বাচন ভবনে সাংবাদিকদের সঙ্গে সংলাপে প্রধান নির্বাচন কমিশনার– একাদশ সংসদ নির্বাচন নিয়ে রাজনৈতিক দলগুলোর মধ্যে মধ্যস্থতা করার দায়িত্ব নেবে না কে এম নুরুল হুদার নেতৃত্বাধীন পাঁচ সদস্যের নির্বাচন কমিশন (ইসি)। পরিস্থিতি বিবেচনায় সেনা মোতায়েনের বিষয়ে সিদ্ধান্ত নেবে ইসি।
- সচিবালয়ে জাতীয় শোক দিবসের এক অনুষ্ঠানে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেন, বিএনপির রাজনীতি এখন বেপরোয়া ড্রাইভারের মতো।

- জাতীয় প্রেস ক্লাবে এক সভায় বিএনপি'র মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর সংবিধানের ষোড়শ সংশোধনীর রায় নিয়ে রাষ্ট্রপতির সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠককে নজিরবিহীন ঘটনা বলে আখ্যা দিয়েছেন।
- ষোড়শ সংশোধনী বাতিলের রায় ভ্রমাত্মক– দৈনিক জনকণ্ঠে এক বিশেষ সাক্ষাৎকারে আইন কমিশন চেয়ারম্যান ও সাবেক প্রধান বিচারপতি এবিএম খায়রুল হক।
- বাংলা সাহিত্যের অন্যতম প্রধান কবি শামসুর রাহমানের ১১তম মৃত্যুবার্ষিকী উদযাপিত।
- ওয়াশিংটন পোস্টের নিবন্ধ– হিমালয় অঞ্চলের ডোকালামকে ঘিরে সামরিক সংঘাতের দ্বারপ্রান্তে চীন ও ভারত।
- ভেনিজুয়েলায় এক কারাগারে নিরাপত্তাবাহিনীর অভিযানে ৩৭ বন্দি নিহত।

**১৮ আগস্ট**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা বার্সেলোনা এবং স্পেনের অন্যান্য শহরে সন্ত্রাসী হামলায় ১৩জন নিহত ও আরও অনেকের আহতের ঘটনায় তীব্র নিন্দা করে স্পেনের প্রধানমন্ত্রীর কাছে বার্তা পাঠিয়েছেন।
- সংবিধানের ষোড়শ সংশোধনী বাতিলের রায় পুনর্বিবেচনা (রিভিউ) আবেদন করতে সরকার প্রস্তুতি নিচ্ছে বলে রাজধানীতে সাংবাদিকদের জানিয়েছেন; আইনমন্ত্রী আনিসুল হক।
- ঈদ-উল-আজহা উপলক্ষ্যে রাজধানীতে বাস-ট্রেনের অগ্রিম টিকিট বিক্রি শুরু।
- ২১ আগস্ট গ্রেনেড হামলা মামলার অন্যতম আসামি দক্ষিণ আফ্রিকায় পলাতক মাওলানা তাজউদ্দিনকে দেশে ফিরিয়ে আনতে দেশটির সঙ্গে বন্দিবিনিময় চুক্তির খসড়া হস্তান্তর।
- উত্তরাঞ্চলের রংপুরে বন্যায় ১ হাজার ৩১টি শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ ঘোষণা।
- প্রথমবারের মতো বাংলাদেশি বংশোদ্ভূত ব্রিটিশ নাগরিক আখলাকুর রহমান চৌধুরী যুক্তরাজ্যের হাইকোর্টে বিচারপতি হিসেবে নিয়োগ পেয়েছেন। স্পেনের স্বায়ত্তশাসিত এলাকা কাতালোনিয়ার রাজধানী বার্সেলোনায় ফের হামলা। পুলিশের গুলিতে পাঁচ জঙ্গি নিহত। হামলার দায় স্বীকার আইএসের। চালককে ধরতে অভিযান। তিন সন্দেহভাজন গ্রেফতার।



- ভারতের সিকিম-তিব্বত-ভুটান সীমান্তসংলগ্ন ডোকালাম এলাকায় চীনের সঙ্গে দীর্ঘস্থায়ী সামরিক বিরোধে ভারতের প্রতি সমর্থন ব্যক্ত করেছে জাপান। সেই সঙ্গে জাপান একথাও বলেছে, ডোকালামে স্থিতাবস্থা পরিবর্তনে শক্তি প্রয়োগ গ্রহণযোগ্য নয়।

**১৯ আগস্ট**

- সংবিধানের ষোড়শ সংশোধনী বাতিল রায় প্রসঙ্গে প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার শপথ ভঙ্গের ইঙ্গিত আইন কমিশনের চেয়ারম্যান ও সাবেক প্রধান বিচারপতি এবিএম খায়রুল হকের। সংসদ নিয়ে হাইকোর্টের মন্তব্য অনাকাঙ্ক্ষিত অনুচিত। রাজধানীর সিরডাপ মিলনায়তনে 'জাতীয় শোক দিবস, ষোড়শ সংশোধনী বাতিলের রায় ও জননেত্রী শেখ হাসিনার উন্নয়নের রাজনীতি' শীর্ষক এক আলোচনা সভায় তিনি একথা বলেন।
- ভারতের 'দ্য হিন্দু পত্রিকা'র নিবন্ধ– টানা তৃতীয় বারের মতো নির্বাচিত হবেন ভারতের বন্ধু ভাবাপন্ন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- রাজধানীর এফডিসিতে আয়োজিত এক অনুষ্ঠান শেষে সাংবাদিকদেরকে ঢাকা মেট্রোপলিটন (ডিএমপি) কমিশনার আছাদুজ্জামান মিয়া বলেছেন, জননিরাপত্তায় সাইবার অপরাধ নিয়ন্ত্রণের সক্ষমতা নেই পুলিশের।
- ভারতের আনন্দবাজার পত্রিকার বিশ্লেষণ– চীনের সঙ্গে যুদ্ধ হলে বেশি ক্ষতি ভারতের। দক্ষিণ এশিয়ার দেশগুলোয় ভারতবিরোধী রাজনীতি আরো জোরদার হতে পারে। যুদ্ধে ভারত পরাজিত হলে এ অঞ্চলে চীনের আধিপত্য আরও বাড়বে। উত্তর কোরিয়া ইস্যুর কারণে যুক্তরাষ্ট্র ও জাপান দিল্লির পক্ষ নাও নিতে পারে।
- কৌশলগত বোমারু বিমান বি-১বি ল্যান্সার থেকে জাহাজ বিধ্বংসী ক্ষেপণাস্ত্র (এলআরএএসএম) পরীক্ষা চালিয়েছে যুক্তরাষ্ট্র।
- ১১ বছর পর প্রথম টেস্ট সিরিজ খেলতে বাংলাদেশে পৌঁছেছে অস্ট্রেলিয়া ক্রিকেট দল।

**২০ আগস্ট**

- 'বন্যায় ক্ষতিগ্রস্ত মানুষকে সরকার তিন মাস পর্যন্ত সব ধরনের সহায়তা দেবে। এক কোটি দরিদ্র মানুষকে ১০ কেজিতে চাল দেয়া হবে। আওয়ামী লীগ সরকার ক্ষমতায় থাকা পর্যন্ত আপনারা কোন চিন্তা করবেন না। আপনাদের ভাগ্যের উন্নয়নে ও পুনর্বাসনে আমি আন্তরিকভাবে সক্রিয়। জাতির জনক বঙ্গবন্ধুর মতো আমিও জনগণের জন্য আমার জীবনকে উৎসর্গ করার অঙ্গীকার করেছি। আওয়ামী লীগ দুঃখী মানুষের দল। তাই আপনাদের পাশে বন্ধু হিসেবে স্বজন হিসেবে আমরা কাজ করে যাচ্ছি'। দিনাজপুরে ত্রাণ বিতরণকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এসব কথা বলেন।

- লন্ডনে চিকিৎসাধীন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র আনিসুল হকের শারীরিক অবস্থার উন্নতি। তবে এখনো তাকে নিবিড় পরিচর্যা কেন্দ্রে (আইসিইউ) রাখা হয়েছে।
- কোটালীপাড়ায় জনসভার কাছে বোমা পুঁতে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে হত্যাচেষ্টার মামলার রায়ে ১০ আসামির মৃত্যুদণ্ডের আদেশ দিয়েছেন আদালত এবং তাদের গুলি করে দণ্ড কার্যকরের নির্দেশ।
- রাজধানীর সেগুনবাগিচা থেকে ঋণ জালিয়াতির মাধ্যমে কৃষি ব্যাংকের ১১১ কোটি ১৪ লাখ টাকা আত্মসাতের অভিযোগে করা মামলায় কেয়া গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক (এমডি) আবদুল খালেক পাঠানকে গ্রেফতার করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)।
- বন্যার কারণে টাঙ্গাইলে রেললাইনের একটি ব্রিজের সংযোগ সড়কের মাটি সরে যাওয়ায় উত্তর ও দক্ষিণবঙ্গের সঙ্গে সারাদেশের রেল যোগাযোগ বন্ধ। ঢাকা থেকে উত্তর ও দক্ষিণবঙ্গের সব ট্রেনের যাত্রা বাতিল। একই কারণে আগামী দু'দিন ঢাকা-কলকাতা রুটের মৈত্রী এক্সপ্রেস যাত্রা বাতিল করা হয়েছে।
- আবারো যুক্তরাষ্ট্রে হামলার হুমকি দিয়েছে উত্তর কোরিয়া। যুক্তরাষ্ট্র ও দক্ষিণ কোরিয়ার সামরিক মহড়া শুরুর একদিন আগে দেশটি বলেছে, এই মহড়া এক বেপরোয়া আচরণ। যা পরিস্থিতিকে পরমাণু যুদ্ধের এক নিয়ন্ত্রণহীন ধাপে নিয়ে যাবে। একইসঙ্গে পিয়ংইয়ং বলেছে, তাদের সেনাবাহিনী যে কোন সময় যুক্তরাষ্ট্রে হামলা চালাতে পারে।
- কঙ্গোতে ভূমিধসে দুই শতাধিক নিহত।
- মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের মানসিক ও শারীরিক স্বাস্থ্য পরীক্ষার জন্য কংগ্রেসের নিম্নকক্ষ প্রতিনিধি পরিষদে বিল উত্থাপন করেন; ডেমোক্র্যাট সদস্য জো লফগ্রেনস।

**২১ আগস্ট**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর কার্যালয়ে মন্ত্রিসভার বৈঠকে ২০০৪ সালের ২১ আগস্টে ভয়াবহ গ্রেনেড হামলার স্মৃতিচারণ করে বলেছেন, ২১ আগস্ট হামলার আগে বিএনপি চেয়ারপারসন ও তৎকালীন প্রধানমন্ত্রী খালেদা জিয়াসহ বিএনপির নেতারা ১৫ আগস্টের মতো আরেকটি ঘটনার হুমকি দিয়েছিলেন। এর ধারাবাহিকতায় ২১ আগস্টের গ্রেনেড হামলা হয়। এছাড়াও মন্ত্রিসভায় সর্বসম্মতিক্রমে ২১ আগস্ট ভয়াবহ গ্রেনেড হামলার ঘটনায় শোক ও নিন্দা প্রস্তাব গ্রহণ করা হয়। এদিকে মন্ত্রিসভায় ঝুঁকিপূর্ণ বিবেচনায় অন্তত একবছর সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সভাকক্ষে বৈঠক হবে না বলে সিদ্ধান্ত হয়।



- ২১ আগস্ট গ্রেনেড হামলায় শহীদদের স্মরণে রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, আমি সবকিছুই সহ্য করে যেতে পারি কিন্তু পাকিস্তানের সঙ্গে বাংলাদেশের তুলনা করা কিছুতেই মেনে নেয়া যায় না। উচ্চ আদালতে পাকিস্তানের সঙ্গে বাংলাদেশকে তুলনা করার তীব্র সমালোচনা করে প্রধানমন্ত্রী বলেন, কেন বাংলাদেশকে পাকিস্তান এবং পাকিস্তানের প্রধানমন্ত্রীর সঙ্গে তুলনা করা হবে? আমাকে এ ধরনের হুমকি দিয়ে কোন লাভ হবে না। এজন্য জনতার আদালতে বিচার প্রার্থনা করেন প্রধানমন্ত্রী। প্রধান বিচারপতির পদত্যাগ করা উচিত ছিল বলে মন্তব্য করেন প্রধানমন্ত্রী।
- কিংবদন্তি অভিনেতা নায়করাজ রাজ্জাক রাজধানীর ইউনাইটেড হাসপাতালে ইন্তেকাল করেন। সর্বত্র শোকের ছায়া। রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রীসহ বিভিন্ন রাজনীতিবিদ ও বিশিষ্টজনরা শোক জানিয়েছেন।
- ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের (টিআইবি) গবেষণা প্রতিবেদন– ৭৬ শতাংশ মানুষ অনিয়ম ও দুর্নীতির শিকার, পুলিশকে ঘুষ দিতে হয় ৭৫ ভাগ মানুষকে। অফিসে ঘুষ দিতে হয় ৫৫ শতাংশ মানুষকে। ২৭ ভাগ আবেদনকারী নির্ধারিত সময়ে পাসপোর্ট হাতে পান না। গবেষণা ফলাফলের ভিত্তিতে, হয়রানি ঘুষ ও দুর্নীতি বন্ধে সংস্থাটির পাসপোর্ট পেতে পুলিশ ভেরিফিকেশন বাতিলের সুপারিশ।
- বঙ্গবন্ধু সেতুর উপর দিয়ে ঢাকার সঙ্গে দেশের উত্তর-দক্ষিণাঞ্চলের রেল যোগাযোগ ৩৬ ঘণ্টা পর পুনরায় চালু।
- সিরিয়ার রাষ্ট্রীয় টেলিভিশনে এক ভাষণে প্রেসিডেন্ট বাশার আল আসাদ বলেছেন, যুদ্ধ এখনো চলছে তবে বিদ্রোহীদের পরাজিত করা না গেলেও পশ্চিমা ষড়যন্ত্র ব্যর্থ হয়েছে।

**২২ আগস্ট**

- ২০১৪ সালে নারায়ণগঞ্জের সাত খুন মামলায় হাইকোর্টের রায়। সাবেক কাউন্সিলর নূর হোসেন ও সাবেক তিন র‍্যাব কর্মকর্তাসহ ১৫ জনের মৃত্যুদণ্ড বহাল। ১১ জনের মৃত্যুদণ্ড পরিবর্তন করে যাবজ্জীবন দেয়া হয়েছে। এছাড়া মামলার ৩৫ জন আসামির মধ্যে বাকি ৯ জনকে নিম্ন আদালতে দেয়া বিভিন্ন মেয়াদে কারাদণ্ড রায় হাইকোর্টে অপরিবর্তিত।

- বানভাসি মানুষের কষ্ট লাঘবে সরকার কাজ করছে– জাপানের বিদায়ী রাষ্ট্রদূত মাসাকা ওয়াতানাবে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করতে গেলে তিনি একথা বলেন।
- সব রাজনৈতিক দল চাইলে এবং নির্বাচন কমিশন প্রয়োজন মনে করলে আগামী জাতীয় সংসদ নির্বাচনে সেনা মোতায়েন করা হবে। তবে এ বিষয়ে সিদ্ধান্ত নেয়ার সময় এখনও আসেনি। আমরা নির্বাচনে সব দলের অংশগ্রহণ চাই। আর সে কারণেই আমরা সংলাপ শুরু করেছি– গাজীপুরে এক সভায় প্রধান নির্বাচন কমিশনার এ কে এম নুরুল হুদা।
- এফডিসি ও শহীদ মিনারে বাংলাদেশের চলচ্চিত্রে প্রতিষ্ঠানতুল্য ব্যক্তিত্ব নায়করাজ রাজ্জাককে বিশিষ্টজন, ভক্ত, সহকর্মীদের ফুলেল শ্রদ্ধা। বনানী কবরস্থানে দাফনসম্পন্ন।
- নির্বাহী ও বিচার বিভাগের মধ্যে দূরত্ব সৃষ্টি করতে চাচ্ছে বিএনপি– ধানমন্ডিস্থ আওয়ামী লীগ সভাপতির কার্যালয়ে সংবাদ সম্মেলনে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল।
- হাইকোর্টের আদেশ স্থগিত। আইন ও বিচার বিভাগের সচিব আবু সালেহ শেখ মো. জহিরুল হকের দায়িত্ব পালনে বাধা নেই।
- ‘সুপ্রীম কোর্টের রায়ে পাকিস্তানের প্রধানমন্ত্রীকে সরে যেতে হয়েছে’– এমন বক্তব্য দিয়ে প্রধান বিচারপতি শপথ ভঙ্গ করেছেন, তার বক্তব্য রাষ্ট্রদ্রোহের শামিল। সুপ্রিম কোর্টে আওয়ামী আইনজীবীদের অনুষ্ঠানে প্রধান বিচারপতির পদত্যাগ দাবি।
- ব্রহ্মপুত্র, যমুনা, পদ্মা, সুরমা ও কুশিয়ারাসহ দেশের প্রধান প্রধান নদীর পানি কমতে থাকায় সারাদেশে বন্যা পরিস্থিতির আরও উন্নতি।
- পাকিস্তানকে কড়া হুঁশিয়ারি। আফগানিস্তানে আরও মার্কিন সৈন্য পাঠানোর ঘোষণা প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের।
- ভারতে মুসলিম সমাজে তাৎক্ষণিক বিবাহ বিচ্ছেদের ক্ষেত্রে তিন তালাক প্রথাকে ‘অসাংবিধানিক ও অবৈধ’ বলে রায় দিয়েছে দেশটির সুপ্রিম কোর্ট।
- মিরপুর শেরেবাংলা স্টেডিয়ামের একাডেমিক ভবনে অস্ট্রেলিয়ার ক্রিকেটারদের অনুশীলন। ২৭ আগস্ট থেকে বাংলাদেশের বিপক্ষে দুই ম্যাচের সিরিজ টেস্ট খেলবে অস্ট্রেলিয়া।



**২৩ আগস্ট**

- ‘বাংলার মাটিতে আর কোন ১/১১ হবে না’– জাতীয় ক্রীড়া পরিষদের এক সভায় প্রধান অতিথির বক্তব্যে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ও সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের।
- সংবিধানের ষোড়শ সংশোধনী বাতিল করে দেশের সর্বোচ্চ আদালতের পূর্ণাঙ্গ রায় প্রকাশের পর প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহাকে নিয়ে সৃষ্ট সংকটের মধ্যেই বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে সাক্ষাৎ করেছেন, শিল্পমন্ত্রী আমির হোসেন আমু ও বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাতের পর গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গেও সাক্ষাৎ করেন এই দুই নেতা।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর কর্যালয়ে পিরোজপুরের ইন্দুরকানি উপজেলায় ২০১৪-’১৫ সালে বিএনপি ও জামায়াত শিবিরের সন্ত্রাসীদের নৃশংসতায় নিহত পরিবার ও আহতদের ২৪ জন সদস্যের মধ্যে আর্থিক অনুদানের চেক বিতরণ করেন।
- রাজধানীর রাস্তায় চলাচলকারী সব যানবাহনে হাইড্রোলিক হর্নের ব্যবহার ৪৮ ঘণ্টার মধ্যে বন্ধের নির্দেশ হাইকোর্টের। একই সঙ্গে ২৭ আগস্টের পর গাড়িতে এই হর্ন ব্যবহার করা হলে সেই গাড়ি জব্দেরও নির্দেশ।
- বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ চুরির অর্থ উদ্ধারে অর্থ মন্ত্রণালয়ের টাস্কফোর্সের এক সভায় সিদ্ধান্ত, চীনের সহায়তা চাইবে সরকার। বিলম্ব হলেও টাকা ফেরত পাওয়া যাবে বলে সভায় জানান অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত।
- বাগেরহাট শেখ হেলাল উদ্দিন স্টেডিয়ামে আয়োজিত এক অনুষ্ঠানে বনদস্যুদের পুনর্বাসনের লক্ষ্যে চেক হস্তান্তর করেন, প্রধান অতিথি স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। প্রধানমন্ত্রী ত্রাণ তহবিল থেকে সুন্দরবনের আত্মসমর্পণকারী ১৩২ বনদস্যুর প্রত্যেককে ১ লাখ টাকা করে আর্থিক সহায়তা দেয়া হয়েছে। এছাড়া এক্সিম ব্যাংকের পক্ষ থেকে জনপ্রতি ৫০ হাজার টাকা এবং র‌্যাবের পক্ষ থেকে দেয়া হয়েছে মোবাইল সেট ও ঈদ উপহারসামগ্রী।
- দেশের আকাশে জিলহজ মাসের চাঁদ দেখা গেছে। সেই হিসেবে ২ সেপ্টেম্বর ‘পবিত্র ঈদুল আজহা উদযাপিত হবে’ বলে ইসলামিক ফাউন্ডেশনের জাতীয় চাঁদ দেখা কমিটির বৈঠকে সিদ্ধান্ত।

- বিশিষ্ট নারী নেত্রী ও বাংলাদেশ আওয়ামী লীগের সাবেক মহিলা বিষয়ক সম্পাদক বেগম আইভী রহমানের ১৩তম মৃত্যুবার্ষিকী পালিত।
- রাজধানীর সিরডাপ মিলনায়তনে এক অনুষ্ঠানে কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী– বিটি প্রযুক্তি ব্যবহার করে দেশকে কৃষিতে ব্যাপক সাফল্য এনে দিয়েছে সরকার। এই সাফল্যের নেপথ্যে রয়েছে সরকারের উদার রাজনীতি।
- আন্তর্জাতিক ফুটবল থেকে অবসরের ঘোষণা দিয়েছেন ইংল্যান্ডের সাবেক অধিনায়ক ওয়েন রুনি।

**২৪ আগস্ট**

- প্রধানমন্ত্রীর কার্যালয়ে বিভিন্ন সরকারি-বেসরকারি সংস্থার কাছ থেকে প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলের জন্য আর্থিক অনুদানের চেক গ্রহণ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ সময় তিনি বন্যা দুর্গতদের পুনর্বাসনে সরকার সবধরনের পদক্ষেপ নিচ্ছে উল্লেখ করে পাশাপাশি তাদের দুর্ভোগ লাঘবে সহায়তা করতে সমাজের বিত্তবানদের এগিয়ে আসার আহ্বান জানান। একই সময় প্রধানমন্ত্রী সিলেটের আতিয়া মহলে জঙ্গিবিরোধী অভিযানে নিহত পুলিশ ও র‍্যাব কর্মকর্তাসহ হতাহতদের স্বজনদের মাঝে আর্থিক অনুদানের চেক প্রদান করেন।
- বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে জাপানের বিদায়ী রাষ্ট্রদূত মাসাতো ওয়াতানাবে সাক্ষাৎকালে রাষ্ট্রপতি বলেন, বাংলাদেশ সন্ত্রাস ও জঙ্গিবাদের বিরুদ্ধে সবসময়ই জিরো টলারেন্স নীতি গ্রহণ করে আসছে।
- সাবেক রাষ্ট্রপতি জিল্লুর রহমানের সহধর্মিণী ও আওয়ামী লীগের সাবেক মহিলা বিষয়ক সম্পাদক আইভী রহমানের স্মরণে তাঁর গুলশানের বাসভবনে মিলাদ ও দোয়া মাহফিলে যোগদান করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- সুন্দরবনের চারদিকে ১০ কি.মি. এলাকার মধ্যে নতুন কোন শিল্প-কারখানা স্থাপন না করার নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। একই সঙ্গে সুন্দরবনের চারদিকে ১০ কি.মি. এলাকার মধ্যে কতটি শিল্প প্রতিষ্ঠান রয়েছে আগামী ৬ মাসের মধ্যে তার তালিকা করে আদালতে দাখিলের নির্দেশও দেয়া হয়েছে।
- নাইকোর সঙ্গে পেট্রোবাংলা ও বাপেক্সের যৌথ চুক্তি অবৈধ ঘোষণা করে সুনামগঞ্জের টেংরাটিলার ক্ষতিপূরণ বাবদ নাইকোর সব সম্পত্তি বাজেয়াপ্তের নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। সেই সঙ্গে এ যৌথ চুক্তির বাইরে নাইকো বাংলাদেশ ও নাইকো কানাডার যে সম্পত্তি তা রাষ্ট্রের অনুকূলে জব্দের নির্দেশ দেয়া হয়েছে। এছাড়া ক্ষতিপূরণ আদায় না হওয়া পর্যন্ত নাইকোকে কোন অর্থ না দেয়ারও নির্দেশ দিয়েছেন হাইকোর্ট।



- রাঙামাটিতে বৌদ্ধ ধর্মাবলম্বীদের মূল ধর্মগ্রন্থ পবিত্র ত্রিপিটক প্রথমবারের মতো মোট ২৫ খণ্ডের পূর্ণাঙ্গ ও সমগ্ররূপে বাংলা ভাষায় প্রকাশিত।
- দিনাজপুরে ইয়াসমিন ট্র্যাজেডির ২২তম বার্ষিকী উপলক্ষ্যে ইয়াসমিনের পরিবারসহ বিভিন্ন সংগঠনের নানা কর্মসূচি পালন।
- মিয়ানমারে রোহিঙ্গাদের ওপর সব ধরনের বিধিনিষেধ প্রত্যাহার করে তাদের নাগরিকত্ব ফিরিয়ে দেয়ার পথ সুগম করতে দেশটির সরকারের প্রতি আহ্বান জানিয়েছে রাখাইন রাজ্যের জন্য বিশেষভাবে গঠিত 'অ্যাডভাইজরি কমিশন'। তারা রোহিঙ্গাদের অবাধ চলাচলের স্বাধীনতা দিতে বলেছে। মিয়ানমারের সেনাবাহিনী রাখাইন রাজ্যের সংখ্যালঘু রোহিঙ্গাদের ওপর ব্যাপক সহিংসতা চালাচ্ছে এমন অভিযোগের পটভূমিতে দেশটির নেত্রী অং সান সুচি গত বছর এই বিশেষ কমিশন গঠন করেন।

**২৫ আগস্ট**

- মিয়ানমারের রাখাইন রাজ্যে সেনাবাহিনী ও রোহিঙ্গা বিদ্রোহীদের মধ্যে রক্তক্ষয়ী সংঘর্ষে শতাধিক নিহত হওয়ার খবর। মিয়ানমারে জ্বলছে গ্রামের পর গ্রাম, পালাচ্ছে মানুষ। টুইটে হামলার দায় স্বীকার করেছে আরাকান সালভেশন আর্মি (এআরএসএ) নামের একটি সংগঠন।
- কক্সবাজারের উখিয়ায় আরো তিন হাজার রোহিঙ্গা ঢুকে পড়েছে।
- ঈদযাত্রার আগেই যানজট। ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে ১৩ কি.মি. পাড়ি দিতে লাগছে ২ থেকে ৩ ঘণ্টা, একই অবস্থা ঢাকা-টাঙ্গাইল মহাসড়কেও।
- ঈদে মানুষের যাত্রা স্বস্তিদায়ক করতে সড়ক পরিবহন মন্ত্রণালয়ের দায়িত্বরত প্রকৌশলীদের ছুটি বাতিল।
- লন্ডনে হাসপাতালে চিকিৎসাধীন ঢাকা উত্তর সিটি মেয়র আনিসুল হক এখনো অচেতন।
- সচিবালয়ে এক সংবাদ সম্মেলনে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু– প্রধান বিচারপতির পদত্যাগের মাধ্যমে ষোড়শ সংশোধনী রায় সংক্রান্ত চলমান বিতর্কের অবসান হতে পারে।
- দুর্নীতির দায়ে গ্রেফতারি পরোয়ানা জারির পর থাইল্যান্ডের সাবেক প্রধানমন্ত্রী ইংলাক সিনাওয়াত্রা দেশ ছেড়ে পালিয়েছেন।

**২৬ আগস্ট**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা বন্যাদুর্গত মানুষের অবস্থা দেখতে গাইবান্ধা ও বগুড়া জেলা পরিদর্শন করেন। গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ উপজেলার পরিষদ চত্বরে বন্যার্তদের মাঝে ত্রাণসামগ্রী বিতরণ করেন। ত্রাণ বিতরণকালে প্রধানমন্ত্রী বলেন, বোরো ধান তোলা পর্যন্ত কৃষকরা সরকারি সুবিধা পাবেন।
- রাখাইনে চলছে নিধনযজ্ঞ। সীমান্তে নারী-পুরুষ, শিশুর ঢল। বিজিবি'র বাড়তি সদস্য মোতায়েন ও সর্বোচ্চ সতর্কতা জারি; নিরাপত্তা জোরদার।
- পররাষ্ট্র মন্ত্রণালয়ে মিয়ানমার রাষ্ট্রদূতকে তলব। নতুন করে সহিংসতার প্রেক্ষিতে রোহিঙ্গা অনুপ্রবেশের ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছে বাংলাদেশ।
- যুক্তরাষ্ট্রের অঙ্গরাজ্য টেক্সাস উপকূলে শক্তিশালী সাইক্লোন হার্ভের আঘাত। সোয়া দুই লাখ মানুষ বিদ্যুৎহীন। হাজার হাজার মানুষের বাড়ি-ঘর ছেড়ে নিরাপদ স্থানে আশ্রয় গ্রহণ। প্রচুর বৃষ্টিপাতের কারণে বন্যার আশঙ্কা।
- বৃষ্টি আতঙ্ক নিয়ে দীর্ঘ ১১ বছর পর আজ ঢাকায় বাংলাদেশ-অস্ট্রেলিয়া টেস্ট ক্রিকেট শুরু।

**২৭ আগস্ট**

- প্রধানমন্ত্রীর কার্যালয়ে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনে গঠিত কেন্দ্রীয় তহবিল (আরএমজি) থেকে প্রথমবারের মতো দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত শ্রমিক ও তাদের পরিবারের সদস্যদের হাতে অনুদানের চেক প্রদানকালে গার্মেন্টস মালিকদের প্রতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা, বাইরের উস্কানিতে শিল্প-কারখানায় বিশৃঙ্খলা বিষয়ে সতর্ক থাকুন। শুধু লাভের কথা না ভেবে শ্রমিক কল্যাণে দৃষ্টি দিন।
- বাংলাদেশের সীমান্তে অনুপ্রবেশের চেষ্টায় রোহিঙ্গারা। সীমান্তের ওপারে নর-নারীর স্রোত। মিয়ানমারে গুলিবিদ্ধ ২ শিশুসহ আরও ৬ রোহিঙ্গা চমেক হাসপাতালে ভর্তি। বিজিবি'র কঠোর নজরদারি। অনাকাঙ্ক্ষিত পরিস্থিতির সমুচিত জবাব দেয়ার হুঁশিয়ারি বিজিবি প্রধানের। এদিকে বিশ্ব খ্রিষ্টান সম্প্রদায়ের শীর্ষ ধর্মগুরু পোপ ফ্রান্সিস এক প্রার্থনা সভায় বলেছেন, ঈশ্বর রোহিঙ্গাদের রক্ষা করুন। রোহিঙ্গা নির্যাতনের নিন্দা জানিয়ে এ ঘটনাকে দুঃখজনক উল্লেখ করে তাদের পূর্ণ অধিকার পাওয়ার জন্য প্রার্থনা করেন পোপ।
- জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ৪২তম প্রয়াণ দিবস উদযাপন।



- বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট (পিআইবি) ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রামের যৌথ উদ্যোগে প্রবর্তিত গণমাধ্যম পুরস্কার-২০১৭ পেলেন সাত সাংবাদিক। পিআইবি সেমিনার কক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে বিজয়ীদের প্রত্যেককে ৭৫ হাজার টাকার চেক, সনদপত্র ও ক্রেস্ট তুলে দেয়া হয়। পুরস্কার প্রদান অনুষ্ঠানে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু প্রধান অতিথি ছিলেন।
- তত্ত্বাবধায়ক সরকার পুনর্বহালে হাত দিলে হাত পুড়ে যাবে। আওয়ামী লীগের শত্রুরাই এখন আদালতের বন্ধু– সচিবালয়ে সাংবাদিকদের বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ।
- ময়মনসিংহের ভালুকায় বোমা বিস্ফোরণে জঙ্গি নিহত। বাড়ির মালিকসহ আটক সাত জন।
- ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের বিবৃতি– বিরোধপূর্ণ সীমান্ত ডোকালাম দুই মাসেরও বেশি সময় পরস্পরের মুখোমুখি অবস্থানে থাকার পর দ্রুত সেনা প্রত্যাহারে সম্মত হয়েছে চীন ও ভারত।
- মিরপুরে টেস্টে প্রথম দিনের স্পিনারদের দাপটে এগিয়ে বাংলাদেশ। অস্ট্রেলিয়ার স্কোর ৩ উইকেটে ১৮ রান। ২৪২ রানে পিছিয়ে থেকে দ্বিতীয় দিনে ব্যাটিংয়ে নামবে স্মিথ বাহিনী।

**২৮ আগস্ট**

- প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভার বৈঠকে খাদ্যমন্ত্রী অ্যাডভোকেট কামরুল ইসলাম জানান, আগামী ৩১ জানুয়ারি পর্যন্ত অভ্যন্তরীণ চাহিদা মেটাতে সর্বোচ্চ ২০ লাখ টন খাদশস্য প্রয়োজন। যার পুরোটাই ঘাটতি। এছাড়া বৈঠকে দেশের সার্বিক বন্যা পরিস্থিতি পর্যালোচনা করতে গিয়ে প্রধানমন্ত্রী বন্ধ হয়ে থাকা সব ব্রিজ-কালভার্ট দ্রুত সচল করার নির্দেশ দিয়েছেন।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার আমন্ত্রণে তিনদিনের রাষ্ট্রীয় সফরে আগামী ৩০ নভেম্বর ঢাকায় আসছেন খ্রিষ্টান ধর্মে রোমান ক্যাথলিক সম্প্রদায়ের প্রধান ধর্মগুরু পোপ ফ্রান্সিস।
- ব্যাঙ্ককের জাতিসংঘের এশিয়া ও প্রশান্ত মহাসাগর অঞ্চলের অর্থনৈতিক ও সামাজিক কমিশনের (ইউএনএসক্যাপ) প্রধান কার্যালয়ে 'হাই লেভেল ডায়ালগ অন এনহ্যান্সিং রিজিওনাল ট্রেড থ্রু ইফেক্টিভ পার্টিসিপেশন ইন দ্য ডিজিটাল ইকোনমি' শীর্ষক বৈঠকে এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে ডিজিটাল বাণিজ্য জোরদার করতে জাতিসংঘের নতুন ফ্রেমওয়ার্ক চুক্তিতে স্বাক্ষর করেছে বাংলাদেশ, চীন ও কম্বোডিয়া।

- প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে কোটালীপাড়ায় হত্যাচেষ্টার মামলায় মৃত্যুদণ্ড প্রাপ্ত ১০ জঙ্গির ডেথ রেফারেন্স (মৃত্যুদণ্ড নিশ্চিতকরণ) অগ্রাধিকার ভিত্তিতে নিষ্পত্তির নির্দেশ দিয়েছেন প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা।
- সম্পদের হিসাব দাখিল না করায় দুর্নীতি দমন কমিশনের (দুদক) দায়ের করা মামলায় রানা প্লাজার মালিক সোহেল রানাকে তিন বছরের কারাদণ্ড দিয়েছেন আদালত। একইসঙ্গে তাকে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। অনাদায়ে আরো তিন মাসের কারাদণ্ড দেন আদালত।
- কায়রোর একটি মেট্রো স্টেশনে সুন্নি মুসলিম কর্তৃপক্ষ 'আল-আজহার'র তত্ত্বাবধানে জনগণের কাছে বিনামূল্যে ইসলামি বিধিবিধান বা অনুশাসন পৌঁছে দিতে বিশ্বের প্রথম ফতোয়া বুথ চালু করেছে মিশর।
- মিয়ানমারে রাখাইন প্রদেশে সেনাবাহিনী ও সীমান্তরক্ষীদের রোহিঙ্গা নিধন অভিযান আরো জোরালো হয়েছে। সশস্ত্র সেনাসদস্যদের বর্বরতায় সেখানকার তিনটি টাউনশিপ মংডু, বুচিদং ও রাচিদং শহর জ্বলন্ত আগ্নেয়গিরিতে পরিণত হয়েছে। আন্তর্জাতিক গণমাধ্যমে মৃতের সংখ্যা আট শতাধিক বলে নিশ্চিত করা হয়েছে। সীমান্তে জঙ্গিসহ উগ্রপন্থীদের বিরুদ্ধে যৌথ অভিযান চালাতে মিয়ানমারকে প্রস্তাব দিয়েছে ঢাকা। ঢাকায় মিয়ানমারের 'চার্জ দ্য অ্যাফেয়ার্স' অন্ট মিনকে পররাষ্ট্র মন্ত্রণালয়ে ডেকে এ বিষয়ে আনুষ্ঠানিক প্রস্তাব দেয়া হয়। রাখাইনে সাম্প্রতিক সংঘর্ষে জড়িত লোকজনকে 'বাঙালি' সন্ত্রাসী হিসেবে অভিহিত করার বিষয়টিতে বাংলাদেশ যে উদ্বিগ্ন, সেটিও মিয়ানমারের কূটনীতিককে স্পষ্ট করে বলা হয়েছে।
- ভারতে ধর্ষণের মামলায় দোষীসাব্যস্ত ধর্মগুরু রাম রহিম সিংয়ের সাজা আজ। কোর্ট বসছে জেলের ভেতর। কারাগারের বাইরে চারস্তরে সেনা মোতায়েন, কারফিউ জারি হরিয়ানা প্রশাসনের। এদিকে দেশটির প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, দোষীকে শাস্তি পেতেই হবে। ধর্মের নামে সহিংসতা সহ্য করা হবে না।
- মেক্সিকোর সর্বোচ্চ শৃঙ্গ ও উত্তর আমেরিকার সর্বোচ্চ আগ্নেয়গিরি পিকো দে ওরিজাবা জয় করলেন বাংলাদেশি পর্বতারোহী ওয়াসফিয়া নাজরীন।



**২৯ আগস্ট**

- দেশজুড়ে সরকারি পুকুর খনন ও খাল উন্নয়ন প্রকল্পে যাতে কোন প্রকার অনিয়ম না হয় সেজন্য কঠোর নজরদারির নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ১ হাজার ৩৩৫ কোটি টাকা প্রাক্কলিত ব্যয় এ সংক্রান্ত একটি প্রকল্পের অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনীতি পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। সভায় অর্থ প্রতিমন্ত্রী জানান, 'সারাদেশে পুকুর-খাল-উন্নয়ন' নামের এই প্রকল্পের আওতায় ৫৬টি জেলায় সরকারি পুকুর ও খালের সংস্কার করা হবে। এছাড়া ১ হাজার ৬৬১ পুকুর-দীঘি খনন করা হবে।
- রোহিঙ্গা সংকট সমাধানে মার্কিন যুক্তরাষ্ট্রের সমর্থন চেয়েছে বাংলাদেশ। ওয়াশিংটনের কাছে রোহিঙ্গাদের বর্তমান পরিস্থিতি তুলে ধরা হয়েছে। এছাড়া ঢাকা-ওয়াশিংটনের মধ্যে নিরাপত্তা সহযোগিতা আরো জোরদার করা হবে। সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধ, আঞ্চলিক সহযোগিতাসহ দ্বিপক্ষীয় সহযোগিতা বাড়াবে উভয়পক্ষ– পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলীর সঙ্গে ঢাকা সফররত মার্কিন যুক্তরাষ্ট্রের দক্ষিণ এবং মধ্য এশিয়া বিষয়ক ভারপ্রাপ্ত সহকারী মার্কিন পররাষ্ট্রমন্ত্রী এলিস ওয়েলসের সঙ্গে বৈঠকে এ আলোচনা হয়।
- বাংলাদেশের সীমান্তের ওপারে জিরোপয়েন্টে খোলা আকাশের নিচে অগণিত রোহিঙ্গা নর-নারী ও শিশুর অনুপ্রবেশ বেড়েই চলেছে। মিয়ানমার গণমাধ্যমে উল্টো প্রচার। মিয়ানমারে প্রাণহানিতে জাতিসংঘ মহাসচিব আন্তোনিও গুতেরেসের গভীর উদ্বেগ প্রকাশ।
- রাজধানীতে সভা শেষে এক সংবাদ সম্মেলনে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের– ক্ষমতাসীন আওয়ামী লীগের সম্পাদকমণ্ডলীর সভায় রোহিঙ্গা অনুপ্রবেশে গভীর উদ্বেগের পাশাপাশি বাংলাদেশে আসা রোহিঙ্গাদের মিয়ানমারে ফেরত নিতে অনুরোধ।
- বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট (পিআইবি) ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রকল্পের যৌথ উদ্যোগে সাংবাদিকতা বিষয়ক অনলাইন সার্টিফিকেট কোর্সের উদ্বোধন। পিআইবি'র অডিটরিয়ামে এ অনুষ্ঠানের উদ্বোধন করেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু ও সভাপতিত্ব করেন পিআইবি মহাপরিচালক মো. শাহ আলমগীর।
- টাঙ্গাইলে চলন্ত বাসে গণধর্ষণের পর তরুণী হত্যার অভিযোগে গ্রেফতারকৃত তিন জনের আদালতে স্বীকারোক্তি।

- যুক্তরাষ্ট্রের টেক্সাসে ঝড়ের প্রভাবে সৃষ্ট বন্যায় ৩০ হাজার বাসিন্দাকে আশ্রয়কেন্দ্রে সরিয়ে নেয়া হয়েছে। পরিস্থিতি অবনতির আশঙ্কা।
- মিরপুর টেস্টে দ্বিতীয় দিনে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে সাকিব আল হাসানের ৫ উইকেটে ৮৮ রানে এগিয়ে বাংলাদেশ।

**৩০ আগস্ট**

- মিরপুরে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে বাংলাদেশের ঐতিহাসিক জয়। টেস্টে বাংলাদেশ প্রথমবারের মতো হারলো অস্ট্রেলিয়াকে সাকিব-তামিমদের অসাধারণ নৈপুণ্যে। ম্যাচসেরা সাকিব আল হাসান। বাংলাদেশ ২৬০ ও ২২১ অস্ট্রেলিয়া ২১৭ ও ৭০.৫ ওভারে ২৪৪, বাংলাদেশ ২০ রানে জয়ী। স্টেডিয়ামের গ্যালারিতে বসে উৎসাহ দিয়েছেন ক্রিকেটপ্রেমী প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ সময় তিনি বলেন, টাইগারদের বিজয় ঈদ উপহার।
- কিংবদন্তি শিল্পী মোহাম্মদ আবদুল জব্বার (৭৯) হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন। তাঁর মৃত্যু সংবাদে সারাদেশে শোকের ছায়া। রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর গভীর শোক প্রকাশ। কেন্দ্রীয় শহীদ মিনারে সর্বস্তরের মানুষের শ্রদ্ধা, বাদ জোহর ঢাকা বিশ্ববিদ্যালয় মসজিদে জানাজার পর মিরপুর শহীদ বুদ্ধিজীবী কবরস্থানে দাফন সম্পন্ন।
- পাবনার রূপপুরের পরমাণু বিদ্যুৎকেন্দ্রের জ্বালানি বর্জ্য বা স্পেন্ট ফুয়েল ফেরত নিয়ে যাবে রাশিয়া। রাশিয়ার রাজধানী মস্কোতে এ সংক্রান্ত এক চুক্তি সই। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এক বিজ্ঞপ্তিতে চুক্তির বিষয়টি নিশ্চিত করেছে।
- রাখাইন রাজ্যে নতুন করে সহিংসতা ও হত্যাকাণ্ডের ঘটনায় উদ্বেগ জানিয়ে জাতিসংঘ মহাসচিব অ্যান্তোনিও গুতেরেস ও মিয়ানমারের স্টেট কাউন্সিলর অং সান সুচিকে চিঠি লিখেছেন ইসলামি সহযোগিতা সংস্থা (ওআইসি) মহাসচিব ড. ইউসেফ এ আল ওথাইমিন। জাতিসংঘ মহাসচিবকে দেয়া চিঠিতে ওথাইমিন বলেন, রাখাইনে বেসামরিক মানুষের ওপর নির্বিচারে বলপ্রয়োগ করা হচ্ছে।
- বাংলাদেশে রোহিঙ্গা অনুপ্রবেশ বন্ধে মিয়ানমারের প্রতি চাপ প্রয়োগের জন্য মার্কিন যুক্তরাষ্ট্রের প্রতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা আহ্বান জানান। প্রধানমন্ত্রীর কার্যালয়ে মার্কিন যুক্তরাষ্ট্রে দক্ষিণ ও মধ্য এশিয়া বিষয়ক ভারপ্রাপ্ত সহকারী পররাষ্ট্রমন্ত্রী এলিস ওয়েলেসের সঙ্গে এক বৈঠকে প্রধানমন্ত্রী এ অনুরোধ করেন।



- ইনডেমনিটি অধ্যাদেশ দিয়ে বঙ্গবন্ধুর আত্মস্বীকৃত খুনিদের বিচারের পথ যখন রুদ্ধ করা হয় তখন দেশে উচ্চ আদালতের বিবেক কোথায় ছিল? রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ঢাকা মহানগর আওয়ামী লীগ উত্তর ও দক্ষিণ আয়োজিত জাতীয় শোক দিবসের এক অনুষ্ঠানে প্রধানমন্ত্রী।
- 'মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ' নামে দেশের ১১তম শিক্ষা বোর্ড গঠন করেছে সরকার। ২৮ আগস্ট আদেশ জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ।
- মিরপুরে অস্ট্রেলিয়ার বিপক্ষে ঐতিহাসিক টেস্ট জেতায় বাংলাদেশ ক্রিকেট দলকে প্রাণঢালা অভিনন্দন জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- অস্ট্রেলিয়ার বিরুদ্ধে অবিস্মরণীয় টেস্ট জয়ে টাইগারদের জন্য ছয়কোটি টাকার পুরস্কার ঘোষণা করেছেন বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) সভাপতি।

**৩১ আগস্ট**

- বাংলাদেশ বর্তমান বিশ্বের উন্নয়নের রোল মডেল। এটা এমনি এমনি হয়নি। সকল প্রতিকূল অবস্থা মোকাবিলা করে আওয়ামী লীগ তিনবার সরকার গঠন করেছে বলেই এটা সম্ভব হয়েছে। যে কোন প্রতিকূল অবস্থা মোকাবিলা করে বাংলাদেশ আজ এগিয়ে যাচ্ছে– শোকাবহ আগস্টের শেষদিন রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে জাতির পিতার ৪২তম শাহাদাতবার্ষিকী এবং জাতীয় শোক দিবস উপলক্ষ্যে বাংলাদেশ আওয়ামী লীগ আয়োজিত সভায় প্রধান অতিথির বক্তব্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এসব কথা বলেন। এ সময় তিনি আরো বলেন, রাজনীতিবিদদের ঝুঁকি নেয়ার সাহস থাকতে হয়।
- পবিত্র ঈদ-উল-আজহা উপলক্ষ্যে সারাদেশে কঠোর নিরাপত্তা। জাতীয় ঈদগাহে ঈদের জামাতে শুধু জায়নামাজ ও ছাতা ছাড়া প্রবেশ করতে দেয়া হবে না। মুসল্লিদের নিরাপত্তার স্বার্থে এ ব্যবস্থা নেয়া হয়েছে বলে জানান– ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি) কমিশনার।
- গত এক সপ্তাহে মিয়ানমার থেকে সীমান্ত পেরিয়ে বাংলাদেশে ঢুকেছে ২৭ হাজারের বেশি রোহিঙ্গা, যাদের বেশির ভাগই নারী ও শিশু। বাংলাদেশে জাতিসংঘ কর্মকর্তারা বিবিসিকে এ তথ্য জানিয়েছে।
- 'লাব্বায়েক আল্লাহুম্মা লাব্বায়েক' ধ্বনিতে মুখরিত আরাফাত ময়দান। ২০ লক্ষাধিক ধর্মপ্রাণ মুসলমান ইহকাল ও পরকালের কল্যাণের পাশাপাশি মুসলিম বিশ্বে শান্তি ও সমৃদ্ধির জন্য রহমত কামনা করেছেন।

- হজ ব্যবস্থাপনায় অনিয়মে জড়িত ১৮ এজেন্সির কার্যক্রমের বিষয়ে দুর্নীতি দমন কমিশনের (দুদক) অনুসন্ধান শুরু।
- কক্সবাজারের টেকনাফের নাফ নদীতে আবারো নৌকাডুবির ঘটনায় বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) উপস্থিতিতে ১৯ রোহিঙ্গা নারী-শিশুর লাশ উদ্ধার।
- নিউইয়র্কে জাতিসংঘ নিরাপত্তা পরিষদের বৈঠকে রোহিঙ্গা সংকট নিয়ে উদ্বেগ প্রকাশ। মিয়ানমারের রাখাইন রাজ্যে সহিংসতা বন্ধ, মানবিক সহায়তা অব্যাহত রাখা ও কফি আনান কমিশনের প্রতিবেদন বাস্তবায়নে গুরুত্বারোপ এ পরিষদের সদস্যদের।
- ক্ষেপণাস্ত্র পরীক্ষা ইস্যুতে যুক্তরাষ্ট্রের পক্ষ নেয়ায় জাপানের ধ্বংস 'অত্যাসন্ন' বলে পারমাণবিক ক্ষমতাধর দেশ উত্তর কোরিয়ার টোকিও'কে হুঁশিয়ারি।

## সেপ্টেম্বর

### ১ সেপ্টেম্বর

- পবিত্র ঈদ-উল-আজহা উপলক্ষ্যে রাজধানীর হাটগুলো কোরবানির পশুতে সয়লাব। ব্যাপারীদের মনে বৃষ্টি আতঙ্ক।
- সচিবালয়ে সাংবাদিকদের শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ– জেএসসি ও জেডিসি পরীক্ষা ১ নভেম্বর শুরু।
- কক্সবাজারের টেকনাফে অবৈধভাবে অনুপ্রবেশকালে ৪,৫৩৮ জন রোহিঙ্গাকে ফেরত পাঠিয়েছে বিজিবি। এদের মধ্যে বেশির ভাগই নারী এবং শিশু।
- চট্টগ্রাম জেলার সাত উপজেলার প্রায় ৬০ গ্রামের নির্দিষ্টসংখ্যক মানুষ পবিত্র ঈদ-উল-আজহা উদযাপন করেছেন।
- মিয়ানমারের রাখাইন প্রদেশে রোহিঙ্গাদের ওপর নতুন করে শুরু হওয়া সহিংসতায় কমপক্ষে ৪০০ জন নিহত হয়েছে বলে জানিয়েছে দেশটির সেনাবাহিনী।
- কেনিয়ার সুপ্রিম কোর্ট দেশের রাষ্ট্রপতি নির্বাচনের ফলাফল বাতিল করে দিয়েছে। এর ফলে, আগামী ৬০ দিনের মধ্যে পুনরায় নির্বাচন করতে হবে।

### ২ সেপ্টেম্বর

- সারাদেশে পবিত্র ঈদ-উল-আজহা উদযাপিত। রাজধানীর ৪০৯ স্থানে ঈদ জামাত অনুষ্ঠিত।



- দেশবাসীকে ঈদ-উল-আজহার শুভেচ্ছা জানানোর পাশাপাশি দেশের উত্তর-পূর্ব ও উত্তর-পশ্চিমাঞ্চলের বন্যাকবলিত মানুষের মধ্যে ঈদের আনন্দ পৌঁছে দিতে সরকারের পাশাপাশি বিত্তবান ও সামর্থ্যবানদের এগিয়ে আসার আহ্বান জানান রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- নোয়াখালীর কোম্পানীগঞ্জের পেশকার হাট ঈদগাহ মাঠে সাংবাদিকদের আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের– দেশের স্বার্থে, দেশের জনগণের স্বার্থে সবাইকে নেতিবাচক রাজনীতি পরিহার করে ইতিবাচক রাজনীতির দিকে ফিরে আসার আহ্বান জানান।
- ভাটি অঞ্চল চষে বেড়ানো মুক্তিযোদ্ধা ও বিশিষ্ট সাংবাদিক সালেহ চৌধুরী (৮১) ইন্তেকাল করেন।
- ইসলামের পবিত্রতম স্থান কাবা শরীফের নামে একটি টুইটার অ্যাকাউন্ট খোলা হয়েছে। সেই অ্যাকাউন্ট থেকে বৃহস্পতিবার প্রথম টুইট করা হয়।

### ৩ সেপ্টেম্বর

- আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের নোয়াখালীর কোম্পানীগঞ্জ উপজেলার বসুরহাটে এক অনুষ্ঠানে বলেছেন, শেখ হাসিনার সরকারই আগামী নির্বাচনে সহায়ক সরকার হিসেবে দায়িত্ব পালন করবে।
- সাংবাদিক সালেহ চৌধুরীকে তাঁর নিজ গ্রাম সুনামগঞ্জের দিরাইয়ের গছিয়া বাজার মাঠে তৃতীয় জানাজা শেষে পারিবারিক কবরস্থানে দাফন।
- উত্তর কোরিয়া নতুন করে পারমাণবিক পরীক্ষা করায় এর কঠোর নিন্দা করেছে মার্কিন যুক্তরাষ্ট্র। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প টুইটারে এক পোস্টে বলেন, উ. কোরিয়ার কথা ও কার্যক্রম খুব প্রতিহিংসাপরায়ণ ও বিপজ্জনক।
- ভারতের প্রথম পূর্ণ নারী প্রতিরক্ষামন্ত্রী হয়েছেন নির্মলা সিতারামণ।

### ৪ সেপ্টেম্বর

- বাংলাদেশের বিভিন্ন সীমান্ত দিয়ে ১০ দিনে লক্ষাধিক রোহিঙ্গার অনুপ্রবেশ। আগুন জ্বলছে রাখাইনে, নাফ নদীতে ভেসে এলো ৫৫ লাশ, তুরস্কের প্রেসিডেন্টের বাংলাদেশের পাশে থাকার অঙ্গীকার।
- জাতিসংঘের অভিযোগ– রাখাইন রাজ্যে ত্রাণ তৎপরতায় বাধা দিচ্ছে মিয়ানমার সরকার। মানবিক বিপর্যয়ের ভয়াবহ পরিস্থিতি।

- শিক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন জারি– ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত ভিসি হিসেবে নিয়োগ পেয়েছেন বর্তমান প্রো-ভিসি (প্রশাসন) অধ্যাপক মো. আখতারুজ্জামান। রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের আচার্য মো. আবদুল হামিদ এ নিয়োগ দিয়েছেন।
- কোরবানি উপলক্ষ্যে রাজধানীতে ২৮ হাজার মেট্রিক টন পশুর বর্জ্য। শতভাগ অপসারণ করা হয়েছে, দাবি দুই সিটি করপোরেশন কর্তৃপক্ষের।

**৫ সেপ্টেম্বর**

- গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সফররত ইন্দোনেশিয়ার পররাষ্ট্রমন্ত্রী রেতনো মারসুদি সৌজন্য সাক্ষাৎ করতে গেলে প্রধানমন্ত্রী রাখাইন রাজ্যের জনগণের ওপর সহিংসতা বন্ধে রাজনৈতিকভাবে সমাধান করার ওপর গুরুত্বারোপ করেন।
- রাজধানীর মিরপুরে জঙ্গি আস্তানায় 'আত্মঘাতী বিস্ফোরণ'। টাঙ্গাইলের এলেঙ্গায় ড্রোনসহ দুই ভাই আটক।
- সরকার রোহিঙ্গার বিষয়টি মানবিকভাবে দেখছেন– রাজধানীর বঙ্গবন্ধু শেখ মুজিব হাসপাতালে (বিএসএসএমইউ) চিকিৎসাধীন বঙ্গবীর কাদের সিদ্দিকীকে দেখতে গিয়ে সাংবাদিকদের স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের।
- রোহিঙ্গা নির্যাতন রোধে জাতিসংঘের হস্তক্ষেপ করা উচিত– সচিবালয়ে সাংবাদিকদের আইনমন্ত্রী আনিসুল হক।
- বন্যাদুর্গত এলাকায় শিক্ষাপ্রতিষ্ঠানে ছুটির দিনেও ক্লাস নেয়ার নির্দেশনা জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়।
- চীনের জিয়ামেন-এ প্রেসিডেন্ট শি জিনপিং'র সঙ্গে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বৈঠকে আশাবাদ– সীমান্ত নিয়ে আর ভুল বোঝাবুঝি নয়।
- যুদ্ধের হুংকার বিশ্বের ধ্বংস ডেকে আনবে– উত্তর কোরিয়া নিয়ে রাশিয়ার প্রেসিডেন্ট পুতিনের হুঁশিয়ারি।

**৬ সেপ্টেম্বর**

- প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে জাতিসংঘ আবাসিক সমন্বয়ক ও ইউএনডিপি'র আবাসিক প্রতিনিধি রবার্ট ডি ওয়াটকিনসের সৌজন্য সাক্ষাৎ– রোহিঙ্গাদের দেশে ফেরাতে জাতিসংঘের কার্যকর পদক্ষেপ চেয়েছেন প্রধানমন্ত্রী।
- জাতীয় কাউন্সিলের বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশ– দুর্যোগের ক্ষতি এড়াতে কার্যকর ব্যবস্থা নিন।



- রোহিঙ্গা পরিস্থিতি দেখতে ঢাকায় তুরস্কের ফার্স্ট লেডি এমিন এরদোগান ও দেশটির পররাষ্ট্রমন্ত্রী মেভলুত ক্যাভুফোগলু।
- জাতিসংঘের মহাসচিব অ্যান্তোনি গুতেরেসের হুঁশিয়ারি– রোহিঙ্গা সংকট মানবিক বিপর্যয়ে রূপ নিতে পারে।
- রোহিঙ্গা গণহত্যা ও বিতাড়নে নীলনকশা ফাঁস। বহুজাতিক কোম্পানির বিনিয়োগে রাখাইন রাজ্যে শিল্পাঞ্চল ও অর্থনৈতিক জোন গড়ে তোলা হবে। রোহিঙ্গা বোঝাই আরো ১১ নৌকাডুবি, ৯ লাশ উদ্ধার। অনুপ্রবেশ অব্যাহত, জিরো পয়েন্টে আছে লক্ষাধিক।
- সবাইকে নিয়ে ঐক্যবদ্ধভাবে কাজ করার ঘোষণা দিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য হিসেবে অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান দায়িত্ব গ্রহণ করেছেন।
- টাঙ্গাইলে আওয়ামী লীগ নেতা মুক্তিযোদ্ধা ফারুক আহমেদ হত্যা মামলার প্রধান আসামি আমানুর রহমান খান রানা এমপিসহ ১৩ আসামির বিরুদ্ধে অভিযোগ গঠন।
- আইন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন জারি– প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার অবর্তমানে প্রধান বিচারপতির দায়িত্ব পালন করবেন আপিল বিভাগের জ্যেষ্ঠ বিচারপতি মো. আবদুল ওয়াহ্হাব মিয়া।
- ৪১৯ জন হাজি নিয়ে বোয়িং ৭৭৭ (বিজি ২০১২) বিমানের প্রথম ফিরতি হজ ফ্লাইট ঢাকায় পৌঁছেছে।
- প্যানেল মেয়র হিসেবে দায়িত্ব নিলেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) কমিশনার ওসমান গণি।
- রোহিঙ্গা সংকট নিয়ে মিয়ানমারের নেত্রী অং সান সুচির ফের সাফাই। রোহিঙ্গা নিয়ে ভুয়া খবর ছড়ানো হচ্ছে– মিয়ানমারের রাজধানীর নেপিডোতে সুচির সঙ্গে বৈঠকের পর ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেন, আশা করি সবপক্ষ মিলে সংকটের সমাধান বের করবে।
- রাজধানীর মিরপুরে জঙ্গি আস্তানায় আত্মঘাতী বিস্ফোরণে সাত জঙ্গির দেহাবশেষ উদ্ধার।
- সীমান্তে স্থল মাইন পেতে রাখায় ঢাকায় মিয়ানমারের ভারপ্রাপ্ত রাষ্ট্রদূতকে ডেকে মিয়ানমারের কাছে কড়া প্রতিবাদ ও উদ্বেগ জানিয়েছে বাংলাদেশ। বাংলাদেশে প্রাণের ভয়ে পালিয়ে আসা রোহিঙ্গারা যাতে ফিরতে না পারে সেজন্য মিয়ানমার সীমান্তে স্থল মাইন পুঁতে রেখেছে।

- নোয়াখালীর হাতিয়ায় এমপির বাসভবনে হামলা, ১১ জন গুলিবিদ্ধ। একজনের অবস্থা আশঙ্কাজনক, আহত অন্তত ৩০ জন।
- ভারতে ব্যাঙ্গালুরুতে হিন্দুত্ববাদবিরোধী নারী সিনিয়র সাংবাদিক গৌরি লঙ্কেশকে গুলি করে হত্যা।
- উত্তর কোরিয়াকে জ্বালানি দেয়া বন্ধ করবে না মস্কো; যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞা চেষ্টার জবাবে রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন।

**৭ সেপ্টেম্বর**

- গণভবনে আওয়ামী লীগের কার্যনির্বাহী বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, আগামী নির্বাচন যথাসময়ে নিরপেক্ষভাবে অনুষ্ঠিত হবে।
- কক্সবাজারের উখিয়ায় কুতুব পালং ক্যাম্প পরিদর্শন শেষে তুরস্কের ফার্স্ট লেডি এমিন এরদোগান বলেন, রোহিঙ্গাদের ওপর নিপীড়ন অত্যন্ত নিষ্ঠুর, বর্বর, যা কাছ থেকে না দেখলে বোঝা সম্ভব না। নির্যাতিতদের কথা শুনে কাঁদলেন এমিন। জাতিসংঘের আগামী অধিবেশনে বিষয়টি নিয়ে আলোচনা হবে বলে জানান তিনি। বাংলাদেশের এই মানবিকতায় তুরস্ক অভিভূত।
- রোহিঙ্গা সংকট নিয়ে জাতিসংঘ– ভয়াবহ মানবিক বিপর্যয়ের আশঙ্কা। বাসস্থান ও খাদ্যের সংকট বাড়ছে। গণহত্যা বন্ধে কন্টাক্ট গ্রুপ গঠন করবে ওআইসি। রাতারাতি সংকটের সমাধান সম্ভব নয়; সুচি। সীমান্তে অপেক্ষায় এখনও হাজার হাজার রোহিঙ্গা। রোহিঙ্গা সংকটে যুক্তরাষ্ট্রের গভীর উদ্বেগ প্রকাশ।
- কক্সবাজারে রোহিঙ্গা শরণার্থীদের জন্য স্বাস্থ্য মন্ত্রণালয় ও মহাখালী স্বাস্থ্য অধিদপ্তরের পক্ষ থেকে মেডিক্যাল টিম গঠন।
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান দেশ স্বাধীন করেছিলেন বলে আমি প্রধান বিচারপতি হতে পেরেছি– মৌলভীবাজারে জেলা আইনজীবী সমিতির অনুষ্ঠানে প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা।
- দুর্নীতিবিরোধী অভিযানে গতি আনতে দুর্নীতি দমন কমিশনে (দুদক) যুক্ত হলো পুলিশের ২০ সদস্যের আর্মড ইউনিট।
- মিরপুরে দারুস সালামে 'জঙ্গি আস্তানা' থেকে ৪০টি বোমা ও ১০ কেজি গান পাউডার উদ্ধার।
- মিয়ানমারের রাখাইনের অর্থনৈতিক উন্নয়নের প্রয়োজনীয়তা নিয়ে ঐক্যমত প্রকাশ করেছেন, ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ও মিয়ানমার সরকারের রাষ্ট্রীয় উপদেষ্টা অং সান সুচি। মোদির তিনদিনের মিয়ানমার সফরে তাঁরা রাখাইনের বিভিন্ন সমস্যা ও সম্ভাবনা নিয়ে কথা বলেন।



- চট্টগ্রামে সিরিজের দ্বিতীয় টেস্টে ৭ উইকেটে অস্ট্রেলিয়ার জয়। দ্বিতীয় ইনিংসে বাংলাদেশের বিপক্ষে দুই ম্যাচে ১-১ ড্র করে র‍্যাংকিংয়ে ৫ম স্থানে নেমে গেল অস্ট্রেলিয়া। ৭৪ রেটিং নিয়ে ৯ম স্থানে টাইগাররা। টেস্টে এটি বাংলাদেশের সপ্তম সিরিজ ড্র।

**৮ সেপ্টেম্বর**

- রোহিঙ্গা সংকট নিয়ে জাতিসংঘের বিশেষ দূত– মিয়ানমারে সহিংসতায় নিহত সহস্রাধিক। মিয়ানমারকে যুক্তরাষ্ট্রের কড়া বার্তা। আনান কমিশনের সুপারিশ বাস্তবায়ন করতে বলেছে মার্কিন সিনেট। অং সান সুচিকে কংগ্রেসের পররাষ্ট্র বিষয়ক কমিটির চেয়ারম্যানের চিঠি। কানাডার নিন্দা। রোহিঙ্গাদের আশ্রয় দেবে মালয়েশিয়া। জাতিগত নিধন বলছে এইচআরডব্লিউ।
- রোহিঙ্গা নিধনযজ্ঞ নিয়ে ইন্দোনেশিয়ায় আন্তর্জাতিক ঘোষণায় এক স্বাক্ষরে অস্বীকৃতি ভারতের।
- রোহিঙ্গা ইস্যু নিয়ে নোংরা রাজনীতি করবেন না– 'বিএনপি'কে বাংলাদেশ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের।
- দ্য ইকোনমিস্টের প্রতিবেদন– মাথাপিছু মোট দেশজ উৎপাদন বা জিডিপিতেও পাকিস্তানকে পেছনে ফেলেছে বাংলাদেশ। মহান মুক্তিযুদ্ধের মাধ্যমে পাকিস্তান থেকে স্বাধীনতা লাভের ৪৭ বছরের মাথায় এসেই জিডিপি'র দিক দিয়ে দক্ষিণ এশিয়ার অন্যতম দেশটিকে ছাড়িয়ে বাংলাদেশ।
- 'সাক্ষরতা অর্জন করি, ডিজিটাল বিশ্ব গড়ি' প্রতিপাদ্য নিয়ে নানা আয়োজনে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উদযাপিত।
- আগামী বছর রাশিয়ায় অনুষ্ঠিতব্য বিশ্বকাপ ফুটবলের চূড়ান্ত পর্বে অংশগ্রহণের সুযোগ নিশ্চিত হওয়ায় উল্লাস প্রকাশ করেছে সৌদি আরবের ফুটবল সমর্থকরা।

**৯ সেপ্টেম্বর**

- মিয়ানমারের সেনাবাহিনীর নির্যাতন থেকে বাঁচতে বাংলাদেশে ঢুকতে মরিয়া আরো লক্ষাধিক রোহিঙ্গা। রোহিঙ্গাদের নিবন্ধনের সিদ্ধান্ত নিয়েছে সরকার। গত অক্টোবর থেকে এ পর্যন্ত আসা চার লাখ রোহিঙ্গাসহ সকল রোহিঙ্গাদের বায়োমেট্রিক পদ্ধতিতে নিবন্ধন কার্যক্রম শীঘ্রই শুরু হবে।
- মিয়ানমারে রাখাইন পরিস্থিতি এবং সেখান থেকে বাংলাদেশে পালিয়ে আসা রোহিঙ্গা শরণার্থীর ঢল নিয়ে গভীর উদ্বেগ জানিয়েছে ভারত।

- রোহিঙ্গা ইস্যুতে অ্যামনেস্টি ইন্টারন্যাশনালের উদ্বেগ, পরিস্থিতি খারাপের দিকে যাচ্ছে। সীমান্তে ভূমি মাইন পুঁতে রেখেছে মিয়ানমার। রোহিঙ্গা শরণার্থীদের জন্য সাড়ে ৭ কোটি ডলারের জরুরি সহায়তা চেয়েছে জাতিসংঘ।
- ধানমন্ডিতে আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনার রাজনৈতিক কার্যালয়ে জোট নেতারা বলেন, রোহিঙ্গাদের ওপর বর্বরোচিত হামলা নির্যাতনের পেছনে পাকিস্তানি গোয়েন্দা সংস্থা আইএসআইসহ আন্তর্জাতিক গোষ্ঠীর ইন্ধন থাকতে পারে। এই ইস্যু নিয়ে বিএনপি-জামায়াতসহ সাম্প্রদায়িক অপশক্তি অপরাজনীতির সুযোগ খুঁজছে। এমন আশঙ্কা ব্যক্ত করে সবাইকে সতর্ক থাকার তাগিদ দিয়েছে আওয়ামী নেতৃত্বাধীন ১৪ দলীয় জোট।
- গাজীপুরের শেখ ফজিলাতুন্নেসা মুজিব মেমোরিয়াল কেপিজে বিশেষায়িত হাসপাতালে নিজের স্বাস্থ্য পরীক্ষা করিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- মিয়ানমারে চলমান রোহিঙ্গা সংকটে গভীর শোক প্রকাশ করে তিব্বতের আধ্যাত্মিক ধর্মীয় নেতা দালাইলামা বলেছেন, মহামতি গৌতম বৌদ্ধের পথ অনুসরণ করে রোহিঙ্গাদের ওপর সহিংসতা বন্ধ করুন।
- মেক্সিকোয় শক্তিশালী ভূমিকম্পে নিহতের সংখ্যা বেড়ে ৬১ জন।

**১০ সেপ্টেম্বর**

- কাজাকিস্তানের রাজধানী আস্তানায় ইসলামি রাষ্ট্রগুলোর শীর্ষ সংগঠন ওআইসির প্রথম বিজ্ঞান ও প্রযুক্তি সম্মেলনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ, মিয়ানমারের রোহিঙ্গারা যাতে নিজেদের আবাসভূমিতে ফিরতে পারে তা নিশ্চিত করতে মুসলিম বিশ্ব ও আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানান। এছাড়াও ভিটেমাটি ছেড়ে পালিয়ে আসা রোহিঙ্গারা যাতে সীমান্তের মিয়ানমার অংশে জাতিসংঘের তত্ত্বাবধানে একটি 'সেফ জোনে' থাকতে পারে সেজন্য তিনি আন্তর্জাতিক বিশ্বের প্রতি আহ্বান জানান।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে পটুয়াখালীর কুয়াকাটায় স্থানীয় জনপ্রতিনিধি এবং সরকারি কর্মকর্তাদের সঙ্গে ভিডিও কনফারেন্সের মাধ্যমে সাবমেরিন ক্যাবল (এসএমডব্লিউ-৫) এবং এর ল্যান্ডিং স্টেশন উদ্বোধন করেন। এছাড়া তিনি ১০ উপজেলায় শতভাগ বিদ্যুতায়ন কার্যক্রম উদ্বোধনকালে এক্ষেত্রে সরকারের ভর্তুকি দেয়ার কথা তুলে ধরে বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হওয়ার জন্য নাগরিকদের অনুরোধ জানান। এই ইন্টারন্যাশনাল ইন্টারনেট গেটওয়ে (আইআইজি)-এর মাধ্যমে ১৫শ' গিগাবাইট পার সেকেন্ড ডাটা আদান-প্রদান সম্ভব।



- রোহিঙ্গা সংকটের রাজনৈতিক সমাধানের লক্ষ্যে বাংলাদেশকে সব ধরনের সহযোগিতা করতে আগ্রহ প্রকাশ করেছে আন্তর্জাতিক সম্প্রদায়। এ সমস্যা সমাধানে বাংলাদেশের পাশে থাকারও প্রতিশ্রুতি দিয়েছেন তারা। রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় বিদেশি কূটনীতিক ও আন্তর্জাতিক সংস্থার প্রতিনিধিরা এ প্রতিশ্রুতি দেন। এদিকে রোহিঙ্গা সংকট সমাধানে কফি আনান কমিশনের সুপারিশের পূর্ণাঙ্গ বাস্তবায়ন চেয়েছে মার্কিন যুক্তরাষ্ট্র। এছাড়া যুক্তরাষ্ট্র রোহিঙ্গা শরণার্থীদের আশ্রয় ও সহায়তা দেয়ায় বাংলাদেশের প্রশংসা করেছে।
- আশ্রয় নেয়া মিয়ানমারের লাখ লাখ রোহিঙ্গা চাপ সামলাতে বাংলাদেশকে সম্ভাব্য সব ধরনের সহযোগিতা দেবে ভারত। বিশাল রোহিঙ্গা জনগোষ্ঠীর বোঝা সামলাতে দেশটি বাংলাদেশের পাশে থাকবে। ভারত মনে করে বাংলাদেশ যা করছে তা অত্যন্ত প্রশংস-নীয়– ঢাকায় ভারতীয় হাইকমিশনার হর্ষবর্ধন শ্রিংলা।
- মিয়ানমার থেকে আসা রোহিঙ্গাদের সবাইকে একখানে করে সাময়িকভাবে সন্দ্বীপের ঠেঙ্গারচরে আশ্রয় দেয়া হবে। এ লক্ষ্যে সরকার থেকে ইতোমধ্যে প্রায় ১০ হাজার একর জায়গা শনাক্ত করা হয়েছে, জাতীয় সংসদে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী মোফাজ্জল হোসেন মায়া একথা জানান।
- বন্যায় ক্ষতিগ্রস্ত পাঁচ লাখ ৪১ হাজার ২০১ জন ক্ষুদ্র প্রান্তিক কৃষককে বিনামূল্যে বীজ ও সার বিতরণের ঘোষণা দিয়েছে সরকার– সচিবালয়ে সংবাদ সম্মেলনে কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী।
- বাংলাদেশের বৌদ্ধ নেতাদের প্রতিক্রিয়া– রোহিঙ্গা নিপীড়ন ধর্ম বিরোধী। আমরা লজ্জিত ও বিচলিত।
- যুক্তরাষ্ট্রের ফ্লোরিডায় আঘাত হেনেছে শক্তিশালী ঘূর্ণিঝড় 'ইরমা'। ৬৩ লাখ লোক নিরাপদ আশ্রয়ে।
- রোহিঙ্গা মুসলিম জনগোষ্ঠী ইসরায়েলের সঙ্ঘবদ্ধ অপরাধ যজ্ঞের শিকার বলে মন্তব্য করেছে ইরান। আর মালয়েশিয়ার প্রধানমন্ত্রী নাজিব রাজ্জাক বলেন, রোহিঙ্গারা মিয়ানমারে পরিকল্পিত নৃশংসতার শিকার।
- মিয়ানমার থেকে উৎখাত হওয়া যেসব রোহিঙ্গা ভারতে ঢুকেছে তাদেরকে বের করে দিতে কেন্দ্রীয় সরকারের সিদ্ধান্ত প্রত্যাখ্যান করেছেন, পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি।

**১১ সেপ্টেম্বর**

- জাতীয় সংসদ অধিবেশনে প্রথমবারের মতো রোহিঙ্গা ইস্যু নিয়ে আলোচনায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, মানবিক কারণে আমরা অনুপ্রবেশকারী রোহিঙ্গাদের সাময়িক আশ্রয় দিয়েছি। তবে এই সমস্যা সৃষ্টির জন্য দায়ী মিয়ানমার সরকারকেই সমাধান করতে হবে।
- প্রধানমন্ত্রীর নির্দেশে অসহায় রোহিঙ্গাদের জন্য সীমান্ত উন্মুক্ত করে দেয়া হয়েছে– কক্সবাজারের কুতুপালংয়ে রোহিঙ্গাদের মাঝে ত্রাণ বিতরণের সময় আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের।
- জাতিসংঘ পারমাণবিক অস্ত্র নিষিদ্ধকরণ চুক্তিতে বাংলাদেশের স্বাক্ষরের সিদ্ধান্ত। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে তাঁর কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার সাপ্তাহিক বৈঠকে এই অনুমোদন দেয়া হয়। একই বৈঠকে বাংলাদেশ এয়ারলাইন্সের সেবা নিয়ে প্রধানমন্ত্রীর অসন্তোষ প্রকাশ।
- মানবিক কারণে মিয়ানমারের রোহিঙ্গাদের স্থান দিলেও দীর্ঘদিন রাখা সম্ভব নয়। প্রধানমন্ত্রীর কার্যালয়ে বাংলাদেশে নিযুক্ত ফ্রান্সের বিদায়ী রাষ্ট্রদূতের সঙ্গে সাক্ষাৎকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- বাংলাদেশকে দুর্নীতিমুক্ত রোল মডেল দেশ হিসেবে গড়তে দুর্নীতি দমন কমিশনের (দুদক) সঙ্গে একত্রে কাজ করতে আগ্রহ প্রকাশ করেছেন বিশ্বের সেরা অলরাউন্ডার ক্রিকেটার সাকিব আল হাসান।
- মিয়ানমারে নির্যাতনের শিকার হয়ে বাংলাদেশে পালিয়ে আসা রোহিঙ্গা নাগরিকদের বায়োমেট্রিক পদ্ধতিতে নিবন্ধনের কাজ শুরু।
- মিয়ানমার রোহিঙ্গাদের জাতিগতভাবে নির্মূল করছে বলে মন্তব্য করেন জাতিসংঘের মানবাধিকার বিষয়ক কমিশনের প্রধান জেইদ রাদ-আল হোসেইন। জেনেভায় জাতিসংঘের মানবাধিকার কাউন্সিলে দেয়া বক্তব্যে তিনি রোহিঙ্গা মুসলিমদের বিরুদ্ধে নৃশংস সেনা অভিযানের তীব্র নিন্দা জানান।
- পদ্মায় তিন লঞ্চডুবি, নিখোঁজ ১৬। তীব্র স্রোতে উদ্ধার তৎপরতায় বিঘ্ন।
- রোহিঙ্গা ইস্যুতে চীন ও ভারত বাংলাদেশের পাশে থাকবে– কূটনীতিকদেরকে ব্রিফিং শেষে পররাষ্ট্র সচিব।
- শান্তিপূর্ণ উপায়ে রোহিঙ্গা সংকট সমাধানের আহ্বান জানিয়ে মিয়ানমারের ক্ষমতাসীন নেত্রী অং সান সুচিকে চিঠি লিখেছেন, তিব্বতের নির্বাসিত আধ্যাত্মিক নেতা দালাইলামা।



- মিয়ানমারে চলমান সহিংসতায় উদ্বেগ প্রকাশ করে দেশটির বেশকিছু খাতে সহায়তা বন্ধের ঘোষণা জার্মানির।
- যুক্তরাষ্ট্রের ফ্লোরিডায় হ্যারিকেন ইরমা'র আঘাতে প্রবল বৃষ্টিপাতে বন্যা। চলছে উদ্ধার কাজ, লুটপাটের অভিযোগ।

**১২ সেপ্টেম্বর**

- উখিয়ার কুতুপালংয়ে আশ্রিত ও রোহিঙ্গা শরণার্থী ক্যাম্প পরিদর্শন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ সময় এক সমাবেশে মিয়ানমারকে উদ্দেশ্য করে তিনি বলেন, আমরা সকল দেশের সঙ্গে সুসম্পর্ক চাই, নির্যাতন বন্ধ করুন, রোহিঙ্গাদের ফিরিয়ে নিন। আর রোহিঙ্গাদের উদ্দেশ্য করে বলেন, যতদিন তারা নিজ দেশে ফিরতে পারবে না ততদিন বাংলাদেশ তাদের পাশে থাকবে। এর আগে প্রধানমন্ত্রী কক্সবাজার সার্কিট হাউসে এক মতবিনিময় সভায় মিয়ানমারের শরণার্থীদের মধ্যে ত্রাণ বিতরণ ও অন্যান্য বিষয়ে একে অপরের সঙ্গে সমন্বিতভাবে কাজ করতে বেসামরিক প্রশাসন, সেনাবাহিনী-নৌবাহিনী, কোস্ট গার্ড ও সরকারের অন্যান্য সংস্থাকে নির্দেশ দেন।
- মিয়ানমার থেকে নির্যাতিত ও বিতাড়িত বিপুলসংখ্যক রোহিঙ্গাকে আশ্রয় দেয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি গভীর কৃতজ্ঞতা প্রকাশ করেছে আরাকান রোহিঙ্গা ন্যাশনাল অর্গানাইজেশন (এআরএনও)।
- রাখাইনে সহিংসতার জন্য মিয়ানমার সরকারের নিন্দা জানালো হোয়াইট হাউস। আর বাংলাদেশের ভূমিকার জন্য প্রশংসা।
- চলতি শিক্ষাবর্ষে এমবিবিএস ভর্তি পরীক্ষায় দ্বিতীয়বার অংশ নেয়া পরীক্ষার্থীদের প্রাপ্ত নম্বর থেকে ৫ নম্বর কর্তনের সিদ্ধান্ত স্থগিত করেছেন হাইকোর্ট।
- চলতি বছরেই দেশে চতুর্থ প্রজন্মের (ফোরজি) টেলিযোগাযোগ সেবা চালু করার সিদ্ধান্ত নিয়েছে সরকার। এজন্য ফোরজি নীতিমালা চূড়ান্ত অনুমোদন দিয়েছে– ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
- মাধ্যমিক স্তরের **১১**টি পাঠ্যবই পরিমার্জন করে সেগুলো শিক্ষামন্ত্রীর হাতে তুলে দিয়েছেন শিক্ষাবিদরা। সচিবালয়ে নবম-দশম শ্রেণির গণিত, উচ্চতর গণিত, বিজ্ঞান, পদার্থ বিজ্ঞান, রসায়ন ও জীব বিজ্ঞানের পরিমার্জিত বই মন্ত্রীর হাতে তুলে দেন অধ্যাপক মোহাম্মদ কায়কোবাদ ও অধ্যাপক ড. মুহম্মদ জাফর ইকবাল।
- ইউরোপীয় ইউনিয়ন থেকে নিজেদের প্রত্যাহার তথা ব্রেক্সিট বিল পাস করল যুক্তরাজ্যের পার্লামেন্ট। বিলটি পাসের মাধ্যমে ব্রিটেন ব্রেক্সিট ইস্যুতে আরো একধাপ এগিয়ে গেল।

**১৩ সেপ্টেম্বর**

- দেশের প্রতিটি উপজেলার মসজিদ-মন্দির, চার্চ, প্যাগোডা, গুরুদুয়ারা, কবরস্থান, শ্মশান, ঈদগাহ এবং খেলার মাঠ সংস্কারে ১ কোটি টাকা করে বরাদ্দ দেয়া হয়েছে। এজন্য 'সার্বজনীন সামাজিক অবকাঠামো উন্নয়ন' শীর্ষক প্রকল্প অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন শেখ হাসিনার সভাপতিত্বে এ সভায় ৫ হাজার ১৮০ কোটি ৭৩ লাখ টাকা ব্যয়ে মোট ১০টি প্রকল্প অনুমোদন দেয়া হয়।
- প্রধানমন্ত্রী ও সংসদ নেতা শেখ হাসিনা ষোড়শ সংবিধান সংশোধনী বাতিল করে দেয়া প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার বিতর্কিত পর্যবেক্ষণের কঠোর সমালোচনা করে বলেন, বিএনপি-জামায়াতসহ স্বাধীনতাবিরোধীরা যে ভাষায় কথা বলে, প্রধান বিচারপতি তার রায়ে সেই ভাষাগুলোরই পুনরাবৃত্তি করেছেন। প্রধানমন্ত্রী আরো বলেন, সংসদই সার্বভৌম। সংবিধান অনুযায়ী সব ক্ষমতার উৎস জনগণ। সেই জনগণই সংসদ নির্বাচিত করে। সংসদ আইন তৈরি করে। এ পার্লামেন্ট যে আইন পাস করে দেয় সেই আইন দ্বারাই বিচার বিভাগ ও নির্বাহী বিভাগ চলে।
- জিয়া পরিবার দুবাইসহ ১২টি দেশে ১২শ' কোটি টাকা পাচার করেছে। গ্লোবাল ইন্টেলিজেন্স নেটওয়ার্কের (জিআইএন) রিপোর্ট সরকারের হাতে, সত্যতা প্রমাণিত হলে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা– সংসদে প্রশ্নোত্তরে প্রধানমন্ত্রী।
- রাজধানীর শাহবাগে শিক্ষার্থীদের আন্দোলনের সময় পুলিশের টিয়ারশেলের আঘাতে চোখ হারানো কলেজ শিক্ষার্থী সিদ্দিকুর রহমানকে সরকারি প্রতিষ্ঠান এসেনসিয়াল ড্রাগস কোম্পানি লিমিটেডে টেলিফোন অপারেটর পদে চাকরি দিয়েছে সরকার। সচিবালয়ে এক অনুষ্ঠানে তাকে নিয়োগপত্র তুলে দেন স্বাস্থ্যমন্ত্রী।
- কক্সবাজারের উখিয়ার কুতুপালং রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শন করে ৪০টি দেশের রাষ্ট্রদূত ও কূটনীতিকরা বলেছেন, রোহিঙ্গা ইস্যুতে আমরা বাংলাদেশের পাশে থাকব।
- রাখাইনে নিরাপত্তা পরিষদের হস্তক্ষেপ জরুরি– বিশ্বের ১২জন নোবেল বিজয়ী ও ১৮জন বিশিষ্ট ব্যক্তির জাতিসংঘ নিরাপত্তা পরিষদের কাছে খোলা চিঠি।



- মিয়ানমারের রাখাইন রাজ্যে ব্যাপক সহিংসতার কড়া নিন্দা জানিয়েছে– জাতিসংঘ নিরাপত্তা পরিষদ। পরিষদের জরুরি বৈঠকে সর্বসম্মতিক্রমে এই নিন্দা জানানো হয়। পরিষদের রুদ্ধদ্বার বৈঠকে শরণার্থীদের সহায়তার জন্য বাংলাদেশের প্রশংসা। ১৫ সদস্যের কাউন্সিল এক বিবৃতিতে সহিংসতার জন্য গভীর উদ্বেগ প্রকাশ করে অতি দ্রুত সহিংসতা বন্ধের আহ্বান জানিয়েছে।
- জাতিসংঘের সাবেক মহাসচিব কফি আনান কমিশনের সুপারিশ বাস্তবায়নের জন্য একটি কমিটি গঠন করেছে মিয়ানমার।
- সিঙ্গাপুরে পার্লামেন্টের সাবেক স্পিকার হালিমা ইয়কোবকে প্রথম নির্বাচিত নারী প্রেসিডেন্ট হিসেবে ঘোষণা করেছে দেশটির প্রধান নির্বাচনী কর্মকর্তা।

**১৪ সেপ্টেম্বর**

- জাতীয় সংসদের সপ্তদশ অধিবেশনের সমাপনী বক্তৃতায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা – আমাদের কষ্ট হলেও মানবিক কারণেই মিয়ানমার থেকে আসা রোহিঙ্গাদের আশ্রয় দেয়া হচ্ছে। প্রয়োজনে রোহিঙ্গাদের সঙ্গে খাবার ভাগ করে খাওয়া হবে। কিন্তু তাদের কোন কষ্ট হতে দেয়া হবে না। কেননা তারা আশ্রয়ের জন্য এসেছে। তাদের আমরা ফেলে দিতে পারি না।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ভারতের পররাষ্ট্রমন্ত্রী সুষমা স্বরাজের ফোন। রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশের প্রতি ভারতের পূর্ণ সমর্থন।
- মিয়ানমারে নির্যাতনের শিকার রোহিঙ্গা জনগোষ্ঠীকে আশ্রয় দেয়ায় ব্রিটিশ মিডিয়া প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে 'মাদার অব হিউম্যানিটি' (মানবতার জননী) হিসেবে আখ্যায়িত করেছে। ১২ সেপ্টেম্বর প্রধানমন্ত্রীর কক্সবাজারের কুতুপালং রোহিঙ্গা শরণার্থী শিবির পরিদর্শনের প্রতিবেদনে রোহিঙ্গাদের মানবেতর জীবনের কিছু অংশের বিবরণী তুলে ধরার পাশাপাশি প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে 'মাদার অব হিউম্যানিটি' ভূষিত করে ব্রিটেনভিত্তিক গণমাধ্যম চ্যানেল ফোর।
- জাতিসংঘ শরণার্থী সংস্থা (ইউএনএইচসিআর) ও আন্তর্জাতিক অভিবাসন সংস্থার শীর্ষ কর্মকর্তাদের কক্সবাজারে রোহিঙ্গা শিবির পরিদর্শন। সংকটের রাজনৈতিক সমাধান না হলে মিয়ানমার থেকে পালিয়ে আসা রোহিঙ্গা মুসলিমদের সংখ্যা বছর শেষে ১০ লাখ ছাড়িয়ে যাওয়ার আশঙ্কা প্রকাশ। বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী বলেছেন, দেশ আজ গভীর সংকটে, জাতিসংঘে রোহিঙ্গা ইস্যু তুলে ধরবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা ।

- রাজশাহীতে জনসভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, উন্নয়ন চাইলে নৌকার প্রার্থীকে জেতাতে হবে। এদিকে সারদায় ৩৪ তম বিসিএস পুলিশ ব্যাচের শিক্ষানবিশ সহকারী পুলিশ সুপারদের শিক্ষা সমাপনী কুচকাওয়াজে প্রধানমন্ত্রী বলেন, পেশাগত দায়িত্ব পালনের সময় জনগণের মৌলিক অধিকার মানবাধিকার ও আইনের শাসনকে সার্বাধিক গুরুত্ব দিতে হবে।
- বাংলাদেশে রোহিঙ্গা উদ্বাস্তু সমস্যা নিয়ে ভারত উদ্বিগ্ন– সেতুমন্ত্রীর কাছে ত্রাণ হস্তান্তরকালে ভারতীয় হাইকমিশনার।
- জাতীয় সংসদে সপ্তদশ অধিবেশনে সমাপনী ভাষণে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, রাষ্ট্রের একটি অঙ্গের অন্য অঙ্গ নিয়ে কটাক্ষ কাম্য নয়।
- কোন চিকিৎসক তিন বছরের বেশি ঢাকায় থাকতে পারবেন না– স্বাস্থ্য মন্ত্রণালয়ের নির্দেশনা জারি ও তালিকা প্রণয়ন শুরু।
- রোহিঙ্গা ইস্যুতে আঞ্চলিক শক্তি ও চীনকে সক্রিয় হতে ইউরোপীয় পার্লামেন্টের আহ্বান। রাখাইনে নৃশংসতার নিন্দা।
- মার্কিন নিষেধাজ্ঞার জবাবে উ. কোরিয়ার হুঁশিয়ারি। পরমাণু বোমায় যুক্তরাষ্ট্রকে ছাই বানাব, জাপানকে ডোবাব।
- ইউনিসেফ জানিয়েছে– রোহিঙ্গা শরণার্থীর ৬০ শতাংশই শিশু।

**১৫ সেপ্টেম্বর**

- সুপরিকল্পিতভাবে রোহিঙ্গাদের গ্রাম পোড়াচ্ছে মিয়ানমার সেনাবাহিনী ও সহযোগীরা: অ্যামনেস্টি। মার্কিন কূটনীতিককে মংডু যেতে দেয়া হবে না: রাখাইনের সচিব তিন মাউন সুয়ে।
- প্রকৃতি প্রেমিক বাংলা একাডেমি ও একুশে পদকপ্রাপ্ত লেখক 'নিসর্গসিখা' দ্বিজেন শর্মার (৮৮) রাজধানীর এক হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ।
- রোহিঙ্গা ইস্যুতে লন্ডনে ব্রিটিশ ও মার্কিন পররাষ্ট্রমন্ত্রীর যৌথ সংবাদ সম্মেলন– মিয়ানমারকে অবশ্যই সহিংসতা বন্ধ করতে হবে। মার্কিন পররাষ্ট্রমন্ত্রী রেক্স টিলারসন এ সময় বলেন, সেনাবাহিনীর সঙ্গে রাজনৈতিক ক্ষমতায় ভাগাভাগি করে একটি কঠিন এবং জটিল পরিস্থিতির মুখে পড়েছেন সুচি।
- জাতিসংঘ জানিয়েছে, মিয়ানমারে রাখাইন রাজ্যে একসময় বসবাসকারী মোট রোহিঙ্গা জনগোষ্ঠীর ৪০ শতাংশ এখন বাংলাদেশে পালিয়ে আশ্রয় নিয়েছে। রোহিঙ্গা ইস্যুতে মিয়ানমারের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ না করার আহবান রাশিয়ার।



- রোহিঙ্গা নিধনে সুচির দল। সেনা ও রাখাইন একাট্টা। সেনাবাহিনীকে পছন্দ করি না; কিন্তু এ ইস্যুতে একসঙ্গে আছি: এনএলডির মুখপাত্র।

**১৬ সেপ্টেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘ সাধারণ পরিষদের ৭২তম অধিবেশনে যোগ দিতে ১৩ দিনের সরকারি সফরে নিউইয়র্কের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেছেন। অধিবেশনে মিয়ানমারের রোহিঙ্গা সংকটের মূল কারণগুলো তুলে ধরে তা নিরসনে বাংলাদেশের প্রস্তাব বিশ্বনেতাদের সামনে তুলে ধরবেন প্রধানমন্ত্রী।
- যুক্তরাষ্ট্র যাওয়ার পথে আবুধাবী পৌঁছেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- মিয়ানমার থেকে আসা রোহিঙ্গাদের ব্যক্তিপর্যায়ে কোন ধরনের বাড়িভাড়া, আশ্রয় কিংবা যাতায়াতে সাহায্য না করার আহ্বান জানিয়ে পুলিশ সদর দপ্তরের গণবিজ্ঞপ্তি প্রকাশ। রোহিঙ্গাদের অন্যত্র ছড়িয়ে পড়া ঠেকাতে দেশের বিভিন্ন জায়গায় চেকপোস্ট বসিয়ে তল্লাশি।
- মিয়ানমারের রোহিঙ্গা বিপর্যয়কে 'দ্রুততম সময়ে ক্রমশ প্রকট আকার ধারণ করা শরণার্থী সংকট' বলে অভিহিত করেছে জাতিসংঘ।
- আরো হামলার আশঙ্কায় বেড়েছে রোহিঙ্গা প্রবেশ। একদিনে শুধু টেকনাফেই এসেছে ২০ হাজার রোহিঙ্গা। শিশুদের টিকাদান।
- মাফিয়াদের খপ্পরে চালের বাজার চলে যাওয়ার খবর। খাদ্যমন্ত্রী বলেন, সিন্ডিকেট করে চালবাজি হচ্ছে। সিন্ডিকেট ধরতে গোয়েন্দারা মাঠে। অবৈধ মজুদকারীদের ধরতে জেলা প্রশাসক ও পুলিশ সুপারদের নির্দেশ।
- রোহিঙ্গাদের দুর্বিষহ পরিস্থিতি বর্ণনার ভাষা নেই– অস্ট্রেলিয়াভিত্তিক সংবাদমাধ্যম এবিসিকে উদ্ধৃত করে জানিয়েছে রেডক্রস।
- মিয়ানমার সফররত যুক্তরাষ্ট্রের উপ-সহকারী পররাষ্ট্রমন্ত্রী প্যাট্রিক মারফিকে রাখাইনের রোহিঙ্গা অধ্যুষিত এলাকা পরিদর্শনে যেতে দেবে না দেশটির সরকার।
- নিজেদের সামর্থ্য অনুযায়ী খেলতে পারলে দক্ষিণ আফ্রিকাকে হারানো অসম্ভব নয়– এই স্বপ্ন নিয়ে দক্ষিণ আফ্রিকার মাটিতে দুই টেস্ট, তিন ওয়ানডে আর দুটি টি-টোয়েন্টি খেলতে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের ঢাকা ত্যাগ।

**১৭ সেপ্টেম্বর**

- জাতিসংঘ সাধারণ পরিষদের ৭২তম অধিবেশনে যোগ দিতে নিউইয়র্কে পৌঁছেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

- জাতিসংঘ মহাসচিব অ্যান্তোনিও গুতেরেস বাংলাদেশে প্রাণের ভয়ে পালিয়ে আসা রোহিঙ্গা মুসলমানদের মিয়ানমারে ফিরে যাওয়ার সুযোগ সৃষ্টির আহ্বান জানিয়েছেন। বিবিসিকে দেয়া এক সাক্ষাৎকারে তিনি বলেন, রোহিঙ্গা সম্প্রদায়ের বিরুদ্ধে রাখাইনে যে 'জাতিগত নিধনযজ্ঞ' চলছে, তা এখন বন্ধ করা না গেলে বিপর্যয় সত্যিই ভয়ঙ্কর রূপ নেবে। অং সান সুচি আজ জাতির উদ্দেশে ভাষণে যদি এখনই পরিস্থিতি বদলে না দেন, তবে এই মানবিক বিপর্যয় আরো ভয়াবহ রূপ নেবে।
- মিয়ানমার থেকে পালিয়ে আসা লাখো রোহিঙ্গা শরণার্থীকে নিজেদের ভূখণ্ডে আশ্রয় দেয়ায় কমনওয়েলথের মহাসচিব প্যাট্রিসিয়া স্কটল্যান্ট বাংলাদেশ সরকারের প্রশংসা করেছেন।
- রোহিঙ্গা জনগোষ্ঠীর ওপর হত্যা-নির্যাতন বন্ধে জাতিসংঘসহ আন্তর্জাতিক সম্প্রদায়ের চাপ ও নিন্দাকে আমলেই নিলেন না মিয়ানমারের সেনাপ্রধান মিন অং হ্লাইং। হত্যাযজ্ঞ বন্ধ করার পরিবর্তে উল্টো রোহিঙ্গা নির্মূলের হুঙ্কার দিলেন। মিয়ানমারের জনগণকে আহ্বান জানালেন রোহিঙ্গাদের বিরুদ্ধে ঐক্যবদ্ধ হওয়ার।
- রাখাইনে রোহিঙ্গাদের ওপর বৈষম্যমূলক ও মানবাধিকার বিরোধী কর্মকাণ্ডের তীব্র নিন্দা জানিয়ে রোহিঙ্গা শরণার্থীদের স্ব-স্ব গ্রামে ও নিরাপদে যথাযথ ক্ষতিপূরণ সাপেক্ষে প্রত্যাবর্তনের উদ্দেশে আন্তর্জাতিক উদ্যোগ গ্রহণে সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন চাকমা সার্কেল চিফ ব্যারিস্টার দেবাশীষ রায়।
- ওএমএস চাল বিক্রি শুরু। কেজিতে দাম দ্বিগুণ। চালের অবৈধ মজুদ ঠেকাতে দেশজুড়ে অভিযান। চাল মজুদকারীদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার নির্দেশ ও রাইস মিলস অ্যাসোসিয়েশনের সভাপতি-সম্পাদককেও গ্রেফতারের নির্দেশ।
- রোহিঙ্গাদের মিয়ানমারে ফেরত পাঠানোই একমাত্র সমাধান– ঢাকায় সাংবাদিকদের উদ্দেশে ঢাকায় নিযুক্ত জাতিসংঘের আবাসিক সমন্বয়কারী রবার্ট ওয়াটকিন্স।
- মানচিত্র ও জাতীয় পতাকার মানহানির মামলায় বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়াকে ৫ অক্টোবর আত্মসমর্পণের নির্দেশ দিয়েছেন আদালত। আত্মসমর্পণ না করলে তার বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি হবে বলে আদেশ।
- নানা আয়োজনে মহান শিক্ষা দিবস উদযাপিত।



- বাংলাদেশ ইনস্টিটিউট অব ডেভেলপমেন্ট স্টাডিজ (বিআইডিএস) এর প্রতিবেদন প্রকাশ– মিনিকেট নামে কোন ধান নেই। সাধারণ চালকে বিশেষ পলিশিং মেশিনে কেটে চিকন ও চকচকে করে বেশি দামে বিক্রি করায় ক্রেতারা প্রতারিত হচ্ছেন। এ ব্যাপারে পরিকল্পনা মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির বৈঠকে গবেষণালব্ধ ফল বিভিন্ন মন্ত্রণালয়ের মাধ্যমে ব্যাপক প্রচার করে জনসচেতনতা সৃষ্টির পরামর্শ।
- কেন্দ্রীয় শহীদ মিনারে নিসর্গ প্রেমী ও উদ্ভিদ বিজ্ঞানী দ্বিজেন শর্মার কফিনে সর্বস্তরের মানুষের শ্রদ্ধাঞ্জলি। রাজধানীর সবুজবাগের শ্মশানে শেষকৃত্য সম্পন্ন। জন্মস্থান মৌলভীবাজারের বড়লেখার কাঁঠালতলী গ্রামে নিসর্গসখার চিতাভস্ম সমাধিস্থ করার সিদ্ধান্ত পরিবারের।
- ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি নিজের ৬৭তম জন্মদিনে গুজরাটের নর্মদা জেলায় সর্দার সরোবর বাঁধের উদ্বোধন করতে গিয়ে বলেন, বিশ্বব্যাংক আটকাতে চাইলেও পারেনি, আমরা বাঁধ নির্মাণ করেছি।
- ফিলিস্তিনের প্রেসিডেন্ট মাহমুদ আব্বাসের নেতৃত্বাধীন ফাতাহ আন্দোলনের সঙ্গে দীর্ঘদিনের বিবাদ মিটিয়ে ফেলার লক্ষ্যে গাজা ভূখণ্ডে নিজেদের প্রশাসন গুটিয়ে নেয়ার ঘোষণা দিয়েছে হামাস।

**১৮ সেপ্টেম্বর**

- জাতিসংঘ সাধারণ পরিষদের বৈঠক শুরু। প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘের সংস্কারে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প আয়োজিত উচ্চ পর্যায়ের এক সভায় অংশ নিয়েছেন। জাতিসংঘ সদর দপ্তরে আয়োজিত এ সভায় ১৯৩টি দেশের রাষ্ট্র ও সরকারপ্রধানরা যোগ দেন। সভাস্থলে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে স্বাগত জানান ডোনাল্ড ট্রাম্প এবং তাঁরা কুশল বিনিময় করেন। এ সময় আলাপচারিতায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা রোহিঙ্গা সংকটের বিষয়টি ট্রাম্পকে বিস্তারিত অবহিত করেন। মিয়ানমারে অমানবিক নির্যাতনের শিকার এ জাতিগোষ্ঠীর অবস্থা বাংলাদেশে এসে দেখার জন্য মার্কিন প্রেসিডেন্টকে আমন্ত্রণ জানান প্রধানমন্ত্রী।
- সামরিক নয়, কূটনৈতিক পথেই রোহিঙ্গা সমস্যার সমাধান– সচিবালয়ে সংবাদ সম্মেলনে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। এ সময় তিনি আরো বলেন, রোহিঙ্গা সমস্যাকে ব্যবহার করে দেশে অপরাজনীতি হচ্ছে। মানবিক কারণে প্রধানমন্ত্রী রোহিঙ্গাদের পাশে দাঁড়িয়েছেন।

- সংখ্যালঘু রোহিঙ্গাদের ওপর দমনপীড়ন ও নির্যাতন ঠেকাতে মিয়ানমারের সেনাবাহিনীর ওপর নিষেধাজ্ঞা আরোপের জন্য জাতিসংঘের প্রতি আহ্বান জানিয়েছে মানবাধিকার সংস্থা হিউম্যান রাইটস ওয়াচ (এইচআরডব্লিউ)। নিউইয়র্কে জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনের প্রাক্কালে সংস্থাটি এ আহ্বান জানায়।
- নিবন্ধন ছাড়া কোন রোহিঙ্গা শরণার্থী সুযোগ-সুবিধা পাবে না। ত্রাণ দেয়ার আড়ালে কোন গোষ্ঠী এদেশের সন্ত্রাস বা জঙ্গিবাদের জন্য বা মদদ যোগাচ্ছে কিনা সে বিষয়ে গভীর অনুসন্ধান অব্যাহত আছে। পরিচয়পত্র ছাড়া রোহিঙ্গারা এদেশের অবৈধ অনুপ্রবেশকারী ও বিদেশি নাগরিক হিসেবে বিবেচিত হবে। মানবিক কারণে এখন তাদের ছাড় দেয়া হলেও পরবর্তীতে দেয়া হবে না। পুলিশ সদর দপ্তরে আইজিপি এ কে এম শহীদুল হক।
- নিউইয়র্কের পথে একই ফ্লাইটে আটলান্টিক পাড়ি দেয়ার সময় বিমানে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ভারতের পররাষ্ট্রমন্ত্রী সুষমা স্বরাজের বার্তা, রোহিঙ্গা সংকটে বাংলাদেশের পাশে থাকবে ভারত। দিল্লির অবস্থান পরিবর্তনের নেপথ্যে কারিগর দুই হাইকমিশনার– ঢাকায় নিযুক্ত ভারতের হাইকমিশনার হর্ষবর্ধন শ্রিংলা ও দিল্লিতে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার সৈয়দ মোয়াজ্জেম আলী।
- চালের বাজারে অস্থিরতা। মজুদদারদের বিরুদ্ধে অভিযান। রাজশাহীতে দুই ব্যবসায়ীকে আটকের পর মুক্তি। কয়েকজনকে জরিমানা। কৃত্রিম সংকট সৃষ্টি করলে ব্যবস্থা– আইজিপি। দাম বৃদ্ধিতে কারসাজি নেই– দাবি মিল মালিকদের। মিয়ানমার থেকে ১ লাখ টন আতপ চাল আমদানির সিদ্ধান্ত চূড়ান্ত হয়েছে বলে জানান খাদ্যমন্ত্রী।
- রোহিঙ্গা নির্যাতনের প্রতিবাদে 'প্রবারণা পূর্ণিমায়' ফানুস উৎসব না করার ঘোষণা দিয়েছে– বাংলাদেশের সম্মিলিত বৌদ্ধ সমাজ।
- সচিবালয়ে ব্রিটিশ এমপি ও বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদের বৈঠক– রোহিঙ্গা ইস্যুতে যুক্তরাজ্য বাংলাদেশের পাশে থাকবে।
- জাতীয়করণ করা হলো ঢাকার চারটি মডেল স্কুল ও কলেজসহ দেশের ১২টি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়।
- যুক্তরাষ্ট্রের লসঅ্যাঞ্জেলসে মাইক্রোসফট থিয়েটার হলে ৬৯তম অ্যামি অ্যাওয়ার্ড অনুষ্ঠিত। অনুষ্ঠানে দ্য হ্যান্ডমেইড'স টেলের জয়জয়কার। সেরা অভিনেত্রী এলিজাবেথ মস ও সেরা অভিনেতা স্টার্লিং কে ব্রাউন।



- ভুটানে সাফ অনূর্ধ্ব ১৮ চ্যাম্পিয়নশিপে ভারতকে ৪-৩ গোলে হারিয়ে বাংলাদেশের নাটকীয় জয়।

**১৯ সেপ্টেম্বর**

- নিউইয়র্কে উচ্চ পর্যায়ের বৈঠকে অংশ নেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। অর্থনীতি ও সমাজের অবিচ্ছেদ্য অংশ হিসেবে শ্রমিক অধিকারের বিষয়টিকে গুরুত্ব দিয়েছেন প্রধানমন্ত্রী। এ ইস্যুতে বাংলাদেশ সরকারের দৃঢ় অঙ্গীকারের কথা তুলে ধরে তিনি বলেন, শ্রম অধিকার রক্ষায় কাজ করে যাচ্ছি। সামগ্রিক আর্থ-সামাজিক উন্নয়ন নিশ্চিত হলে যথাযোগ্য চাকরির সংস্থান ও শ্রমিক অধিকার প্রতিষ্ঠিত হবে। বৈঠক শেষে প্রধানমন্ত্রী রয়টার্সকে দেয়া এক সাক্ষাৎকারে বলেন, রোহিঙ্গা শরণার্থীদের জন্য যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সাহায্য তিনি আশা করেন না। কারণ, শরণার্থী বিষয়ে নিজের ভাবনার কথা ট্রাম্প আগেই স্পষ্ট করেছেন। তিনি বলেন, বাংলাদেশের ১৬ কোটি মানুষ রোহিঙ্গা শরণার্থীদের সঙ্গে খাবার ভাগাভাগি করছে। এ নিয়ে ট্রাম্পের সাহায্য চাওয়া অর্থহীন।
- মিয়ানমারের কার্যত সরকার প্রধান অং সান সুচি জাতির উদ্দেশে দেয়া ভাষণে বলেছেন, কেন মুসলমানরা পালিয়ে যাচ্ছে সেটা আমরা খুঁজে বের করতে চাই। মিয়ানমার আন্তর্জাতিক পর্যবেক্ষণে ভীত নয়। রাখাইনের অধিকাংশ মুসলমান পালিয়ে যায়নি। বাংলাদেশে আশ্রয় নেয়া রোহিঙ্গাদের পরিচয় যাচাই-বাছাইয়ের পর তারা মিয়ানমারে ফিরতে পারবে। ভাষণে তিনি সহিংসতায় উদ্বেগ প্রকাশ করলেও সেনাদের নৃশংসতার বিরুদ্ধে নীরব।
- সুচির বক্তব্যের তীব্র সমালোচনা আন্তর্জাতিক মানবাধিকার সংগঠনগুলোর। তবে তাঁর বক্তব্যকে ইতিবাচক বলে স্বাগত জানান চীন ও রাশিয়া। তাঁর বিতর্কিত মন্তব্যে ক্ষুব্ধ হয়েছেন প্রাণ বাঁচাতে বাংলাদেশে আসা রোহিঙ্গারা।
- নিউইয়র্কে জাতিসংঘ সদর দপ্তরে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে ভারতের পররাষ্ট্রমন্ত্রী সুষমা স্বরাজের অন্তরঙ্গ পরিবেশে বৈঠক অনুষ্ঠিত।
- নিউইয়র্কভিত্তিক আন্তর্জাতিক মানবাধিকার সংস্থা হিউম্যান রাইটস ওয়াচ স্যাটেলাইটের ছবি পর্যালোচনা করে তাদের পর্যবেক্ষণে বলেছে, মিয়ানমারে রাখাইন অঞ্চলে ২১৪টি গ্রাম ধ্বংস হয়ে গেছে। রাখাইনের মানচিত্র থেকে মুছে যাচ্ছে রোহিঙ্গারা। মিয়ানমারের সেনাবাহিনী রাখাইনে রোহিঙ্গাদের জাতিগতভাবে নির্মূল করছে এবং সেইজন্য জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশনে এর নিন্দা জানিয়ে প্রস্তাব পাস করা দরকার।

- জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশনে জাতিসংঘ মহাসচিব অ্যান্তোনিও গুতেরেস বলেন, মিয়ানমারে অবশ্যই সেনা অভিযান বন্ধ এবং নিরাপদে রোহিঙ্গাদের দেশে ফিরিয়ে নিতে হবে।
- রাখাইন রাজ্যে মানবিক সংকটের অবসানে জাতিসংঘ নিরাপত্তা পরিষদের হস্তক্ষেপ চাইলেন অর্থনীতিতে নোবেল বিজয়ী অমর্ত্য সেন। গত ১৩ সেপ্টেম্বর ১২ জন নোবেল বিজয়ী ও ২১ বিশিষ্ট নাগরিক নিরাপত্তা পরিষদের সভাপতির উদ্দেশে যে খোলা চিঠি লেখেন তাতে নিজের নাম সংযুক্ত করলেন ভারতের অর্থনীতিবিদ অমর্ত্য সেন।
- জাতিসংঘ সাধারণ পরিষদ অধিবেশনে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেন, উত্তর কোরিয়াকে সম্পূর্ণ ধ্বংস করে দিব। এ ভাষণে যুক্তরাষ্ট্রের আরেক শত্রু ইরানকে সতর্ক করেন মার্কিন প্রেসিডেন্ট।
- মিয়ানমার সামরিক বাহিনীকে প্রশিক্ষণের কর্মসূচি স্থগিত করেছে ব্রিটিশ সরকার।
- তিব্বতের নেপালে সীমান্ত পর্যন্ত মহাসড়ক চালু করেছে চীন। মহাসড়কটি দক্ষিণ এশিয়ার অর্থনৈতিক ও সামরিক রুট তৈরির ক্ষেত্রে চীনকে সক্ষম করে তুলেছে এবং নেপালের সঙ্গে একটি রেলপথ নির্মাণের পথকে সুগম করেছে।
- জেনেভায় জাতিসংঘ মানবাধিকার কাউন্সিলের ৩৬তম অধিবেশনে ভারতের স্থায়ী প্রতিনিধি রাজীব কুমার চান্দের বলেন, মিয়ানমারের রাখাইন রাজ্যে রোহিঙ্গা নিপীড়নে উদ্বিগ্ন ভারত। তিনি বলেন, এটি বাংলাদেশের জন্য অতি বড় সমস্যা।

**২০ সেপ্টেম্বর**

- নিউইয়র্কে জাতিসংঘ সদর দপ্তরে সম্মেলন কক্ষে ওআইসি কনট্যাক্ট গ্রুপের বৈঠকে রোহিঙ্গা সমস্যা মোকাবিলায় ওআইসিভুক্ত দেশগুলোকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এসময় প্রধানমন্ত্রী রোহিঙ্গা নির্যাতন বন্ধ করে তাদেরকে মিয়ানমারে ফিরিয়ে নেয়া এবং তাদের জন্য মিয়ানমারের সেফ জোন তৈরিসহ ৬দফা পদক্ষেপ নেয়ার প্রস্তাব মুসলিম দেশগুলোর নেতাদের সামনে তুলে ধরেন। তিনি আরো বলেন, এই জাতিগত নির্মূল অভিযানের অবসান দেখতে চাই। মুসলমান ভাইদের দুর্দশার অবসান চাই। এই সংকটের সূচনা হয়েছে মিয়ানমারে, তাদেরকেই এ সমস্যা সমাধান করতে হবে। তিনি বলেন, সংকট মোকাবিলায় ওআইসি'র যে কোন উদ্যোগে অংশ নিতে বাংলাদেশ প্রস্তুত।



- নিউইয়র্কের ম্যানহাটনের ম্যারিয়ট হোটেলে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ আয়োজিত নাগরিক সংবর্ধনা অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা নেতা-কর্মীদের উদ্দেশে বলেন, 'শুধু স্লোগান নয়, জনগণের আস্থা ও বিশ্বাস অর্জন করতে হবে। আচার-আচরণে সতর্ক থাকতে হবে'।
- মিয়ানমারের রোহিঙ্গা সংকটের অবসানে জাতিসংঘের বলিষ্ঠ এবং দ্রুত পদক্ষেপ নেয়ার আহ্বান মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের। জাতিসংঘের শান্তিরক্ষা কার্যক্রম নিয়ে নিরাপত্তা পরিষদে মিয়ানমারে শান্তিরক্ষী পাঠানোর আলোচনা অনুষ্ঠিত।
- যুক্তরাষ্ট্রের আওয়ামী লীগের দেয়া সংবর্ধনা অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর পুত্র এবং তথ্য ও প্রযুক্তিবিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয় বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশের মাহাথির। জয় আরো বলেন, বর্তমান পরিস্থিতিতে সারাবিশ্বে অর্থনীতির গতির দিক থেকে বাংলাদেশের অবস্থান দ্বিতীয়।
- রোহিঙ্গা সংকট নিয়ে মিয়ানমারে জাতির উদ্দেশে দেয়া সুচির বক্তব্য নির্লজ্জা মিথ্যা– বিশ্ব নেতাদের সমালোচনা। সুচি'র সম্মাননা স্থগিত যুক্তরাজ্যের।
- মিয়ানমারে রোহিঙ্গা সংকট নিয়ে সুচি'র স্বীকারোক্তি বাংলাদেশের বড় কূটনীতিক সফলতা– জাতীয় প্রেস ক্লাবে জাসদ আয়োজিত 'রোহিঙ্গা শরণার্থী সমস্যা সমাধানে করণীয়' শীর্ষক আলোচনাসভায় সভাপতির বক্তব্যে জাসদ সভাপতি ও তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু।
- জাতিসংঘ সদর দপ্তরে নারীর অর্থনৈতিক ক্ষমতা সম্পর্কিত উচ্চপর্যায়ের গোলটেবিল বৈঠক অনুষ্ঠিত। বৈঠকে সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোল (এসডিজি) অনুষ্ঠানে এসডিজি অর্জনে নারীর ক্ষমতায়নের ওপর গুরুত্বারোপ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- মালয়েশিয়ার কুয়ালালামপুরে চলমান আন্তর্জাতিক গণআদালতের শেষ পর্বের শুনানিতে মিয়ানমারের সেনাদের বিরুদ্ধে গণহত্যার অভিযোগ। বাংলাদেশের পক্ষ থেকে প্রমাণ পেশ।
- বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ সচিবালয়ে সাংবাদিকদের বলেন, বন্যা ও হাওরে পানি বেড়ে যে পরিমাণ ক্ষতি হয়েছে তার চেয়েও বেশি চাল আমদানি করা হচ্ছে। এ সময় তিনি আরো বলেন, কোন সংকট নেই, চালের বাজার স্বাভাবিক হবে।
- 'অ্যান্টি টেরোরিজম ইউনিট' নামে পুলিশের একটি বিশেষ ইউনিট গঠনের অনুমোদন দিয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আদেশ জারি। এই ইউনিট রাজধানীসহ সারাদেশে সমন্বিতভাবে সন্ত্রাস ও জঙ্গি দমনে কাজ করবে।

- পবিত্র আশুরা উপলক্ষ্যে তাজিয়ার শোক মিছিলে ধারালো অস্ত্র, ধাতব ও দাহ্য পদার্থ, ব্যাগ বা পোটলা বহন করা যাবে না বলে জানিয়েছে– ডিএমপি। এমনকি মিছিলে কেউ 'পাইপ' ব্যবহার করতে পারবে না।
- উত্তর আমেরিকার দেশ মেক্সিকোতে শক্তিশালী ভূমিকম্পে ২৪৮ জন নিহত।
- ভুটানে সাফ অনূর্ধ্ব-১৮ ফুটবলে চ্যাম্পিয়নশিপে নিজেদের দ্বিতীয় ম্যাচে মালদ্বীপকে ২-০ গোলে হারিয়েছে বাংলাদেশ।

**২১ সেপ্টেম্বর**

- যুক্তরাষ্ট্রের নিউইয়র্কের গ্র্যান্ড হায়াত হোটেলে প্রধানমন্ত্রী শেখ হাসিনা মার্কিন ব্যবসায়ীদের প্রতি আহ্বান জানিয়ে বলেন, বাংলাদেশের অর্থনৈতিক সমৃদ্ধির অংশীদার হোন। বিজনেস কাউন্সিল ফর ইন্টারন্যাশনাল আন্ডারস্ট্যাডিং আয়োজিত এই অনুষ্ঠানে তিনি আরো বলেন, অভিন্ন স্বার্থ ও মূল্যবোধের ভিত্তিতে বাংলাদেশ ও যুক্তরাষ্ট্র সময়ের পরীক্ষিত বন্ধু। যুক্তরাষ্ট্র বাংলাদেশের অর্থনীতি, বাণিজ্য এবং উন্নয়নের অন্যতম অংশীদার। আমাদের পারস্পরিক লাভজনক ব্যবসা দুই দেশের বন্ধুত্বকে আরো জোরদার করে চমৎকার পর্যায়ে উন্নীত করবে।
- সফররত ব্রিটিশ পার্লামেন্টের প্রতিনিধিদল কক্সবাজারে রোহিঙ্গা শিবির পরিদর্শনের পর ঢাকায় ফিরে সাংবাদিকদের বলেছেন, রাখাইনে যে জাতিগত নিধন চলছে, তাতে কোন সন্দেহ নেই। মিয়ানমার সেনাবাহিনী যেন অবিলম্বে এ সহিংসতা বন্ধ করে, সেজন্য চীন রাশিয়ারও চাপ সৃষ্টি করা উচিত।
- রোহিঙ্গা সংকট সমাধানে অর্থবহ উদ্যোগ নেই কোন রাষ্ট্রের। মিয়ানমারকে অস্ত্র ও সামরিক সরঞ্জাম সরবরাহও বন্ধ করেনি কোন দেশ। শুধু যুক্তরাজ্য সামরিক প্রশিক্ষণ বন্ধ করেছে। শাস্তিমূলক পদক্ষেপ প্রয়োজন মনে করছেন জাতিসংঘের অনেক কর্মকর্তা।
- মিয়ানমার সংকট নিরসনে নিরাপত্তা পরিষদকে জোরালো পদক্ষেপ নিতে হবে– মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। মিয়ানমার সেনাবাহিনী রোহিঙ্গাদের ওপর যা করছে তা গণহত্যা, এটা বন্ধে কার্যকর পদক্ষেপ নেব– ফ্রান্সের প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রো।
- জাতিসংঘে মিয়ানমারের মিথ্যাচার। দেশটির স্টেট কাউন্সিলর সুচির পরিবর্তে জাতিসংঘের বার্ষিক সাধারণ অধিবেশনে বক্তব্য দিতে গিয়ে দ্বিতীয় ভাইস প্রেসিডেন্ট হেনরি ভ্যান থিও জোর দিয়ে বলেন, রাখাইন রাজ্যের পরিস্থিতির উন্নতি হয়েছে, সংকট কমছে।



- সহিংসতার মুখে মিয়ানমার থেকে বাংলাদেশে আশ্রয় নেয়া রোহিঙ্গা মুসলমানদের মধ্যে ১৬ হাজার নারী গর্ভবতী বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম।
- রাখাইনে সহিংসতা শুরুর পর এ পর্যন্ত সোয়া চার লাখ রোহিঙ্গা শরণার্থী বাংলাদেশে আশ্রয় নিয়েছে। তাদের জন্য দেশি-বিদেশি বিভিন্ন সংস্থার সহায়তা হিসেবে ২৭০ মেট্রিক টন চাল ও আটা পাওয়া গেছে। এছাড়া রোহিঙ্গাদের জন্য এ পর্যন্ত মন্ত্রণালয় থেকে ৫০০ মেট্রিক টন চাল ও ৩০ লাখ টাকা বরাদ্দ দেয়া হয়েছে বলে জানান, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া বীরবিক্রম।
- 'শান্তির জন্য ঐক্য, সবার জন্য শ্রদ্ধা, নিরাপত্তা ও একাগ্রতা' প্রতিপাদ্য নিয়ে বিশ্বশান্তি দিবস উদযাপিত।
- জাতিসংঘে ট্রাম্পের ভাষণ 'কুকুরের ঘেউ ঘেউ' বলে মন্তব্য করেছে উত্তর কোরিয়া।

**২২ সেপ্টেম্বর**

- নিউইয়র্কে জাতিসংঘের সাধারণ পরিষদে দেয়া ভাষণে রোহিঙ্গা সংকট নিরসনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার পাঁচদফা প্রস্তাব। এক. চিরতরে সহিংসতা ও জাতিগত নিধন নিঃশর্তে বন্ধ করা; দুই. অনতিবিলম্বে মিয়ানমারে জাতিসংঘ মহাসচিবের অনুসন্ধানী দল প্রেরণ করা; তিন. সব নাগরিকের নিরাপত্তা বিধান ও মিয়ানমারের অভ্যন্তরে সুরক্ষা বলয় গড়ে তোলা; চার. বিতাড়িত সব রোহিঙ্গাকে তাদের নিজ ঘর-বাড়িতে প্রত্যাবর্তন ও পুনর্বাসন নিশ্চিত করা; পাঁচ. আনান কমিশনের সুপারিশমালা দ্রুত বাস্তবায়ন নিশ্চিত করা। ভাষণে তিনি মিয়ানমারে জাতিগত নিধন বন্ধ করতে এবং রোহিঙ্গা সমস্যার স্থায়ী সমাধানে দ্রুত কার্যকর উদ্যোগ নিতে জাতিসংঘ ও আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানান।
- নিউইয়র্কে সংবাদ সম্মেলনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা– রোহিঙ্গা সংকট মোকাবিলায় বাংলাদেশের মানুষের উদারতা ও মহানুভবতা বিশ্বের প্রশংসা কুড়িয়েছে। তিনি বলেন, সমস্যা সমাধানে জাতিসংঘ সব সহযোগিতা দেবে। নিউইয়র্কে প্রধানমন্ত্রীর ব্যস্ততম দিন অতিবাহিত।
- মিয়ানমারে রাখাইন রাজ্যে সেনা অভিযানের মাধ্যমে গণহত্যা ও মানবতাবিরোধী অপরাধের দায়ে অং সান সুচি ও দেশটির সেনাপ্রধানকে দোষী সাব্যস্ত করেছে মালয়েশিয়ার রাজধানী কুয়ালালামপুরভিত্তিক আন্তর্জাতিক আদালত। মিয়ানমারের রোহিঙ্গা, কাচিন, কারেনসহ বিভিন্ন সংখ্যালঘু জাতিগোষ্ঠীর ২০০ মানুষের জবানবন্দি শুনে এবং বিভিন্ন তথ্যচিত্র ও বিশেষজ্ঞ মতামত পর্যালোচনা করে রোমভিত্তিক সংগঠন পার্মানেন্ট পিপলস ট্রাইব্যুনালের (পিপিটি) সাত 'বিচারকের' প্যানেল এই প্রতীকী রায় ঘোষণা করেন।

**২৩ সেপ্টেম্বর**

- রোহিঙ্গা ইস্যুতে গ্রামগুলো এখনো জ্বলছে– যুক্তরাজ্যভিত্তিক মানবাধিকার সংগঠন অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল। মিয়ানমারে সেনাদের পেতে রাখা মাইন প্রাণঘাতী; এইচআরডব্লিউ।
- মিয়ানমারে নির্যাতনের শিকার হয়ে পালিয়ে আসা রোহিঙ্গাদের পুনর্বাসন ও ত্রাণ বিতরণ কাজ শুরু করেছে বাংলাদেশ সেনাবাহিনী।
- বাংলাদেশ-স্পেনে একযোগে জঙ্গিবিরোধী অভিযান। স্পেনে মারিদায় দুর্ধর্ষ জঙ্গি সবুজ এবং ঢাকা, খুলনা ও রাজশাহীতে ১১ সহযোগী গ্রেফতার।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিউইয়র্কে ৮ দিনের সফর শেষে ভার্জিনিয়ায় গেছেন। ভার্জিনিয়ায় বসবাসরত পুত্র সজীব ওয়াজেদ জয়ের বাসভবনে তিনি অবস্থান করছেন।
- রোহিঙ্গা সংকট সমাধানে চীন ও রাশিয়ার মনোভাব পাল্টাতে কূটনৈতিক তৎপরতা সরকারের। এই সংকট নিরসনে প্রথম দিকে ভারত নীরবতা পালন করলেও দেশটির মনোভাব এখন অনেকটা বদলেছে।
- আল-জাজিরার প্রতিবেদন প্রকাশ– বাবা-মা হত্যার দুঃসহ স্মৃতি তাড়া করছে রোহিঙ্গা শিশুদের। অভিভাবকহীন ১,৪০০ শিশু বাংলাদেশে।
- আন্তর্জাতিক চাপের মুখে রাখাইনে সহিংসতা শুরু হওয়ার প্রায় একমাস পর রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশের সঙ্গে আলোচনার প্রস্তাব দিয়েছে মিয়ানমার। জাতিসংঘের সাইড লাইনে মিয়ানমারের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা থাউং টুনের সঙ্গে পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলীর বৈঠকে মিয়ানমার এ প্রস্তাব দেয়।
- রোহিঙ্গা শরণার্থীদের জন্য মালয়েশিয়ার রেড ক্রিসেন্টের ১০১ টন ত্রাণ চট্টগ্রামে পৌঁছেছে।
- যুক্তরাষ্ট্রের হুঁশিয়ারি উপেক্ষা। মধ্যম পাল্লার ক্ষেপণাস্ত্র পরীক্ষা ইরানের।

**২৪ সেপ্টেম্বর**

- ভয়েস অব আমেরিকার সঙ্গে একান্ত সাক্ষাৎকারে রোহিঙ্গাদের বিষয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, অল্প জায়গায় অত্যধিক মানুষের বসবাস অসুস্থকর পরিবেশ সৃষ্টি করছে। তাই নিকটবর্তী 'ভাসানচর' দ্বীপে স্বাস্থ্যকর পরিবেশ ও অন্যান্য সুবিধা দিয়ে যতদিন তারা ফিরে না যায়, ততদিন পর্যন্ত থাকার ব্যবস্থা করব।



- কক্সবাজারের বিভিন্ন এলাকায় রোহিঙ্গা ক্যাম্পসমূহ পরিদর্শন করে জাতিসংঘের শরণার্থী বিষয়ক হাইকমিশনার (ইউএনএইচসিআর) ফিলিপ্পো গ্রান্ডি বলেছেন, রোহিঙ্গা সমস্যার সমাধান মিয়ানমারকেই করতে হবে। রোহিঙ্গাদের জন্য বাংলাদেশে ব্যাপক আন্তর্জাতিক সহায়তা প্রয়োজন। তিনি বলেন, শরণার্থীদের প্রতি বাংলাদেশের মানুষ যে মমত্ববোধ দেখিয়েছে, তা তিনি তাঁর কর্মজীবনে কখনো দেখেননি।
- যুক্তরাষ্ট্র থেকে জরুরি ফাইলপত্রে 'ডিজিটাল' স্বাক্ষর করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- সেনা মোতায়েনে রোহিঙ্গা ক্যাম্পে ত্রাণ বিতরণে শৃঙ্খলা ফিরে আসছে। এখনও জ্বলছে রাখাইন।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার ওপর কথিত 'হামলার ব্যর্থ চেষ্টার' যে খবর বিদেশি সংবাদমাধ্যমে এসেছে তা 'সম্পূর্ণভাবে ভিত্তিহীন' বলে অভিহিত করেছে প্রধানমন্ত্রীর কার্যালয়। খবরটি বিভ্রান্তিমূলক এবং উদ্দেশ্যপ্রণোদিত বলেও জানানো হয়েছে।
- রাজধানীতে আইন অমান্য করে উল্টোপথে গাড়ি, যান চলাচলের জন্য প্রতিমন্ত্রী, সচিবসহ ৫০ জনের গাড়ি জরিমানা করেছে বাংলাদেশ পুলিশের ট্রাফিক বিভাগ। দুদক চেয়ারম্যান ইকবাল মাহমুদ এই অভিযানের সময় উপস্থিত ছিলেন।
- আফ্রিকার দেশ মালীতে সন্ত্রাসীদের পুঁতে রাখা বোমা বিস্ফোরণে তিন বাংলাদেশি শান্তিরক্ষী নিহত এবং আহত চার জন। রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক প্রকাশ।
- টঙ্গীতে এক অনুষ্ঠানে সাংবাদিকদের বললেন অর্থমন্ত্রী– মিয়ানমার রোহিঙ্গাদের বাংলাদেশে পাঠিয়ে বাংলাদেশের বিরুদ্ধে এক প্রকার যুদ্ধ ঘোষণা করেছে। বাংলাদেশের অর্থনীতিকে বিধ্বস্ত করার চেষ্টা করছে।
- উখিয়ার শরণার্থী ক্যাম্পে প্রতিদিন ১০ হাজার করে সাতদিনে ৭০ হাজার রোহিঙ্গাকে রান্না করে খাওয়ানো কার্যক্রম শুরু করেছে চট্টগ্রামের মুক্তিযুদ্ধের বিজয়মেলা পরিষদ।
- রোহিঙ্গা শরণার্থী ক্যাম্প পরিদর্শন করেছেন স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের।
- জার্মানিতে নির্বাচনে চতুর্থ দফা চ্যান্সেলর হওয়ার পথে এগিয়ে অ্যাঙ্গেলা মার্কেল।

- জাতিসংঘের অনুসন্ধানী দলের চিকিৎসকের তথ্য– রোহিঙ্গাদের মাঝে ভীতি ছড়িয়ে দেশ থেকে তাড়াতেই মিয়ানমার সেনাবাহিনী নারীদের নির্যাতন করছে।
- রোহিঙ্গা ক্যাম্প থেকে বিশ্বসেরা অলরাউন্ডার ক্রিকেটার সাকিব আল হাসানের ভিডিও বার্তা– আসুন সকলে রোহিঙ্গা শরণার্থীদের পাশে দাঁড়াই।

**২৫ সেপ্টেম্বর**

- দুর্গাপূজা উপলক্ষ্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনার বাণী: বাংলাদেশ ধর্ম-বর্ণ নির্বিশেষে সকল মানুষের নিরাপদ আবাসভূমি।
- রোহিঙ্গা ইস্যু নিয়ে মিয়ানমারের সঙ্গে বাংলাদেশের সমস্যা স্থায়ী সমাধানে দেশটিকে প্রভাবিত করার আশ্বাস দিয়েছে চীনা কমিউনিস্ট পার্টি। চীনের রাজধানী বেইজিংয়ে সফররত আওয়ামী লীগের একটি প্রতিনিধিদলের সঙ্গে এক বৈঠকে চীনের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের ভাইস মিনিস্টার লি জুন এই আশ্বাস প্রদান করেন।
- ঢাকায় সংবাদ সম্মেলনে জাতিসংঘ শরণার্থী বিষয়ক হাইকমিশন (ইউএনএইচসিআর) প্রধান ফিলিপ্পো গ্রান্ডি– রোহিঙ্গা সমস্যার সমাধান মিয়ানমারকেই করতে হবে। এ সময় ফিলিপ্পো বলেন, এখন পর্যন্ত ৪ লাখ ৩৬ হাজার রোহিঙ্গা বাংলাদেশে এসেছে। তাদের শারীরিক নির্যাতন ও যৌন হয়রানিও করা হয়েছে।
- সচিবালয়ে সাংবাদিকদের দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া মিয়ানমারের রাখাইন রাজ্যে সেনা অভিযানে বাংলাদেশে পালিয়ে আসা রোহিঙ্গাদের আপাতত শরণার্থী মর্যাদা দেয়া হচ্ছে না। তিনি আরো বলেন, অনুপ্রবেশকারী হিসেবে মানবিক দৃষ্টিকোণ থেকে রোহিঙ্গাদের আশ্রয়ের পাশাপাশি থাকা-খাওয়ার ব্যবস্থা করা হয়েছে।
- অবাধ ও তথ্যপ্রবাহের সুবর্ণ সময়ে দেশ– সংসদ ভবনের মিডিয়া সেন্টারে 'তাজা খবরের খোলা জানালা' স্লোগানকে ধারণ করে শুরু হতে যাওয়া পার্লামেন্ট নিউজ 'বিডি ডটকম' অনলাইন পত্রিকার উদ্বোধন অনুষ্ঠানে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী।
- পরিবেশবান্ধব বায়ো-অর্গানিক সার উদ্ভাবন করেছেন বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের মৃত্তিকা বিজ্ঞান বিভাগের বিজ্ঞানীরা।
- বাংলাদেশি শান্তিরক্ষী নিহত হওয়ায় শোক প্রকাশ করেছেন জাতিসংঘের মহাসচিব অ্যান্তোনিও গুতেরেস।



- সচিবালয়ে সাংবাদিকদের স্বাস্থ্য প্রতিমন্ত্রী জাহিদ মালেক বলেছেন, মিয়ানমার থেকে আসা রোহিঙ্গাদের স্বাস্থ্যসেবায় বিশ্বব্যাংকের কাছে ২৫০ মিলিয়ন মার্কিন ডলার সহায়তা চেয়েছে বাংলাদেশ।
- রোহিঙ্গা সমস্যা সমাধানে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঘোষিত পাঁচ দফার প্রস্তাবের পক্ষে বিশ্ব জনমত সৃষ্টি হয়েছে– কক্সবাজারে রোহিঙ্গাদের মাঝে ত্রাণ বিতরণকালে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের।
- রোহিঙ্গাদের জন্য ১২টি ত্রাণ বিতরণ ক্যাম্প এবং ৮টি লঙ্গরখানার কাজে সমন্বয় করছে বাংলাদেশ সেনাবাহিনী।
- অ্যাঙ্গেলা মার্কেল চতুর্থ বারের মতো জার্মান চ্যান্সেলর নির্বাচিত। অ্যাঙ্গেলাকে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার অভিনন্দন এবং বাংলাদেশ সফরের আমন্ত্রণ জানিয়েছেন।

**২৬ সেপ্টেম্বর**

- মিয়ানমারের রোহিঙ্গা গণহত্যা, কোরীয় উপদ্বীপে পারমাণবিক অস্ত্র পরীক্ষা নিয়ে যুদ্ধ যুদ্ধ খেলা এবং জলবায়ু পরিবর্তন নিয়ে উদ্বেগকে প্রাধান্য দিয়ে জাতিসংঘের সাধারণ পরিষদের ৭২তম অধিবেশনের বিতর্ক পর্ব সমাপ্ত।
- মিয়ানমারে রোহিঙ্গাদের ওপর সহিংসতার ঘটনায় আগামীকাল জাতিসংঘের নিরাপত্তা পরিষদের বৈঠক। ফ্রান্স, যুক্তরাজ্য এবং যুক্তরাষ্ট্রসহ সাতটি রাষ্ট্র এই বৈঠকের আবেদন করেছে। বৈঠকে জাতিসংঘ মহাসচিবের বক্তব্য শুনবেন নিরাপত্তা পরিষদের সদস্য রাষ্ট্রের প্রতিনিধিরা।
- মিয়ানমারের নির্যাতিত রোহিঙ্গারা যতদিন ধরে বাংলাদেশে আসবে মানবিক কারণে আমরা ততদিন তাদের আশ্রয় দেব– সচিবালয়ে সংবাদ সম্মেলনে স্বরাষ্ট্রমন্ত্রী।
- মিয়ানমার থেকে সেনা অভিযানে পালিয়ে আশ্রয় নেয়া পরিবার বিচ্ছিন্ন ও অনাথ রোহিঙ্গা শিশুদের আলাদা ক্যাম্পে রাখা ও শনাক্তের জন্য স্মার্টকার্ড দেয়া হবে– সংবাদ সম্মেলনে সমাজকল্যাণ প্রতিমন্ত্রী নূরুজ্জামান আহমেদ।
- আগামী বাজেট হবে সাড়ে চার লাখ কোটি টাকার– রাজধানীর মিরপুরে আয়কর ক্যাম্প উদ্বোধনী অনুষ্ঠানে অর্থমন্ত্রী।
- ভারতের অর্থমন্ত্রী অরুণ জেটলির ঢাকা সফর। ৩৬ হাজার কোটি টাকার ঋণচুক্তি প্রস্তুত। 'কমিটমেন্ট ফি' বাতিল চায় বাংলাদেশ। ঢাকায় এক্সিম ব্যাংকের অফিস স্থাপনের বিষয়টি আলোচনা হবে।

- রোহিঙ্গাদের আশ্রয় ও সহায়তা দিতে পেরে বাংলাদেশ গর্বিত বলে মন্তব্য করেছেন, প্রধানমন্ত্রী পুত্র ও তাঁর তথ্যপ্রযুক্তি বিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়। এশীয় প্রশান্ত অঞ্চলের ম্যাগাজিন 'দ্য ডিপ্লোম্যাট'-এ প্রকাশিত নিবন্ধে তিনি এ মন্তব্য করেন।
- ২০১৭ সালের নোবেল পুরস্কারের অর্থ বাড়িয়ে ৯ কোটি ৪ লাখ টাকা (১১ লাখ ২০ হাজার ডলার) দেয়ার সিদ্ধান্ত নিয়েছে নোবেল ফাউন্ডেশন বোর্ড। এক বিবৃতিতে স্টকহোমে নোবেল ফাউন্ডেশন বোর্ডের চেয়ারম্যান কার্ল হেনরিক হেলদিন।

**২৭ সেপ্টেম্বর**

- রাজধানীর রামকৃষ্ণ মিশনে শারদীয় দুর্গাপূজা পরিদর্শনকালে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেছেন, ধর্মের শান্তির অমিয় বাণী বিশ্বের কাছে তুলে ধরতে হবে। এসময় তিনি মিয়ানমার থেকে প্রাণ বাঁচাতে পালিয়ে আসা রোহিঙ্গা ইস্যু নিয়ে বলেন, রোহিঙ্গাদের সম্মানজনক স্বদেশ প্রত্যাবর্তন ও তাদের নাগরিক অধিকার নিশ্চিত করতে বিশ্বের সকল দেশ ও আন্তর্জাতিক সংস্থাকেও এগিয়ে আসতে হবে।
- যুক্তরাষ্ট্রে সফররত প্রধানমন্ত্রী শেখ হাসিনার ওয়াশিংটনের এক হাসপাতালে গলব্লাডারে সফল অস্ত্রোপচার সম্পন্ন হয়েছে বলে জানান, প্রধানমন্ত্রীর প্রেস উইং। জাতিসংঘ সাধারণ পরিষদের ৭২তম অধিবেশনে যোগদান উপলক্ষ্যে প্রধানমন্ত্রী বর্তমানে যুক্তরাষ্ট্রে অবস্থান করছেন।
- বিশ্ব অর্থনৈতিক ফোরামের (২০১৭-'১৮) জরিপ প্রতিবেদন প্রকাশ– বৈশ্বিক প্রতিযোগিতায় সক্ষমতা সূচকে (জিসিআই) এক বছরে ৭ ধাপ এগিয়েছে বাংলাদেশ। ১৩৭ দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ৯৯তম।
- আন্তর্জাতিক 'তথ্য অধিকার' দিবস উদযাপিত।
- রাখাইন রাজ্যে সেনা অভিযানে রোহিঙ্গা জনগোষ্ঠী মানুষের পুড়িয়ে দেয়া গ্রামগুলো অধিগ্রহণের সিদ্ধান্ত নিয়েছে মিয়ানমার সরকার। দখলকৃত গ্রামগুলোকে ঘিরে 'পুনঃউন্নয়নমূলক কর্মকাণ্ড' চালিয়ে যাওয়ার পদক্ষেপ নেয়া হয়েছে।
- একাদশ সংসদ নির্বাচন সামনে রেখে রাজনৈতিক দলগুলোর সঙ্গে সংলাপের মধ্যেই সীমানা পুনঃনির্ধারণ সংক্রান্ত প্রস্তাবিত আইনের খসড়া তৈরির জন্য পরামর্শক নিয়োগ দিয়েছে নির্বাচন কমিশন (ইসি)।



- মিয়ানমারের সঙ্গে ভারতের বাণিজ্য বৃদ্ধির উদ্যোগ। ইতোমধ্যে ইয়াঙ্গুনে ইন্দো-মিয়ানমার চেম্বার অব কমার্স (আইএমসিসি) গড়ে তুলেছে ভারত। এ সংস্থাটি ভারতীয় বড় বড় কোম্পানিগুলোর হয়ে মিয়ানমারে বিনিয়োগের উদ্যোগ নেবে।
- বাংলা ভাষায় ওয়েবসাইটে সরাসরি বিজ্ঞাপন প্রকাশের সুযোগ দিতে গুগল অ্যাডসেন্স চালুর ঘোষণা দিয়েছে ইন্টারনেটে তথ্য অনুসন্ধানে সবচেয়ে জনপ্রিয় সার্চ ইঞ্জিন গুগল।
- সৌদি আরবে প্রথমবারের মতো নারীদের গাড়ি চালানোর অনুমতি সংক্রান্ত আদেশ জারি করেছেন সৌদি বাদশাহ সালমান বিন আবদুল আজিজ।
- ক্রিকেটেও লাল কার্ডসহ কয়েকটি নতুন নিয়ম চালুর সিদ্ধান্ত নিয়েছে আইসিসি। আজ শুরু হতে যাওয়া (বাংলাদেশ-দক্ষিণ আফ্রিকা ও পাকিস্তান- শ্রীলংকা) দুটি টেস্টে প্রয়োগের মধ্য দিয়ে নিয়মগুলোর প্রচলন শুরু।

**২৮ সেপ্টেম্বর**

- রোহিঙ্গা সংকট সমাধানে জাতিসংঘ নিরাপত্তা পরিষদের বৈঠকে ১৫ সদস্য দেশের প্রতিনিধিদের আহ্বান– রাখাইনে সেনা অভিযান বন্ধ করুন। বৈঠকে সূচনা বক্তব্যে জাতিসংঘ মহাসচিব গুতেরেস বলেন, মিয়ানমার সরকারকে বাংলাদেশের সঙ্গে সম্মিলিতভাবে কাজ করতে হবে। মিয়ানমার সরকার বা সেনাবাহিনী কেউই আইনের ঊর্ধ্বে নয়। অন্যদিকে যুক্তরাষ্ট্র প্রতিনিধি নিকি হ্যালে বলেন, মিয়ানমারকে অবশ্যই সেনা অভিযানের মুখে বাংলাদেশে পালিয়ে আশ্রয় নেয়া রোহিঙ্গাদের ফেরত নিতে হবে। এছাড়া তিনি রোহিঙ্গাদের প্রতি মানবিক আতিথেয়তার জন্য বাংলাদেশের উচ্ছ্বসিত প্রশংসা করেছেন। অন্যদিকে মিয়ানমারের পক্ষ নিল চীন ও রাশিয়া।
- কক্সবাজারের উখিয়ায় রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শনের পর ঢাকায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত মার্শা বার্নিকাট সাংবাদিকদের বলেন, এই সংকট সমাধানে বাংলাদেশের পাশে থাকবে যুক্তরাষ্ট্র।
- সারাদেশে যথাযোগ্য মর্যাদায় আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭১তম জন্মদিন উদযাপিত। দিবসটি উপলক্ষ্যে গণভবনে দোয়া মাহফিল অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর সুস্বাস্থ্য, দীর্ঘায়ু কামনা করে বিশেষ মোনাজাত ও তাঁর দ্রুত আরোগ্য কামনা করা হয়।

- দেশের দক্ষিণাঞ্চলের বিভিন্ন জেলায় প্রায় ৪৩১ কোটি টাকা ব্যয়ে ২৫টি সেতু নির্মাণে দুই প্রতিষ্ঠানের সঙ্গে চুক্তি স্বাক্ষর করেছে সড়ক ও জনপথ অধিদপ্তর। রাজধানীর তেজগাঁওয়ের সড়ক ভবনে চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের এই সেতুগুলোকে প্রধানমন্ত্রীর জন্মদিনের উপহার হিসেবে মন্তব্য করেন।
- বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত উপাচার্য অধ্যাপক ড. আখতারুজ্জামান সাক্ষাৎ করেন। এ সময় রাষ্ট্রপতি বিশ্ববিদ্যালয়ের মর্যাদা সমুন্নত রাখার আহ্বান জানান।
- চীনের উত্তর কোরিয়ায় অবস্থিত সব কোম্পানি বন্ধের নির্দেশ দিয়েছে বেইজিং। একের পর এক ক্ষেপণাস্ত্র পরীক্ষার জবাবে জাতিসংঘ সম্প্রতি দেশটির বিরুদ্ধে যে নতুন নিষেধাজ্ঞা জারি করেছে তা কার্যকর করার অংশ হিসেবে চীন এ নির্দেশ দিয়েছে।
- শিক্ষার মান নিয়ে বিশ্বব্যাংকের প্রতিবেদন প্রকাশ– আফ্রিকাসহ যুদ্ধবিধ্বস্ত দেশে শিশু শিক্ষা নিয়ে হতাশ জাতিসংঘ।

**২৯ সেপ্টেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা সুস্থ আছেন। যুক্তরাষ্ট্রের রাজধানী ওয়াশিংটনে এক হাসপাতালে তাঁর গলব্লাডারে সফল অস্ত্রোপচার করা হয়। ডিজিটাল প্রযুক্তির মাধ্যমে প্রধানমন্ত্রী সাতটি জরুরি ফাইল ছেড়ে দিয়েছেন।
- নিউইয়র্কে রোহিঙ্গা সংকট নিয়ে জাতিসংঘ নিরাপত্তা পরিষদের বৈঠক অনুষ্ঠিত। মিয়ানমারে রোহিঙ্গাদের ওপর সহিংসতাকে রাষ্ট্রীয় ব্যর্থতার ফল উল্লেখ করে মানবতাবিরোধী অপরাধের পূর্ণ তদন্তের জন্য জাতিসংঘ নিরাপত্তা পরিষদের প্রতি আহ্বান বাংলাদেশের।
- রাজধানীর ঢাকেশ্বরী মন্দিরে পূজামণ্ডপ পরিদর্শনকালে রোহিঙ্গা ইস্যুতে চীন ও রাশিয়ার ভূমিকার সমালোচনা করে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেন, মানবিক সাহায্য ও গণহত্যার সমর্থন দ্বিচারিতা।
- উখিয়া উপজেলার ইনানী এলাকায় ঝড়ের কবলে পড়ে রোহিঙ্গা বোঝাই ট্রলারডুবির দ্বিতীয় দিনে ২১ নারী-শিশুর লাশ উদ্ধার। নিখোঁজ অর্ধশত।
- প্রখ্যাত সাহিত্যিক-সাংবাদিক-রাজনীতিবিদ আবুল মনসুর আহমেদের ১১৯তম জন্মবার্ষিকী উদযাপন।
- চ্যানেল আই মিউজিক অ্যাওয়ার্ড-২০১৬ আজীবন সম্মাননা পেলেন খ্যাতিমান সংগীতশিল্পী খুরশীদ আলম।



- ইউনাইটেড নেশনস চিলড্রেন ফান্ড (ইউনিসেফ) মিয়ানমার থেকে বাংলাদেশে পালিয়ে আসা রোহিঙ্গা শিশুদের জন্য এক হাজার ৩০০শ' স্কুল স্থাপন করবে– ইউনিসেফের বাংলাদেশ প্রতিনিধি এডওয়ার্ড বেগবেডার এক সংবাদ বিজ্ঞপ্তি।
- প্রথমবারের মতো নারী মুখপাত্র নিয়োগ দিয়েছে সৌদি আরব। ওয়াশিংটনে নিযুক্ত সৌদি দূতাবাসের মুখপাত্র হিসেবে ফাতিমা বাইশেনকে নিয়োগ।

**৩০ সেপ্টেম্বর**

- 'স্বপ্ন থেকে দৃশ্যমান পদ্মাসেতু। শরীয়তপুরের জাজিরা পয়েন্টে ৩৭ ও ৩৮ নম্বর পিলারের ওপর বসানো হলো প্রথম স্প্যান। বিয়ারিংয়ের ওপর পরীক্ষামূলকভাবে এ স্প্যান বসানো হয়। এরপর একটির পর একটি, এভাবে মোট ৪১টি স্প্যান বসিয়ে পূর্ণাঙ্গ রূপ দেয়া হবে সেতুর'। স্প্যান বসানোর পর সাংবাদিকদেরকে সার্বিক ব্রিফিংকালে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেন, 'দেশীয় ও আন্তর্জাতিক অনেক প্রতিবন্ধকতা কাটিয়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বীর কন্যা ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার একক নেতৃত্ব ও সাহসিকতায় পদ্মা সেতুর স্বপ্ন বাস্তবায়িত হয়েছে'।
- শারদীয় দুর্গোৎসব ও বিজয়া দশমী উপলক্ষ্যে বঙ্গভবনে আয়োজিত অনুষ্ঠানে সাম্প্রদায়িক সম্প্রীতির ঐতিহ্যকে সম্মিলিতভাবে এগিয়ে নেয়ার আহ্বান জানান রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। এসময় রাষ্ট্রপতি বলেন, কোন ধর্মই সন্ত্রাস, জঙ্গিবাদ ও উগ্রবাদ সমর্থন করে না। উগ্রবাদ অসহিষ্ণুতার জন্ম দেয়, সামাজিক শৃঙ্খলার বিঘ্ন ঘটায়।
- যুক্তরাষ্ট্র সফররত প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী ৭ অক্টোবর দেশে ফিরবেন বলে জানান সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের।
- মার্কিন সাময়িকী নিউজ উইকে নিবন্ধ প্রকাশ– রোহিঙ্গা সংকটে 'সত্যিকার বীরনারী' হিসেবে আবির্ভূত হয়েছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। অনেক ধনী ও বিশাল দেশের নেতাদের পেছনে ফেলেছেন তিনি। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, 'বাংলাদেশ ধনী দেশ নয়, তবে আমাদের হৃদয়টা বিশাল'।
- দেশে ইলিশ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রজনন মৌসুমে ইলিশ ধরা, পরিবহন, মজুদ, বাজারজাতকরণ ও বিক্রি ১ অক্টোবর থেকে ২২ অক্টোবর পর্যন্ত নিষেধাজ্ঞা জারি করেছে সরকার।
- সরকারি কাজে ব্যয়বহুল বেসরকারি বিমান ভাড়া ব্যবহার করার অভিযোগের পর মার্কিন স্বাস্থ্যমন্ত্রী টম প্রাইসের পদত্যাগ।

- ফতোয়া জারির অধিকার পেলেন সৌদি নারীরা। সিদ্ধান্ত নিয়েছে দেশটির শুরা কাউন্সিল।
- রোহিঙ্গা সংকট সমাধানে বাংলাদেশ ও মিয়ানমারের মধ্যে মধ্যস্থতাকারীর ভূমিকা পালন করবে না ভারত– দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয় স্পষ্ট জানিয়েছে। বাংলাদেশকে শুধু মানবিক ত্রাণ সাহায্য দেবে। এদিকে রাখাইনে হিন্দুদের গণকবর পাওয়ার খবরে হত্যাকারীদের শাস্তি দিতে মিয়ানমারের প্রতি দাবি জানিয়েছে ভারত।

## অক্টোবর

**১ অক্টোবর**

- 'ভবিষ্যৎ অগ্রসরে সমাজে প্রবীণদের দক্ষতা, অবদান এবং অংশগ্রহণ নিশ্চিত করুন'– প্রতিপাদ্য নিয়ে বিশ্ব প্রবীণ দিবস উদযাপিত। দিবসটি উপলক্ষ্যে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী বাণী দিয়েছেন।
- যুক্তরাষ্ট্রের রিটজ কার্লটন হোটেলে আওয়ামী লীগের নেতাকর্মীদের সঙ্গে মতবিনিময়কালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা পদ্মা সেতুর প্রথম স্প্যান বসানোর খবরে উচ্ছ্বাস প্রকাশ করে বলেন, আমরা প্রমাণ করেছি আমরা পারি। এরপর প্রধানমন্ত্রী তাঁর অবস্থানস্থল থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে ওয়াশিংটন ডিসি'তে বাংলাদেশ দূতাবাসে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের একটি আবক্ষ প্রতিকৃতি উন্মোচন করেন।
- প্রধানমন্ত্রীর নির্দেশে কক্সবাজার ও বান্দরবানে রোহিঙ্গা ক্যাম্পগুলোতে সৌর বিদ্যুতের মাধ্যমে ৫০০ সড়কবাতি ও ২ হাজার হোম সিস্টেম প্যানেল চালুর সিদ্ধান্ত নেয়া হয়েছে বলে জানান সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের।
- ঢাকায় রোহিঙ্গা সংকট নিয়ে বাংলাদেশ-মিয়ানমার মন্ত্রীপর্যায়ে দ্বিপক্ষীয় বৈঠক অনুষ্ঠিত। বৈঠকে মিয়ানমারের রাখাইন রাজ্যে সেনা অভিযানের পর বাংলাদেশে পালিয়ে আসা রোহিঙ্গাদের ফেরত নেয়ার প্রস্তাব দিয়েছে সফররত মিয়ানমার স্টেট কাউন্সিলর দপ্তরের মন্ত্রী কিয়া তিন্ত সোয়ে। এ লক্ষ্যে একটি যৌথ ওয়ার্কিং গ্রুপ গঠনে সম্মত দুই দেশ। প্রত্যাবাসন প্রক্রিয়া নিয়ে দ্বিপক্ষীয় চুক্তির খসড়াও হয়েছে।
- দেশে শিক্ষা, জ্ঞান-বিজ্ঞান, রাজনীতি ও সংস্কৃতি ক্ষেত্রে অনন্য অবদানের স্বীকৃতিস্বরূপ ছয়জন এমেরিটাস অধ্যাপক ও বিশ্ববিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশনের প্রতিষ্ঠাতা সভাপতিকে (মরণোত্তর) আজীবন সম্মাননা প্রদান করল ঢাকা বিশ্ববিদ্যালয়। ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশনের ৬৯তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে বিশ্ববিদ্যালয়ে সিনেট ভবনে অনুষ্ঠানে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের উপস্থিতিতে এ সম্মাননা প্রদান করা হয়।



- তাজিয়া মিছিল, ইবাদত বন্দেগীর মাধ্যমে পবিত্র আশুরা উদযাপিত।
- তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু মানিকগঞ্জে আশুরা উপলক্ষ্যে আয়োজিত শোক সভায় প্রধান অতিথির বক্তব্যে বলেন, মসজিদ-মন্দির যারা ভাঙে তারা মানবতার শত্রু। তারা ইয়াজিদের বংশধর।
- উত্তর কোরিয়ার সর্বশেষ পারমাণবিক অস্ত্র ও ক্ষেপণাস্ত্র পরীক্ষার জেরে দেশটির রাষ্ট্রদূতকে বহিষ্কারের ঘোষণা ইতালির।
- স্পেনীয় পুলিশের ব্যাপক বাধা সত্ত্বেও স্বায়ত্তশাসিত কাতালোনিয়ার স্বাধীনতার প্রশ্নে গণভোট সম্পন্ন। স্বাধীনতার পক্ষে রায় দিল কাতালোনিয়া।
- যুক্তরাষ্ট্রের লাসভেগাসে কনসার্ট চলাকালে বন্দুকধারীর গুলিতে ৫৮ জন নিহত। আহত হয়েছেন প্রায় ৫ শতাধিক। হামলাকারী স্টিফেন প্যাডক পুলিশের গুলিতে নিহত। আইএসের দায় স্বীকার। আন্তর্জাতিক সংবাদ মাধ্যমগুলো এ হামলাকে ইতিহাসের সবচেয়ে বড় বন্দুক হামলা বলে উল্লেখ করেছে।

**২ অক্টোবর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা যুক্তরাষ্ট্রের লাসভেগাসে গুলি চালিয়ে হত্যার ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন। শোকবার্তায় তিনি মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে বলেন, আমরা বাংলাদেশের জনগণ এই কঠিন সময়ে সহানুভূতি ও সমর্থন দিয়ে আপনার পাশে রয়েছি। একই সঙ্গে তিনি শোকসন্তপ্ত পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জানান।
- প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা এক মাসের ছুটি (ব্যক্তিগত) নিয়েছেন। এ বিষয়ে প্রধান বিচারপতি রাষ্ট্রপতিকে অবহিত করেন। পরে সংবিধানের ৯৭ অনুচ্ছেদ অনুযায়ী রাষ্ট্রপতি কর্তৃক আপিল বিভাগের জ্যেষ্ঠতম বিচারপতি মো. আবদুল ওয়াহহাব মিঞাকে ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি হিসেবে নিয়োগ দিয়ে প্রজ্ঞাপন জারি করেছে সরকার।
- 'স্বচ্ছতা ও জনস্বাস্থ্য' রক্ষায় বাংলাদেশ এশিয়ার শ্রেষ্ঠ দেশের পুরস্কার লাভ। 'ইন্ডিয়া টুডে গ্রুপ' এক অনুষ্ঠানের মাধ্যমে নয়াদিল্লিতে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার সৈয়দ মোয়াজ্জেম আলীর হাতে এ পুরস্কার তুলে দেন। ভারতের জাতির পিতা মহাত্মা গান্ধীর জন্মদিন উপলক্ষ্যে এ পুরস্কার দেয়া হয়।
- গণশুনানির পঞ্চম দিন। ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড (ডেসকো) বিদ্যুতের মূল্য গড়ে ৮ পয়সা বাড়ানোর সুপারিশ করেছে।

- ব্রিটিশবিরোধী আন্দোলন ও মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক এবং বাংলাদেশ কমিউনিস্ট পার্টির (সিপিবি) প্রবীণ নেতা কমরেড জসিম উদ্দিন মণ্ডল (৯৫) রাজধানীর এক হাসপাতালে বার্ধক্যজনিত কারণে ইন্তেকাল করেন।
- ইয়াবা পাচারে রোহিঙ্গাদের বাহক হিসেবে ব্যবহার, ৯ মাসে চট্টগ্রামে ৩০ রোহিঙ্গা আটক।
- আগামী ৩০ অক্টোবরের মধ্যে চাল ও গমের আমদানিকারক, মিলার, ব্যবসায়ী, আড়তদারদের লাইসেন্স নেয়ার সময় বেঁধে দিয়েছে সরকার।
- বাংলাদেশে আশ্রয় নেয়া রোহিঙ্গা প্রত্যাবাসনে মিয়ানমারের আশ্বাসকে স্বাগত জানাল ভারত।
- আফ্রিকার মালিতে নিহত তিন বাংলাদেশি শান্তিরক্ষী রাষ্ট্রীয় মর্যাদায় তাদের নিজ নিজ গ্রামের বাড়িতে সমাহিত।
- 'দেহঘড়ি বা বডি ক্লক' নিয়ে গবেষণা করে ২০১৭ সালের চিকিৎসা বিজ্ঞানে নোবেল পুরস্কার পেয়েছেন যুক্তরাষ্ট্রের তিন প্রখ্যাত চিকিৎসা বিজ্ঞানী জেফ্রি সি হল, মাইকেল ডাব্লিউ ইয়াং, মাইকেল রোজ বাস।

**৩ অক্টোবর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা যুক্তরাষ্ট্রে ১৬ দিনের সরকারি সফর শেষে দেশের পথে লন্ডন পৌঁছেছেন। এ সময় যুক্তরাজ্যে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার নাজমুল কাওনাইন বিমানবন্দরে প্রধানমন্ত্রীকে স্বাগত জানান। এদিকে দেশে ফেরার পর প্রধানমন্ত্রীকে নাগরিক গণসংবর্ধনা দেয়া হবে বলে সাংবাদিকদের জানান আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের।
- সততা ও নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করুন– সুপ্রিম কোর্টের জাজেস লাউঞ্জে অনুষ্ঠিত ফুল কোর্ট সভায় উভয় বিভাগের (আপিল ও হাইকোর্ট বিভাগ) বিচারপতিদের প্রতি আহ্বান জানান ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি মো. আবদুল ওয়াহহাব মিঞা। এ সময় তিনি বিচারপতিদের যথাসময়ে আদালতে আসা এবং সময়মতো বেঞ্চে বসে বিচার কাজ পরিচালনা করার পরামর্শ দেন। প্রয়োজন অনুযায়ী সুপ্রিমকোর্টের বেঞ্চ পুনর্গঠনের কথাও বলেন ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি।



- রোহিঙ্গা সংকট ইস্যুতে সুচি'র মন্ত্রীর ঢাকা সফরের পর মিয়ানমারের স্টেট কাউন্সিলরের বিবৃতি– রোহিঙ্গা প্রত্যাবাসনের ক্ষেত্রে ১৯৯২ সালের যৌথ ঘোষণার ভিত্তিতে করা হবে। বিবৃতিতে বলা হয়েছে, সুচির ১৯ সেপ্টেম্বর দেয়া প্রতিশ্রুতি অনুযায়ী, মিয়ানমার রোহিঙ্গাদের যাচাই ও প্রত্যাবাসনে প্রস্তুত রয়েছে। ১৯৯২ সালের ২৮ এপ্রিল বাংলাদেশ ও মিয়ানমারের মধ্যে যৌথ ঘোষণা অনুসারে তাদের ফিরিয়ে নেয়া হবে।
- মিয়ানমার সরকারের অনুমতিতে সেনা অভিযানে রোহিঙ্গাদের নিধন-যজ্ঞ পরিদর্শনে রাখাইন রাজ্যে সফররত বিভিন্ন দেশের কূটনীতিক দল। পরিদর্শনের পর এক যৌথ বিবৃতিতে কূটনীতিকরা বলেন, 'সেখানকার পরিস্থিতি মানবিক বিপর্যয়ের শামিল'। তথ্যানুসন্ধানী মিশনকে রাখাইন পরিদর্শনের অনুমতি দেয়াসহ কফি আনান কমিশনের রিপোর্ট বাস্তবায়ন করতে মিয়ানমার সরকারের প্রতি আহ্বান জানিয়েছে জাতিসংঘ।
- আইনমন্ত্রী আনিসুল হক সচিবালয়ে সাংবাদিকদের বলেন, প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা ক্যান্সারসহ নানা রোগে আক্রান্ত। এ কারণে তিনি ছুটি নিয়েছেন। রাষ্ট্রপতিকে প্রধান বিচারপতি যে চিঠি দিয়েছেন ওই চিঠিতে এ কথা উল্লেখ আছে বলে জানান আইনমন্ত্রী।
- ঢাকায় দ্বিপক্ষীয় বৈঠকে ভারতের অর্থমন্ত্রী অরুণ জেটলি– বাংলাদেশ-ভারতের বাণিজ্যিক ও অর্থনৈতিক সম্ভাবনা কাজে লাগাতে একসঙ্গে কাজ করার ওপর গুরুত্বারোপ। রাজধানীর এক হোটেলে আয়োজিত এই বৈঠকে ভারত সরকারের প্রতি রপ্তানিতে বাধা অপসারণের আহ্বান জানান বাংলাদেশের বাণিজ্যমন্ত্রী। রোহিঙ্গাদের নিজ দেশ মিয়ানমারে ফেরত নেয়াসহ এ সংকট সমাধানে ভারতের সহযোগিতা চেয়েছে এফবিসিসিআই।
- ভারতের নয়াদিল্লিতে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) ও ভারতের বর্ডার সিকিউরিটি ফোর্স (বিএসএফ) এর মধ্যে মহাপরিচালক পর্যায়ে সীমান্ত সম্মেলন শুরু। সীমান্ত হত্যাসহ বিভিন্ন ইস্যু নিয়ে আলোচনা।
- জার্মান বিজ্ঞানী আইনস্টাইনের মহাকর্ষ তরঙ্গ শনাক্ত করে চলতি বছর রেইনার ওয়েইস, ব্যারি সি ব্যারিশ ও বিপ এস থর্ন নামে তিন মার্কিন বিজ্ঞানী পদার্থবিদ্যায় নোবেল পুরস্কার জয় করেন।
- সৌদি টেলিভিশন আল তাকাফিয়া ৩০ বছরের মধ্যে প্রথমবার নারী শিল্পীর কনসার্ট সম্প্রচার করেছে।

**৪ অক্টোবর**

- বাংলাদেশে বিদ্যুৎ, রেলপথ, সড়ক, জাহাজ চলাচল ও বন্দর প্রভৃতির অবকাঠামোসহ ১৭টি উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নে সাড়ে ৪ বিলিয়ন ডলারের ঋণচুক্তি স্বাক্ষর করেছেন সফররত ভারতের অর্থমন্ত্রী অরুণ জেটলি। বাংলাদেশি মুদ্রায় এই অর্থের পরিমাণ ৩৬ হাজার কোটি টাকা। দেশের ইতিহাসে দ্বিতীয় বড় ঋণচুক্তি। কোন দেশকে দেয়া এটাই ভারতের সর্বোচ্চ ঋণ।
- লন্ডনে অবস্থানরত প্রধানমন্ত্রী শেখ হাসিনা ডিজিটাল প্রযুক্তির মাধ্যমে ১০টি জরুরি ফাইল ছেড়েছেন। এর আগে যুক্তরাষ্ট্রে ১৬ দিনের সফরকালে ৬১টি ফাইল ছাড়েন তিনি। প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম বলেন, প্রধানমন্ত্রী যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্যে অবস্থানকালে জরুরি ফাইল তাঁর কাছে পাঠানোর জন্য আগেই অফিসকে নির্দেশনা দিয়েছিলেন।
- কলম্বোতে অনুষ্ঠিত সার্ক স্পিকারস অ্যান্ড পার্লামেন্টারিয়ানস অ্যাসোসিয়েশনের ৮ম সম্মেলনে সিপিএ চেয়ারপারসন ও জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, রোহিঙ্গা সমস্যা সমাধানে সার্ক স্পিকারস অ্যাসোসিয়েশন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।
- মিয়ানমারের রাখাইন রাজ্যে দেশটির সেনাবাহিনী কর্তৃক মানবতাবিরোধী অপরাধের নতুন চিত্র প্রকাশ করেছে যুক্তরাষ্ট্রভিত্তিক মানবাধিকার সংস্থা হিউম্যান রাইটস ওয়াচ (এইচআরডব্লিউ)। এদিকে ওয়াশিংটনে অনুষ্ঠিত ষষ্ঠ যুক্তরাষ্ট্র ও বাংলাদেশ নিরাপত্তা সংলাপে রোহিঙ্গা প্রত্যাবাসনের ওপর গুরুত্বারোপ করা হয়েছে বলে বাংলাদেশ দূতাবাসের সংবাদ বিজ্ঞপ্তি প্রকাশ। এছাড়া বৈঠকে বাংলাদেশের উদার ও মানবিক অবস্থানের প্রশংসা করেছে জাতিসংঘ।
- মিয়ানমারের রাখাইন রাজ্য থেকে পালিয়ে আসা সংখ্যালঘু রোহিঙ্গা শরণার্থীদের বিষয়ে ভারত সরকারকে আবেগ বর্জন করে মানবিক হওয়ার পরামর্শ দিয়েছেন দেশটির সুপ্রিম কোর্ট।
- সরকারি কর্মচারীদের দুর্নীতি বন্ধ ও বৈষম্য দূর করাসহ ২৬টি সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়নের উদ্যোগ নিতে সকল মন্ত্রণালয় ও বিভাগকে নির্দেশনা দিয়েছে মন্ত্রিপরিষদ বিভাগ।
- প্রধান বিচারপতি গৃহবন্দি নন। রাষ্ট্রপতির কাছে দেয়া ছুটির আবেদনটি গণমাধ্যমে প্রকাশিত– সচিবালয়ে সংবাদ সম্মেলনে আইনমন্ত্রী।



- সোনারগাঁও হোটেলে ভারতের ভিসা আবেদনকারীদের জন্য ঢাকার শ্যামলী ও সিলেটে দুটি 'ক্যাশলেস ভিসা সার্ভিস' নামের সেবা উদ্বোধন করেন সফররত ভারতের অর্থমন্ত্রী ও বাংলাদেশের অর্থমন্ত্রী। সারাদেশে মোট ১২টি ভারতীয় ভিসা আবেদন কেন্দ্র থেকে ক্যাশলেস ভিসা আবেদন জমা দিতে পারবে ভিসাপ্রার্থীরা।
- জিকা ভাইরাসসহ অন্যান্য ব্যাকটেরিয়ার মতো জীবন্ত বায়োমলিকিউলসকে দৃশ্যমান করার পদ্ধতি আবিষ্কারের স্বীকৃতি হিসেবে ২০১৭ সালের রসায়নে নোবেল জয় তিন দেশের তিন রসায়নবিদের। তাঁরা হলেন সুইজারল্যান্ডের জ্যাক ডুবোস, জার্মান বংশোদ্ভূত আমেরিকান জোয়াসিম ফ্রাঙ্ক এবং যুক্তরাজ্যের নাগরিক রিচার্ড হ্যান্ডসন।

**৫ অক্টোবর**

- ভারতীয় ঋণের অর্থ দ্রুত ছাড় ও প্রকল্প বাস্তবায়নে গতি বাড়াতে যৌথ ওয়ার্কিং কমিটি গঠনসহ নানা উদ্যোগ নিয়েছে সরকার। ওয়ার্কিং কমিটিতে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি) প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা ও ভারতের এক্সিম ব্যাংকের প্রতিনিধি থাকবেন।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার নিরাপত্তা উপদেষ্টা ও সেনাপ্রধানের উখিয়ায় রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শন। এ সময় তারা রোহিঙ্গাদের মাঝে ত্রাণ বিতরণ করেন এবং সেনাবাহিনীর তত্ত্বাবধানে পরিচালিত ত্রাণ বিতরণ কার্যক্রম প্রত্যক্ষ করেন।
- 'স্বাধীন হবে পাঠদান, শিক্ষক হবেন ক্ষমতাবান' স্লোগান সামনে রেখে নানা কর্মসূচিতে বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও বিশ্ব শিক্ষক দিবস উদযাপিত।
- দেশে প্রথমবারের মতো শিশুতোষ চ্যানেল 'দুরন্ত টিভি'র যাত্রা শুরু।
- গাজীপুরের চন্দ্রায় দেশের প্রথম ওয়ালটনের স্মার্টফোন তৈরির কারখানা উদ্বোধন করেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী তারানা হালিম।
- রাজধানীতে অক্টোবর বিপ্লব শতবর্ষের মাসব্যাপী উদ্বোধনী সমাবেশ।
- যুদ্ধাপরাধীদের মদদ দেয়ার অভিযোগে বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াকে আত্মসমর্পণের জন্য শেষবারের মতো সময় দিয়েছেন আদালত।
- ২০১৭ সালের সাহিত্যে নোবেল পুরস্কার পেলেন জাপানি বংশোদ্ভূত ব্রিটিশ লেখক কাজুও ইশিগুরো।

- দক্ষিণ-পূর্ব এশিয়ার বর্নিও দ্বীপের উত্তর উপকূলের দেশ ব্রুনেই-এ সুলতানে হাসানাল বলকিয়াহর (৭১) সিংহাসন আরোহণের সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে 'রথযাত্রা' অনুষ্ঠিত। প্রথম বাংলাদেশি ক্রিকেটার হিসেবে এমসিসি ওয়ার্ল্ড ক্রিকেট কমিটিতে অলরাউন্ডার সাকিব আল হাসান।
- ক্রীড়া সচিবের নেতৃত্বে পাঁচ সদস্যের নির্বাচন কমিশন গঠন করেছে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)।

**৬ অক্টোবর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘের সাধারণ পরিষদের ৭২তম অধিবেশনে অংশগ্রহণের পর যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্য সফর শেষে দেশে ফিরছেন। দেশে ফেরার পর আজই প্রধানমন্ত্রীকে বিমানবন্দর থেকে গণভবন পর্যন্ত গণসংবর্ধনার প্রস্তুতি সম্পন্ন।
- সারাদেশে একযোগে সরকারি-বেসরকারি মেডিক্যাল কলেজে এমবিবিএস ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত। স্বাস্থ্যমন্ত্রীর ঢাকা বিশ্ববিদ্যালয় কলা ভবনে পরীক্ষা কেন্দ্র পরিদর্শন।
- ভারতের নয়াদিল্লিতে সংবাদ সম্মেলনে বাংলাদেশের পররাষ্ট্র সচিব শহীদুল হক বলেন, রোহিঙ্গা সমস্যা মিয়ানমারের সৃষ্টি, সমাধানও মিয়ানমারের। তিনি আরও বলেন, বাংলাদেশের সকল দুঃসময়ে ভারত বাংলাদেশের পাশে ছিল এবং থাকবে। একই সঙ্গে তিনি রোহিঙ্গাদের জন্য ভারতের ত্রাণ সহায়তার প্রশংসা করেন।
- রোহিঙ্গা ইস্যুতে মার্কিন কংগ্রেসে শুনানি। 'রাখাইনে রোহিঙ্গাদের ওপর সেনাবাহিনীর সহিংসতা বন্ধে মিয়ানমারের বিরুদ্ধে 'টার্গেটেড' নিষেধাজ্ঞা দিন বললেন, যুক্তরাষ্ট্রের একাধিক কংগ্রেস প্রতিনিধি। বিকল্প হিসেবে দেশটিতে সাহায্য বন্ধ করে দেয়ার কথাও বললেন তারা।
- ভারতের ডোকালামে সড়ক নির্মাণকে কেন্দ্র করে ভারত-চীন সীমান্ত উত্তেজনা শেষ না হতেই আবারও সেখানে নতুন করে সড়ক নির্মাণ শুরু করেছে চীন সরকার।
- বিশ্বকে পারমাণবিক অস্ত্রমুক্ত করতে নিরন্তর প্রচেষ্টার স্বীকৃতি হিসেবে ২০১৭ সালের শান্তিতে নোবেল পেলেন বিভিন্ন বেসরকারি সংস্থাদের (এনজিও) জোট সংগঠন 'ইন্টারন্যাশনাল ক্যাম্পেইন টু অ্যাবোলিশ নিউক্লিয়ার উইপনস (আইসিএএন বা আইক্যান)।



**৭ অক্টোবর**

- জাতিসংঘ অধিবেশনে যোগদানের পাশাপাশি যুক্তরাষ্ট্র ও ব্রিটেনে ২০ দিনের সফর শেষে দেশে ফিরেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বিমানবন্দরে ভিভিআইপি লাউঞ্জে সংবর্ধনা অনুষ্ঠানে বক্তৃতাকালে প্রধানমন্ত্রী বলেন, রোহিঙ্গা ইস্যুতে মিয়ানমারের যুদ্ধের উস্কানি ছিল। তবে, আমরা তা সতর্কতার সঙ্গে এড়িয়ে গেছি। বাংলাদেশের ভূমিকার কারণেই আন্তর্জাতিক বিশ্ব রোহিঙ্গাদের পাশে দাঁড়িয়েছে। আলোচনার মধ্য দিয়েই রোহিঙ্গা সংকটের সমাধান হবে। বিমানবন্দর থেকে গণভবন পর্যন্ত গণসংবর্ধনায় সিক্ত।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে যুক্তরাজ্যের এক হোটেলে লর্ড আহমদ অব উইম্বলডন এবং যুক্তরাজ্যের পররাষ্ট্র ও কমনওয়েলথ দফতরের প্রতিমন্ত্রী তারিক মাহমুদ আহমদের সৌজন্য সাক্ষাৎ। এ সময় প্রধানমন্ত্রী রোহিঙ্গা ইস্যুতে মিয়ানমারের ওপর আন্তর্জাতিক চাপ জোরদারে ব্রিটেনকে ভূমিকা রাখার আহ্বান জানিয়েছেন। এছাড়াও প্রধানমন্ত্রী লন্ডনে চিকিৎসাধীন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র আনিসুল হকের পরিবারকে হোটেলের স্যুটে ডেকে মেয়রের শারীরিক অবস্থার খোঁজখবর নিয়েছেন।
- ছুটিতে থাকা প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা সস্ত্রীক তিন বছরের জন্য অস্ট্রেলিয়ার ভিসা পেয়েছেন।
- স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সিনিয়র স্টাফ নার্স পদের লিখিত পরীক্ষা অনিবার্য কারণবশত বাতিল করেছে বাংলাদেশ সরকারি কর্মকমিশন।
- রাজধানীতে ২৮ হাজার ইয়াবাসহ দম্পতি গ্রেফতার ও ইয়াবা বিক্রির ১৫ লাখ টাকা জব্দ করে র‍্যাব।
- যুক্তরাষ্ট্রের ফ্লোরিডায় ফেডারেশন অব বাংলাদেশি অ্যাসোসিয়েশন ইন নর্থ আমেরিকার (ফোবানা) ৩১তম বাংলাদেশ সম্মেলন শুরু।
- বৈজ্ঞানিক তথ্যউপাত্ত কাজে লাগিয়ে দেশে প্রথমবারের মতো সামুদ্রিক শৈবাল চাষে অভূতপূর্ব সাফল্য। নুনিয়ারচড়ায় 'হিপনিয়া মাসিফরমিস' প্রজাতির শেওলাচাষে যুক্ত হয়েছে অন্তত একশ' চাষী।
- মিয়ানমার থেকে পালিয়ে আসা রোহিঙ্গাদের প্রবেশ ঠেকাতে দিল্লিতে বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) সঙ্গে ভারতের সীমান্ত রক্ষী বাহিনীর (বিএসএফ) মহাপরিচালক পর্যায়ে বৈঠক। সীমান্তের ১৪০ পয়েন্টে আরও সেনা বাড়িয়েছে ভারত। মিয়ানমার সীমান্তে বেড়া নির্মাণের পরিকল্পনা বাংলাদেশের।

- রোহিঙ্গা ইস্যুতে কানাডার পার্লামেন্টে শুনানি। মিয়ানমারের নিন্দা, বাংলাদেশের প্রশংসা।
- সৌদি আরবে জেদ্দায় রাজকীয় প্রাসাদে হামলার চেষ্টা প্রতিহত। হামলাকারীসহ দুই রয়্যাল গার্ড সদস্য নিহত।

**৮ অক্টোবর**

- চারদিনের সরকারি সফরে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ কিশোরগঞ্জে। প্রথমদিনে নিজ উপজেলা মিঠামইনে স্থানীয় জনপ্রতিনিধি ও গণ্যমান্য ব্যক্তিদের সঙ্গে মতবিনিময় সভায় রাষ্ট্রপতি বলেন, 'সকল ক্ষমতার উৎস জনগণ। তাই জনপ্রতিনিধিদের আচরণ জনবান্ধব হওয়া উচিত'। এছাড়াও রাষ্ট্রপতি চৈত্রে আগাম বন্যায় ক্ষতিগ্রস্তরা যাতে সরকারি সহায়তা পায়, তা নিশ্চিত করতে জনপ্রতিনিধি ও সরকারি কর্মকর্তাদের আহ্বান জানান।
- জাতিসংঘের প্রতিবেদন– রোহিঙ্গা শরণার্থীদের দ্রুত মিয়ানমারে ফেরত না পাঠানো হলে কক্সবাজারে বড় মানবিক বিপর্যয়ের আশঙ্কা। এমনকি অদূর ভবিষ্যতে উখিয়া-কুতুপালং এলাকায় রোগব্যাধির মহামারী এবং দাঙ্গার আশঙ্কাও করছে জাতিসংঘ।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে আইনমন্ত্রী অ্যাডভোকেট আনিসুল হকের সৌজন্য সাক্ষাৎ। এ সময় আইনমন্ত্রী সাম্প্রতিক সময়ে বিচার বিভাগে ঘটে যাওয়া বিষয়াবলি, সুপ্রিম কোর্টের বিচারক নিয়োগ এবং প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার ছুটিতে যাওয়ার বিষয়টিসহ বিভিন্ন বিষয়ে আলোচনা করেন। তিনি প্রধানমন্ত্রীর শারীরিক অবস্থা ও তাঁর চিকিৎসার খোঁজখবর নেন।
- দেশজুড়ে মহান মুক্তিযুদ্ধের ৩৬০টি ঐতিহাসিক স্থানসমূহ সংরক্ষণের উদ্যোগ নিয়েছে সরকার।
- ঢাকা মহানগরে গাড়ির হাইড্রোলিক হর্ন ১৫ দিনের মধ্যে থানায় জমা দিতে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। একই সঙ্গে হর্ন ধ্বংস করে ডিএমপি কমিশনার ও ট্রাফিক পুলিশকে এ আদেশ কার্যকর করতে নির্দেশ দেয়া হয়েছে।
- অনার্স চতুর্থ বর্ষের ফল প্রকাশসহ পাঁচ দফা দাবিতে আবারও বিক্ষোভে নেমেছেন ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) অধিভুক্ত সাত সরকারি কলেজের শিক্ষার্থীরা। নভেম্বরের মধ্যে ফল প্রকাশের আশ্বাস দিয়েছেন ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক মো. আখতারুজ্জামান।
- জলাবদ্ধকবলিত প্রত্যন্ত এলাকার শিশুদের মানসম্মত শিক্ষাদানে আন্তর্জাতিক স্বীকৃতি পেল ব্র্যাকের ব্যতিক্রমী উদ্যোগ 'শিক্ষাতরী' (বোট স্কুল)। ফিনল্যান্ডভিত্তিক সংস্থা গ্লোবাল এডুকেশন নন-প্রফিট হান্ড্রেড এই স্বীকৃতির ঘোষণা দেয়।



- বাংলাদেশে নতুন আতঙ্ক ইন্টারনেটভিত্তিক মরণঘাতী গেমস 'ব্লু হোয়েল'। মনোবিজ্ঞানীদের তথ্য মতে, দেশে এ পর্যন্ত ৬১ জন ব্লু হোয়েলের শিকার হয়ে আত্মহত্যা করেছে, ভারতে এই সংখ্যা ১৩০ জন, নিজ দেশ রাশিয়াতে এর শিকার ১৮১ জন। বিশ্বজুড়ে আত্মহত্যার পথ দেখাচ্ছে 'ব্লু হোয়েল গেম'। এই গেমের ৫০তম চ্যালেঞ্জ অর্থাৎ সর্বশেষ ধাপ হলো আত্মহত্যা। এই গেমে একবার ঢুকলে আর বের হওয়া যায় না।
- যুক্তরাষ্ট্রে হ্যারিকেন ন্যাটের আঘাত, ভূমিধস। মধ্য আমেরিকায় ২৫ জনের প্রাণহানি।
- মাওলানা ভাসানী স্টেডিয়ামে অনুষ্ঠিত হকি এশিয়া কাপের প্রস্তুতি ম্যাচে ২-১ গোলে জাপানকে হারিয়ে বাংলাদেশের জয়লাভ।
- পোলান্ডের রাজধানী ওয়ারশে অনুষ্ঠিত হলো বিশ্বে প্রথম 'মিস হুইলচেয়ার ওয়ার্ল্ড'। বিশ্বের ১৯টি দেশের ২৪ জন প্রতিযোগীর মধ্যে চ্যাম্পিয়ন হয়েছে বেলারুশের তরুণী আলেকজান্দ্রা মিমিকোভা।

**৯ অক্টোবর**

- কিশোরগঞ্জের বাজিতপুর কলেজের সুবর্ণজয়ন্তী উদযাপন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেন, সামাজিক-রাজনৈতিক ও অর্থনৈতিক উন্নয়নের জন্য স্থিতিশীলতা অত্যন্ত জরুরি। এটি দেশের অগ্রগতিকে ত্বরান্বিত করে। অন্যদিকে অস্থিতিশীলতার কারণে প্রবৃদ্ধি ক্ষতিগ্রস্ত হয়।
- বাংলাদেশ সুপ্রিম কোর্টের জাজেস লাউঞ্জে দেশের বিচার বিভাগের মানোন্নয়নে রাশিয়ার সুপ্রিম কোর্টের সঙ্গে সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষর করেছেন বাংলাদেশ সুপ্রিম কোর্ট। এ সময় কম খরচ, কম লোকবল দিয়ে বিচারিক জট নিরসন করা যাবে বলে মন্তব্য করেন ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি মো. আবদুল ওয়াহহাব মিঞা।
- যশোরে জঙ্গি আস্তানায় শ্বাসরুদ্ধকর ১৫ ঘণ্টা অভিযানের পর 'মেলটেড আইস' শেষ হয়েছে। জঙ্গি সাগরের স্ত্রী ও মারজানের বোন খাদিজার আত্মসমর্পণ।
- রাজধানীতে গণপরিবহনে (বিআরটিসি) 'র‍্যাপিড পাস' বা 'ই-টিকিটিং' সেবা চালু করেছে ঢাকা পরিবহন সমন্বয় (ডিটিসিএ) কর্তৃপক্ষ।
- সচিবালয়ে সাংবাদিকদের স্বরাষ্ট্রমন্ত্রী– আত্মহননে প্ররোচিত করা 'ব্লু হোয়েল' গেমের বিষয়ে তদন্ত করে যথাযথ ব্যবস্থা নিতে বাংলাদেশ টেলিযোগাযোগ রেগুলেটরি কমিশনসহ আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে নির্দেশ দেয়া হয়েছে।

- ভারতের ডোকালাম সীমান্তে চীনা সৈন্যদের সঙ্গে ভারতীয় প্রতিরক্ষামন্ত্রী নির্মলা সিতারামান সাক্ষাৎ করেছেন।
- 'বিহেইভিয়ারাল ইকোনমি' নিয়ে গবেষণায় অবদান রাখায় ২০১৭ সালের অর্থনীতিতে নোবেল জয় করেন মার্কিন অর্থনীতিবিদ শিকাগো বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক রিচার্ড এইচ থেলার।
- ফিফা বর্ষসেরার পর ২০১৭ ব্যালন ডি'অরের সংক্ষিপ্ত তালিকায় নেইমার। ফ্রেঞ্চ সাময়িকী 'ফ্রান্স ফুটবল' ব্যালন ডি'অরের প্রথম পাঁচজনের নাম প্রকাশ।

**১০ অক্টোবর**

- যুক্তরাষ্ট্র সফররত অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত নিউইয়র্কে জাতিসংঘের মহাসচিবের সঙ্গে সাক্ষাৎকালে বলেন, রোহিঙ্গা সংকটের দ্রুত সমাধানে সার্বিক সহযোগিতা চাই। এ সময় অর্থমন্ত্রী জাতিসংঘ মহাসচিব অ্যান্তোনিও গুতেরেসকে বাংলাদেশ সফরে আমন্ত্রণ জানান। রোহিঙ্গা সংকটের ঘটনায় জাতিসংঘ মহাসচিব বলেন, বিষয়টির ওপর জাতিসংঘের সার্বক্ষণিক পর্যবেক্ষণ রয়েছে।
- মিয়ানমারের কেন্দ্রীয়মন্ত্রী টিস্ট সোয়েব আমন্ত্রণে রাখাইনে গিয়ে সেখানকার ধ্বংসযজ্ঞ পর্যবেক্ষণ করেন বাংলাদেশসহ পাঁচ দেশের রাষ্ট্রদূত।
- রেজিস্টার্ড গ্র্যাজুয়েট প্রতিনিধি নির্বাচন না করে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) সিনেট মনোনীত তিন সদস্যের প্যানেলের বিশেষ সভা অবৈধ ঘোষণা করেছে হাইকোর্ট। এছাড়া যথাযথ প্রক্রিয়ায় ৬ মাসের মধ্যে সিনেট পুনর্গঠনের জন্য ঢাবি কর্তৃপক্ষকে নির্দেশ দিয়েছেন আদালত।
- বিদেশে যাওয়ার অনুমতি চেয়ে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদকে অবহিত করে আইন মন্ত্রণালয়ে চিঠি পাঠিয়েছেন প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা। আরো ১০ দিন বেশি ছুটি বৃদ্ধি করেছে আইন মন্ত্রণালয়।
- বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া ও বিএনপি নেতাকর্মীদের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেছে আদালত, সরকার নয়– নারায়ণগঞ্জের সোনারগাঁয়ে মেঘনা টোলপ্লাজা পরিদর্শনের সময় বাংলাদেশ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের।
- উখিয়া ও টেকনাফের ১৬২টি কেন্দ্রে রোহিঙ্গাদের টিকা দেয়া শুরু করেছে সরকার।



- প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের স্কুল ব্যাগে সরকার অনুমোদিত বই ও উপকরণ ছাড়া অন্যকিছু নয় মর্মে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের (ডিপিই) পরিপত্র জারি।
- 'শিশু পেলে অধিকার, খুলবে নতুন বিশ্বদ্বার' প্রতিপাদ্য নিয়ে শিশু অধিকার সপ্তাহ শুরু। এ উপলক্ষ্যে নানা কর্মসূচির আয়োজন করেছে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
- সরকার উৎখাতে জামায়াত শিবিরের পরিকল্পনা ফাঁস। আমির ও সেক্রেটারি জেনারেলসহ গ্রেফতার এক হাজার। নতুন কৌশলে জামায়াত থেকে আওয়ামী লীগে যোগ দিয়ে পরিকল্পনা। মাঠে জামায়াতের নারী ব্রিগেডের তৎপরতা। জামায়াতের ৮ নেতা রিমান্ডে।
- রাজশাহী ও নাটোরে টর্নেডোতে লণ্ডভণ্ড **১২** গ্রাম, নিহত **১** জন ও কমপক্ষে ২০ জন আহত। সহস্রাধিক ঘরবাড়ি বিধ্বস্ত, ফসলের ব্যাপক ক্ষতি।
- উত্তর কোরিয়ার হ্যাকাররা দক্ষিণ কোরিয়ার স্পর্শকাতর ও বহু গোপন সামরিক তথ্য হ্যাক করেছে। নীলনকশা ছিল যুদ্ধ বাধিয়ে উত্তর কোরিয়ার নেতা কিম জং উনকে হত্যা করা।
- যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়ায় ভয়াবহ দাবানলে **১১** জনের মৃত্যু। দেড় হাজার ঘরবাড়ি ও প্রতিষ্ঠান ধ্বংস।

**১১ অক্টোবর**

- প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার বিদেশ গমনের সরকারি আদেশের (জিও) অনুমতিপত্রে স্বাক্ষর করেছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- সংবিধানের ষোড়শ সংশোধনী অবৈধ ঘোষণার রায় বহাল রেখে সর্বোচ্চ আদালতের দেয়া পূর্ণাঙ্গ রায়ের সত্যায়িত অনুলিপি পেয়েছে রাষ্ট্রপক্ষ। সম্প্রতি আপিল বিভাগের সংশ্লিষ্ট শাখা থেকে এই অনুলিপি সংগ্রহ করে অ্যাটর্নি জেনারেলের কার্যালয়। আর সেই হিসেবে নভেম্বর মাসের প্রথম সপ্তাহের মধ্যে এই রিভিউ পিটিশন দাখিল করতে হবে সরকারকে।
- আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১ (আইসিটি) পুনর্গঠন করল সরকার। নতুন চেয়ারম্যান বিচারপতি মো. শাহীনুর ইসলাম ও হাইকোর্টের বিচারপতি আমীর হোসেন ও অবসরোত্তর ছুটিতে থাকা জেলা জজ মো. আবু আহমেদ জমাদারকে সদস্য পদে নিয়োগ দিয়ে আইন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন জারি।

- নিউইয়র্কে সেমিনারে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, বাইরে থেকে প্রয়োজনীয় অর্থ সহায়তা না পেলেও অভ্যন্তরীণ তহবিল গঠন করে টেকসই উন্নয়ন লক্ষ্য (এসডিজি) অর্জনে এগিয়ে যাবে বাংলাদেশ।
- বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াসহ ১৪৮ নেতাকর্মীর বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারির প্রতিবাদে সারাদেশে বিএনপির বিক্ষোভে পুলিশের বাঁধা। সংঘর্ষ, গুলি, লাঠিচার্জ। গ্রেফতার ও আহত শতাধিক।
- প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার ছুটিতে যাওয়াকে কেন্দ্র করে সরকার ও বিএনপি সমর্থিত আইনজীবীদের পাল্টাপাল্টি কর্মসূচি অব্যাহত। সংবিধানের ষোড়শ সংশোধনী বাতিলের রায় কোন একক বিচারপতির রায় নয়। এটি সুপ্রিম কোর্টের রায় বললেন বার সভাপতি। অপরদিকে বঙ্গবন্ধু আওয়ামী আইনজীবী পরিষদের সদস্য সচিব ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস বলেন, বিচারঙ্গনকে কলুষিত করছে বার।
- রোহিঙ্গা গণহত্যা তদন্তে ‘নাগরিক কমিশন’ গঠন করেছে একাত্তরের ঘাতক দালাল নির্মূল কমিটি। সুপ্রিম কোর্টের আপিল বিভাগের সাবেক বিচারপতি শামসুল হুদাকে কমিশনের চেয়ারম্যান ও এএইচ এম শামসুদ্দিন চৌধুরী মানিককে সদস্য সচিব করা হয়েছে।
- মিয়ানমার থেকে জিটুজি ভিত্তিতে একলাখ মেট্রিক টন আতপ চাল আমদানির প্রস্তাব অনুমোদন ও ভারত থেকে ১৫ বছর মেয়াদে জ্বালানি তেল কেনার সিদ্ধান্ত নিয়েছে সরকার।
- রাজধানীর উত্তরায় সাংবাদিকদের সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের– মেট্রোরেলের কাজ ১২ ভাগ শেষ হয়েছে। আগামী ছয় মাসের মধ্যে দৃশ্যমান হবে দেশের প্রথম মেট্রোরেল।
- কাতালান সংকটের নতুন মোড়। গণভোটের রায় মেনে স্পেন থেকে আলাদা হয়ে স্বাধীন কাতালোনিয়া রাষ্ট্র গঠনের ঘোষণাপত্রে স্বাক্ষর করেছেন কাতালান প্রেসিডেন্ট কার্লোস পুজদেমন ও আঞ্চলিক নেতারা। তবে স্পেন সরকারের সঙ্গে সমঝোতার স্বার্থে তা কার্যকর স্থগিত থাকবে বলে জানান পুজদেমন।

**১২ অক্টোবর**

- ব্রিটিশ সংসদ হাউজ অব কমন্সে ব্রিটিশ প্রধানমন্ত্রী থেরেসা মে– আন্তর্জাতিক সম্প্রদায় একটি স্পষ্ট বার্তা দিয়েছে যে, মিয়ানমার কর্তৃপক্ষকে অবশ্যই সহিংসতা বন্ধ করতে হবে।



- বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের ১০ সদস্যের প্রতিনিধি দলের সাক্ষাৎ। এসময় রাষ্ট্রপতি দেশের টেকসই আর্থ-সামাজিক উন্নয়নে গবেষক, বিশেষজ্ঞ ও সংশ্লিষ্ট অন্যান্যের প্রতি প্রতিকূল আবহাওয়া উপযোগী ফসলের জাত উদ্ভাবনের আহ্বান জানান। নতুন চেয়ারম্যান শাহিনুর ইসলামের নেতৃত্বে তিন মাস পর যুদ্ধাপরাধ ট্রাইব্যুনালে বিচারকার্য শুরু। জামায়াত নেতাসহ ৬ আসামির বিরুদ্ধে যুক্তিতর্ক ২২ অক্টোবর। চিকিৎসার উদ্দেশ্যে প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা আজ অস্ট্রেলিয়া যাচ্ছেন। ছুটি নেয়া, তা বাড়ানো এবং বিদেশ যাওয়ার ক্ষেত্রে প্রধান বিচারপতির ইচ্ছা অনুযায়ী সরকারের প্রজ্ঞাপন প্রকাশিত হয়েছে। এ নিয়ে ‘রাজনীতি’ না করার আহ্বান জানান আইনমন্ত্রী আনিসুল হক।
- রোহিঙ্গা সংকট নিয়ে আজ আবারও অনানুষ্ঠানিক বৈঠকে জাতিসংঘ নিরাপত্তা পরিষদ। মিয়ানমারে নিযুক্ত জাতিসংঘের অনাবাসিক সমন্বয়ক রেনাটা ডেসালিয়েনকে প্রত্যাহার করেছে জাতিসংঘ।
- জাতির উদ্দেশে রাষ্ট্রীয় টেলিভিশনে ভাষণে মিয়ানমারের রাষ্ট্রীয় উপদেষ্টা অং সান সুচি– রাখাইন থেকে পালিয়ে যাওয়া ‘মানুষদের’ প্রত্যাবাসনে বাংলাদেশের সঙ্গে আলোচনা চলছে। তিনি বলেন, আমাদের স্বাধীনতার পর থেকে তৃতীয়বারের মতো আলোচনা করছি।
- মিয়ানমারে যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত স্কট মারসিয়েলের সঙ্গে দেশটির সেনাপ্রধান মিন অং হাইং– রোহিঙ্গা মুসলিমরা মিয়ানমারের নয়। যুক্তরাজ্যের ঔপনিবেশিক শাসকরা এসব লোকজনকে (রোহিঙ্গা) অবিভক্ত বাংলা থেকে মিয়ানমারে এনেছে বলে দাবি করেছেন। আর দেশ ছেড়ে পালিয়ে যাওয়া রোহিঙ্গা শরণার্থীর সংখ্যা আন্তর্জাতিক গণমাধ্যম অতিরঞ্জিত করে প্রকাশ করেছে।
- রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনের সম্মেলন কক্ষে প্রধান নির্বাচন কমিশনারের (সিইসি) সভাপতিত্বে একাদশ সংসদ নির্বাচনকে সামনে রেখে নির্বাচন কমিশনের (ইসি) চলমান সংলাপে অংশ নিয়ে গণতন্ত্রী পার্টি বলেছে, প্রধানমন্ত্রী শেখ হাসিনার অধীনেই তারা নির্বাচন চায়। তবে তফসিল ঘোষণার আগে সংসদ ভেঙে দেয়ার প্রস্তাব দিয়েছে বাংলাদেশের কমিউনিস্ট পার্টি (সিপিবি)।
- ওয়াশিংটনভিত্তিক ইন্টারন্যাশনাল ফুড পলিসি রিসার্চ ইনস্টিটিউটের (আইএফপিআরআই) প্রতিবেদন প্রকাশ– বিশ্ব ক্ষুধা সূচক ভারত, পাকিস্তানের চেয়ে এগিয়ে বাংলাদেশ ৮৮তম।

- মিয়ানমার টাইমসের প্রতিবেদন– মিয়ানমার মনে করে যুক্তরাষ্ট্র ও ইউরোপীয় ইউনিয়নসহ পশ্চিমা দেশগুলোর সম্ভাব্য নিষেধাজ্ঞায় কোন লাভ হবে না। পশ্চিমা নিষেধাজ্ঞায় অর্থনীতিতে সরাসরি প্রভাব না পড়লেও আর্থ-সামাজিক প্রেক্ষাপট, কর্মসংস্থান এবং শান্তি ও গণতন্ত্র প্রতিষ্ঠার সংকট সৃষ্টি করবে বলে আশঙ্কা প্রকাশ করেছে তারা।

**১৩ অক্টোবর**

- অস্ট্রেলিয়ার উদ্দেশ্যে ঢাকা ত্যাগের আগে সাংবাদিকদের প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা– বিচার বিভাগের স্বাধীনতা নিয়ে আমি একটু শঙ্কিত। আমি সম্পূর্ণ সুস্থ আছি। একটি মহল আমার রায়কে ভুল ব্যাখ্যা প্রদান করে পরিবেশন করায় মাননীয় প্রধানমন্ত্রী আমার প্রতি অভিমান করেছেন, যা অচিরেই দূরীভূত হবে বলে আমার বিশ্বাস।
- অস্ট্রেলিয়ার উদ্দেশ্যে ঢাকা ছাড়ার আগে গণমাধ্যমকে দেয়া প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার বক্তব্যের প্রতিক্রিয়ায় আওয়ামী লীগের একাধিক নেতার প্রধান বিচারপতির পদত্যাগ দাবি।
- কক্সবাজারে সাংবাদিকদের সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের– রোহিঙ্গাদের প্রত্যাবাসনে দ্বিপাক্ষিক আলোচনা নয়, এতে জাতিসংঘের সম্পৃক্ততা চাই। একমাত্র আন্তর্জাতিক চাপই পারে মিয়ানমারকে রোহিঙ্গাদের ফেরত নিতে বাধ্য করাতে।
- রাখাইনে রোহিঙ্গাদের ওপর জাতিগত নিধনযজ্ঞের অভিযোগ আন্তর্জাতিক সমালোচনার মধ্যেই বিভাগীয় তদন্ত শুরু করেছে মিয়ানমার সেনাবাহিনী।
- বিবিসির প্রতিবেদন– রোহিঙ্গাদের নিয়ে মিয়ানমারের সাধারণ নাগরিকরা উদাসীন।
- জাপানের নিক্কেই এশিয়ান রিভিউকে এক সাক্ষাৎকারে মিয়ানমারের সমাজকল্যাণ, ত্রাণ ও পুনর্বাসন মন্ত্রী উন মিয়াত আয়ে বলেন, বাংলাদেশে পালিয়ে আসা রোহিঙ্গাদের ফেরত নেয়ার পরিকল্পনা রয়েছে। তবে প্রত্যাবাসনের পুরো প্রক্রিয়া শেষ হতে প্রায় ১০ বছর লাগতে পারে।
- ভারতে থাকা রোহিঙ্গাদের সীমান্ত দিয়ে বাংলাদেশে ঠেলে দিচ্ছে বিএসএফ। কলারোয়ায় আটক ১৮ রোহিঙ্গা।



- রোহিঙ্গা ইস্যুতে নিরাপত্তা এবং মানবতা উভয়কেই গুরুত্ব দিতে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সরকারের প্রতি আহ্বান জানিয়েছে দেশটির সুপ্রিম কোর্ট। একই সঙ্গে অর্থনীতির বিষয়টিও বিবেচনা এবং রোহিঙ্গাদের ফেরত না পাঠাতে বলেছে শীর্ষ আদালত।
- রাজধানীর মিরপুরে বৌদ্ধ বিহারের অনুষ্ঠানে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের– বিএনপিকে বাইরে রেখে আওয়ামী লীগ ফাঁকা মাঠে গোল দেবে না।
- আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদ ও উপদেষ্টা পরিষদের যৌথসভা অনুষ্ঠিত।
- 'নান্দনিক নগরায়ণে মান' প্রতিপাদ্যকে সামনে রেখে বিশ্ব মান দিবস উদযাপিত। দিবসটি উপলক্ষ্যে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন।
- 'কন্যাশিশুর জাগরণ, আনবে দেশে উন্নয়ন' স্লোগানে নানা আয়োজনে 'কন্যাশিশু দিবস-২০১৭' উদযাপিত।
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় যান্ত্রিক জালিয়াতি। ১২ জন আটক।
- ডেনমার্কভিত্তিক বহুজাতিক ঔষধ কোম্পানি নভো নরডিস্কের দক্ষিণ এশিয়া ও প্রশান্ত মহাসাগর এলাকায় কর্পোরেট ভাইস প্রেসিডেন্ট সেবনেম আফসার টুনা ঢাকায় বারডেম হাসপাতাল পরিদর্শন করেন।
- দশকব্যাপী বিরোধপূর্ণ সম্পর্কের পর এক ঐতিহাসিক ঐক্য চুক্তি করেছে ফিলিস্তিনের দুই প্রতিদ্বন্দ্বী দল হামাস-ফাতাহ। মিশরের মধ্যস্থতায় কায়রোয় তিনদিনের বৈঠকে এ চুক্তি সম্পন্ন হয়। চুক্তি অনুযায়ী আগামী এক বছরের মধ্যে নির্বাচন।

**১৪ অক্টোবর**

- গণভবনে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদ ও উপদেষ্টা পরিষদের যৌথ সভার সূচনা বক্তব্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, আওয়ামী লীগ জনগণের ভোটের অধিকার প্রতিষ্ঠা করেছে। গণতন্ত্রের প্রাতিষ্ঠানিক রূপ দেয়াই আওয়ামী লীগের লক্ষ্য।
- অস্ট্রেলিয়ার উদ্দেশ্যে দেশ ত্যাগ করেছেন প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা। তাঁর দেশ ত্যাগের পরপরই তাঁর বিরুদ্ধে অর্থপাচার, আর্থিক অনিয়ম, নৈতিক স্খলনসহ ১১টি সুনির্দিষ্ট অভিযোগ এনে বিবৃতি দিয়েছেন সুপ্রিম কোর্ট। এর আগে তাঁর বিরুদ্ধে এসব অভিযোগের কথা পাঁচ বিচারপতিকে জানান রাষ্ট্রপতি।

- মিয়ানমারের রাখাইনে চলমান সেনা নির্যাতনের শিকার বাংলাদেশে পালিয়ে আসা রোহিঙ্গাদের কোন শরণার্থী ক্যাম্পে নয়, তাদের অবশ্যই মিয়ানমারে ফিরিয়ে নিতে হবে– নিউইয়র্কে অনুষ্ঠিত জাতিসংঘের নিরাপত্তা পরিষদের চতুর্থ দফা বৈঠকে জাতিসংঘের সাবেক মহাসচিব কফি আনান জোরালো কণ্ঠে এ দাবি জানান। প্রয়োজনে শান্তিরক্ষী মোতায়েন করে হলেও রোহিঙ্গাদের ফেরত পাঠানোর পদক্ষেপ নিতে হবে বলে মত দিয়েছেন জাতিসংঘের মানবাধিকার বিষয়ক হাইকমিশনার রুপার্ট কোলিভন। বৈঠকে রোহিঙ্গা ইস্যুতে আবারও বিরোধিতা চীন-রাশিয়ার। রাখাইন পরিস্থিতি নিয়ে মিয়ানমার সরকারের বিবৃতি ও বাস্তব পরিস্থিতির মধ্যে বিস্তর ফারাক আছে বলে নিরাপত্তা পরিষদে অবহিত করেন জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি মাসুদ বিন মোমেন।
- রাজধানীর দুই সিটি কর্পোরেশনে বাড়ি বাড়ি গিয়ে তথ্য সংগ্রহ করে প্রায় ২ লাখ নাগরিককে ভোটার করতে ১২৭টি কেন্দ্রে নিবন্ধন কার্যক্রম শুরু করেছে নির্বাচন কমিশন (ইসি)।
- রাজধানীর ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজে এক অনুষ্ঠানে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ও সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেন, প্রধান বিচারপতির ছুটি ও বিবৃতি দুটিই লিখিত। সে বিষয়ে দলের বৈঠকে আলোচনা করেই প্রতিক্রিয়া জানাবে আওয়ামী লীগ।
- রাজধানীর আগারগাঁওয়ে সাংবাদিকদের স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল জানিয়েছেন, আদালতের আদেশ বাস্তবায়ন করা স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্ব। বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া দেশে ফিরলেই আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।
- জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সাংস্কৃতিক সংস্থা ইউনেস্কোর মহাপরিচালক হিসেবে নির্বাচিত হয়েছেন ফ্রান্সের সাবেক সংস্কৃতিমন্ত্রী উধায় আজুলে।

**১৫ অক্টোবর**

- সচিবালয়ে সংবাদ সম্মেলনে আইনমন্ত্রী আনিসুল হক– প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার বিরুদ্ধে অভিযোগ বিষয়ে আইনগত ব্যবস্থা নেয়া হবে। অভিযোগের অধিকাংশ বিষয় দুর্নীতি দমন কমিশনের (দুদক) আওতাভুক্ত। সেজন্য দুদক তদন্ত করবে বলে ইঙ্গিত দিয়েছেন আইনমন্ত্রী। তিনি আরো বলেন, তদন্ত ও অভিযোগের সুরাহা না হওয়া পর্যন্ত বিচারকের আসনে বসতে পারবেন না এস কে সিনহা।



- বাংলাদেশের সুপ্রিম কোর্টের উভয় বিভাগের বিচারপতিদের অংশগ্রহণে 'ফুল কোর্ট সভা' আহ্বান ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি আবদুল ওয়াহ্হাব মিঞার।
- সুপ্রিম কোর্ট প্রশাসনের শীর্ষপদে রদবদল। রেজিস্টার জেনারেল, হাইকোর্টের রেজিস্টার, অতিরিক্ত রেজিস্টার, ডেপুটি রেজিস্টার পর্যায়ের ১০ বিচার বিভাগীয় কর্মকর্তা অন্যত্র বদলি সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করেছে আইন মন্ত্রণালয়।
- একাদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে প্রধান নির্বাচন কমিশনার কে এম নুরুল হুদার সভাপতিত্বে অনুষ্ঠিত নির্বাচন কমিশনের (ইসি) চলমান সংলাপে বিএনপি'র ২০দফা প্রস্তাব। এছাড়াও নির্বাচনকালীন নিরপেক্ষ 'সহায়ক সরকারের' অধীনে জাতীয় সংসদ নির্বাচনের প্রস্তাব দিয়েছে বিএনপি। বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের নেতৃত্বে ১৬ সদস্যের একটি প্রতিনিধিদল সংলাপে এসব প্রস্তাব উপস্থাপন করেন।
- সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের নির্বাচন কমিশনের (ইসি) সঙ্গে বিএনপির সংলাপে আসাকে ইতিবাচক বলে মন্তব্য করেছেন।
- মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের অফিস আদেশ– স্কুল-কলেজের শ্রেণিকক্ষে শিক্ষক-শিক্ষার্থীদের মোবাইল ফোন নিয়ে প্রবেশে নিষেধাজ্ঞা।
- রাশিয়ার সেন্ট পিটার্সবার্গে আইপিইউ'র ১৩৭তম উদ্বোধনী অনুষ্ঠানের পূর্বে আওয়ামী লীগ দলীয় সংসদ সদস্য ইন্টারন্যাশনাল পার্লামেন্টারি ইউনিয়নের (আইপিইউ) প্রেসিডেন্ট সাবের হোসেন চৌধুরীকে রাশিয়ার সর্বোচ্চ রাষ্ট্রীয় খেতাব 'অর্ডার অব ফ্রেন্ডশিপ' এ ভূষিত করেছেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। ক্রেমলিন ও মস্কোর বাংলাদেশ দূতাবাসের পৃথক বিবৃতি।
- নানা কর্মসূচির মধ্য দিয়ে 'বিশ্ব হাত ধোয়া' দিবস পালন করেছে বাংলাদেশ।
- ওয়াশিংটন ডিসিতে বিশ্বব্যাংক আইএমএফ'র বার্ষিক সম্মেলনে মিয়ানমার থেকে পালিয়ে আসা রোহিঙ্গা শরণার্থীদের সামলানোকেই বাংলাদেশের সবচেয়ে বড় সমস্যা হিসেবে মন্তব্য করেছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত।

- রোহিঙ্গা পরিস্থিতি পর্যবেক্ষণে আন্তর্জাতিক অভিবাসন সংস্থার (আইওএম) প্রধান উইলিয়াম লেসে সুইং চারদিনের সফরে ঢাকা পৌঁছেছেন।
- সোমালিয়ার রাজধানী মোগাদিসুতে ভয়ঙ্কর ট্রাকবোমা হামলা, নিহত প্রায় ২৩০ জন।
- বিশ্বের সর্বকনিষ্ঠ সরকারপ্রধান হচ্ছেন অস্ট্রিয়ার পিপলস পার্টির নেতা সিবাস্তিয়ান কুর্জ (৩১)।

**১৬ অক্টোবর**

- প্রধানমন্ত্রীর কার্যালয়ে মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে এক চেক হস্তান্তর অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, 'আমরা যুদ্ধ চাই না। আমরা বিশ্বাস করি, আলোচনার মাধ্যমে সব সমস্যার সমাধান সম্ভব।' এ সময় প্রধানমন্ত্রীকে 'মাদার অব হিউম্যানিটি' খেতাব লাভ করায় অভিনন্দন জানিয়েছে মন্ত্রিসভা।
- বাংলাদেশ সফররত মালয়েশিয়ার উপপ্রধানমন্ত্রী ড. আহমেদ হামিদি জাহিদ কক্সবাজারের কুতুপালং রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শনকালে সাংবাদিকদের বলেন, আসিয়ান দেশগুলো চাপ সৃষ্টি করলে মিয়ানমার রোহিঙ্গাদের ফেরত নিতে বাধ্য হবে। এদিকে রোহিঙ্গা সংকটকে বিশ্বের সবচেয়ে বড় মানবিক বিপর্যয় বলে উল্লেখ করেছেন ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন ফর মাইগ্রেশনের (আইওএস) মহাপরিচালক।
- 'ব্লু হোয়েল' গেম নিয়ে উদ্বেগের প্রেক্ষাপটে গেমটির সব লিংক ও অ্যাপ্লিকেশন বন্ধ এবং মোবাইল অপারেটরগুলোর রাতের বিশেষ ইন্টারনেট অফার ছয় মাসের জন্য বন্ধ করাসহ তিনদফা নির্দেশনা হাইকোর্টের।
- রাজধানীর দুই সিটি কর্পোরেশনকে ঢাকনাযুক্ত পরিবহনে রাত ১০ টা থেকে সকাল ৬ টার মধ্যে নগরীর বর্জ্য অপসারণের নির্দেশ দিয়েছেন হাইকোর্ট।
- বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে (বিএসএমএমইউ) অটিজম বিষয়ক পাঁচ দিনব্যাপী কোর্সের উদ্বোধন করেন অটিজম বিশেষজ্ঞ ও অটিজম চ্যাম্পিয়ন সায়মা ওয়াজেদ হোসেন পুতুল।
- শিশুদের ব্রিটিশ পাসপোর্ট পরিবর্তনের দাবি জানিয়েছেন যুক্তরাজ্যের বিরোধী দল 'লেবার পার্টির' এমপি টিউলিপ সিদ্দিক। তাঁর মতে, পাসপোর্টে শিশুর মা-বাবার দু'জনেরই নাম উল্লেখ থাকলে অনেক সমস্যা এড়ানো সম্ভব। বর্তমানে পাসপোর্টে শুধু শিশুর নামই উল্লেখ থাকে।



- উত্তর কোরিয়ার সাগর সীমান্তের দক্ষিণ জলসীমায় দক্ষিণ কোরিয়া ও যুক্তরাষ্ট্রের যৌথ সামরিক মহড়া শুরু।
- ভেনিজুয়েলায় নিকোলাস মাদুরো সরকার আঞ্চলিক নির্বাচনে অধিকাংশ আসনে জয়ী।

**১৭ অক্টোবর**

- রাজধানীর এনইসি সম্মেলন কেন্দ্রে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) বৈঠকে ৫ হাজার ৭৮৩ কোটি টাকার ১০ প্রকল্প অনুমোদন। ঢাকার আশেপাশে নতুন ১০টি সরকারি মাধ্যমিক বিদ্যালয় প্রতিষ্ঠাসহ বেকুটিয়ার কচা নদীর ওপর ৮ম চীন মৈত্রী সেতু নির্মাণ প্রকল্প অনুমোদন দিয়েছে একনেক কমিটি।
- নিউইয়র্কে জাতিসংঘ সদর দপ্তরে রোহিঙ্গা ইস্যুতে এক ব্রিফিংয়ে জাতীয় সংসদের স্পিকার ও সিপিএ চেয়ারপারসন ড. শিরীন শার-মিন চৌধুরী রোহিঙ্গা সমস্যার স্থায়ী সংকট সমাধানে জাতিসংঘসহ আন্তর্জাতিক সম্প্রদায়কে কার্যকর ভূমিকা রাখার আহ্বান জানিয়েছেন।
- বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের কাছে ইউরোপীয় ইউনিয়ন (ইইউ) ও জাপানের রাষ্ট্রদূতের পরিচয়পত্র পেশ। এ সময় রাষ্ট্রপতি নিপীড়নের শিকার হয়ে বাংলাদেশের আশ্রয় নেয়া বাস্তুচ্যুত রোহিঙ্গাদের প্রত্যাবাসনে মিয়ানমারের ওপর চাপ প্রয়োগ অব্যাহত রাখতে ইইউ'র প্রতি আহ্বান জানান।
- রাজধানীর আগারগাঁওস্থ নির্বাচন কমিশন ভবনে প্রধান নির্বাচন কমিশনার কে এম নুরুল হুদার সভাপতিত্বে নির্বাচন কমিশনের সঙ্গে আওয়ামী লীগের ২১ সদস্যের প্রতিনিধিদল সংলাপে যাচ্ছেন আজ। ১১-দফা প্রস্তাব চূড়ান্ত। সংবিধান অনুযায়ী প্রধানমন্ত্রী শেখ হাসিনাই হবেন আগামী নির্বাচনকালীন সরকারপ্রধান। এ বিষয়ে কোন ধরনের ছাড় দেবে না আওয়ামী লীগ।
- বঙ্গবন্ধু এভিনিউতে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ের সামনে ঢাকা মহানগর দক্ষিণ আওয়ামী লীগ আয়োজিত এক অনুষ্ঠানে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের– আগামী জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে নির্বাচন কমিশনের সঙ্গে বিএনপির সংলাপের পরবর্তী সময়ে যে খুশি তাতে অচিরেই ভাটা পড়বে বলে মন্তব্য করেছেন। এসময় তিনি আরও বলেন, চাঁদাবাজ সন্ত্রাসীরা আওয়ামী লীগের সদস্য হতে পারবে না।

- সচিবালয়ে সংবাদ সম্মেলনে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, নির্বাচন কমিশনে দেয়া বিএনপির ২০-দফা দাবির বেশির ভাগই অযৌক্তিক, গণপ্রতিনিধিত্ব আদেশ (আরপিও) ও সংবিধান পরিপন্থী।
- ৩৬তম বিসিএসের চূড়ান্ত পরীক্ষার ফলাফল প্রকাশ করেছে সরকারি কর্মকমিশন (পিএসসি)। ২ হাজার ৩২৩ জনকে বিভিন্ন ক্যাডারে নিয়োগের সুপারিশ পিএসসির।
- প্রধান নির্বাচন কমিশনারকে (সিইসি) 'কম কথা বলে সুষ্ঠুভাবে নির্বাচন পরিচালনা করায় মনোযোগ দেয়ার' পরামর্শ দিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম।
- গ্রেফতারি পরোয়ানা হাতে পাওয়ার পরই খালেদা জিয়ার বিরুদ্ধে আইনি ব্যবস্থা– বাংলা একাডেমিতে এক অনুষ্ঠানে সাংবাদিকদের স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল।
- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) প্রতিবেদন প্রকাশ– ছয় বছরে দেশের দারিদ্র্য হার কমেছে ৭ দশমিক ২ শতাংশ। অন্যদিকে বৈষম্যের হার বেড়েছে। প্রতিটি পরিবারে গড় মাসিক আয় বেড়েছে ৪ হাজার ৪৬৬ টাকা।
- রাখাইনে অন্তত আশি হাজার শিশু খাদ্য সংকটে ভুগছে– এমন ভয়াবহ প্রতিবেদন মিয়ানমার সরকারের অনুরোধে গোপন করেছিল জাতিসংঘ। প্রভাবশালী ব্রিটিশ দৈনিক গার্ডিয়ানের অনুসন্ধানে তথ্য প্রকাশ।
- ভূমধ্যসাগরীয় দ্বীপরাষ্ট্র মাল্টার পানামা পেপারস দুর্নীতি ফাঁসকারী নারী সাংবাদিক ডেফনে কারোয়ানা গালিজিয়া গাড়ি বোমা হামলায় নিহত।
- জাতিসংঘকে উত্তর কোরিয়া– যুক্তরাষ্ট্রের বৈষম্যমূলক নীতি ও দমননীতি বন্ধ না হলে পরমাণু যুদ্ধ যে কোন মূহূর্তে।

**১৮ অক্টোবর**

- নির্বাচন ভবনে নির্বাচন কমিশনের (ইসি) প্রধান নির্বাচন কমিশনারের (সিইসি) সভাপতিত্বে চলমান সংলাপে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ওবায়দুল কাদেরের নেতৃত্বে ২১ সদস্যের প্রতিনিধিদলের ১১দফা প্রস্তাব। ইসির সঙ্গে সংলাপের সার্বিক বিষয়ের মূল্যায়ন তুলে ধরতে গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সাক্ষাৎ করেন ২১ সদস্যের প্রতিনিধিদল।
- চিকিৎসার জন্য তিন মাস লন্ডনে অবস্থান শেষে দেশে পৌঁছেছেন বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া। বিমানবন্দর থেকে গুলশানের বাসা পর্যন্ত সংবর্ধনা জানালেন বিপুলসংখ্যক নেতাকর্মী। গ্রেফতারি পরোয়ানা জারি হওয়া মামলাগুলোতে জামিন নিতে আদালতে আত্মসমর্পণ।



- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ সন্তান শেখ রাসেলের জন্মদিন উদযাপিত। ধানমন্ডির বঙ্গবন্ধু ভবনে মিলাদ ও দোয়া মাহফিলে বিশেষ মোনাজাতে অংশ নেন বঙ্গবন্ধুর জ্যেষ্ঠ কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- রোহিঙ্গা ইস্যুতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বের ভূয়সী প্রশংসা করে ৯ মার্কিন সিনেটরের চিঠি।
- ঢাকায় ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) নবনিযুক্ত রাষ্ট্রদূত রেনসে টিরিংক বলেছেন, রোহিঙ্গা সংকট নিরসনে রাশিয়া, চীন ও ভারতের ভূমিকা গুরুত্বপূর্ণ।
- জনপ্রশাসন মন্ত্রণালয়ের আদেশ জারি– প্রধানমন্ত্রী শেখ হাসিনার অতিরিক্ত প্রেস সচিব পদে নিয়োগ পেয়েছেন বিসিএস (তথ্য) কর্মকর্তা ও অতিরিক্ত সচিব নজরুল ইসলাম।
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ব্যক্তিগত সচিব এবং যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের প্রতিষ্ঠাতা সভাপতি এ এম নূরুল ইসলাম অনু (৭৮) রাজধানীর ইউনাইটেড হাসপাতালে ইন্তেকাল করেন। তাঁর মৃত্যুতে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার পৃথক শোক বার্তা প্রকাশ।
- রাজধানীতে ছিনতাইকালে দুই পুলিশ সদস্য আটক।
- বাংলাদেশ সীমান্তে সাতটি স্থলবন্দর আধুনিকীকরণের সিদ্ধান্ত ভারত সরকারের।
- 'লিংকন ইন দ্য বার্ডো' নামের এক উপন্যাসের জন্য ব্রিটিশ সাহিত্যের সবচেয়ে বড় পুরস্কার হিসেবে খ্যাতম্যান বুকার পুরস্কার জয় করেছেন মার্কিন লেখক জর্জ সন্ডার্স।
- চীনা কমিউনিস্ট পার্টির ১৯তম কংগ্রেসে দেয়া ভাষণে দেশটির প্রেসিডেন্ট শি জিনপিং– বিশ্বের অর্থনৈতিক ও সামরিক ক্ষমতার কেন্দ্রবিন্দু হবে চীন। চীন সম্ভাবনা ও চ্যালেঞ্জের 'নতুন যুগে' পদার্পণ করেছে। তিনি চীনকে আধুনিক সমাজতান্ত্রিক দেশ হিসেবে গড়ারও অঙ্গীকার করেন।

**১৯ অক্টোবর**

- একাদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে নিবন্ধিত ৪০ রাজনৈতিক দলের সঙ্গে নির্বাচন কমিশনের (ইসি) চলমান সংলাপ শেষ। সংলাপের শেষদিনে জাতীয় পার্টি (জেপি) সংবিধান অনুযায়ী বর্তমান সরকারের অধীনে নির্বাচন, বর্তমান সংসদীয় আসন বহাল রাখাসহ ৮দফা প্রস্তাব পেশ করেছে। আর বিচারিক ক্ষমতা দিয়ে সেনা মোতায়েন করা ও বর্তমান সংসদীয় আসনের নির্বাচনসহ ১২দফা প্রস্তাব দিয়েছে লিবারেল ডেমোক্রেটিক পার্টি (এলডিপি)।

- নির্বাচন কমিশনের (ইসি) সঙ্গে সংলাপ প্রসঙ্গে সাংবাদিকদের আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের– আওয়ামী লীগ যে ১১দফা প্রস্তাব দিয়েছে, তা জনবান্ধব। অন্যদিকে বিএনপি যেসব প্রস্তাব দিয়েছে, তা দলীয় স্বার্থে ও জনস্বার্থবিরোধী।
- আপিল বিভাগের সাবেক বিচারপতি মো. জয়নুল আবেদীনের বিরুদ্ধে অবৈধভাবে সম্পদ অর্জনের অভিযোগ অনুসন্ধান বন্ধে দুর্নীতি দমন কমিশনকে (দুদক) সুপ্রিম কোর্টের চিঠি। এদিকে প্রথম শুনানি শেষে নিজ কার্যালয়ে অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলম সাংবাদিকদের বলেন, বিচারপতি জয়নুল আবেদীনের বিরুদ্ধে দুর্নীতির অনুসন্ধান না করতে দুদককে চিঠি দিয়ে প্রধান বিচারপতি অনুরাগ দেখিয়েছেন। অতএব সেই অর্থে বলা যায়, প্রধান বিচারপতি শপথ ভঙ্গ করেছেন।
- জিয়া অরফানেজ ট্রাস্ট দুর্নীতি মামলায় আত্মপক্ষ সমর্থনে বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া। আদালত তাঁকে দুই মামলায় তিন শর্তে জামিন মঞ্জুর দিয়েছেন।
- প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয় রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে 'বাংলাদেশ আইসিটি এক্সপো-২০১৭' দ্বিতীয় দিনে বিশ্বব্যাপী অর্থ হস্তান্তরের অনলাইন প্ল্যাটফর্ম 'পেইপ্যাল জুম' সেবার আনুষ্ঠানিক উদ্বোধন করেন। অনুষ্ঠানে সারাদেশে 'লার্নিং অ্যান্ড আর্নিং' ডেভেলপমেন্ট প্রকল্পে প্রশিক্ষণে যারা সেরা-২০১৭ হয়েছেন তাদের হাতে পুরস্কার তুলে দেন সজীব ওয়াজেদ জয়।
- হাসপাতালে সেবা না পেয়ে রাস্তায় সন্তান প্রসব এবং নবজাতকের মৃত্যুর ঘটনায় এক নারীকে কেন উপযুক্ত ক্ষতিপূরণ দেয়া হবে না তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট।
- 'রাষ্ট্রীয় উপহারসামগ্রী নষ্ট হচ্ছে বৃষ্টিতে'– মন্ত্রিপরিষদ বিভাগে বঙ্গভবনের চিঠি। চিঠিতে বঙ্গভবনের তোষাখানায় জমা রাখা উপহারসামগ্রী সুন্দর ও সুষ্ঠু রক্ষণাবেক্ষণের জন্য জরুরিভিত্তিতে অন্যত্র সরিয়ে নিতে অনুরোধ জানানো হয়েছে।
- টাইমস অব ইন্ডিয়াকে দেয়া এক সাক্ষাৎকারে ভারতের প্রথম বাঙালি রাষ্ট্রপতি এবং বাংলাদেশের জামাতা খ্যাত প্রণব মুখার্জি বলেছেন, ১৯৭১ সালে স্বাধীন বাংলাদেশের জন্ম তাঁর রাজনৈতিক জীবনের সবচেয়ে স্মরণীয় ঘটনা।



- ওয়াশিংটনে এক অনুষ্ঠানে মার্কিন পররাষ্ট্রমন্ত্রী রেক্স টিলারসন বলেন, রোহিঙ্গা নিধনের জন্য মিয়ানমারের সেনাবাহিনী দায়ী।
- জাপানি গণমাধ্যমের সংবাদ– মিয়ানমারের নেত্রী অং সান সুচির রোহিঙ্গা নীতির প্রতিবাদে নতুন এক রাজনৈতিক দল গঠনের ঘোষণা দিয়েছেন তার সহযোগী কো জি।
- এক বিবৃতিতে জাতিসংঘভুক্ত দেশগুলোকে উত্তর কোরিয়ার হুঁশিয়ারি– উত্তর কোরিয়ার ওপর সামরিক হামলায় যুক্তরাষ্ট্রের সঙ্গে যোগ দিলে, তারাও নিরাপদে থাকবেন না।
- সৌদি ফেডারেশন ফর কমিউনিটি স্পোর্টসের প্রথম নারী স্পোর্টস প্রধান পদে নিয়োগ পেয়েছেন প্রিন্সেস রিমা বিনতে বান্দার বিনত্ সুলতান।

**২০ অক্টোবর**

- বঙ্গোপসাগরে সৃষ্ট নিম্নচাপের কারণে সারাদেশে বৃষ্টিপাত অব্যাহত। দুইদিনের টানা বৃষ্টিতে লঞ্চ ও ফেরি চলাচল বন্ধ। বরগুনায় বেড়িবঁ-াধ ভেঙে ১২ গ্রাম প্লাবিত। বাগেরহাটে অস্বাভাবিক জোয়ারে নিম্নাঞ্চল প্লাবিত। রাজধানীতে জলাবদ্ধতায় জনজীবনে সীমাহীন দুর্ভোগ।
- সংবিধানের ষোড়শ সংশোধনী বাতিল করে দেয়া রায় পুনর্বিবেচনার (রিভিউ) আবেদন প্রস্তুত করতে অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলমের নেতৃত্বে ১১ সদস্যের কমিটি গঠন। অ্যাটর্নি জেনারেল সাংবাদিকদের বলেন, ষোড়শ সংশোধনী রায়টি অনেক বড়। এ রায়ের বিরুদ্ধে আমরা রিভিউ প্রস্তুতি নিচ্ছি।
- জিয়া অরফানেজ ট্রাস্ট দুর্নীতি মামলায় খালেদা জিয়া ১৫০ বারেরও বেশি সময় নেয়ার পাশাপাশি ৮ মাস মামলার বিচারকাজ বিলম্বিত করেছেন। আদালতকে হেনস্থা করেছেন– রাজধানীর গুলশানে আওয়ামী লীগ আয়োজিত এক অনুষ্ঠানে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের এসব কথা বলেছেন।
- ব্রিটিশ সংবাদপত্র গার্ডিয়ানের প্রতিবেদন– 'বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা বর্তমান বিশ্বের সবচেয়ে দীর্ঘস্থায়ী নারী সরকারপ্রধান। তিনি টানা ৯ বছরসহ ১৪ বছর বাংলাদেশ শাসন করেছেন। এদিক থেকে তিনি জার্মান চ্যান্সেলর অ্যাঙ্গেলা মার্কেলকেও পেছনে ফেলেছেন'।

- ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০১৭-২০১৮ সেশনের 'ঘ' ইউনিটের ভর্তি পরীক্ষায় জালিয়াতির মূলহোতা ছাত্রলীগ নেতা আজীবন বহিষ্কৃত। কেন্দ্রে জালিয়াতির অভিযোগে ১২ জনকে ১ মাসের কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত।
- দেশে প্রথম ব্লাস্ট রোগ প্রতিরোধী গমের জাত উদ্ভাবন করেছেন বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের অধীন গম গবেষণা কেন্দ্রের বিজ্ঞানীরা। জাতটি জাতীয় বীজ বোর্ডের ৯৩তম সভায় 'বারি গম-৩৩' নামে সারাদেশে চাষাবাদের জন্য অবমুক্ত। হেক্টর প্রতি ৪-৫ হাজার কেজি ফলনের প্রত্যাশা।
- যুক্তরাজ্যভিত্তিক চিকিৎসা বিষয়ক গবেষণা সাময়িকী দ্য ল্যানসেটে প্রকাশিত প্রতিবেদন– বাংলাদেশে প্রতি চারজনে একজনের মৃত্যু হয় দূষণে। পরিবেশ দূষণে বাংলাদেশ বিশ্বে শীর্ষে। বছরে বায়ু দূষণেই মারা যায় ২ লাখের বেশি মানুষ। সারাবিশ্বে দূষণে মৃত্যু হয় ৯০লাখ মানুষের। যুদ্ধ ও সহিংসতার ১৫ গুণ বেশি মারা যায় দূষণে।

**২১ অক্টোবর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে রোহিঙ্গা ইস্যুতে জাতিসংঘ মহাসচিব অ্যান্তোনিও গুতেরেসের ফোন। মহাসচিব রোহিঙ্গাদের জন্য বিভিন্ন পদক্ষেপের প্রতি অকুণ্ঠ সমর্থন জানিয়েছেন। এই ফোনালাপে প্রধানমন্ত্রী রোহিঙ্গাদের মিয়ানমারে ফিরিয়ে নিয়ে সে দেশে পুনর্বাসনের জন্য আরো চাপ সৃষ্টি করতে জাতিসংঘসহ আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানিয়েছেন।
- আফগানিস্তানের রাজধানী কাবুলে দুটি মসজিদে আত্মঘাতী বোমা হামলায় নিহত ৭২ জন।
- মিয়ানমারের রাখাইনে চলমান রোহিঙ্গা নিধনে বিতর্কিত ভূমিকার কারণে বিশ্বখ্যাত অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় থেকে অং সান সুচির নাম মুছে দিয়েছে বিশ্ববিদ্যালয়টির শিক্ষার্থীরা।
- জাতীয় প্রেস ক্লাবের ৬৩তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত।
- ব্রিটিশ গণমাধ্যম ইন্ডিপেনডেন্ট জানিয়েছে জাতিসংঘের চিকিৎসকরা বলেছেন, মিয়ানমারের সেনারা নারীদের ধর্ষণ ও পুরুষদের হত্যা অব্যাহত রেখেছে। তারা যৌন সহিংসতায় জখম কয়েকশ' নারী দেখেছেন। এদিকে কক্সবাজারে রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শনে নাগরিক কমিশনের ৩০ সদস্যের প্রতিনিধিদল।



- তুরস্কের ইস্তাম্বুলে নবম ডি-৮ সম্মেলনে দেশটির প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোগান সমাপনী বক্তৃতায় রোহিঙ্গাদের আশ্রয় এবং তাদের সমস্যার সমাধানের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভূমিকার প্রশংসা করেন। রোহিঙ্গা সমস্যার স্থায়ী সমাধানে রাজনৈতিক ও মানবিক সহায়তা দেবে ডি-৮ সদস্যভুক্ত দেশগুলো।
- আগামী জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে চলমান সংলাপের ধারাবাহিকতায় ৩৩টি পর্যবেক্ষক সংস্থার প্রতিনিধির সঙ্গে নির্বাচন কমিশনের (ইসি) সংলাপ।
- সাভারে 'জয় বাংলা ইয়ুথ' অ্যাওয়ার্ড প্রদান অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর তথ্য বিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়– উন্নত বাংলাদেশের জন্য আওয়ামী লীগকে ক্ষমতায় রাখুন।
- সিলেটে এক অনুষ্ঠানে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের– বিএনপি'র ক্ষমতায় যাওয়ার দিবাস্বপ্ন বাস্তব রূপ নেবে না।
- কক্সবাজার রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শনের পর ঢাকায় সংবাদ সম্মেলনে রোহিঙ্গা শিশুদের জন্য কার্যকর আন্তর্জাতিক উদ্যোগের তাগিদ দিলেন সেভ দ্য চিলড্রেন প্রধান হ্যালে থরনিং স্মিথ।
- ইউনিসেফের প্রতিবেদন প্রকাশ–'বিশ্বে প্রতিদিন গড়ে মারা যাচ্ছে ১৫ হাজার শিশু। এখনই উদ্যোগ না নিলে জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) অর্জন সম্ভব নয়। শিশু মৃত্যুর হার না কমলে ২০১৭ থেকে ২০৩০ সাল পর্যন্ত সময়কালে জন্মগ্রহণের এক মাসের মধ্যে মারা যাবে তিন কোটি নবজাতক'।
- বাংলাদেশের সম্মানসূচক নাগরিক মুক্তিযোদ্ধা ফাদার মারিনো রিগনের (৯২) ইতালির ভিচেঞ্চারে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ।
- দুরারোগ্য রোগ প্রতিরোধে সহায়তা করতে জিম্বাবুয়ে প্রেসিডেন্ট রবার্ট মুগাবেকে শুভেচ্ছাদূত হিসেবে নিয়োগ দিয়েছে বিশ্বস্বাস্থ্য সংস্থা (WHO)।
- মওলানা ভাসানী জাতীয় হকি স্টেডিয়ামে অনুষ্ঠিত এশিয়া কাপ হকি ১০ম আসরে প্রতিপক্ষ জাপানের কাছে ০-৪ গোলে বাংলাদেশ পরাভূত। এ জয়ে আট দলের মধ্যে পঞ্চম হয়ে জাপান এবং চীনকে হারিয়ে বাংলাদেশের ষষ্ঠ স্থান লাভ।

**২২ অক্টোবর**

- গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন সফররত ভারতের পররাষ্ট্রমন্ত্রী সুষমা স্বরাজ।
- বাংলাদেশ-ভারত যৌথ পরামর্শক কমিশনের বৈঠক শেষে উভয় দেশের পররাষ্ট্রমন্ত্রী যৌথ সংবাদ সম্মেলনে রোহিঙ্গা সংকট সমাধানে মিয়ানমারকে চাপ দেয়ার জন্য ভারতের প্রতি আহ্বান জানিয়েছে বাংলাদেশ। এদিকে রোহিঙ্গা সংকটে ভারতের পক্ষ থেকে গভীর উদ্বেগ প্রকাশ করে সুষমা স্বরাজ বলেছেন, রাখাইনে স্বাভাবিক পরিবেশ সৃষ্টির মাধ্যমে মিয়ানমারকে বাস্তুচ্যুত রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে হবে।
- রাজধানীর সোনারগাঁও হোটেলে সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার সঙ্গে বৈঠক করেছেন সফররত ভারতের স্বরাষ্ট্রমন্ত্রী সুষমা স্বরাজ। বৈঠক শেষে সুষমা স্বরাজের উদ্ধৃতি দিয়ে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন, বাংলাদেশে গণতান্ত্রিক ধারা বজায় রাখতে সব দলের অংশগ্রহণে অবাধ ও সুষ্ঠু নির্বাচন চায় ভারত।
- 'সাবধানে চালাবো গাড়ি, নিরাপদে ফিরবো বাড়ি' প্রতিপাদ্য নিয়ে ওসমানী স্মৃতি মিলনায়তনে সড়ক পরিবহন ও সেতু বিভাগের উদ্যোগে দেশে প্রথমবারের মতো জাতীয় নিরাপদ সড়ক দিবস উদযাপিত। দিবসটি উপলক্ষ্যে এই বিভাগের মন্ত্রী ওবায়দুল কাদের বলেন, দুর্ঘটনা প্রতিরোধে ও সুশৃঙ্খল সড়কের জন্য সবাইকে সচেতন হতে হবে।
- সুপ্রিম কোর্ট প্রশাসনের ১০ শীর্ষ কর্মকর্তাকে বদলির পর নতুন ছয় কর্মকর্তাকে নিয়োগ দিয়েছে সরকার। ভারপ্রাপ্ত প্রধান বিচারপতির পরামর্শ অনুযায়ী এই নিয়োগ দিয়ে রাষ্ট্রপতির আদেশক্রমে আইন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন জারি।
- রাজধানীর এক হোটেলে সেমিনার শেষে সাংবাদিকদের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন বলেছেন, আগামী বর্ষার আগেই জলাবদ্ধতা নিরসনে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হবে। এ লক্ষ্যে ঢাকা শহরের ৪৭টি খাল পুনরুদ্ধারের উদ্যোগ নেয়া হয়েছে।
- পিতা-মাতা হত্যার দায়ে পাঁচ কারণে মৃত্যুদণ্ডপ্রাপ্ত ঐশী রহমানের সাজা হ্রাস করে দেয়া যাবজ্জীবন কারাদণ্ডের পূর্ণাঙ্গ রায় প্রকাশ করেছেন হাইকোর্ট।



- স্পেনে দুই পক্ষের পাল্টাপাল্টি অবস্থান। কেন্দ্রের শাসন না মানার ঘোষণা স্পেনের স্বায়ত্তশাসিত অঞ্চল কাতালোনিয়া নেতাদের। আঞ্চলিক সরকারকে বরখাস্ত ও দ্রুত নির্বাচন দেয়ার পরিকল্পনা স্পেনের প্রধানমন্ত্রী মারিয়ানো রাখায়।
- তৃতীয় বারের মতো এশিয়া কাপ হকিতে চ্যাম্পিয়ন ভারত। মওলানা ভাসানী স্টেডিয়ামে প্রতিযোগিতার ১০ম আসরের ফাইনালে ২-১ গোলে মালয়েশিয়াকে হারিয়ে অপরাজিত থেকে শিরোপা লাভ ভারতের।

**২৩ অক্টোবর**

- মন্ত্রিসভার বৈঠকে অনির্ধারিত আলোচনায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা, রোহিঙ্গা সংকটের সমাধান করতে হবে ধৈর্য্য ধরে আলোচনার মাধ্যমে। বৈঠকে ভোলার শাহবাজপুরে নতুন গ্যাস ফিল্ডের সন্ধান, মন্ত্রিসভায় তথ্য জানিয়েছে বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন কোম্পানি (বাপেক্স)। এছাড়াও সভায় শেখ হাসিনা ন্যাশনাল ইয়ুথ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট আইন-২০১৭ এর খসড়ার চূড়ান্ত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা।
- রাজধানীর বারিধারায় ভারতীয় হাইকমিশনের নতুন চ্যান্সেরি কমপ্লেক্স এবং ভারতীয় অর্থে বাংলাদেশের বিভিন্ন প্রতিষ্ঠানের ১৫টি প্রকল্প উদ্বোধনী অনুষ্ঠানে সফররত ভারতের পররাষ্ট্রমন্ত্রী সুষমা স্বরাজ বলেন, ভারতের পররাষ্ট্রনীতি হলো প্রতিবেশীই প্রথম। আর তাদের মধ্যে সর্বাগ্রে বাংলাদেশ। এ সময় তিনি আরো বলেন, দ্বিপক্ষীয় কোন ইস্যুই অমীমাংসিত থাকবে না।
- রোহিঙ্গা সংকট ইস্যুতে আলোচনার জন্য ১২ সদস্যের প্রতিনিধি দল নিয়ে মিয়ানমারে পৌঁছেছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল।
- কক্সবাজারে উখিয়ার কুতুবপালং রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শন শেষে সাংবাদিকদের সফররত জর্ডানের রানী রানিয়া আল আবদুল্লাহ– মানবতাকে হত্যা করা হয়েছে। রোহিঙ্গাদের রক্ষায় বাংলাদেশের পাশে দাঁড়ানো সবার নৈতিক দায়িত্ব।
- নারী নেতৃদের সঙ্গে ইসির চলমান সংলাপে সমঅধিকারবিরোধী দলের নিবন্ধন বাতিলের দাবি জানিয়েছেন নারী নেতৃরা।
- রাজধানীর ধানমন্ডির আওয়ামী লীগ সভাপতির রাজনৈতিক কার্যালয়ে দলের সম্পাদকমণ্ডলীর বৈঠক শেষে বিএনপির উদ্দেশে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, আমাদের অনুরোধ প্লিজ নির্বাচন বয়কট করবেন না। জাতীয় ও গণতন্ত্রের স্বার্থে আমরা চাই সব দল নির্বাচনে আসুক। বিএনপি নির্বাচনে আসবে এটা জনগণেরও প্রত্যাশা, আমাদেরও প্রত্যাশা।

- বেসরকারি সংস্থা সুচিন্তা ফাউন্ডেশন আয়োজিত সেমিনারে বক্তব্যে প্রধানমন্ত্রীর তথ্য ও প্রযুক্তিবিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয় বলেছেন, পদ্মা সেতুর অর্থায়ন বন্ধে সাবেক মার্কিন পররাষ্ট্রমন্ত্রী হিলারি ক্লিনটনের মাধ্যমে বিশ্বব্যাংককে প্রভাবিত করেন গ্রামীণ ব্যাংকের প্রতিষ্ঠাতা ড. ইউনূস। কিন্তু সব ষড়যন্ত্র মোকাবিলা করে পদ্মা সেতু আজ দৃশ্যমান।
- রোহিঙ্গা ইস্যুতে সুইজারল্যান্ডের জেনেভায় জাতিসংঘের অঙ্গীকার সম্মেলনে দেশটিতে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত শামীম আহসান বলেছেন, রুয়ান্ডায় গণহত্যার পর এটি বিশ্বের সবচেয়ে বৃহৎ দেশত্যাগের ঘটনা। সম্মেলনে মিয়ানমারের রাখাইন রাজ্যে সেনা অভিযানে পালিয়ে আশ্রয় নেয়া রোহিঙ্গাদের জন্য প্রায় ৩৪০ মিলিয়ন ডলার সহযোগিতার প্রতিশ্রুতি দিয়েছে আন্তর্জাতিক সম্প্রদায়।
- রাজধানীর তেজগাঁও থানায় দায়ের করা রাষ্ট্রদ্রোহের মামলায় বিএনপির সিনিয়র ভাইস চেয়ারম্যান তারেক রহমানসহ তিনজনের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেছেন আদালত।
- মুদ্রাপাচার মামলায় আপন জুয়েলার্সের অন্যতম মালিক দিলদার আহমেদ সেলিমের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেছেন আদালত।
- তৃতীয়বারের মতো জাপানের প্রধানমন্ত্রী শিনজো অ্যাবে। বর্তমান সময়ে চলা কোরীয় উপদ্বীপ উত্তেজনায় উত্তর কোরিয়ার বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার অঙ্গীকার।
- দ্বিতীয়বারের মতো ফিফার বর্ষসেরা ফুটবলারের পুরস্কার 'দ্য বেস্ট' জিতলেন রিয়াল মাদ্রিদের ক্রিশ্চিয়ানো রোনাল্ডো।

**২৪ অক্টোবর**

- জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) চেয়ারপারসন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়েসহ পাঁচ প্রকল্প অনুমোদন। মোট ব্যয় সরকারি অর্থায়ন থেকে করা হবে ১২ হাজার ৪০২ কোটি ৬৫ লাখ টাকা এবং প্রকল্প ২২ হাজার ১৬৪ কোটি ৬৯ লাখ টাকা।
- বিশ্বব্যাপী জাতিসংঘ দিবস উদযাপিত। এ দিবস উপলক্ষ্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এক বাণীতে, জাতিসংঘের ৭২তম সাধারণ অধিবেশনে রোহিঙ্গা সমস্যার স্থায়ী সমাধানের যে পাঁচটি প্রস্তাবনা বাংলাদেশের পক্ষ থেকে তুলে ধরা হয়েছে, তার আলোকে এই সমস্যার স্থায়ী সমাধানে জাতিসংঘসহ বিশ্ব সম্প্রদায়ের দ্রুত ও কার্যকর পদক্ষেপ গ্রহণের আহ্বান পুনর্ব্যক্ত করেছেন।



- মিয়ানমারের রাজধানী নেপিদো'তে বাংলাদেশ-মিয়ানমারের স্বরাষ্ট্রমন্ত্রী পর্যায়ের বৈঠক। মিয়ানমারে রাখাইন রাজ্যে সেনা অভিযানে বাংলাদেশে পালিয়ে আসা রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে রাজি হয়েছে মিয়ানমার। রোহিঙ্গাদের ফিরিয়ে নেয়ার প্রক্রিয়া নির্ধারণের জন্য ৩০ নভেম্বরের মধ্যে 'জয়েন্ট ওয়ার্কিং গ্রুপ' গঠনে সম্মত বাংলাদেশ-মিয়ানমার। সফররত বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল সাংবাদিকদের বলেছেন, মিয়ানমার কফি আনান কমিশনের সুপারিশ বাস্তবায়ন করতে সম্মতি জানিয়েছে।
- প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নুরুল হুদার সভাপতিত্বে রাজধানীর নির্বাচন ভবনে অনুষ্ঠিত চলমান সংলাপের শেষদিনে সাবেক সিইসি, ইসি সদস্য ও সচিবদের অভিমত। এ সময় নির্বাচন বিশেষজ্ঞরা বলেন, সাংবিধানিক বাধ্যবাধকতার কারণে বর্তমান সরকারের অধীনে সব দলকে নির্বাচনে আসতে হবে। এ বিষয়টি পরিবর্তনের ক্ষমতা বা এখতিয়ার নির্বাচন কমিশনারের নেই।
- হেপাটাইটিস 'বি' ভাইরাসে সংক্রমিত ব্যক্তিদের চিকিৎসায় বাংলাদেশি দুই গবেষক অধিক কার্যকর ও উন্নততর ঔষধ উদ্ভাবন করেছেন। ঔষধ প্রশাসন অধিদপ্তরের অনুমোদন পেলে আগামী বছরের শুরুতেই এটি বাজারে আসবে বলে গণমাধ্যমকে জানান গবেষকরা।
- রাখাইন রাজ্যে রোহিঙ্গা মুসলিমদের বিরুদ্ধে চলমান সহিংসতা বন্ধে মিয়ানমারের ওপর অবরোধ আরোপসহ বেশ কিছু ব্যবস্থা নেয়ার ঘোষণা দিয়েছে যুক্তরাষ্ট্র। সাম্প্রতিক সময়ে এই সহিংসতা ও মানসিক নির্যাতনের ঘটনায় যুক্তরাষ্ট্র গভীরভাবে উদ্বিগ্ন।
- আসন্ন জেএসসি ও জেডিসিতে পরীক্ষা শুরুর ৩০ মিনিট আগে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ বাধ্যতামূলক ও পরীক্ষার্থীর সঙ্গে মোবাইল ফোন থাকবে না মর্মে এক নির্দেশনা দিয়েছে সরকার। পরীক্ষা শুরু ১ নভেম্বর।
- কর ফাঁকির পাঁচ মামলায় আপন জুয়েলার্সের তিন মালিক আত্মসমর্পণ করার পর কারাগারে পাঠিয়েছে আদালত।
- রাজধানীতে কুরিয়ার সার্ভিসে আন্তর্জাতিক বাজারে মাদক পাচার। মূলহোতাসহ গ্রেফতার তিন জন।
- চলতি বছরের এইচএসসি পরীক্ষার খাতা দেখায় অবহেলা ও উদাসীনতার ঘটনায় পরীক্ষক ও প্রধান পরীক্ষকসহ ৫৭ জনকে কারণ দর্শানোর নোটিস (শোকজ) দিয়েছে ঢাকা শিক্ষা বোর্ড।

- শান্তিনিকেতনের রবীন্দ্র ভবনের সংগ্রহশালা থেকে ২০০৪ সালে ২৫ মার্চ কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের নোবেল পদক চুরির তদন্তে ভারতের সর্বোচ্চ গোয়েন্দা সংস্থা সিবিআই কেন আজও কিছু করতে পারল না, তার লিখিত জবাব চেয়েছেন কলকাতা হাইকোর্ট। এমতাবস্থায় কলকাতা হাইকোর্ট পদক খোঁজার দায়িত্ব সিআইডিকে দেয়ার তাগিদ দিয়েছেন।

**২৫ অক্টোবর**

- মিয়ানমারের নেপিদোতে বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল দেশটির স্টেট কাউন্সিলর অং সান সুচির সঙ্গে রোহিঙ্গা ইস্যুতে বৈঠক করেন। এ সময় সুচি জানিয়েছেন, বাংলাদেশে আশ্রয় নেয়া রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে মিয়ানমার সরকার কাজ শুরু করেছে। এছাড়া কফি আনান কমিশনের সুপারিশ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার পাঁচদফা প্রস্তাবের ভিত্তিতেই অনুপ্রবেশকারীদের ফেরত নেয়ার প্রক্রিয়া শুরু হবে বলেও জানান তিনি।
- রাজধানীতে সেতু ভবনে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের ও ভারতীয় হাইকমিশনার হর্ষবর্ধন শ্রিংলা দুই দেশের বিভিন্ন ইস্যুতে বৈঠক করেন। বৈঠক শেষে সাংবাদিকদের ওবায়দুল কাদের বলেন, বাংলাদেশে আশ্রয় নেয়া বলপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমারের রোহিঙ্গা নাগরিকদের নিয়ে সৃষ্ট ঘটনার অগ্রগতি হয়েছে। মিয়ানমার সরকার প্রাথমিকভাবে রোহিঙ্গাদের ফিরিয়ে নেয়ার আশ্বাস দিয়েছে। আর রোহিঙ্গা ফেরত বিষয়ে ভারতসহ বিশ্ব জনমত জোরালো হয়েছে।
- টেকনাফে ব্যবসায়ী অপহরণ ঘটনায় সাত গোয়েন্দা পুলিশ গ্রেফতার। মুক্তিপণের ১৭ লাখ টাকা উদ্ধার।
- দুদকের মামলায় ঝিনাইদহের-২ আসনের সাবেক বিএনপি এমপি মশিউর রহমানের ১০ বছর কারাদণ্ড। সম্পদ বাজেয়াপ্তের নির্দেশ দিয়েছে আদালত।
- রাজধানীর জাতীয় জাদুঘর মিলনায়তনে শেরেবাংলা একে ফজলুল হকের ১৪৪তম জন্মবার্ষিকীর আলোচনাসভায় শিল্পমন্ত্রী আমির হোসেন আমু বলেছেন, গণমানুষের নেতা শেরেবাংলা মানুষের হৃদয়ে লেখা নাম।
- সচিবালয়ে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের সভাপতিত্বে ক্রয় কমিটির সভায় বড় বিদ্যুৎকেন্দ্র স্থাপন ও চাল আমদানির অনুমোদন পেল দেশি কোম্পানি সামিট।



- ঢাকায় সফররত চীনের এশিয়া বিষয়ক বিশেষ দূত সুন সুসিয়াংয়ের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের পররাষ্ট্র সচিব শহীদুল হক বলেন, বাংলাদেশ-মিয়ানমার দ্বিপক্ষীয় আলোচনার মধ্য দিয়েই রোহিঙ্গা সংকটের সমাধান চায় চীন।
- জাতিসংঘের প্রতিবেদন– বিশ্বের ১৩ কোটি কন্যাশিশু স্কুলে যাওয়া থেকে বঞ্চিত।
- বিবিসি'র জরিপ– যুক্তরাজ্যে অর্ধেক নারী কর্মক্ষেত্রে যৌন হয়রানির শিকার।

**২৬ অক্টোবর**

- গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে রাজধানীর মগবাজার-মৌচাক ফ্লাইওভার উদ্বোধনকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের চলমান অগ্রযাত্রা ও উন্নয়নকে ত্বরান্বিত করতে সরকারের ধারাবাহিকতার প্রতি গুরুত্বারোপ করেন। এ অনুষ্ঠান থেকে সরকারি কর্মকর্তা ও মধ্য আয়ের মানুষের জন্য রাজধানীর ধানমন্ডি ও মোহাম্মদপুরে ২৫৩টি ফ্ল্যাট নির্মাণ প্রকল্পেরও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন প্রধানমন্ত্রী।
- নির্বাচন ভবনে আয়োজিত সংবাদ সম্মেলনে প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) বলেন, আগামী সংসদ নির্বাচনে পরিবেশ-পরিস্থিতি বিবেচনা করে সেনা মোতায়েনের সিদ্ধান্ত নেবেন নির্বাচন কমিশন (ইসি)। সংলাপের মধ্য দিয়ে মূল্যবান সুপারিশ ও পরামর্শ বই আকারে আগামী ডিসেম্বরে প্রকাশ করা হবে।
- জিয়া অরফানেজ ট্রাস্ট মামলায় আত্মপক্ষ সমর্থনে আদালতে বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া। এ সময় তিনি বলেন, নির্বাচনী ব্যবস্থা ধ্বংস। গণতন্ত্র আজ নির্বাসিত।
- রাজধানীর খাল দখল বন্ধে জেলা প্রশাসনকে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে নিয়ে কটূক্তিকর স্লোগান দেয়ার অভিযোগে করা মামলায় গণজাগরণ মঞ্চের একাংশের মুখপাত্র ইমরান এইচ সরকারের বিরুদ্ধে আবার গ্রেফতারি পরোয়ানা জারি করেছেন আদালত।
- কক্সবাজারের টেকনাফে মুক্তিপণের টাকাসহ আটক গোয়েন্দা পুলিশের (ডিবি) সাত সদস্যকে কারাগারে পাঠিয়েছে আদালত।
- যুক্তরাষ্ট্রের মহাকাশ গবেষণা সংস্থা 'নাসা'য় কর্মরত যুগান্তরকারী আবিষ্কার দিয়ে 'নাসা'র সেরা উদ্ভাবন পুরস্কার-২০১৭ লাভ করেন বাংলাদেশি বিজ্ঞানী মাহমুদা সুলতানা।

- থাইল্যান্ডের প্রয়াত রাজা ভূমিবল আদুলিয়াদেজের মৃত্যুর এক বছর পর তাঁর রাজকীয় দাহ সম্পন্ন। রাজার প্রতি শেষ শ্রদ্ধা জানাতে নেমে আসে লাখো থাইবাসী। দিনটিকে 'জাতীয় ছুটি' হিসেবে ঘোষণা করেছে থাই প্রশাসন।
- ইন্দোনেশিয়ার রাজধানী জাকার্তায় আতশবাজি কারখানায় বিস্ফোরণের ঘটনায় আগুনে পুড়ে ৪৭ জন নিহত।
- দুর্নীতি সংক্রান্ত দুটি মামলায় পাকিস্তানের ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী নওয়াজ শরীফের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেছে দেশটির আদালত।

**২৭ অক্টোবর**

- রোহিঙ্গাদের ফিরিয়ে নেয়ার বিষয়ে বাংলাদেশের দেয়া ১০-দফার সঙ্গে একমত পোষণ করেনি মিয়ানমার। এ কারণে জয়েন্ট ওয়ার্কিং গ্রুপ গঠন সম্ভব হয়নি। তবে রোহিঙ্গা ইস্যুতে মিয়ানমারের সঙ্গে এখনো আলোচনা চলছে– রাজধানীতে এক অনুষ্ঠানে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল।
- রোহিঙ্গা ইস্যুতে বিশ্ব সম্প্রদায়ের নানামুখী চাপে পড়েছে মিয়ানমার। দেশটির বিরুদ্ধে যুক্তরাজ্য ও ফ্রান্সের উদ্যোগে খসড়া প্রস্তাব অনুমোদনের চেষ্টা চলছে জাতিসংঘ নিরাপত্তা পরিষদে। যুক্তরাষ্ট্রসহ বিভিন্ন দেশ ও জাতিসংঘের চাপে আংশিক সেনা প্রত্যাহারের ঘোষণা দিতে বাধ্য হয়েছে মিয়ানমার। রাজি হয়েছে বিভিন্ন সংস্থাকে রাখাইনে ত্রাণ বিতরণের সুযোগ দিতে। বাংলাদেশ থেকে রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে মিয়ানমার সরকারকে সহযোগিতা করতে দেশটির সেনাবাহিনী প্রধানকে ফোন করেছেন যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী রেক্স টিলারসন।
- লন্ডনে হাউস অব কমন্সে বাংলাদেশ বিষয়ক চলতি মাসের হালনাগাদ এক ব্রিফিং পেপার প্রকাশ– ক্ষমতাসীন আওয়ামী লীগ ও বিরোধীদল বিএনপি'র ক্রমাগত দ্বন্দ্বের মধ্যে আগামী বছরের জাতীয় নির্বাচনকে কেন্দ্র করে বাংলাদেশে গভীর সংঘাতের আশঙ্কা করছে যুক্তরাজ্য।
- ছবিসহ পরিচয়পত্র পেল ৩ লাখ ১৪ হাজার রোহিঙ্গা।
- একাদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে সর্বস্তরের নেতাকর্মীর মনোবল চাঙ্গা করতে দেশব্যাপী গণসংযোগ শুরু করেছেন বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া। প্রথমেই যাচ্ছেন চট্টগ্রাম।



- সিলেটের সীমান্তবর্তী তামাবিল স্থলবন্দরের উদ্বোধনী অনুষ্ঠানে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেন, এ বন্দর চালু হওয়ায় বাংলাদেশ-ভারত উভয় দেশই উপকৃত হবে। এর ফলে কর্মসংস্থান বাড়বে এবং দারিদ্র্য কমবে।
- বাংলাদেশের মানবপাচার ইস্যু নিয়ে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তরের প্রতিবেদন প্রকাশ– দেশব্যাপী সাঁড়াশি অভিযানে কমছে মানবপাচার। জিরো টলারেন্স নীতির সুফল।
- কাতালোনিয়ার স্বাধীনতা ঘোষণা। স্পেনের সরাসরি শাসন জারি।
- জাতিসংঘের অভিযোগ সিরিয়ায় সারিন গ্যাস হামলায় আসাদ বাহিনী দায়ী।

**২৮ অক্টোবর**

- একাদশ জাতীয় সংসদ নির্বাচনের আগে ছয় সিটি কর্পোরেশন নির্বাচনের প্রস্তুতি শুরু নির্বাচন কমিশনের।
- রোহিঙ্গা শিবির পরিদর্শনে সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার চট্টগ্রাম যাত্রা। ফেনীতে খালেদা জিয়ার গাড়িবহরে হামলা। গণমাধ্যমের গাড়িসহ বেশকিছু গাড়ি ভাঙচুর। পথে পথে বিএনপি নেতাকর্মীদের শোডাউন।
- বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার গাড়ি বহরে হামলার ঘটনাকে পাতানো ও ষড়যন্ত্র হিসেবে দাবি করেছে আওয়ামী লীগ।
- বিএনপি হারানো ক্ষমতা ফিরে পেতে ষড়যন্ত্র করছে– সিলেটের মৌলভীবাজারে এক অনুষ্ঠানে বাংলাদেশ আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ও সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের।
- উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে রজতজয়ন্তী উদযাপিত।
- প্রথমবারের মতো 'কমিউনিটি পুলিশিং ডে-২০১৭' উদযাপন অনুষ্ঠানে বক্তৃতায় স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, 'জঙ্গি, মাদক ও সন্ত্রাসবাদ নিয়ন্ত্রণে পুলিশ বাহিনীর পাশাপাশি কমিউনিটি পুলিশও জোরালো ভূমিকা পালন করছে। কমিউনিটি পুলিশ শক্তিশালী হলে নিরাপত্তা বাড়বে'।
- রোহিঙ্গাদের হামলায় পৃথক দুই ঘটনায় রামুতে এক রোহিঙ্গা যুবকের মৃত্যু এবং উখিয়ায় আহত ৫।
- মালয়েশিয়ায় সেকেন্ডহোম গড়ার নামে অর্থ পাচারের অভিযোগ অনুসন্ধানে ১,০৫০ জনের তালিকা ধরে মাঠে নেমেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। প্রাথমিক অনুসন্ধানে ২০ জন সন্দেহভাজনের নাম পাওয়া গেছে।

- মিয়ানমারের অভিবাসন শ্রম ও জনশক্তি বিষয়ক কেন্দ্রীয় মন্ত্রী মেইন সোয়ে দেশটির পার্লামেন্টের এক বৈঠকে বলেন, রাখাইন থেকে পালিয়ে বাংলাদেশে আশ্রয় নেয়া লোকদের ফিরিয়ে আনার অর্থ তাদের মিয়ানমারের নাগরিকত্ব দেয়া নয়। মিয়ানমার সরকার রাখাইনের রোহিঙ্গা মুসলিমদের দেশটির নাগরিক বলে স্বীকার করে না। তারা রোহিঙ্গাদের 'অবৈধ বাঙালি' বলে অভিহিত করে থাকে।
- স্পেনে স্বাধীনতার ঘোষণায় অটল থাকতে আহ্বান পুজদেমনের। কাতালোনিয়ায় কেন্দ্রের শাসন জারি স্পেনের। ইউরোপীয় ইউনিয়ন, যুক্তরাষ্ট্র-যুক্তরাজ্য, জার্মান, ফ্রান্সসহ আন্তর্জাতিক শক্তিগুলো স্পেনের পক্ষ নিয়ে জানায় কাতালোনিয়াকে স্বাধীন রাষ্ট্র হিসেবে তারা স্বীকৃতি দেবে না।

**২৯ অক্টোবর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে শ্রীলংকার হাইকমিশনার ইযাসুজর বিদায়ী সাক্ষাৎ। এসময় দারিদ্র্যকে দক্ষিণ এশিয়ার উন্নয়নের প্রধান শত্রু উল্লেখ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এই অঞ্চলের সকল দেশকে দারিদ্র্য নির্মূলে একসঙ্গে কাজ করার আহ্বান পুনর্ব্যক্ত করেছেন।
- আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা হত্যাচেষ্টার মামলায় নিষিদ্ধ ঘোষিত দল ফ্রিডম পার্টির কর্নেল রশিদসহ ১১ নেতাকর্মীকে ২০ বছরের কারাদণ্ড দিয়েছে আদালত। রায়ের পর্যবেক্ষণে আদালত বলেছে, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে সপরিবারে হত্যার ঘটনা আর তাঁর কন্যা শেখ হাসিনাকে হত্যার চেষ্টা 'বিচ্ছিন্ন ঘটনা নয়'।
- রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শন ও ত্রাণ বিতরণের জন্য কক্সবাজারে পৌঁছেছেন বিএনপির চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়া।
- সরকারের প্রতিষ্ঠানের কাছ থেকে বকেয়া বিদ্যুৎ বিল আদায়ে সংশিষ্ট মন্ত্রণালয় ও বিভাগগুলোর সচিবদের কাছে আধা সরকারি পত্র (ডিও লেটার) পাঠানোর সিদ্ধান্ত নিয়েছে বিদ্যুৎ বিভাগ।
- অকাল বন্যায় ক্ষতিগ্রস্ত হাওরের ছয় জেলার তিন লাখ ৮০ হাজার পরিবারকে আরো তিন মাস চাল দেবে সরকার।
- মিয়ানমারে রাখাইন প্রদেশের মানুষের মাঝে জাতীয়তা যাচাইকরণ প্রক্রিয়া শুরু করেছে মিয়ানমার সরকার। ১ অক্টোবর শুরু হওয়া এই প্রকল্পে এ পর্যন্ত সাত হাজার রোহিঙ্গাকে ভেরিফিকেশন কার্ড দেয়া হয়।



- রাশিয়ার সেন্টপিটার্সবার্গে সম্প্রতি অনুষ্ঠিত ইন্টার পার্লামেন্টারি ইউনিয়ন-আইপিইউ'র ১৩৭তম সম্মেলনে রোহিঙ্গা সংকট নিয়ে বাংলাদেশের প্রস্তাব পাস। বাংলাদেশের এই প্রস্তাবের পক্ষে ভোট পড়েছিল ১০২৭, এর বিপরীতে মিয়ানমারের আনা প্রস্তাবের পক্ষে ভোট পড়ে মাত্র ৪৭টি।

**৩০ অক্টোবর**

- মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়নের হার বেড়েছে। চলতি বছরের জুলাই থেকে সেপ্টেম্বর মাসে মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়নের হার গত বছরের একই সময়ের চেয়ে ৯ দশমিক ৪৬ শতাংশ বৃদ্ধি পেয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে ২০১৭ সালের তৃতীয় ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর) প্রতিবেদন উপস্থাপন। সভায় সম্প্রতি তাইওয়ানের তাইপেতে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলকে (বিসিসি) এএসওসিআইও ২০১৭ আইসিটি এডুকেশন অ্যাওয়ার্ড এবং বিসিসির বাস্তবায়িত 'ইনফো' সরকার প্রকল্পকে ২০১৭ ই-এশিয়া অ্যাওয়ার্ড (সিলভার অ্যাওয়ার্ড) এ ভূষিত করা হয়। সভার শুরুতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক পুরস্কার দুটি প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে হস্তান্তর করেন।
- কক্সবাজারের উখিয়ায় ত্রাণ বিতরণকালে বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া নির্যাতনের শিকার হয়ে পালিয়ে আসা রোহিঙ্গাদের 'মানবতার খাতিরে' ফেরত নিতে মিয়ানমার সরকারের প্রতি জোরালো আহ্বান জানিয়েছেন। এসময় তিনি আরো বলেন, বাংলাদেশের মানুষ ধনী নয়। রোহিঙ্গাদের দীর্ঘদিন এদেশে রাখা সম্ভব নয়। মিয়ানমার সরকারের সঙ্গে আলোচনা ও কূটনৈতিক তৎপরতার মাধ্যমে রোহিঙ্গাদের ফেরত পাঠানোর সমাধান খুঁজতে হবে।
- অভিযোগ অনুসন্ধানের ব্যাপারে দুর্নীতি দমন কমিশন (দুদক) অভিযোগ গ্রহণে 'গ্রেডিং পদ্ধতি' চালু করেছে। নতুন নীতিমালা প্রবর্তন। অভিযোগ অনুসন্ধানে দুদক কর্মকর্তাদের স্বেচ্ছাধীন ক্ষমতা প্রয়োগের সুযোগ থাকছে না।
- একাদশ সংসদ নির্বাচনকে সামনে রেখে নতুন রাজনৈতিক দলের নিবন্ধন কার্যক্রম শুরু করেছে নির্বাচন কমিশন (ইসি)– গণবিজ্ঞপ্তি জারি করেছে ইসি।

- রাজধানীর তেজগাঁওয়ে বিআরটিএ কার্যালয়ে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া সড়ক পথে বিশাল গাড়িবহর নিয়ে ত্রাণ দিতে যাওয়ায় রোহিঙ্গাদের ত্রাণ সরবরাহ ব্যবস্থা ভেঙ্গে পড়েছে। এর প্রভাবে কম করে হলেও সাত দিন ত্রাণ কার্যক্রমে ব্যাঘাত ঘটবে। এ সময় তিনি আরো বলেন, রোহিঙ্গা ইস্যুতে জাতিসংঘসহ সারাবিশ্ব যখন সরকারের প্রশংসা করছে, ঈর্ষান্বিত বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া তখন বলেছেন সরকার ব্যর্থ।
- ৩৪তম বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ পাঁচ প্রতিবন্ধী প্রার্থীকে ৬০ দিনের মধ্যে নিয়োগের নির্দেশ দিয়েছে হাইকোর্ট। এছাড়া সরকারি চাকরিতে প্রতিবন্ধীদের জন্য এক শতাংশ কোটা সংরক্ষণ করারও নির্দেশ দিয়েছে আদালত।
- বাল্যবিয়ের জন্য সংশ্লিষ্ট জনপ্রতিনিধিরা কেন দায়ী থাকবেন না এবং তাদের বিরুদ্ধে কেন আইনি ব্যবস্থা নেয়া হবে না তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট।
- পিঁয়াজের দাম বেড়েই চলেছে। বর্তমান খুচরা বাজারে কেজি ৭৮ টাকা। দাম বৃদ্ধির পেছনে মজুদদারী সিন্ডিকেটকে দায়ী করা হচ্ছে– বাণিজ্য মন্ত্রণালয়ে জরুরি বৈঠক।
- মিয়ানমারের রোহিঙ্গা মুসলিমদের ওপর চলমান সহিংসতা ও গণহত্যার প্রতিবাদে যুক্তরাষ্ট্রের হোয়াইট হাউসের সামনে বিক্ষোভে কয়েক হাজার মানুষের অংশগ্রহণ।
- সৌদি আরবে নারীরা আগামী বছর থেকে প্রথমবারের মতো স্টেডিয়ামে বসে খেলা দেখবেন বলে জানিয়েছেন দেশটির কর্মকর্তারা।
- স্পেন সরকার কর্তৃক বহিষ্কৃত কাতালান নেতারা কারাগারে থাকলে নির্বাচন করতে পারবেন না বলে পরিষ্কার জানিয়েছেন দেশটির কেন্দ্রীয় পররাষ্ট্রমন্ত্রী আলফোনসো দাসতিস।

**৩১ অক্টোবর**

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ মার্চের ভাষণকে ঐতিহাসিক দলিল হিসেবে স্বীকৃতি দিয়েছে জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি সংস্থা– ইউনেস্কো। সংস্থাটি বিশ্বের ৭৮টি ঐতিহাসিক ও গুরুত্বপূর্ণ দলিল, নথি ও বক্তৃতাকে এই স্বীকৃতি দেয়ার কথা আনুষ্ঠানিকভাবে ঘোষণা করেছে। ১৯৭১ সালের ৭ মার্চ ঢাকার রেসকোর্স ময়দানে যে ভাষণে বলা হয়েছিল 'এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম'– এর মধ্য দিয়ে তা বিশ্বের সম্পদ হিসেবে স্থায়ী আসন পেল।



- উত্তরায় নিম্ন আয়ের মানুষের জন্য ২০ হাজার ফ্ল্যাট নির্মাণ প্রকল্পসহ ১৫ হাজার ২২১ কোটি ৭৫ লাখ টাকা ব্যয়ে মোট আটটি প্রকল্প অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)।
- বিমান নিয়ে সরকারের উচ্চপর্যায়ের ব্যক্তিদের বাসভবনে হামলার পরিকল্পনাসহ বিভিন্ন স্থানে জঙ্গি হামলার অভিযোগে রাজধানীর মির-পুর এলাকায় অভিযান চালিয়ে বাংলাদেশ বিমানের কো-পাইলট সাব্বিরসহ চার জন গ্রেফতার।
- চট্টগ্রাম থেকে ফেরার পথে ফেনীর মহিপালে বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার গাড়িবহরের কাছে পেট্রোল বোমা হামলা, বাসে আগুন। শনিবার যারা হামলা করেছিল তারাই এই হামলা চালিয়েছে– এ অভিযোগ মির্জা ফখরুলের।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা পরবর্তী নির্বাচনের জন্য নয়, পরবর্তী জেনারেশনের জন্য রাজনীতি করেন– রাজশাহীতে এক মতবিনিময় সভায় আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের।
- স্বাধীনতার ইতিহাস বিকৃত করে ভিডিও শেয়ার। ঢাকায় নিযুক্ত পাকিস্তানের হাইকমিশনারকে তলব, প্রতিবাদ বাংলাদেশের। নিঃশর্ত ক্ষমা প্রার্থনা করতে পাকিস্তানের প্রতি আহ্বান।
- নির্বাহী বিভাগ থেকে বিচার বিভাগ পৃথকীকরণের ১০ বছর পূর্তি। স্বতন্ত্র জুডিশিয়াল সার্ভিস প্রতিষ্ঠা সবচেয়ে বড় অগ্রগতি।
- মার্কিন নির্বাচনে রুশ সংযোগ। তদন্তের অগ্রগতিতে ট্রাম্পের ওপর চাপ বাড়ছে।
- জাতীয় সমাজতান্ত্রিক দলের (জাসদ) ৪৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত।

## নভেম্বর

### ১ নভেম্বর

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা এক বিবৃতিতে বলেছেন, বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ মার্চের ভাষণকে ইউনেস্কোর স্বীকৃতি বাঙালি জাতি ও বাংলা ভাষার জন্য বিশাল গৌরবের। ভাষণটিকে বিশ্ব আন্তর্জাতিক রেজিস্টার স্মারকে (মেমোরি অব দ্য ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টার) অন্তর্ভুক্ত করায় ইউনেস্কোর মহাপরিচালক ইরিনা বোকোভাসহ সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানিয়ে প্রধানমন্ত্রী আরো বলেন, বঙ্গবন্ধুর এই ভাষণই ছিল প্রকৃত স্বাধীনতার ঘোষণা।
- কমনওয়েলথ পার্লামেন্টারি অ্যাসোসিয়েশনের (সিপিএ) ৬৩তম কমনওয়েলথ পার্লামেন্টারি কনফারেন্স (সিপিসি) ঢাকায় শুরু। চলবে ৮ নভেম্বর পর্যন্ত। অনুষ্ঠানটি উদ্বোধন হবে ৫ নভেম্বর। পদাধিকারবলে সিপিএর চিফ প্যাট্রন যুক্তরাজ্যের রাণী এলিজাবেথ।
- কোচিং বাণিজ্য ঠেকাতে ২৪টি সরকারি বিদ্যালয়ের প্রায় সাড়ে পাঁচশ' শিক্ষককে বদলির সুপারিশ করেছে দুদক।
- দেশব্যাপী জাতীয় আয়কর মেলা-২০১৭ শুরু। ঢাকাসহ সব বিভাগীয় শহর, জেলা গুরুত্বপূর্ণ উপজেলা শহরে এ মেলা অনুষ্ঠিত হবে।
- দেশজুড়ে অষ্টম শ্রেণির শিক্ষার্থীদের জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষা (জেএসসি) ও মাদ্রাসা শিক্ষার্থীদের জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা শুরু। অষ্টমবারের মতো অনুষ্ঠিত এ পরীক্ষায় এবার অংশ নেবে সারাদেশের ২৪ লাখ ৬৮ হাজার ৮২০ শিক্ষার্থী। দেশের ২৮ হাজার ৬২৮টি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরা এ পরীক্ষা দেবে।
- ভোলা জেলার বোরহানউদ্দিন উপজেলার শাহবাজপুরে নতুন কূপ থেকে পরীক্ষামূলক গ্যাস উত্তোলন শুরু।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার কার্যালয়ের নিরাপত্তায় নিয়োজিত হয়েছে পুলিশের বিশেষায়িত ইউনিট স্পেশাল সিকিউরিটি অ্যান্ড প্রোটেকশন ব্যাটেলিয়ন (এসপিবিএন)।
- যুক্তরাষ্ট্রের সাময়িকী ফোর্বসের তালিকা প্রকাশ– বিশ্বের ক্ষমতাধর নারীর তালিকায় শেখ হাসিনা ৩০তম। গত বছর তাঁর অবস্থান ছিল ৩৬তম।
- সচিবালয়ে 'কৃষি সম্প্রসারণ বাতায়ন' উদ্বোধন করলেন কৃষিমন্ত্রী। এসময় তিনি বলেন, এবার দেশের কৃষি খাত আসছে ডিজিটাল সেবার আওতায়।
- নিউইয়র্কের ম্যানহাটনে সাইকেল চালানোর রুটে ট্রাক তুলে দিয়ে ৮ জনকে হত্যা এবং আহত কমপক্ষে ১৩ জন।
- নাজমুল হাসান পাপন এমপি দ্বিতীয়বারের মতো বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) সভাপতি নির্বাচিত।



### ২ নভেম্বর

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ রাজশাহী সেনানিবাসে বাংলাদেশ সেনাবাহিনী-১ প্যারা কমান্ডো ব্যাটেলিয়নের জাতীয় পতাকা প্রদান অনুষ্ঠানে বলেন, যে কোন পরিস্থিতি মোকাবিলায় আপনাদের সদা প্রস্তুত থাকতে হবে। বাংলাদেশের সেনাবাহিনীর প্রতিটি সদস্যকে যোগ্যতায় এবং অভিজ্ঞতায় আন্তর্জাতিক মানের হতে হবে। মেধা ও দক্ষতার সমন্বয় ঘটিয়ে সেনাবাহিনীকে দেশ ও জাতির জন্য কাজ করতে হবে। রাষ্ট্রপতি আরো বলেন, বাংলাদেশ সেনাবাহিনী দেশের আস্থা ও গর্বের প্রতীক। আর সেনাবাহিনীর স্পেশাল ফোর্সের সদস্যরা দেশের চৌকস, সুশৃঙ্খল ও দুঃসাহসী সেনানী।
- রাজধানীর এক সেমিনারে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, আগামী একাদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে বিএনপির সঙ্গে কোন ধরনের সমঝোতার বা সংলাপের সুযোগ নেই। সমঝোতার পথ তারা নিজেরাই বন্ধ করেছেন।
- জিয়া অরফানেজ ট্রাস্ট দুর্নীতি মামলায় আদালতে আত্মপক্ষ সমর্থন করে বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া বলেছেন, রাজনৈতিক অসদুদ্দেশ্যে আমাকে রাজনৈতিক অঙ্গন থেকে সরাতে এবং নির্বাচনে অযোগ্য ঘোষণা করতে ক্ষমতাসীনরা নীল নকশা প্রণয়ন করেছে।
- জিয়া অরফানেজ ট্রাস্ট ও জিয়া চ্যারিটেবল ট্রাস্ট দুর্নীতি মামলায় বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার স্থায়ী জামিনের আবেদন নাকচ করেছে আদালত।
- ফেনীতে বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার গাড়িবহরে হামলার ঘটনায় আদালতে ছাত্রদল নেতার স্বীকারোক্তিমূলক জবানবন্দি।
- ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) রেজিস্ট্রার কার্যালয়ের বিজ্ঞপ্তি: রেজিস্টার্ড গ্র্যাজুয়েটদের মধ্য থেকে ২৫ জন প্রতিনিধি নির্বাচনের তফসিল ঘোষণা।
- রাজধানীর পুরান ঢাকার বিশ্বজিৎ হত্যা মামলায় হাইকোর্টের দেয়া রায়ের বিরুদ্ধে আপিল করবে রাষ্ট্রপক্ষ।
- রাজধানীর এক হোটেলে কমনওয়েলথ পার্লামেন্টারি অ্যাসোসিয়েশন (সিপিএ) স্মল ব্রাঞ্চেস সম্মেলন উদ্বোধনকালে সিপিএ নির্বাহী কমিটি চেয়ারপারসন ও জাতীয় সংসদের স্পিকার শিরীন শারমিন চৌধুরী বলেছেন, জনগণের ক্ষমতায়নের স্বচ্ছতা ও জবাবদিহিতার পাশাপাশি সুশাসন নিশ্চিত করতে সিপিএ'র পার্লামেন্টগুলো কাজ করছে।

- রোহিঙ্গা ইস্যুতে রাজধানীতে গণমাধ্যম কূটনৈতিক প্রতিনিধিদের সংগঠন ডিকাব আয়োজিত অনুষ্ঠানে বাংলাদেশে জাতিসংঘের বিদায়ী আবাসিক সমন্বয়কারী রবার্ট ওয়াটকিনস বলেন, রোহিঙ্গাদের রাখাইনে ফেরাতে জাতিসংঘসহ আন্তর্জাতিক চাপ অব্যাহত রয়েছে।
- মিয়ানমার সরকারের মুখপাত্র জানিয়েছেন, রোহিঙ্গাদের ওপর ২৫ আগস্ট থেকে সেনা অভিযান শুরুর পর আন্তর্জাতিক চাপের মুখে অবশেষে প্রথমবারের মতো রাখাইন অঞ্চল সফর করলেন মিয়ানমারের সরকারপ্রধান অং সান সুচি। এসময় সুচি মুসলিম নেতাদের শুধু তিনটি বিষয় বলেছেন, তাদের শান্তিপূর্ণভাবে বসবাস করতে হবে, সরকার তাদের সহায়তা করবে এবং নিজেদের মধ্যে বিবাদ করা উচিত হবে না।
- ভারত থেকে সমুদ্রপথে প্রথমবার সরাসরি মিনি ট্রাকের চালানবোঝাই জাহাজ মংলা সমুদ্রবন্দরে পৌঁছেছে।
- পাপুয়া নিউগিনির ম্যানাস দ্বীপের শরণার্থী কেন্দ্রে খাবার ও পানীয় ছাড়া ছয়শ' শরণার্থীর মানবেতর জীবনযাপনকে অস্ট্রেলিয়ার জন্য 'লজ্জাজনক' বলে মন্তব্য করেছে অস্কারজয়ী অভিনেতা রাসেল ক্রো।
- ইরানের সর্বোচ্চ ধর্মীয় নেতা আয়াতুল্লাহ আলী খোমেনী বলেছেন, ইরানের এক নম্বর শত্রু যুক্তরাষ্ট্র। তিনি আরো বলেন, তেহরান কখনোই বহুজাতিক পরমাণু চুক্তির বিষয়ে ওয়াশিংটনের চাপের কাছে নতি স্বীকার করবে না।
- যৌন নিপীড়নের অভিযোগে ব্রিটিশ প্রতিরক্ষামন্ত্রী স্যার মাইকেল ফ্যালনের পদত্যাগ।
- ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত রাজনৈতিক নেতাদের আজীবন নির্বাচনে অংশগ্রহণের অধিকার কেড়ে নেয়ার জন্য সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছে ভারতের কেন্দ্রীয় নির্বাচন কমিশন।

**৩ নভেম্বর**

- সারাদেশে শোকাবহ 'জেলহত্যা দিবস' উদযাপিত।
- জেলহত্যা দিবস উপলক্ষ্যে রাজধানীর খামারবাড়িতে আওয়ামী লীগ আয়োজিত আলোচনাসভায় আওয়ামী লীগের নেতৃবৃন্দ বলেছেন, আগামী জাতীয় সংসদ নির্বাচন সংবিধান অনুযায়ী বর্তমান সরকারের অধীনে হবে, বিএনপির সঙ্গে এ নিয়ে কোন আলোচনা নয়।
- সাবেক রাষ্ট্রপতি আবদুর রহমান বিশ্বাস (৯৩) ইন্তেকাল করেছেন। তাঁর মৃত্যুতে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদসহ বিভিন্ন রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক নেতৃবৃন্দ শোক প্রকাশ করেছেন।



- 'বিএনপি নির্বাচনে যাবেই পারলে ঠেকান'– জাতীয় প্রেস ক্লাবে আলোচনাসভায় বিএনপির স্থায়ী কমিটির সদস্য ব্যারিস্টার মওদুদ আহমদ দলের নেতাকর্মীদের আগামী সংসদ নির্বাচনের প্রস্তুতি নেয়ার আহ্বান জানান।
- রাজধানীর এক হোটেলে বাংলাদেশ সুইজারল্যান্ড সম্পর্কের ৪৫ বছর পূর্তি উদযাপিত।
- ভারতের পশ্চিমবঙ্গ রাজ্যের বিধানসভার স্পিকার বিমান বন্দ্যোপাধ্যায়ের ৬৭ বছর পর বরিশালে জন্মভিটা পরিদর্শন। ঢাকায় সিপিএ সম্মেলনে যোগ দিতে তিনি বাংলাদেশে এসেছেন।
- দেশের দ্বিতীয় বৃহত্তম 'আশুগঞ্জ-ভৈরব' মেঘনা নদীতে নবনির্মিত দ্বিতীয় ভৈরব রেলসেতুতে পরীক্ষামূলক ট্রেন চলাচল শুরু।
- জাতিসংঘের শরণার্থী বিষয়ক সংস্থা ইউনাইটেড নেশন হাইকমিশনার ফর রিফিউজিসের (ইউএনএইচসিআর) রোহিঙ্গাসহ বিশ্বের প্রায় ৩০ লাখ বেশি মানুষকে নাগরিকত্ব বা জাতিগত পরিচয় দেয়ার আহ্বান জানিয়েছেন।
- দক্ষিণ চীন সাগরের বিরোধ মেটাতে চীন ও ভিয়েতনাম ঐকমত্য পোষণ করেছে বলে জানান বেইজিংয়ের এক শীর্ষ কূটনীতিক।
- বুলাওয়েতে জিম্বাবুয়ে-ওয়েস্ট ইন্ডিজ দুই ম্যাচের টেস্ট সিরিজ শেষে পূর্ণাঙ্গ র‍্যাংকিং প্রকাশ করেছে আইসিসি। বাংলাদেশের ক্রিকেটার সাকিবই শীর্ষ অলরাউন্ডার।

**৪ নভেম্বর**

- সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় ৬৩তম কমনওয়েলথ পার্লামেন্টারি কনফারেন্সের (সিপিসি) উদ্বোধনী অনুষ্ঠানে ভাষণে প্রধানমন্ত্রী ও সিপিএ ভাইস প্যাট্রন শেখ হাসিনা, রাখাইনে রোহিঙ্গাদের ওপর নির্যাতন বন্ধ করতে এবং বাংলাদেশে পালিয়ে আসা রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে মিয়ানমারের ওপর চাপ প্রয়োগের জন্য কমনওয়েলথভুক্ত দেশগুলোর সংসদ সদস্যদের প্রতি আহ্বান জানিয়েছেন।
- 'উৎপাদনমুখী সমবায় করি, উন্নত বাংলাদেশ গড়ি' প্রতিপাদ্য নিয়ে সারাদেশে ৪৬তম জাতীয় সমবায় দিবস-২০১৭ উদযাপিত। দিবসটি উপলক্ষ্যে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন।
- সংবিধানের ষোড়শ সংশোধনী বাতিলের রায় পুনর্বিবেচনার (রিভিউ) আবেদন চলতি মাসেই– অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলমের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের আইনমন্ত্রী আনিসুল হক।

- রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের নকশা ও নির্মাণকাজের লাইসেন্স প্রদান করেছে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বিএইআরএ)। বিশ্ব পরমাণু ক্লাবে যুক্ত হলো বাংলাদেশ।
- বরিশালে সমাবেশে পশ্চিমবঙ্গ রাজ্য বিধানসভার স্পিকার বর্ষীয়ান রাজনীতিক বিমান বন্দ্যোপাধ্যায় সাংবাদিকদের সঙ্গে মত বিনিময়কালে বলেন, 'বাংলাদেশ ভারতের সম্প্রীতির সম্পর্ক ঐতিহাসিক'।
- প্যারিসে ইউনেস্কো সদর দপ্তরে সংস্থাটির ৩৯তম সাধারণ সম্মেলনে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেন, আঞ্চলিক ও বিশ্বশান্তি রক্ষায় বাংলাদেশ প্রতিশ্রুতিবদ্ধ।
- রাজধানীর সেগুনবাগিচায় এক সেমিনারে খাদ্যমন্ত্রী অ্যাডভোকেট কামরুল ইসলাম রোহিঙ্গা ইস্যুতে বলেন, আগামী নির্বাচনকে ঘিরে একটি শক্তি রোহিঙ্গাদের বিভিন্ন রকমের অপকর্মে জড়ানোর চেষ্টা করছে। এজন্য রোহিঙ্গাদের এদেশে বেশিদিন রাখা সম্ভব নয়।
- উত্তর কোরিয়াকে পরমাণু প্রকল্প থেকে দূরে রাখার লক্ষ্যকে সামনে রেখে এশিয়া সফর শুরু করেছে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।
- কংগ্রেস উইপোকার মতো, তাদের উপড়ে ফেলতে হবে– ভারতের হিমাচলে নির্বাচনী সমাবেশে দেশটির প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি।
- নৌকাযোগে ইউরোপে যাওয়ার সময় একদিনে ভূমধ্যসাগরে অভিযানে ৭০০ অভিবাসন প্রত্যাশীসহ ২৩ মৃতদেহ উদ্ধার করেছে ইতালির কোস্টগার্ড।

**৫ নভেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে যুক্তরাষ্ট্রের সফররত রাজনীতি বিষয়ক আন্ডার সেক্রেটারি অব স্টেট টমাস এ শেনন সাক্ষাৎকালে বলেন, রোহিঙ্গা ইস্যুতে যুক্তরাষ্ট্র বাংলাদেশকে সমর্থন দিয়ে যাবে। জোরপূর্বক বিতাড়িত নাগরিকদের বাংলাদেশ থেকে ফেরত নিতে যুক্তরাষ্ট্র মিয়ানমারের ওপর চাপ ও আলোচনা অব্যাহত রাখবে। এদিকে রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় বাংলাদেশ-যুক্তরাষ্ট্র অংশীদারী সংলাপ শেষে যৌথ প্রেস ব্রিফিংয়ে শ্যানন বলেন, মিয়ানমারকে শাস্তি নয়, রোহিঙ্গা সংকটের সুষ্ঠু সমাধান চায় যুক্তরাষ্ট্র। মিয়ানমারের বিরুদ্ধে কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের চেয়ে কূটনৈতিক উপায়ে সমাধানের চেষ্টা করাই শ্রেয়।



- কক্সবাজারে এক হোটেলে রোহিঙ্গাদের জন্য বিভিন্ন সংগঠনের দেয়া সোলার প্যানেলসহ ত্রাণসামগ্রী গ্রহণকালে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, মিয়ানমারে রোহিঙ্গা নিধন বিশ্বে সবচেয়ে বড় এবং ভয়াবহ গণহত্যা। অথচ নিজেদের অপকর্ম ঢাকতে দেশটি আবোল-তাবোল বকছে।
- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে বঙ্গভবনে বাংলাদেশের প্রধান বিচারপতির কার্যভার পালনরত বিচারপতি মো. আবদুল ওয়াহহাব মিঞার নেতৃত্বে সুপ্রিম কোর্টের আপিল বিভাগের বিচারপতিগণের সাক্ষাৎ। এসময় রাষ্ট্রপতি বিচার বিভাগকে জনগণের বিচার পাওয়ার শেষ আশ্রয়স্থল উল্লেখ করে ন্যায়বিচার নিশ্চিত করতে সুপ্রিম কোর্টসহ সকল স্তরের বিচারকগণ ন্যায়নিষ্ঠভাবে কাজ করবেন বলে আশা প্রকাশ করেছেন।
- রংপুর সিটি নির্বাচন তফসিল ঘোষণা। মনোনয়নপত্র দাখিলের শেষদিন ২২ নভেম্বর, ভোট ২১ ডিসেম্বর।
- সারাদেশে হাইড্রোলিক হর্ন বন্ধের নির্দেশ দিয়েছেন হাইকোর্ট।
- 'যাবজ্জীবন দণ্ড মানেই আমৃত্যু কারাবাস' সুপ্রিম কোর্টের আপিল বিভাগের এ রায় পুনর্বিবেচনা চেয়ে রিভিউ পিটিশন দাখিল।
- ঢাকায় ৯৬ শতাংশ বাসে অতিরিক্ত ভাড়া আদায়ের অভিযোগ। যাত্রী কল্যাণ সমিতির ১২-দফা সুপারিশ।
- পটুয়াখালীর পায়রায় সর্ববৃহৎ বিদ্যুৎকেন্দ্র নির্মাণে জার্মান কোম্পানির সঙ্গে চুক্তি স্বাক্ষরিত। এ প্রকল্পে নির্মাণ ব্যয় ধরা হয়েছে ২ দশমিক ৮ বিলিয়ন ডলার (২২ হাজার ৪০০ কোটি টাকা)।
- যুবরাজ মোহাম্মদ বিন সালমানের নেতৃত্বে সৌদি আরবে দুর্নীতি দমন কমিটি গঠন। ১৭ প্রিন্স, মন্ত্রী ও অনেক সাবেক মন্ত্রী গ্রেফতার। গ্রেফতারের তালিকায় ধনকুবের তালাল। যুবরাজ সালমানের ক্ষমতা বৃদ্ধি। শেয়ারবাজারে লেনদেনে ধস।
- পানামা পেপার্স কেলেঙ্কারির মতো নতুন আরেক 'প্যারাডাইস পেপার্স' কেলেঙ্কারি ফাঁস। তালিকায় ব্রিটিশ রাণী দ্বিতীয় এলিজাবেথ ও মার্কিন বাণিজ্যমন্ত্রীসহ বিশ্বের বিভিন্ন দেশের ধনীদের নাম।
- কাতালোনিয়ার স্বাধীনতা ঘোষণা দিয়ে স্পেন ছেড়ে চলে যাওয়া সাবেক প্রেসিডেন্ট কার্লোস পুজদেমনসহ পাঁচ নেতা বেলজিয়ামের ব্রাসেলসে আত্মসমর্থন করেছেন।

- জার্মানি বন শহরে সপ্তাহব্যাপী আন্তর্জাতিক জলবায়ু সম্মেলন (কপ-২৩) শুরু।
- যুক্তরাষ্ট্রের টেক্সাসে গির্জায় গুলিতে নিহত ২৭। ট্রাম্প আমলে বন্দুক হামলায় এ পর্যন্ত ৩৪৬ জন নিহত।

**৬ নভেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে বিপদগ্রস্ত প্রবাসী নারীদের সুরক্ষায় প্রয়োজনীয় সহায়তার জন্য বিশেষ বিধান যুক্ত করে নতুন 'ওয়েজ আনার্স বোর্ড আইন-২০১৭' খসড়ার চূড়ান্ত এবং পায়রায় আরো এক হাজার ৩২০ মেগাওয়াট কয়লাচালিত বিদ্যুৎকেন্দ্র নির্মাণে বাংলাদেশ ও চীনের দুই কোম্পানির উদ্যোগ যৌথ মূলধনী কোম্পানি চুক্তি অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। পাশাপাশি ফোর্বস ম্যাগাজিনের বিশ্বের ক্ষমতাধর একশ' নারীর তালিকায় ৩০ নম্বরে নাম থাকায় অভিনন্দন জানিয়েছে মন্ত্রিসভা। এছাড়া ৭ মার্চের ঐতিহাসিক ভাষণের আন্তর্জাতিক স্বীকৃতি আসার ঘটনায়ও প্রধানমন্ত্রীকে অভিনন্দন জানানো হয়।
- বঙ্গবন্ধু এভিনিউতে ২১ আগস্ট গ্রেনেড হামলায় হত্যা ও বিস্ফোরক আইনের মামলায় ষষ্ঠদিনের মতো যুক্তিতর্ক উপস্থাপন করেছে রাষ্ট্রপক্ষ। মামলার চিফ প্রসিকিউটর সৈয়দ রেজাউর রহমান যুক্তি উপস্থাপন করে বলেন, ২০০৪ সালে ২১ আগস্ট পরিচালিত হামলায় ব্যবহৃত আর্জেস গ্রেনেডগুলো ছিল ভয়াবহ সমরাস্ত্র। যুদ্ধক্ষেত্রে এ জাতীয় গ্রেনেডগুলো সমরাস্ত্র হিসেবে ব্যবহৃত হয়। বিশেষজ্ঞ পরীক্ষায় বলা হয়েছে, পাকিস্তান ও অস্ট্রিয়ায় গ্রেনেডগুলো তৈরি হয়।
- তিন ব্লগার-লেখক হত্যায় মিশনে অংশ নেয়া জঙ্গি আবু সিদ্দিক সোহেল গ্রেফতার। আদালতে স্বীকারোক্তিমূলক জবানবন্দী।
- ঢাকার পল্লবী থানার দায়ের করা বিস্ফোরকদ্রব্য আইনে মামলায় দোষী সাব্যস্ত করে চার জেএমবি জঙ্গির ১২ বছর করে কারাদণ্ড দিয়েছে আদালত।
- গাইবান্ধার গোবিন্দগঞ্জে সাঁওতাল হত্যা দিবস উদযাপিত। মুক্তিযুদ্ধে অংশ নেয়া সাঁওতালদের ভূমি অবিলম্বে ফিরিয়ে দেয়া এবং হত্যাকাণ্ডে জড়িত আসামিদের আইনের আওতায় এনে বিচার করার দাবি।
- ভারত-বাংলাদেশের প্রতিবন্ধীদের মাঝে সৌহার্দ্য-সম্প্রীতি, ঐক্য, মৈত্রী ও তাদের সার্বিক উন্নয়নে নিবেদিতভাবে কাজ করার দৃঢ় অঙ্গীকার এবং অদম্য মনোবলে প্রতিবন্ধীদের এগিয়ে যাওয়ার দৃঢ় প্রত্যয়ের মধ্য দিয়ে ব্রাহ্মণবাড়িয়ায় দু'দেশের প্রতিবন্ধীদের মৈত্রী সম্মেলন অনুষ্ঠিত।



- গুলশান কার্যালয়ে সফররত যুক্তরাষ্ট্রের রাজনীতি বিষয়ক আন্ডার সেক্রেটারি থমাস এ শ্যাননের সঙ্গে দেশের চলমান সার্বিক পরিস্থিতি, নির্বাচন ও রোহিঙ্গা ইস্যুতে বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার আলোচনা।
- বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার বিরুদ্ধে দায়েরকৃত জিয়া অরফানেজ ট্রাস্ট মামলা বিচারের শেষ পর্যায়ে। আদালত পরিবর্তনে খালেদা জিয়ার আবেদন খারিজ করে দিয়েছেন সুপ্রিম কোর্টের আপিল বিভাগ।
- রাজধানীর পুরান ঢাকায় বিশ্বজিৎ হত্যা মামলায় খালাস পাওয়া আসামির বিরুদ্ধে রাষ্ট্রপক্ষকে লিভ-টু-আপিলের নির্দেশ দিয়েছেন আপিল বিভাগ।
- জাতীয় প্রেস ক্লাবে শিল্পী হাসেম খান ও বঙ্গবন্ধু প্রফেসর মুনতাসীর মামুনকে নিজ নিজ ক্ষেত্রে অসামান্য অবদানের জন্য 'স্বাধীনতার মূলধারার সাংবাদিক সমাজ' সংবর্ধনা প্রদান করে।
- স্পেনের কাতালোনিয়া অঞ্চলের বরখাস্ত প্রেসিডেন্ট কার্লেস পুজদেমনসহ চার মন্ত্রীকে শর্তাধীন মুক্তি দিয়েছেন বেলজিয়ামের আদালত।
- ইয়েমেন সীমান্তের কাছে হেলিকপ্টার বিধ্বস্তে সৌদি প্রিন্স মনসুর বিন মুকরিনসহ বেশ কয়েকজন উচ্চপদস্থ কর্মকর্তা নিহত।
- বিপিএলের খেলা নিয়ে জুয়ায় বাধা দেয়ায় রাজধানীতে জুয়াড়িদের ছুরিকাঘাতে এক ছাত্র খুন।

**৭ নভেম্বর**

- ঘটনাবহুল ৭ নভেম্বর উদযাপিত। দিবসটিকে আওয়ামী লীগ পালন করে মুক্তিযোদ্ধা সৈনিক হত্যা দিবস হিসেবে। বিএনপি দিবসটিকে জাতীয় বিপ্লব ও সংহতি দিবস হিসেবে পালন করে। আর জাসদ এই দিনটিকে 'সিপাহী জনতার অভ্যুত্থান' দিবস হিসেবে পালন করে। দিবসটি উপলক্ষ্যে বিভিন্ন রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন পৃথক কর্মসূচি নিয়েছে।
- রাজধানীতে ৬৩ তম কমনওয়েলথ পার্লামেন্টারি কনফারেন্সের (সিপিসি)-২০১৭ সম্মেলন সমাপ্ত। সম্মেলনের সপ্তম দিনে সাধারণ অধিবেশনে ব্যালটের মাধ্যমে সিপিএ নির্বাহী কমিটির ২২ তম নতুন চেয়ারপারসন নির্বাচিত হয়েছেন ক্যামেরুনের ন্যাশনাল অ্যাসেম্বলির ডেপুটি চেয়ারম্যান এমিলিয়া মনজোবা লিফাঙ্কা। সমাপনী অধিবেশনে গৃহীত সর্বসম্মত এক যৌথ বিবৃতিতে মিয়ানমারের তীব্র নিন্দা জানিয়ে বলা হয়েছে, রোহিঙ্গা সংকট সমাধানে জরুরি পদক্ষেপ নিন। বিবৃতিতে ভূমি ও সম্পদের সীমাবদ্ধতা সত্ত্বেও রোহিঙ্গাদের আশ্রয় দেয়ায় বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তাঁর সরকারের ভূয়সী প্রশংসা।

- বঙ্গভবনে নৈশভোজে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ নবনির্বাচিত সিপিএ চেয়ারপারসন এমিলিয়া মনজোবা লিফাঙ্কাকে স্বাগত জানান। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। এসময় রাষ্ট্রপতি রোহিঙ্গা সংকট সমাধানে রাজনৈতিক ও মানবিক সমর্থন অব্যাহত রাখতে আবারও বিশ্ব নেতৃবৃন্দের প্রতি আহ্বান জানান। এদিকে, গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সিপিএ প্রতিনিধিদল সৌজন্য সাক্ষাৎ করেন।
- জাতীয় অর্থনৈতিক পরিষদের (একনেক) সম্মেলন কক্ষে একনেক চেয়ারপারসন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে চামড়া শিল্পনগরীসহ আট প্রকল্প অনুমোদন দিয়েছে একনেক।
- ২১ আগস্ট গ্রেনেড হামলায় জড়িত থাকার দোষ স্বীকার করে ফৌজদারি কার্যবিধির ১৬৪ ধারায় ১২ জন আসামি ১৩টি জবানবন্দি আদালতে পেশ করেছে।
- রোহিঙ্গাদের ওপর মিয়ানমার সেনাবাহিনীর বলপ্রয়োগ বন্ধ করার আহ্বান জানিয়েছে জাতিসংঘের নিরাপত্তা পরিষদ। রোহিঙ্গা সংকট অবসানে প্রস্তাব পাসের উদ্যোগ নিলেও রাশিয়া ও চীনের বাধা। অবশেষে সর্বসম্মত বিবৃতি। নিরাপত্তা পরিষদের বিবৃতিতে অসন্তোষ প্রকাশ মিয়ানমারের।
- উখিয়ায় রোহিঙ্গা শিবিরে অস্থিরতা সৃষ্টির চেষ্টা: ৫ বিদেশিসহ ২৬ জন আটক। মুচলেকা দিয়ে বিদেশিদের মুক্তি, ১১ জন হাজতে।
- ঢাকাসহ সারাদেশে আয়কর মেলা-২০১৭ সমাপ্ত। রেকর্ড ২২১৭ কোটি ৩৩ লাখ টাকা সংগ্রহ যা গত বছরের তুলনায় ৮৭৬ কোটি ৫৩৮ লাখ ৪১০ টাকা বেশি।
- রাশিয়ার সমাজতান্ত্রিক বিপ্লবের শতবর্ষ উদযাপন। জুলিয়ান বর্ষপঞ্জি অনুসারে ২৫ অক্টোবর ১৯১৭ এবং গ্রেগারিয়ান বর্ষপঞ্জি অনুসারে ৭ নভেম্বর ১৯১৭ সালে রাশিয়ার সেন্ট পিটার্সবার্গে কৃষক-শ্রমিক আর মেহনতি মানুষের মুক্তির লক্ষ্যে সশস্ত্র রাজনৈতিক অভ্যুত্থান সংঘটিত হয়েছিল। দিবসটি উপলক্ষ্যে অন্যান্য দেশের মতো সারাদেশে নানা কর্মসূচির আয়োজন করেছে বাম প্রগতিশীল বিভিন্ন রাজনৈতিক দল ও সংগঠন।
- জঙ্গি কার্যক্রমের দায়ে রাজধানীর ধানমন্ডিতে 'লেকহেড গ্রামার স্কুল' বন্ধ করে দিয়েছে সরকার।
- নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের মেয়র ডা. সেলিনা হায়াত আইভীকে আবারও উপমন্ত্রীর পদমর্যাদা প্রদান করেছে সরকার।



- রাজধানীর শাহজাহানপুরে শিশু জিহাদের মৃত্যুর ঘটনায় তার পরিবারকে ২০ লাখ টাকা ক্ষতিপূরণ প্রদানের হাইকোর্টের দেয়া রায় স্থগিত করেননি চেম্বার আদালত।
- সংবাদ সম্মেলনে অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলম বলেছেন, যাবজ্জীবন মানেই আমৃত্যু কারাবাস। যুদ্ধাপরাধীদের বিচারে বিশেষ আইন হয়েছে। তাই এক্ষেত্রে বিধানটি প্রযোজ্য নয়।
- আফগানিস্তানের কাবুলে এক স্থানীয় টেলিভিশন স্টেশনে আত্মঘাতী হামলায় নিহত ৫ জন।
- দুর্নীতি দমন অভিযানে সৌদি আরবে গ্রেফতারকৃত প্রিন্সসহ তার পরিবারের ১১ সদস্য এবং সাবেক-বর্তমান ১৫ সদস্য রিয়াদের বিখ্যাত রিজ কার্লটন হোটেলে বন্দিজীবন কাটাচ্ছেন।

**৮ নভেম্বর**

- খুলনায় নৌঘাঁটি বানৌজা তিতুমীরের নেভাল বার্থে যুদ্ধজাহাজ 'দুর্গম ও নিশান' এবং সাবমেরিন 'টাগ হালদা' ও 'পশু'র কমিশনিং অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেছেন, দেশে নির্মিত সর্ববৃহৎ যুদ্ধ জাহাজ ও সাবমেরিন টাগ সংযোজনের ফলে নৌবাহিনীর অগ্রযাত্রায় এক নতুন অধ্যায়ের সূচনা হয়েছে।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে নির্মীয়মাণ স্বাধীনতা স্তম্ভের মূল নকশার (তৃতীয় ধাপ) অনুমোদন দিয়েছেন। স্বাধীনতা স্তম্ভ প্রকল্পের আওতায় শিশু পার্ককে রাখা হয়েছে।
- রাজধানীর আগারগাঁওয়ে এনবিআরের নিজস্ব ভবনে দেশের সেরা করদাতাদের সম্মান জানাল এনবিআর।
- কুষ্টিয়ায় এক সমাবেশে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেন, দেশের স্বার্থে শেখ হাসিনার সঙ্গে ঐক্য ও খালেদা জিয়াকে বর্জন করতে হবে।
- রাজধানীতে একদিনে বিশ্ববিদ্যালয় শিক্ষক ও প্রকৌশলীসহ নিখোঁজ তিনজন।
- নির্বাচন পর্যবেক্ষক সংস্থা হিসেবে নিবন্ধনের জন্য ১৯৯টি সংস্থা নির্বাচন কমিশনে (ইসি) আবেদন করেছে। যার সংখ্যা পূর্বে ছিল ১২০টি।
- ভারতের নয়াদিল্লিতে মারাত্মক দূষণে বিপর্যস্ত সব স্কুল বন্ধ ঘোষণা।
- চীনে সফররত মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে উষ্ণ সংবর্ধনা দিয়েছেন দেশটির প্রেসিডেন্ট শি জিনপিং। গুরুত্ব পাচ্ছে উত্তর কোরিয়া ও বাণিজ্য ইস্যু।

- সৌদি আরবে চলমান দুর্নীতি দমন অভিযানের অংশ হিসেবে ১২ হাজার ব্যাংক অ্যাকাউন্ট জব্দ।
- যুক্তরাষ্ট্রের ভার্জিনিয়া ও নিউজার্সির গভর্নর নির্বাচনে ডেমোক্র্যাটরা জয়ী। ট্রাম্পের বিভাজনের রাজনীতির বিরুদ্ধে বড় জয়।
- তাজিকিস্তানে বাংলাদেশ অনুর্ধ্ব-১৯ জাতীয় ফুটবলে চ্যাম্পিয়নশিপে বাছাইপর্বে শ্রীলংকাকে ৪-০ গোলে হারিয়ে বাংলাদেশের জয় লাভ।

**৯ নভেম্বর**

- গণভবন থেকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা, ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ও পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি যৌথভাবে ভিডিও কনফারেন্সের মাধ্যমে খুলনা-কলকাতা রুটের ট্রেন বন্ধন এক্সপ্রেস, মৈত্রী এক্সপ্রেস, ইমিগ্রেশন হাউস ও ভৈরব রেলসেতু উদ্বোধন করেন।
- আগামী জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে নির্বাচন কমিশনের (ইসি) আইন সংস্কার কমিটি সম্প্রতি (গত ২৪ আগস্ট থেকে ১৯ অক্টোবর পর্যন্ত) ৪০টি নিবন্ধিত রাজনৈতিক দলের সুপারিশ পর্যালোচনা শুরু করেছে। নির্বাচনে গণপ্রতিনিধিত্ব আইনে থাকছে ইলেকট্রনিক ভোটিং মেশিন (ইভিএম)। ম্যাজিস্ট্রেসি ক্ষমতাসহ সেনা মোতায়েনের প্রস্তাব বাদ।
- জিয়া অরফানেজ ট্রাস্ট দুর্নীতি মামলায় আত্মপক্ষ সমর্থনে চতুর্থ দিনের বক্তব্য দিতে গিয়ে আদালতকে বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া বলেছেন, শেখ হাসিনার প্রতি প্রতিহিংসাপরায়ণ আচরণ করব না। এমনকি প্রতিহিংসার রাজনীতিও করব না।
- ঢাকা বিশ্ববিদ্যালয়ে এক অনুষ্ঠানে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, আওয়ামী লীগ সরকার বিএনপিকে রাজনৈতিক কর্মকাণ্ডে সহযোগিতা করছে। বিএনপি নিজেরাই নিজেদের প্রতিপক্ষ।
- রাজধানীর আর্মি স্টেডিয়ামে ‘ঢাকা আন্তর্জাতিক লোকসংগীত উৎসব-২০১৭’ শুরু।
- তৃতীয়বারের মতো জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি বিষয়ক সংস্থা ইউনেস্কো’র নির্বাহী পর্ষদের সদস্য নির্বাচিত হয়েছে বাংলাদেশ।
- রাজধানীর লেকহেড স্কুল খোলার অনুমতি চেয়ে হাইকোর্টে রিট করেছে স্কুল কর্তৃপক্ষ। শিক্ষার্থীদের অন্য স্কুলে ভর্তির পরামর্শ–শিক্ষা মন্ত্রণালয়ের।



- চীনে সফরকালে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের যুক্তরাষ্ট্র-চীন ২৫ হাজার কোটি ডলারের বাণিজ্য চুক্তি স্বাক্ষর। এসময় ট্রাম্প বলেন, উত্তর কোরিয়া ইস্যু আলোচনায় মেটানো সম্ভব।
- সৌদি আরবের নেতৃত্বাধীন সামরিক জোটের অবরোধের কারণে ভয়াবহ দুর্ভিক্ষের শিকার ইয়েমেন। জরুরি খাদ্য ও ত্রাণ পৌঁছাতে অবরোধ প্রত্যাহারের আহ্বান জাতিসংঘের।

**১০ নভেম্বর**

- জামালপুরের মেলান্দহ উপজেলায় হাজরাবাড়িতে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, সংবিধান অনুযায়ী ক্ষমতাসীন সরকারের অধীনেই আগামী জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে।
- ফেসবুকে ধর্ম অবমাননার স্ট্যাটাসকে কেন্দ্র করে রংপুরে হিন্দু সম্প্রদায়ের বাড়িঘরে হামলা, ভাঙচুর, আগুন, পুলিশ-জনতা সংঘর্ষে নিহত একজন। জামায়াতের বিরুদ্ধে হামলা সংঘটনের অভিযোগ।
- শহীদ নূর হোসেন দিবস উদযাপিত। দিবসটি উপলক্ষ্যে রাজধানীর জিরো পয়েন্টে নূর হোসেন চত্বরে বিভিন্ন রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের পক্ষ থেকে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন।
- রাজধানীর বিএমএ মিলনায়তনে বাংলাদেশের কমিউনিস্ট পার্টি (সিপিবি) আয়োজিত এক আন্তর্জাতিক সেমিনারে তিন দেশের বাম নেতারা বলেছেন, শোষণমুক্ত বিশ্ব গড়া সম্ভব, প্রয়োজন ঐক্য।
- কম্বোডিয়া থেকে নির্ধারিত সময়ে প্রথম দফায় চাল জাহাজীকরণে ব্যর্থ হওয়ায় চাল আমদানি চুক্তি বাতিল করে দিয়েছে বাংলাদেশ। এর বিকল্প হিসেবে ভারত থেকে আরো চাল আনার উদ্যোগ নিয়েছে সরকার।
- ঢাকা থেকে কলকাতার মধ্যে চলাচলকারী মৈত্রী এক্সপ্রেস ট্রেনে ‘অ্যান্ড টু অ্যান্ড কাস্টমস অ্যান্ড ইমিগ্রেশন সার্ভিস’ (ওয়ানস্টপ সার্ভিস) চালু করেছে বাংলাদেশ ও ভারতের রেলওয়ে কর্তৃপক্ষ।
- সৌদি আরবে যুবরাজ মোহাম্মদ বিন সালমানের নেতৃত্বে পরিচালিত দুর্নীতিবিরোধী অভিযানে এ পর্যন্ত ২০১ জন আটক ও ২০৮ জনকে জিজ্ঞাসাবাদ করা হয়েছে বলে জানিয়েছে দেশটির কর্তৃপক্ষ।
- ভিয়েতনামে এক সংবাদ সম্মেলনে মাদক বিরোধী অভিযানের নামে বিনাবিচারে হত্যা ও ধরপাকড়ের জন্য আন্তর্জাতিক অঙ্গনে সমালোচিত ফিলিপাইনের প্রেসিডেন্ট রদ্রিগো দুয়ার্তে এবার ফিলিপাইনে মানবাধিকার বিষয়ক এক বিশ্ব সম্মেলন আয়োজনের প্রস্তাব দিয়েছেন।

- সৌদিতে আকস্মিক সফরে ফরাসি প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রো। সফরকালে ম্যাক্রো সৌদি যুবরাজ মোহাম্মদ বিন সালমানের সঙ্গে বৈঠক করেন।

**১১ নভেম্বর**

- গণভবনে আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে দলের স্থানীয় সরকার মনোনয়ন বোর্ডের সভায় সর্বসম্মতিক্রমে রংপুর সিটি কর্পোরেশন নির্বাচনে আবারও আওয়ামী লীগ প্রার্থী বর্তমান মেয়র সরফুদ্দীন আহমেদ মনোনয়ন পেয়েছেন। সভায় রংপুর ও মহানগরের সর্বস্তরের নেতাকর্মীদের ঐক্যবদ্ধভাবে কাজ করার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী।
- প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার পদত্যাগ। সিঙ্গাপুরের বাংলাদেশ হাইকমিশনের মাধ্যমে পাঠানো পদত্যাগপত্র গ্রহণ করেছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। এদিকে সাংবাদিকদের আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, রাষ্ট্রপতি নতুন প্রধান বিচারপতি নিয়োগ না দেয়া পর্যন্ত ভারপ্রাপ্ত প্রধান বিচারপতির দায়িত্ব পালন করবেন মোহাম্মদ আবদুল ওয়াহ্‌হাব মিঞা।
- যুবলীগের ৪৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত। দিবসটি উপলক্ষ্যে রাজধানীতে বর্ণাঢ্য শোভাযাত্রা করেছে যুবলীগ।
- ঢাকা বিশ্ববিদ্যালয়ে এক অনুষ্ঠানে সাংবাদিকদের আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে বিএনপি সমাবেশে কোন ধরনের বিশৃঙ্খলা হলে আইন শৃঙ্খলা বাহিনী কঠোর ব্যবস্থা নিতে বাধ্য হবে। তবে সমাবেশ শান্তিপূর্ণ হলে সরকার সহযোগিতা করবে।
- প্রায় দুই বছর পর সরকারের ২৩ শর্তে রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে বিএনপি সমাবেশের লিখিত অনুমতি পেল।
- ফেসবুক স্ট্যাটাসকে কেন্দ্র করে রংপুরের পাগলপীর ও গঙ্গাচড়া ইউনিয়নের ঠাকুরপাড়ার হিন্দু সম্প্রদায়ের বাড়িতে আগুন। রংপুরে জামায়াত নেতাসহ ৫৩ জন গ্রেফতার। দুই থানায় মামলা।
- নির্যাতনের শিকার বাংলাদেশে আশ্রয় নেয়া রোহিঙ্গাদের রাখাইনে নীতিগতভাবে ফিরিয়ে নিতে সে বিষয়ে প্রমাণপত্রসহ চারটি কড়া শর্ত দিয়েছে মিয়ানমার সরকার।
- বাংলাদেশ, ভারত, ইরান ও মালি এই চার দেশের সুরে বাংলাদেশ আর্মি স্টেডিয়ামে শেষ হলো আন্তর্জাতিক লোক সংগীত উৎসব।



- ভিয়েতনামে এশিয়া প্যাসিফিক ইকোনমিক কো-অপারেশন (এপেক) শীর্ষ সম্মেলনে সাক্ষাৎকালে 'সিরিয়া আইএস সংকট ও গৃহযুদ্ধ' বন্ধে ঐক্যমত পোষণ করেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন।
- রাজধানীর মিরপুর শেরেবাংলা স্টেডিয়ামে রংপুর রাইডার্সকে হারিয়ে ১৬.৪ ওভারে দুই উইকেটে ১৩৮ রানে রাজশাহীর প্রথম জয়লাভ।
- আন্তর্জাতিক প্রীতি ম্যাচে ফ্রান্স ২-০ গোলে ওয়েলসকে এবং পর্তুগাল ৩-০ গোলে সৌদি আরবকে পরাজিত করে।

**১২ নভেম্বর**

- স্পিকার ড. শিরীন শারমিনের সভাপতিত্বে ১০ম জাতীয় সংসদের ১৮তম ও চলতি বছরের শেষ অধিবেশন শুরু। অধিবেশন পরিচালনার জন্য ৫ সদস্যের সভাপতিমণ্ডলী মনোনয়ন দেয়া হয়। এরপর সর্বসম্মতিক্রমে শোক প্রস্তাব গৃহীত হয়েছে।
- দেশের বিভিন্ন খাতের শীর্ষ ১৬৪ রপ্তানিকারককে বাণিজ্যিকভাবে গুরুত্বপূর্ণ ব্যক্তি (সিআইপি) ঘোষণা করেছে সরকার। রাজধানীর এক হোটেলে এসব ব্যবসায়ীদের হাতে সিআইপি কার্ড তুলে দেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ।
- রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে দলীয় সমাবেশে আগামী সংসদ নির্বাচন প্রসঙ্গে বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া বলেন, দলীয় সরকারের অধীনে নির্বাচন নয়। এ সময় তিনি ইভিএম বাতিল ও ভোটের সময় সেনা মোতায়েন করার দাবি জানান।
- আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার রাজনৈতিক কার্যালয়ে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, বিএনপি চেয়ারপারসনের সমাবেশে দেয়া বক্তব্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি অন্ধ আক্রোশের বহিঃপ্রকাশ। এসময় নির্দলীয় সরকারের অধীনে খালেদা জিয়ার নির্বাচন দাবির বিষয়ে ওবায়দুল কাদের আরো বলেন, নির্বাচন হবে নির্বাচন কমিশনের (ইসি) অধীনে। পৃথিবীর অন্য দেশগুলোতে যেভাবে হয়।
- রাজধানীর আগারগাঁওস্থ নির্বাচন ভবনে জঙ্গি হামলার আশঙ্কায় নিরাপত্তা জোরদারে পুলিশ মহাপরিচালককে চিঠি দিয়েছে নির্বাচন কমিশন (ইসি)।
- শিশু আইন-২০১৩ সংশোধনে সরকারকে আগামী ১৫ জানুয়ারি পর্যন্ত সময় দিয়েছেন হাইকোর্ট।

- সরকারি ও বেসরকারি স্কুলের জন্য নতুন শিক্ষাবর্ষে ভর্তির নীতিমালা চূড়ান্ত করেছে শিক্ষা মন্ত্রণালয়। এই বিধানে সকল শ্রেণির ভর্তি পরীক্ষায় বোর্ডের পাঠ্যবই থেকেই প্রশ্ন করতে হবে। প্রথম শ্রেণিতে যথারীতি লটারির মাধ্যমে ভর্তি বাধ্যতামূলক।
- ২০১৮ সালের সরকারি ছুটির তালিকা প্রকাশ করেছে জনপ্রশাসন মন্ত্রণালয়।
- কক্সবাজার রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শন শেষে রাজধানীতে এক হোটেলে সাংবাদিকদের জাতিসংঘ বিশেষ দূত প্রমীলা প্যাটেল বলেছেন, মিয়ানমারের সেনারা রাখাইনে রোহিঙ্গা নারীদের ওপর ব্যাপকহারে যৌন সহিংসতা চালিয়েছে।
- ব্রিটেনের প্রধানমন্ত্রী থেরেসা মে'র বিরুদ্ধে অনাস্থা আনতে একজোট হয়েছেন ব্রিটিশ পার্লামেন্টের ৪০ এমপি।
- স্পেনের স্বাধীনতাকামী কাতালোনিয়ায় আটক নেতাদের মুক্তি ও স্বায়ত্তশাসন বাতিলের প্রতিবাদে বিক্ষোভ সমাবেশে লাখ লাখ মানুষ। এদিকে সমাবেশ শেষে কাতালোনিয়া সফর করেন স্পেনের প্রধানমন্ত্রী মারিয়ানো রাহয়। এসময় তিনি 'বিচ্ছিন্নতাবাদ ধস' প্রতিরোধে সবাইকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান।
- ইরাকের হাবিজা শহরে গণকবরে ৪০০ মৃতদেহ আছে বলে জানিয়েছে দেশটির নিরাপত্তা বাহিনী। এলাকাটি দীর্ঘদিন আইএসের দখলে ছিল।

**১৩ নভেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে তাঁর কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে আবহাওয়া আইন-২০১৭ খসড়া অনুমোদন এবং 'দ্য সুগার (রোড ডেভেলপমেন্ট সেজ) অর্ডিন্যান্স-১৯৬০' রহিত সিদ্ধান্ত নিয়েছেন সরকার। সভার শুরুতেই প্রধানমন্ত্রী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ নিয়ে ই-বুক অ্যাপের উদ্বোধন করেন। এছাড়া সভায় প্রধানমন্ত্রী নিয়মিত করদাতা হিসেবে জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) আয়কর পরিচয়পত্র বা কর কার্ড গ্রহণ করেছেন।
- মুক্তিযুদ্ধবিষয়কমন্ত্রী অ্যাডভোকেট আ ক ম মোজাম্মেল হক জাতীয় সংসদে প্রশ্নোত্তরপর্বে সরকার ও বিরোধীদলের সম্পূরক প্রশ্নের জবাবে বলেন, আদালতের কারণে তালিকা থেকে অমুক্তিযোদ্ধাদের বাদ দেয়া যাচ্ছে না। এসময় তিনি আরো বলেন, মুক্তিযোদ্ধা তালিকা শিগগিরই ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং এই তালিকায় প্রকৃত মুক্তিযোদ্ধার নাম বাদ পড়লে তাঁকে তালিকাভুক্তির জন্য আবেদনের সুযোগ দেয়া হবে।



- জাতীয় প্রেস ক্লাবে এক অনুষ্ঠানে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বিএনপিকে উদ্দেশ্য করে বলেছেন, দেশে যারা সাম্প্রদায়িক শক্তির পৃষ্ঠপোষকতা করেছে, জঙ্গিবাদের বিস্তার ঘটিয়েছে তাদের মুখে রাজনীতিতে গুণগত পরিবর্তন আনার কথা ভূতের মুখে রাম নাম ছাড়া আর কিছু নয়।
- বাংলাদেশের নাগরিকরা ঘোষণা ছাড়াই পাঁচ হাজার মার্কিন ডলার সঙ্গে রাখতে পারবেন– মর্মে বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন জারি।
- মিয়ানমারের নেপিডো'তে বাংলাদেশ বর্ডার গার্ড (বিজিবি) ও মিয়ানমার পুলিশ ফোর্সের (এমপিএফ) শীর্ষপর্যায়ের কর্মকর্তাদের মধ্যে ছয় দিনব্যাপী সীমান্ত সম্মেলন শুরু।
- রাজধানীর আগারগাঁওস্থ নির্বাচন ভবনে সাংবাদিকদের নির্বাচন কমিশনার (ইসি) মাহবুব তালুকদার– আগামী জাতীয় নির্বাচনে সেনাবাহিনী মোতায়েন করবে ইসি। তবে ইলেট্রনিক ভোটিং মেশিন (ইভিএম) ব্যবহার সম্ভম হবে না।
- ফিলিপাইনের ম্যানিলায় দক্ষিণ-পূর্ব এশীয় দেশগুলোর জোট ৩১তম আসিয়ান সম্মেলনের প্রস্তাবিত খসড়া ঘোষনায় রোহিঙ্গা ইস্যু নেই। বাংলাদেশের সঙ্গে চুক্তি সইয়ের তিন সপ্তাহের মধ্যে রোহিঙ্গাদের ফিরিয়ে নেয়ার কথা জানান মিয়ামারের স্টেট কাউন্সিলর অং সান সুচি।
- ইরাক-ইরানের সীমান্তবর্তী এলাকায় ভূমিকম্পে নিহত ৪ শতাধিক, আহত হয়েছে ৬ হাজারের বেশি।
- ১৯৭১ সালে 'কনসার্ট ফর বাংলাদেশ' সাহিত্যে নোবেল জয়ী বব ডিলানের গিটার চার লাখ ডলারে বিক্রি হয়েছে।

**১৪ নভেম্বর**

- বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ আন্তর্জাতিক স্বীকৃতি লাভ করায় ইউনেস্কোকে ধন্যবাদ জানিয়ে সংসদে আনা প্রস্তাবের ওপর আলোচনায় অংশ নিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, ৭ মার্চের ভাষণ বাঙালি জাতির অস্তিত্ব ও ইতিহাস। এই ভাষণ বিশ্বে শোষিত বঞ্চিতদের আজও অনুপ্রাণিত করে।
- প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার পদত্যাগপত্র রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ গ্রহণ করেন। প্রজ্ঞাপনের জন্য বঙ্গভবন তা আইন মন্ত্রণালয়ে পাঠিয়েছেন।

- এনইসি সম্মেলন কক্ষে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) চেয়ারপারসন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বরিশালে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নামে নতুন সেনানিবাস নির্মাণসহ ১০টি প্রকল্পের চূড়ান্ত অনুমোদন দিয়েছে একনেক।
- রাজধানীর বঙ্গবন্ধু এভিনিউয়ে আওয়ামী লীগ কার্যালয়ে এক সভায় আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের– স্বাধীনতার ঘোষকের পাশে ঘোষণাপত্রের পাঠককে বসানোর ষড়যন্ত্র হয়েছিল।
- পুলিশ সদর দপ্তরে মুক্তিযুদ্ধে প্রথম প্রতিরোধ যোদ্ধাদের সম্মাননা প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেন, মুক্তিযুদ্ধে পুলিশের ভূমিকা অনস্বীকার্য।
- সচিবালয়ে এক সংবাদ সম্মেলনে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু– সংবিধান অনুযায়ী বর্তমান প্রধানমন্ত্রীর অধীনে নির্বাচনে অংশ না নেয়ার ঘোষণা দিয়ে বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া 'ভূতের সরকার' প্রতিষ্ঠার ষড়যন্ত্র করছেন।
- পশ্চিমবঙ্গের রসগোল্লা মিষ্টির ভারতের জিওগ্রাফিক্যাল আইডেন্টিফিকেশন (জিআই) লাভ।
- দেশে ফেরার আগে এশিয়া সফর খুবই সফল হয়েছে দাবি মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের।
- ফিলিপাইনের প্রেসিডেন্টের সঙ্গে যৌথ বিবৃতি দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। বিবৃতিতে রাখাইনে রোহিঙ্গাদের বিরুদ্ধে সহিংসতা বন্ধ নিশ্চিত করার আহ্বান।

**১৫ নভেম্বর**

- জাতীয় সংসদের ১৮ তম অধিবেশনের ৪র্থ কার্যদিবসে প্রশ্নোত্তরপর্বে রোহিঙ্গা ইস্যুতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, রোহিঙ্গা নিয়ে নজিরবিহীন সংকটে দেশ। আন্তর্জাতিক সহযোগিতায়ই সমাধান হবে। রোহিঙ্গা সংকটের সুযোগ নিয়ে কেউ দেশে অশান্তি, উস্কানি কিংবা সংঘাতে জড়ালে কঠোর পদক্ষেপ নেয়া হবে।
- আগামী জাতীয় সংসদ নির্বাচন ইস্যুতে সাংবাদিকদের প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) খান মো. নুরুল হুদা বলেন, প্রতিটি জাতীয় নির্বাচনেই সেনাবাহিনী থাকে। তবে কমিশন বৈঠকে সেনা মোতায়েনের বিষয়ে সিদ্ধান্ত হয়নি। নির্বাচনে ইভিএম ব্যবহারের প্রস্তুতি নেই।
- জাতীয় সংসদে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন বিল-২০১৭ পাস হয়েছে।



- সাংবাদিকদের আইনমন্ত্রী আনিসুল হক প্রধান বিচারপতি নিয়োগের প্রশ্নোত্তরে বলেছেন, প্রধান বিচারপতি নিয়োগ দেয়ার সব সিদ্ধান্ত রাষ্ট্রপতি দেবেন। কত দিনের মধ্যে নিয়োগ করা হবে, সে ব্যাপারে সময়ের কোন বাধ্যবাধকতা নেই।
- রাজধানীর মিন্টু রোডে পুলিশের কাউন্টার টেরোরিজম ইউনিটের নতুন ভবন উদ্বোধন।
- গ্রেফতারকৃত পাইলট সাব্বির এনামের আদালতে স্বীকারোক্তি– গণভবনে বিমান নিয়ে হামলার ছক ছিল। অবতরণের সময় প্রধানমন্ত্রীর বাসভবনে বিমান বিধ্বস্ত করা পরিকল্পনা। এ পরিকল্পনায় পাইলট শাহরাম, আতাউল ও নওশাদ জড়িত।
- রাজধানীর মিরপুর রোডে দেশে প্রথম রোবট রেস্টুরেন্টের যাত্রা শুরু।
- কলকাতায় বাংলাদেশ বইমেলা উদ্বোধন। অনুষ্ঠানে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, সাম্প্রদায়িকতা বাংলাদেশে বিরল ঘটনা।
- সেনাবাহিনীর নিয়ন্ত্রণে জিম্বাবুয়ে, দেশটির প্রেসিডেন্ট মুগাবে গৃহবন্দি। অভ্যুত্থানের কথা অস্বীকার সেনাবাহিনীর।

**১৬ নভেম্বর**

- গণভবন থেকে ভিডিও কনফারেন্সে বাণিজ্য মন্ত্রণালয় আয়োজিত 'লেদার প্রোডাক্ট শো'র উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এসময় প্রধানমন্ত্রী বলেছেন, চামড়া শিল্পের আরো বিকাশের জন্য চট্টগ্রাম রাজশাহীতে আরো দুটি চামড়া শিল্পাঞ্চল গড়ে তোলা হবে।
- ঢাকা-চট্টগ্রাম সিটি কর্পোরেশনে গৃহকর (হোল্ডিং ট্যাক্স) বৃদ্ধির সিদ্ধান্তে জাতীয় সংসদ অধিবেশনে তীব্র অসন্তোষ প্রকাশ করেছেন সরকারি ও বিরোধী দলের মন্ত্রী-এমপিরা।
- জাতীয় প্রেস ক্লাবে মহিলা আওয়ামী লীগের এক সভায় বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার প্রতি সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের– নির্দোষ হলে বিচার কার্যক্রম বিলম্বিত করবেন না।
- সরকারি হাইস্কুলে ২০১৮ শিক্ষাবর্ষে শিক্ষার্থী ভর্তির নীতিমালা প্রকাশ করেছে শিক্ষা মন্ত্রণালয়।
- বাংলা একাডেমিতে আন্তর্জাতিক সাহিত্য উৎসব সপ্তম 'ঢাকা লিট ফেস্ট' শুরু।
- বাংলাদেশে নিযুক্ত ভারতীয় হাইকমিশনার হর্ষবর্ধন শ্রিংলা ট্রেনের যাত্রী হয়ে খুলনা রেলস্টেশন থেকে যাত্রা সূচনাকালে বলেন, বন্ধন এক্সপ্রেস দুই দেশের সম্পর্ক আরো দৃঢ় করবে ও বাণিজ্যের সম্প্রসারণ ঘটবে।

- কম্বোডিয়ার প্রধান বিরোধীদল সিএনআরপি'কে বিলুপ্ত ঘোষণা করেছে দেশটির আদালত।
- জাতিসংঘের সাধারণ পরিষদে মিয়ানমারের বিরুদ্ধে প্রস্তাব পাস। পক্ষে ১৩৫ ভোট। বিপক্ষে চীন-রাশিয়াসহ ১০ দেশ, ভোটদানে বিরতও ছিল ভারত ও জাপানসহ ২৬ দেশ।
- বিজয় দিবস উদযাপন উপলক্ষ্যে সার্বিক নিরাপত্তা নিয়ে সচিবালয়ে আন্তঃমন্ত্রণালয় বৈঠক শেষে সাংবাদিকদের স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল– আগামী ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবসের কোন কর্মসূচিতে স্বাধীনতা বিরোধীরা অংশ নিতে পারবে না। এছাড়া রাজধানীতে সভাসহ সারাদেশে কোন অনুষ্ঠান করতে হলে সাত দিন আগে প্রশাসনকে জানাতে হবে।
- অর্ধশতাব্দী পর বাংলাদেশ-ভারত মৈত্রী ট্রেন 'বন্ধন এক্সপ্রেস' খুলনা-কলকাতা রুটে আনুষ্ঠানিকভাবে চলাচল শুরু।
- ব্রিটেনের রাণী দ্বিতীয় এলিজাবেথ দেশটির সাড়ে ৬শ' বছরের ইতিহাসে এই প্রথম হাউস অব লর্ডসের নতুন 'ব্ল্যাক রড' হিসেবে সারা ক্লার্কের নিয়োগ অনুমোদন করেছেন।
- ২০১৮ সালের ফিফা বিশ্বকাপের ৩২ দেশ চূড়ান্ত।

**১৭ নভেম্বর**

- বাংলাদেশি পাসপোর্টে বিভিন্ন দেশে দেড় লাখ রোহিঙ্গা। কৌশলে তারা নতুন করে পাসপোর্ট বানাচ্ছে। কঠোর নজরদারির নির্দেশ বাংলাদেশ সরকারের।
- ব্রাহ্মণবাড়িয়ার আখাউড়ায় আওয়ামী লীগ আয়োজিত এক জনসভায় আইনমন্ত্রী আনিসুল হক বলেন, আগামী সংসদ নির্বাচন সংবিধান অনুযায়ী অনুষ্ঠিত হবে।
- নারায়ণগঞ্জে জামায়াতে ইসলামীর গোপন বৈঠক। মহানগর আমীরসহ ১৩ জন আটক।
- রাজশাহী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস থেকে বাংলা বিভাগে এক ছাত্রীকে অপহরণের অভিযোগ।
- 'কর্মবীর' সম্মাননা পেলেন দৈনিক সমকালের কলকাতা প্রতিনিধি ও ভারতের দৈনিক যুগশঙ্খের সাংবাদিক রক্তিম দাশ।
- ধর্ম অবমাননার অভিযোগে রংপুরের ঠাকুরপাড়ার হিন্দু বাড়িতে আগুন। দুই ইউপি সদস্য গ্রেফতার।
- কুষ্টিয়ার ভেড়ামারায় পৌর আওয়ামী লীগের উদ্যোগে জাতীয় সমাজতান্ত্রিক দল (জাসদ) ও অঙ্গসংগঠন থেকে প্রায় দুই হাজার নেতাকর্মীর আওয়ামী লীগে যোগদান।



- মুন্সীগঞ্জের নাটেশ্বরে বৌদ্ধ মন্দির ও প্রত্মতাত্ত্বিক খনন কাজের আনুষ্ঠানিক উদ্বোধন করেন বঙ্গবন্ধুর কনিষ্ঠ জামাতা শিক্ষাবিদ প্রফেসর ড. সফিক আহমেদ সিদ্দিক।
- সেনা অভ্যুত্থানের দুইদিন পর প্রথম জনসম্মুখে আসলেন জিম্বাবুয়ে প্রেসিডেন্ট রবার্ট মুগাবে।

**১৮ নভেম্বর**

- রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে নাগরিক কমিটি আয়োজিত ইউনেস্কো ৭ মার্চের ভাষণ স্বীকৃতি উদযাপন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী ও বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা বলেছেন, বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণের স্বীকৃতি ইতিহাসের প্রতিশোধ। একাত্তরের পরাজিত শক্তি একদিন যে ভাষণ নিষিদ্ধ করতে চেয়েছিল, সে ভাষণই আজ বিশ্ব ঐতিহ্য। এসময় প্রধানমন্ত্রী আরো বলেন, জাতির পিতার স্বপ্ন ছিল, ক্ষুধামুক্ত দারিদ্র্যমুক্ত বাংলাদেশ গঠন করা। বঙ্গবন্ধুর স্বপ্ন পূরণে সবাইকে প্রতিজ্ঞা নেয়ার আহ্বান।
- অফিসার্স ক্লাবের সুবর্ণ জয়ন্তী উদযাপন অনুষ্ঠানে ভাষণে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ জনগণের কল্যাণকে প্রাধান্য দিতে সরকারি কর্মকর্তাদের প্রতি আহ্বান জানিয়ে বলেছেন, 'গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান অনুযায়ী জনগণই সকল ক্ষমতার মালিক। মনে রাখবেন জনগণের ট্যাক্সের টাকায় সরকার চলে, আপনাদের সংসার চলে।'
- গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে সফররত চীনের পররাষ্ট্রমন্ত্রী ওয়াং ই– রোহিঙ্গা সংকট নিরসনে বাংলাদেশ-মিয়ানমারের মধ্যে সংলাপে সহযোগিতায় আগ্রহ প্রকাশ করেছেন।
- উখিয়ার বালুখালী রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শন শেষে সাংবাদিকদের মার্কিন প্রতিনিধিরা বলেন, মিয়ানমার থেকে বাংলাদেশে পালিয়ে আসা রোহিঙ্গাদের কাছে পাওয়া সব তথ্য মার্কিন কংগ্রেসে উপস্থাপন করা হবে।
- রাজধানীতে সেন্টার ফর গভর্নেন্স স্টাডিজ (সিজিএস) আয়োজিত সেমিনারে বক্তারা বলেছেন, দেশে রাজনৈতিক সংকট নিরসনে অংশগ্রহণমূলক নির্বাচন গুরুত্বপূর্ণ। একই সঙ্গে রাজনীতিতে প্রয়োজনীয় সংস্কারের প্রয়োজন।
- ক্রয়ক্ষমতার তথ্য নিয়ে সমতার ভিত্তিতে বিশ্বের দেশগুলোর তালিকা তৈরি করেছে 'ফরচুন' ম্যাগাজিন। ধনী দেশের তালিকায় ১৪৩তম বাংলাদেশ।

- বাংলা একাডেমিতে তিনদিনের আন্তর্জাতিক সাহিত্যমেলা ঢাকা লিট ফেস্ট সমাপ্ত।
- ডোকালাম উপত্যকা নিয়ে বিরোধের পর প্রথমবারের মতো বেইজিংয়ে সীমান্ত বৈঠক করেছে চীন ও ভারত।
- জিম্বাবুয়ের প্রেসিডেন্ট রবার্ট মুগাবেকে পদত্যাগের আহ্বান জানিয়ে দেশটিতে হাজার হাজার মানুষের বিক্ষোভ মিছিল।

**১৯ নভেম্বর**

- গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সফররত জাপান, সুইডেন, জার্মানি ও ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) পররাষ্ট্রমন্ত্রীদের সৌজন্য সাক্ষাৎ। রোহিঙ্গা সংকট সমাধানে বাংলাদেশের পাশে থাকার প্রতিশ্রুতি।
- রাজধানীর বঙ্গবন্ধু নভোথিয়েটারে এশিয়ান ফেডারেশন অন ইন্টালেকচুয়াল ডিজঅ্যাবিলিটির (এএফআইডি) ২৩তম সম্মেলন উদ্বোধনকালে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান, নীতিনির্ধারকসহ সবাইকে প্রতিবন্ধীদের মানবসম্পদে পরিণত ও আত্মনির্ভরশীল করার সহযোগিতায় এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন।
- দেশব্যাপী প্রাথমিক ও ইবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষা-২০১৭ শুরু।
- রংপুরের ঠাকুরপাড়ার সংঘটিত বর্বরোচিত ঘটনাস্থল পরিদর্শন শেষে সাংবাদিকদের সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের– রামু থেকে রংপুর বর্বরোচিত ঘটনা একই সূত্রে গাঁথা। তারা যতই প্রভাবশালী হোক না কেন ঘটনায় জড়িত ও ইন্ধনদাতারাও ছাড় পাবে না। এসময় তিনি আরো বলেন, আগামী জাতীয় নির্বাচনকে সামনে রেখে একটি সাম্প্রদায়িক গোষ্ঠী এ হামলা চালিয়েছে। এরা চাইছে ভারতের সঙ্গে আমাদের সুসম্পর্ক নষ্ট করতে।
- নির্বাচন ভবনের মিডিয়া সেন্টারে সাংবাদিকদের প্রধান নির্বাচন কমিশনার (সিইসি)– রংপুর সিটি নির্বাচন নিয়ে শঙ্কার কারণ নেই। সব প্রার্থীর সমান সুযোগ নিশ্চিত করা হবে।
- লেখক অভিজিৎ রায় হত্যা মামলায় গ্রেফতারকৃত আসামি মোজাম্মেল হুসাইন ওরফে সায়মনের আদালতে স্বীকারোক্তিমূলক জবানবন্দি।
- তদন্ত করে অপ্রাপ্তবয়স্কের বিয়ের অনুমতি দিতে সুপ্রিম কোর্টের নির্দেশনা জারি।
- বাংলাদেশ থেকে অর্থ পাচার রোধে কেন্দ্রীয় ও আঞ্চলিক পর্যায়ে দুইটি টাস্কফোর্স গঠন করেছে সরকার।



- ভিসা ও শ্রম আইন লঙ্ঘনের অভিযোগে সৌদি আরবে তিন দিনে ২৪ হাজার বিদেশি আটক। দেশ ছাড়তে ৬০ দিন সময় দিয়েছে সৌদি কর্তৃপক্ষ।
- জিম্বাবুয়ের চলমান রাজনৈতিক সংকটে দেশটির গৃহবন্দী প্রেসিডেন্ট রবার্ট মুগাবে'কে তার দলের প্রধানের পদ থেকে সরিয়ে দেয়া হয়েছে।

**২০ নভেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে গাজীপুর ও রংপুর মহানগরীতে 'মেট্রোপলিটন পুলিশ ফোর্স-২০১৭' এর খসড়া অনুমোদন। বৈঠকে আনুষ্ঠানিক আলোচনায় বাংলাদেশে পরিচালিত এনজিওগুলোর সব ধরনের কার্যক্রম নজরদারি করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি প্রধানমন্ত্রীর নির্দেশ। এসময় প্রধানমন্ত্রীর হাতে ডাক বিভাগের পাওয়া তিনটি আন্তর্জাতিক পুরস্কার তুলে দেন ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী তারানা হালিম।
- বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণের দিনকে কেন 'জাতীয় ঐতিহাসিক দিবস' ঘোষণা করা হবে না– তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট।
- জাতীয় সংসদে প্রশ্নোত্তরে জনপ্রশাসনমন্ত্রী সৈয়দ আশরাফুল ইসলাম– বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ ও অধিদপ্তরে শূন্যপদ সাড়ে তিন লাখ। এসব পদ পূরণের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। আর সরকারি চাকরিতে প্রবেশের বয়স ৩৫ বছর করার কোন পরিকল্পনা সরকারের নেই।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে প্রধানমন্ত্রীর কার্যালয়ে জাতীয় বাস্তবায়ন কমিটির (নিকার) বৈঠকে দেশের অষ্টম বিভাগ হিসেবে যাত্রা শুরু করা ময়মনসিংহে সিটি কর্পোরেশন গঠনের সিদ্ধান্ত নিয়েছে সরকার।
- ফেনীর মহিপালে নির্মাণাধীন ফ্লাইওভারের নির্মাণ কাজ পরিদর্শনকালে সাংবাদিকদের সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের– সরকার আন্তরিকভাবে চায় বিএনপি নির্বাচনে আসুক।
- রাষ্ট্রদ্রোহ মামলায় বিএনপির সিনিয়র ভাইস চেয়ারম্যান তারেক রহমানসহ চার জনের বিচার শুরুর নির্দেশ দিয়েছেন আদালত।
- ইরানের হস্তক্ষেপ প্রতিরোধে সম্মিলিত জোট গঠনের ডাক দিয়েছেন সৌদি আরব ও অন্যান্য আরব দেশের পররাষ্ট্রমন্ত্রীরা।

- কলকাতায় ভারতের সাবেক প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর জন্মশতবর্ষ উপলক্ষ্যে এক অনুষ্ঠানে ভারতের সাবেক রাষ্ট্রপতি প্রণব মুখার্জি বলেন, একাত্তর সালে বাংলাদেশের মুক্তিযুদ্ধে ২১টি দেশে গিয়ে সমর্থন চান ইন্দিরা গান্ধী।
- মিয়ানমারের নেপিডো'তে ১৩তম আসেম পররাষ্ট্রমন্ত্রীদের আলোচনা বৈঠকে বাংলাদেশে আশ্রয় নেয়া রোহিঙ্গাদের দ্রুত প্রত্যাবাসন করে সংকট নিরসনের ওপর গুরুত্বারোপ।
- প্রথম বাংলাদেশি ক্রীড়াবিদ হিসেবে যুক্তরাষ্ট্র সরকারের সাহায্য সংস্থা ইউএসএইডের শুভেচ্ছা দূত হয়েছেন জাতীয় ক্রিকেট দলের অলরাউন্ডার মাহমুদুল্লাহ রিয়াদ।

**২১ নভেম্বর**

- 'সশস্ত্র বাহিনী' দিবস উদযাপন। দিবসটি উপলক্ষ্যে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঢাকা সেনানিবাসে শিখা অনির্বাণে ফুল দিয়ে মুক্তিযুদ্ধে শহীদ সেনা, নৌ ও বিমান বাহিনীর সদস্যদের প্রতি শ্রদ্ধা জানিয়েছেন।
- জাতীয় সংসদে প্রশ্নোত্তরপর্বে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, বিবিআইএন স্বাক্ষরিত হওয়ায় বাংলাদেশ ভুটান, ভারত ও নেপালের মধ্যে যানবাহন চলবে।
- মুক্তিযোদ্ধাদের নতুন করে অন্তর্ভুক্তির ক্ষেত্রে ১৯৭১ সালের ২৬ মার্চ তারিখে ন্যূনতম বয়স ১৩ বছর হতে হবে– সরকারের জারি করা গেজেটের বৈধতা নিয়ে রুল জারি করেছেন হাইকোর্ট।
- ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষার জালিয়াতির অভিযোগে বিশ্ববিদ্যালয়ের ৮ শিক্ষার্থীসহ ৯ জন গ্রেফতার। তিন বছরে অবৈধভাবে ভর্তি শতাধিক।
- রংপুরে ফেসবুকে অবমাননাকর স্ট্যাটাস দেয়ার অভিযোগে গ্রেফতারকৃত টিটু রায় আদালতে স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিয়েছেন।
- রাজধানীতে জাতীয় কবি নজরুল ইসলামকে নিয়ে দুই দিনের আন্তর্জাতিক সম্মেলন শুরু।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার আমন্ত্রণে বাংলাদেশ সফরের আগে দেশের সব মানুষকে শুভেচ্ছা জানিয়ে ভিডিও বার্তা পাঠিয়েছেন রোমান ক্যাথলিক চার্চের প্রধান ধর্মগুরু পোপ ফ্রান্সিস।
- নাইজেরিয়ায় এক মসজিদে আত্মঘাতী বোমা হামলায় নিহত অর্ধশত।



- আন্তর্জাতিক আদালতের বিচারপতি হিসেবে পুনর্নির্বাচিত ভারতের দলবীর ভান্ডারী।
- জিম্বাবুয়ের প্রেসিডেন্ট রবার্ট মুগাবের পদত্যাগ।

**২২ নভেম্বর**

- 'বিশ্বে সৎ সরকারপ্রধান হিসেবে তৃতীয় স্থান অধিকার করায়' জাতীয় সংসদ অধিবেশনে প্রধানমন্ত্রীর জন্য নির্ধারিত প্রশ্নোত্তরপর্বে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, রোহিঙ্গাদের ফিরিয়ে দিতে সরকার কাজ করছে। প্রধানমন্ত্রী আরো বলেন, মৃত্যুকে হাতের মুঠোয় নিয়ে জীবন বাজি রেখে মানুষের ভাগ্যোন্নয়নে কাজ করে যাচ্ছি।
- জাতীয় সংসদ ভবনের সরকারি সম্মেলন কক্ষে আওয়ামী লীগের সংসদীয় দলের বৈঠকে সভাপতির বক্তব্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, স্বচ্ছ-পরিচ্ছন্ন ও গ্রহণযোগ্য নেতারাই আগামী নির্বাচনে মনোনয়ন পাবেন।
- সংসদ ভবনে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সঙ্গে ঢাকায় নিযুক্ত ভারতীয় হাইকমিশনার হর্ষবর্ধন শ্রিংলার সৌজন্য সাক্ষাৎ। এসময় স্পিকার বলেন, বাংলাদেশ-ভারত দ্বিপক্ষীয় সম্পর্ক অত্যন্ত গভীর।
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১৯৭১ সালের ৭ মার্চের ভাষণ আন্তর্জাতিক স্বীকৃতি পাওয়ায় সরকারি চাকুরেদেরকে আগামী ২৫ নভেম্বর (শনিবার) আনন্দ শোভাযাত্রায় অংশ নেয়ার নির্দেশ দিয়েছেন মন্ত্রিপরিষদ বিভাগ।
- ময়মনসিংহের ফুলবাড়িয়ায় জাসদের সমাবেশে জাসদ সভাপতি ও তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, দেশের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে ঐক্যে আছি।
- সারাদেশে ২০১৮ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমানের পরীক্ষার সময়সূচি প্রকাশ করেছে শিক্ষা মন্ত্রণালয়। আগামী ১ ফেব্রুয়ারি ২০১৮ পরীক্ষা শুরু।
- জিম্বাবুয়ের প্রেসিডেন্ট রবার্ট মুগাবের পদত্যাগে সেই দেশবাসীর উল্লাস প্রকাশ। স্বাগত জানিয়েছে আন্তর্জাতিক সম্প্রদায়।
- লেবাননে ফিরেছেন দেশটির প্রধানমন্ত্রী সাদ আল হারিরি। পদত্যাগের ঘোষণা প্রত্যাহার।
- ইরানের প্রেসিডেন্ট হাসান রুহানী তার দেশের সঙ্গে পশ্চিমা দেশগুলো স্বাক্ষরকৃত পরমাণু সমঝোতা চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে ইউরোপীয় দেশগুলোর প্রতি আহ্বান জানিয়েছেন।

- চীন সফরে মিয়ানমারের সেনাপ্রধান। ভারতের উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্য মেঘালয়ে ভারত ও মিয়ানমারের মধ্যে প্রথম যৌথ সামরিক মহড়া শুরু।

**২৩ নভেম্বর**

- ১০ম জাতীয় সংসদের ১৮তম অধিবেশন সমাপ্ত। সমাপনী ভাষণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা 'বিএনপি-জামায়াত' জোটের কঠোর সমালোচনা করে বলেন, জনগণ তাদেরকে ভোট দিয়ে আর অশান্তি টেনে আনবে না।
- সাভার সেনানিবাসে মিলিটারি পুলিশ কোরের (সিএমপি) 'বার্ষিক অধিনায়ক সম্মেলন-২০১৭' কোর পুনর্মিলনী এবং সিএমপি সেন্টার স্কুলকে ন্যাশনাল স্ট্যান্ডার্ড প্রদান উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, দেশে গণতান্ত্রিক ও সাংবিধানিক ধারা অব্যাহত রাখার পাশাপাশি জনকল্যাণমূলক কাজে বাংলাদেশ সেনাবাহিনী ভবিষ্যতেও গুরুত্বপূর্ণ অবদান রাখবে।
- মিয়ানমারের নেপিডো'তে বাংলাদেশ-মিয়ানমারের মধ্যে রোহিঙ্গাদের প্রত্যাবাসনে সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষর।
- গ্রাহক পর্যায়ে বিদ্যুতের দাম আবারো বাড়িয়েছে সরকার। ইউনিট প্রতি গড়ে ৩৫ পয়সা বৃদ্ধি, পহেলা ডিসেম্বর থেকে কার্যকর।
- চলমান প্রাথমিক শিক্ষা সমাপনী (পিইসি) পরীক্ষার প্রশ্নপত্রে ভুলের ঘটনায় এক শিক্ষা কর্মকর্তাকে বরখাস্ত করেছে সরকার।
- বাল্যবিবাহ নিরোধ আইন যথাযথভাবে প্রতিপালনের নির্দেশনা দিয়েছেন আদালত।
- ঢাকা সিটি কর্পোরেশনের আরোপিত বর্ধিত হোল্ডিং ট্যাক্স স্থগিতের জন্য দুই মেয়রকে আইনি নোটিশ দিয়েছেন সুপ্রিম কোর্টের এক আইনজীবী। এদিকে ২ কোটি টাকার অধিক সম্পদের ওপর সারচার্জ আদায়ের সিদ্ধান্ত বৈধ বলে হাইকোর্টের রায় স্থগিত করেনি আদালত।
- জিয়া চ্যারিটেবল ট্রাস্ট দুর্নীতির মামলায় দ্বিতীয়বারের মতো নির্দোষ দাবি করেছেন বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া।
- সিরিয়া সংকট সমাধানের জন্য 'সিরিয়ান পিপলস কংগ্রেস' তৈরির পক্ষে যৌথ প্রস্তাব দিয়েছে রাশিয়া, ইরান ও তুরস্ক।
- আঞ্চলিক শান্তি ও স্থিতিশীলতা বজায় রাখতে মিয়ানমারের সেনাবাহিনীর সঙ্গে নিবিড় সম্পর্কের প্রত্যাশা চীনের।



**২৪ নভেম্বর**

- মিয়ানমারের রাখাইনে রোহিঙ্গাদের ফেরত পাঠানোর বিষয়ে উদ্বেগ প্রকাশ করেছে জাতিসংঘসহ আন্তর্জাতিক মানবাধিকার সংস্থা। জাতিসংঘ বলেছে রাখাইনের পরিস্থিতি এখনো এতটা নিরাপদ হয়নি যে, সেখানে রোহিঙ্গারা ফিরে গিয়ে বাস করতে পারে।
- জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ মার্চের ভাষণের 'বিশ্ব ঐতিহ্য' স্বীকৃতি উদযাপনে রাজধানীতে আনন্দ শোভাযাত্রা অনুষ্ঠিত। রাজধানীর ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধু ভবন প্রাঙ্গণে জাতির জনক বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে আওয়ামী লীগের পুষ্পস্তবক অর্পণ। এরপর বর্ণাঢ্য আনন্দ শোভাযাত্রা শুরু হয়।
- কসবায় আওয়ামী লীগের সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী আনিসুল হক বলেছেন, আগামী সংসদ নির্বাচন অসাংবিধানিকভাবে নয়, সংবিধান অনুযায়ীই হবে। সংবিধান অনুযায়ী শেখ হাসিনার অধীনে এ নির্বাচন অনুষ্ঠিত হবে। বিএনপি না এলেও এ নির্বাচন হবে। বিএনপির জন্য সংবিধান পরিবর্তন করা হবে না।
- রোহিঙ্গাদের প্রত্যাবাসনে মিয়ানমার ও বাংলাদেশের মধ্যে যে চুক্তি হয়েছে সেটাকে 'স্ট্যান্ডবাজি' অভিহিত করেছেন, হিউম্যান রাইটস ওয়াচের শীর্ষ এক কর্মকর্তা। নিউইয়র্কভিত্তিক মানবাধিকার সংস্থাটির শরণার্থী অধিকারবিষয়ক পরিচালক বিল ফ্রেলিক বলেছেন, রোহিঙ্গাদের ভস্ম হয়ে যাওয়া গ্রামগুলোতে মিয়ানমার এখন তাদের দুই হাত প্রসারিত করে ফেরত নেবে এমন ধারণা হাস্যকর।
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নাতনি ও যুক্তরাজ্যের লেবার পার্টির এমপি টিউলিপ সিদ্দিকের 'লেবার নিউকামার এমপি অব দ্য ইয়ার' পুরস্কার লাভ। ওয়েস্ট মিনিস্টারে প্যাচওয়ার্ক ফাউন্ডেশনের কাছ থেকে তিনি এ পুরস্কার গ্রহণ করেন।
- মিশরের সিনাই প্রদেশের আল রাওদাহ মসজিদে বোমা হামলা ও গুলির সঙ্গে জড়িত সন্ত্রাসীদের অনেকেই বিমান হামলায় নিহত হয়েছে। দেশটির সেনাবাহিনীর মুখপাত্রের কাতারভিত্তিক আন্তর্জাতিক গণমাধ্যম আল-জাজিরা এ কথা জানায়।
- জিম্বাবুয়ের নতুন প্রেসিডেন্ট হিসেবে শপথ গ্রহণের পর এমারসন মানানগাগুয়া বলেছেন, শিগগিরই বড় ধরনের পরিবর্তন আসবে। নাগরিক অধিকার সমুন্নত রাখার অঙ্গীকার। বৈদেশিক বিনিয়োগকারীদের আশ্বস্ত করে তিনি বলেন, তাদের স্বার্থ রক্ষা করা হবে।

**২৫ নভেম্বর**

- জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ ইউনেস্কোর 'বিশ্ব ঐতিহ্য' স্বীকৃতি উদযাপন। রাজধানীসহ সর্বত্র বর্ণাঢ্য শোভাযাত্রায় উৎসবমুখর দেশ। এ উপলক্ষ্যে রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে সরকারি কর্মকর্তা-কর্মচারীসহ সর্বস্তরের মানুষের বিশাল সমাবেশে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, 'ইতিহাস বিকৃতকারীরা যেন ক্ষমতায় আসতে না পারে। আমরা মুক্তিযুদ্ধের চেতনায় বঙ্গবন্ধুর স্বপ্নের ক্ষুধা, দারিদ্র্যমুক্ত সোনার বাংলা হিসেবে দেশকে গড়ে তুলবই। বাংলাদেশ এগিয়ে যাচ্ছে, আরও এগিয়ে যাবে।'
- বাংলাদেশ মেডিক্যাল অ্যাসোসিয়েশনের (বিএমএ) মিলনায়তনে এক সেমিনারে বক্তৃতায় আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেন, রাজনীতিকরা দুর্নীতিমুক্ত হলে দেশের দুর্নীতি স্বয়ংক্রিয়ভাবে অর্ধেক কমে যাবে।
- পররাষ্ট্রমন্ত্রী এ এইচ মাহমুদ আলী ঢাকায় এক সংবাদ সম্মেলনে বলেন, মিয়ানমারের ইচ্ছায় ১৯৯২ সালের চুক্তি অনুসরণ করে চুক্তি করা হয়েছে। ২০১৬ পর থেকে আসা রোহিঙ্গাদের ফেরত নেবে মিয়ানমার। ভারত ও চীনের সঙ্গে আলোচনার পর চুক্তি। পররাষ্ট্রমন্ত্রী বলেন, যৌক্তিক সময়ের মধ্যে রোহিঙ্গাদের প্রত্যাবাসন। অস্থায়ীভাবে থাকার জন্য চীন ও ভারত প্রি-ফেব্রিকেটেড বাড়ি দেবে। মিয়ানমার প্রয়োজন অনুযায়ী উপযুক্ত সময়ে ইউএনএইচসিআরকে প্রক্রিয়ায় যুক্ত করবে, যাচাই প্রক্রিয়ার মাধ্যমে রোহিঙ্গাদের ফেরত নেবে নেপিডো।
- নন-ক্যাডারদের সমমান ঠেকাতে ধর্মঘটে বিসিএস শিক্ষা ক্যাডারভুক্ত কলেজ শিক্ষকরা। ক্ষুব্ধ শিক্ষামন্ত্রী বললেন, এ আন্দোলন অযৌক্তিক।
- লেখক অভিজিৎসহ পাঁচ ব্লগার হত্যায় অংশগ্রহণকারী জঙ্গি আরাফাত রহমান ওরফে সাজ্জাদ গ্রেফতার।
- বরিশাল বিশ্ববিদ্যালয়ের 'ক' ইউনিটের ভর্তি পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁস চক্রের ৬ জন গ্রেফতার।
- লেখক গবেষক বাচিকশিল্পী 'নরেন বিশ্বাস পদক-২০১৭' পেলেন বরেণ্য নাট্যশিল্পী আলী যাকের।
- মিশরের সিনাই প্রদেশে মসজিদে হামলা ও গুলির ঘটনায় মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ৩০৫ জন। এ ঘটনায় জাতির উদ্দেশে দেয়া ভাষণে জঙ্গিদের বিরুদ্ধে সর্বশক্তি প্রয়োগের ঘোষণা দিয়েছেন দেশটির প্রেসিডেন্ট আবদুল ফাতাহ আল মিসি।



- রাজধানীর বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে এশিয়ান আর্চারির উৎসব উদ্বোধন।

**২৬ নভেম্বর**

- দেশে প্রথম বিশ্বের ৫৮ দেশে নিয়োজিত বাংলাদেশের রাষ্ট্রদূতদের সম্মেলন শুরু। রাজধানীর এক হোটেলে পররাষ্ট্র মন্ত্রণালয় আয়োজিত এই সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, রোহিঙ্গাদের ফেরত পাঠানোর বিষয়ে সম্প্রতি মিয়ানমারের সঙ্গে বাংলাদেশের করা সমঝোতা চুক্তি বড় ধরনের কূটনৈতিক সাফল্য। তিনি বলেন, প্রতিবেশীদের সঙ্গে আলোচনার মাধ্যমে সমস্যা সমাধান করছি।
- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ উখিয়ার বালুখালী রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শনকালে সাংবাদিকদের বলেছেন, মিয়ানমারকে রোহিঙ্গাদের নাগরিকত্বের অধিকার নিশ্চিত করেই ফিরিয়ে দিতে হবে। এসময় রাষ্ট্রপতি রোহিঙ্গাদের ত্রাণ বিতরণ করেন।
- রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের প্রথম কংক্রিট ঢালাই শুরু।
- রাজধানীর বাংলা একাডেমিতে '১৯৭১: গণহত্যা মুক্তিযুদ্ধ' সেমিনারে মার্কিন কূটনীতিক টমাস এ ডাইন বলেছেন, রোহিঙ্গাদের আশ্রয় দিয়ে মানবাধিকারের পক্ষে কাজ করেছে বাংলাদেশ।
- জঙ্গিবাদ উৎসাহিতকরণের জন্য তথ্য সংবলিত মাদ্রাসার ৮ বই বাতিলের সিদ্ধান্ত নিয়েছে সরকার।
- রংপুর সিটি কর্পোরেশন নির্বাচনে স্বতন্ত্র ৬ মেয়র প্রার্থীর মনোনয়নপত্র বাতিল ঘোষণা করেছে নির্বাচন কমিশন।
- কুমিল্লায় এক ক্লিনিকে জমজ সন্তানের একজনকে পেটে রেখেই অস্ত্রোপচার সমাপ্ত করার ঘটনায় সংশ্লিষ্ট চিকিৎসকের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার নির্দেশ হাইকোর্টের। সেই সঙ্গে মা খাদিজাকে সংশ্লিষ্ট ক্লিনিকের মালিককে তিন লাখ টাকা ক্ষতিপূরণের নির্দেশ দিয়েছেন।
- রাজধানীতে সাংবাদিকদের সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেন, বিএনপির আন্দোলন জনগণ প্রত্যাখ্যান করেছে।
- জাতিসংঘ শান্তিরক্ষী মিশনে কঙ্গোতে প্রথমবারের মতো বিমানবাহিনীর দুই মহিলা পাইলট যাচ্ছেন।
- বিডিআর বিদ্রোহের ঘটনায় দায়েরকৃত হত্যা মামলার ডেথ রেফারেন্স ও আপিলের ওপর বৃহত্তর বেঞ্চের দেয়া রায় ঘোষণাকালে বিচারপতি আবু জাফর সিদ্দিকীর পর্যবেক্ষণ– সেনা ও বিডিআরে বিরোধ সৃষ্টি ছিল বিদ্রোহের লক্ষ্য। জওয়ানদের দণ্ড প্রদানে তিন বিচারপতির একমত প্রকাশ।

- একুশে পদকপ্রাপ্ত নৃত্যশিল্পী রাহিজা খানম ঝুমু (৭৪) ইন্তেকাল করেছেন।
- গৃহযুদ্ধের পর নেপালে প্রথম ভোট অনুষ্ঠিত। দ্বিতীয় ধাপের ভোট ৭ ডিসেম্বর।
- পাকিস্তানের ইসলামাবাদে কট্টরপন্থিদের বিক্ষোভ অব্যাহত। নিহত ৬ জন। শক্তি প্রয়োগ না করতে সামরিক-বেসামরিক বাহিনীর একমত প্রকাশ।
- জিম্বাবুয়ের ক্ষমতাচ্যুত প্রেসিডেন্ট রবার্ট মুগাবে আজীবন বেতন ও তার পরিবারের সদস্যদের সবাই আইনি দায়মুক্তি পাবেন। মুগাবে থাকছেন নিজের প্রাসাদে, খরচ বহন করবে দেশটির সরকার।

**২৭ নভেম্বর**

- দেশে প্রথমবারের মতো ২১ দেশের নৌবাহিনীর অংশগ্রহণে কক্সবাজারে আন্তর্জাতিক সমুদ্র মহড়া ইন্ডিয়ান ওশান নেভাল সিম্পোজিয়ামের (আইওএনএস) মাল্টিল্যাটারাল মেরিটাইম সার্চ অ্যান্ড রেসকিউ এক্সারসাইজ (ইমারেক্স)-২০১৭ উদ্বোধন করেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। রাষ্ট্রপতি বলেন, সমুদ্র জীবনের নিরাপত্তা একটি আঞ্চলিক দায়িত্ব। তাই সামুদ্রিক সন্ত্রাস রোধে একযোগে কাজ করতে হবে।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে 'বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ আইন-২০১৭' খসড়ার নীতিগত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। পাশাপাশি প্রতি বছর ১২ ডিসেম্বর 'জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি দিবস' হিসেবে পালনের প্রস্তাবে সম্মতি দেয়া হয়েছে। এসময় সভায় বিশ্বের 'সৎ ও পরিশ্রমী সরকার প্রধানের' তালিকায় স্থান লাভ করায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছে মন্ত্রিসভা। সেই সঙ্গে প্রধানমন্ত্রীর ছোট বোন শেখ রেহানার মেয়ে টিউলিপ রেজওয়ানা সিদ্দিক যুক্তরাজ্যের প্যাচওয়ার্ক ফাউন্ডেশনের লেবার নিউকামার এমপি অব দ্য ইয়ার নির্বাচিত হওয়ায় তাঁকেও অভিনন্দন জানিয়েছে মন্ত্রিসভা।
- পিলখানা হত্যার ডেথ রেফারেন্স ও আপিলের রায় দিয়েছেন হাইকোর্ট। ১৩৯ জনের ফাঁসি বহাল। ১৮৫ আসামির যাবজ্জীবন। আওয়ামী লীগ নেতা তোরাব আলীসহ ৪৫ জন খালাস। রাজনৈতিক স্থিতিশীলতা নষ্ট করাই ছিল বিদ্রোহের উদ্দেশ্য বলে আদালতের পর্যবেক্ষণ।



- স্বৈরাচারবিরোধী আন্দোলনে শহীদ ডা. মিলনের ২৭তম মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে বাংলাদেশ মেডিক্যাল অ্যাসোসিয়েশন আয়োজিত সভায় সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেন, 'গণতন্ত্র নয়, বিএনপির রাজনীতি আজ গভীর খাদের কিনারায়'। এসময় তিনি আরো বলেন, জাতীয় পার্টির সঙ্গে আওয়ামী লীগের জোট কৌশলগত।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার আমন্ত্রণে ৩০ নভেম্বর ঢাকা আসছেন খ্রিষ্টান সম্প্রদায়ের সর্বোচ্চ ধর্মীয় নেতা পোপ ফ্রান্সিস।
- ফারমার্স ব্যাংকের চেয়ারম্যান পদ থেকে পদত্যাগ করেছেন সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী মহীউদ্দিন খান আলমগীর।
- মিলেনিয়াম পোস্ট পত্রিকার সম্পাদক সমকালের নয়াদিল্লির প্রতিনিধি গৌতম লাহিড়ী দ্বিতীয়বারের মতো ভারতের জাতীয় প্রেস ক্লাবের সভাপতি নির্বাচিত।
- জিম্বাবুয়ের সাবেক প্রেসিডেন্ট রবার্ট মুগাবের জন্মদিনে 'আগামী ২১ ফেব্রুয়ারি জাতীয় যুব দিবস হিসেবে পালন এবং ওইদিন সরকারি ছুটি ঘোষণা' করেছে দেশটির বর্তমান সরকার।
- মিয়ানমার সফররত পোপ ফ্রান্সিস দেশটির সেনাপ্রধান মিন অং হাইংয়ের সঙ্গে বৈঠক করেছেন। এসময় সেনাপ্রধান রাখাইনে ধর্মীয় বৈষম্যের কথা অস্বীকার করেন।

**২৮ নভেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় ভাসানচরে এক লাখ রোহিঙ্গার জন্য ২ হাজার ৩১২ কোটি ১৫ লাখ টাকার প্রকল্পসহ মোট ১৪টি প্রকল্পের অনুমোদন দিয়েছে একনেক।
- আন্তর্জাতিক ফিলিস্তিন সংহতি দিবসের প্রাক্কালে এক বাণীতে ফিলিস্তিনি জনগণের শান্তি, স্থিতিশীলতা ও ন্যায়বিচারের জন্য অবিচ্ছেদ্য আত্মনিয়ন্ত্রাধিকারের প্রতি বাংলাদেশের অঙ্গীকার পুনর্ব্যক্ত করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- বঙ্গোপসাগরে বাংলাদেশি জলসীমায় দু'দিনব্যাপী ২৩ দেশের আন্তর্জাতিক নৌ মহড়া শুরু।
- চাঁপাইনবাবগঞ্জের দুর্গম চরে ভারতের সীমান্তবর্তী আলাতুলি এলাকায় জঙ্গি আস্তানা ও প্রশিক্ষণ কেন্দ্রের সন্ধান। র‌্যাবের অভিযানকালে আত্মঘাতী বিস্ফোরণে তিন জঙ্গির আত্মহনন।

- রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে এক অনুষ্ঠানে স্বরাষ্ট্রমন্ত্রী রোহিঙ্গা ইস্যুতে বলেন, রোহিঙ্গাদের নিরাপদে দেশে ফেরার ব্যবস্থা করাই বড় চ্যালেঞ্জ।
- মিয়ানমারে 'রোহিঙ্গা' শব্দ উচ্চারণ না করে পরোক্ষভাবে অভ্যন্তরীণ দীর্ঘদিনের সংঘাত নিরসনের আহ্বান জানিয়েছেন দেশটিতে সফররত ক্যাথলিক খ্রিষ্টানদের ধর্মগুরু পোপ ফ্রান্সিস।
- রোহিঙ্গা ইস্যুকে কেন্দ্র করে মিয়ানমারের নেত্রী অং সান সুচি'র সম্মাননা আনুষ্ঠানিকভাবে ফিরিয়ে নিল অক্সফোর্ড নগর পরিষদ।
- সিরিয়ায় গৃহযুদ্ধ বন্ধে সুইজারল্যান্ডের জেনেভায় জাতিসংঘের মধ্যস্থতায় নতুন করে শান্তি আলোচনা শুরু।

**২৯ নভেম্বর**

- রাজধানীতে রাষ্ট্রদূত সম্মেলনের সমাপনী দিনে বঙ্গভবনে কূটনীতিকদের উদ্দেশে ভাষণে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ মহান মুক্তিযুদ্ধ ও দেশপ্রেমের চেতনায় উদ্বুদ্ধ হয়ে পেশাদারিত্বের সঙ্গে দায়িত্ব পালনের আহ্বান জানান।
- প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে জাতিসংঘের আন্ডার সেক্রেটারি ফেকিতামোলয়া কাতোয়া ইউটোয়িকামানুর সৌজন্য সাক্ষাৎ। এসময় প্রধানমন্ত্রী বলেন, মিয়ানমারের নাগরিকদেরকে তাদের দেশে ফিরিয়ে নিতে মিয়ানমারের প্রতি আন্তর্জাতিক চাপ অব্যাহত রাখতে হবে।
- রাজধানীর গুলশানে শাজনীন হত্যার দায়ে মৃত্যুদণ্ডপ্রাপ্ত একমাত্র আসামি গৃহভৃত্য শহীদুল ইসলাম ওরফে শহীদের ফাঁসি কার্যকর।
- সচিবালয়ে আন্তঃমন্ত্রণালয় সভা শেষে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু সাংবাদিকদের বলেছেন, বাতিল হচ্ছে ৫৭ ধারা। ডিজিটাল নিরাপত্তা আইনের খসড়া চূড়ান্ত।
- নির্বাচন ভবনে সাংবাদিকদের প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নুরুল হুদা বলেছেন, সরকার চাইলে আগাম নির্বাচনের জন্য প্রস্তুত নির্বাচন কমিশন।
- ময়মনসিংহে অস্ত্র কারখানার সন্ধান, অস্ত্র ও অস্ত্র তৈরির সরঞ্জাম উদ্ধার করেছে র‍্যাব-১৪। একজন আটক।
- বিভিন্ন অর্থনৈতিক অঞ্চলে ২.৩০ কোটি ডলার বিনিয়োগ করতে বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের (বেজা) সঙ্গে চুক্তি স্বাক্ষর করেছে চীনের এক ইস্পাত প্রতিষ্ঠান।



- দুর্নীতির অভিযোগে আটককৃত সৌদি প্রিন্স যিতেব বিন আবদুল্লাহকে দেশটির কর্তৃপক্ষের সঙ্গে একশ' কোটি ডলারের সমঝোতায় মুক্তি।
- চীনের সঙ্গে পরিবেশবান্ধব জ্বালানি ও প্রযুক্তি খাতে ৩০ কোটি ডলারের চুক্তি করেছে ইসরায়েল।
- সবচেয়ে দীর্ঘ পাল্লার ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্রের পরীক্ষা চালিয়েছে উত্তর কোরিয়া।

**৩০ নভেম্বর**

- পাবনার রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের মূল স্থাপনা নির্মাণ কাজের আনুষ্ঠানিক উদ্বোধনের পর প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, সত্যি আজ আনন্দের দিন পরমাণু বিশ্বে বাংলাদেশ। বিদ্যুৎ কেন্দ্রের নিরাপত্তার ওপর সর্বোচ্চ গুরুত্বারোপ।
- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ হযরত শাহজালাল (র.) আন্তর্জাতিক বিমানবন্দরে পোপ ফ্রান্সিনকে স্বাগত জানান। সন্ধ্যায় বঙ্গভবনে এক অনুষ্ঠানে বিশ্ব সম্প্রদায়কে মিয়ানমার থেকে পালিয়ে আসা রোহিঙ্গা সংকটে বাংলাদেশের পাশে দাঁড়ানোর জন্য আহ্বান জানান পোপ। রোহিঙ্গাদের আশ্রয় দেয়ার জন্য বাংলাদেশের ভূয়সী প্রশংসায় পোপ ফ্রান্সিস।
- ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র আনিসুল হক (৬৬) লন্ডনের ওয়েলিংটন হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন। তাঁর মৃত্যুতে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার গভীর শোক প্রকাশ।
- জিয়া অরফানেজ ও চ্যারিটেবল ট্রাস্ট দুর্নীতি মামলায় বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার জামিন বাতিল করে তাঁর বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা করেছেন আদালত।
- ঢাকা রিপোর্টার্স ইউনিটির (ডিআরইউ) নির্বাচনে সভাপতি পদে বৈশাখী টেলিভিশনের প্রধান বার্তা সম্পাদক সাইফুল ইসলাম ও সাধারণ সম্পাদক পদে বাসসের সিনিয়র রিপোর্টার সৈয়দ শুকুর আলী শুভ নির্বাচিত।
- রাজপথে আন্দোলন থামাতে নতুন অস্ত্র 'সাউন্ড স্টিমুলেটর' ব্যবহার শুরু করেছে ঢাকা মহানগর পুলিশ।
- উত্তর কোরিয়ার নেতৃত্ব ধ্বংস করার হুমকি যুক্তরাষ্ট্রের।
- মিয়ানমারের সেনাপ্রধান সিনিয়র জেনারেল মিন অং হ্লাইং পোপ ফ্রান্সিসের সঙ্গে সাক্ষাতে 'প্রটোকল ভেঙ্গেছেন' বলে স্বীকার করেছে ভ্যাটিকান।

## ডিসেম্বর

**১ ডিসেম্বর**

- সারাদেশে 'মুক্তিযোদ্ধা দিবস' উদযাপিত। এদিকে রাজধানীর মিরপুরে এক অনুষ্ঠানে 'পহেলা ডিসেম্বর' জাতীয়ভাবে 'মুক্তিযোদ্ধা দিবস' হিসেবে পালনের জোর দাবি জানিয়েছে সেক্টর কমান্ডারস ফোরাম।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাজধানীর ভ্যাটিকান দূতাবাসে সফররত পোপ ফ্রান্সিসের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। এসময় খ্রিস্টান সম্প্রদায়ের সর্বোচ্চ ধর্মীয় নেতা পোপকে নৌকা উপহার দেন প্রধানমন্ত্রী।
- রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে অনুষ্ঠিত মুক্ত উপাসনা ও যাজকদের অভিষেক অনুষ্ঠানে সফররত পোপ ফ্রান্সিস বলেন, যা বিশ্বাস কর তা শিক্ষা দাও, যা শিক্ষা দাও তা অনুশীলন কর।
- গণভবন থেকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিও কনফারেন্সে শান্তিচুক্তি স্বাক্ষরের ২০তম বার্ষিকী উপলক্ষ্যে ভাষণে বলেছেন, ১৯৯৭ সালের ২ ডিসেম্বর যে ঐতিহাসিক শান্তিচুক্তি হয়েছিল তার সিংহভাগ পূরণ করেছে তাঁর সরকার।
- আগারগাঁওস্থ নির্বাচন ভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে নিজ জেলা পটুয়াখালী এবং টুঙ্গিপাড়াসহ দেশের বিভিন্ন জেলায় স্মার্টকার্ড বিতরণ উদ্বোধন করেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নুরুল হুদা।
- বগুড়ার মহাস্থানগড়ে দুই সহস্রাধিক বছর আগের প্রত্ন সামগ্রীর সন্ধান।
- শেরেবাংলা নগরে মুক্তিযুদ্ধ জাদুঘর মিলনায়তনে এক অনুষ্ঠানে মুক্তিযুদ্ধ জাদুঘর নির্মাণে সহায়তাকারীদের সম্মাননা দিয়েছে জাদুঘর কর্তৃপক্ষ।
- দ্য গার্ডিয়ানের প্রতিবেদন– বিভিন্ন কারণে গত দশকে বিশ্বের সংবাদমাধ্যমের স্বাধীনতা বর্তমানে সবচেয়ে নিম্নস্তরে।
- সমুদ্রে প্ল্যাস্টিক বর্জ্য নিয়ে 'জিরো টলারেন্স' নীতি জাতিসংঘের।
- মস্কোর 'রাশিয়া বিশ্বকাপের দলগুলোর ড্র অনুষ্ঠিত। কঠিন গ্রুপে শিরোপাধারী জার্মানি, স্পেন ও আর্জেন্টিনা।

**২ ডিসেম্বর**

- রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে জাতীয় বিচার বিভাগ সম্মেলনে প্রধান অতিথির বক্তৃতায় রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ জনগণের আস্থা জোরদারে নিরপেক্ষতা বজায় রেখে দ্রুত মামলা নিষ্পত্তি করতে নির্দেশ দিয়েছেন।



- রাজধানীর বনানী কবরস্থানে চিরনিদ্রায় শায়িত হলেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হক। রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রীসহ সর্বস্তরের মানুষের শ্রদ্ধা নিবেদন ও শোক প্রকাশ।
- পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সা.) উদযাপিত।
- গৃহকর বৃদ্ধির প্রতিবাদে গণঅনশনসহ ৫দফা কর্মসূচি ঘোষণা করেছে বাংলাদেশ হাউজ অ্যান্ড ফ্ল্যাট ওনার্স অ্যাসোসিয়েশন।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার আমন্ত্রণে ঢাকা সফরের শেষদিনে খ্রিস্টান ধর্মগুরু পোপ ফ্রান্সিস তরুণদের উদ্দেশে এক বক্তৃতায় বলেছেন, মোবাইল ফোনে মত্ত না থেকে পরিবারকে সময় দাও।
- ফারাজ হোসেন সাহসিকতা পুরস্কার-২০১৭ পেলেন ছিনতাইকারীদের ছুরিকাঘাতে নিহত শিক্ষার্থী খন্দকার আবু তালহা।
- বাংলাদেশ সফরের শেষদিনে বিমানবন্দরে সাংবাদিকদের প্রশ্নোত্তরে পোপ ফ্রান্সিস মিয়ানমার সফরের সময় রোহিঙ্গা শব্দটি না বলার ব্যাখ্যা দিয়েছেন।

**৩ ডিসেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা কম্বোডিয়ার প্রধানমন্ত্রী হুন সেনের আমন্ত্রণে তিনদিনের সরকারি সফরে কম্বোডিয়ায় পৌঁছলে তাঁকে লাল গালিচা সংবর্ধনা জানানো হয়।
- নির্বাচন কমিশনের (ইসি) সচিবালয়ের ভারপ্রাপ্ত সচিব হেলালুদ্দিন আহমেদ সাংবাদিকদের বলেন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) মেয়র পদটি শূন্য ঘোষণা করে ৯০ দিনের মধ্যে উপনির্বাচনের জন্য প্রস্তুত ইসি।
- মানিকগঞ্জে সড়ক দুর্ঘটনায় নিহত চলচ্চিত্রকার তারেক মাসুদের পরিবারকে চার কোটি ৬১ লাখ টাকা ক্ষতিপূরণের রায় দিয়েছেন আদালত।
- পিরোজপুরে ভাণ্ডারিয়া পানি শোধনাগার নির্মাণ প্রকল্পের উদ্বোধন অনুষ্ঠানে বাংলাদেশে নিযুক্ত ভারতীয় হাইকমিশনার হর্ষবর্ধন শ্রিংলা বলেন, বাংলাদেশ-ভারত বন্ধুত্ব চির অটুট থাকবে।
- নিম্ন আদালতের বিচারকদের চাকরির বিধিমালার গেজেট জারিতে আরো এক সপ্তাহ সময় পেল সরকার।
- দেশের বিভিন্ন স্থানে নানা আয়োজনে জাতীয় ও আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস উদযাপিত।
- বাংলা একাডেমির ৬২তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন।

- ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)'র প্রতিবেদন– দেশে জেলা পর্যায়ে ভূমি রেকর্ড রুমে আর্থিক অনিয়ম। সেখানে জমির পর্চা তুলতে ৫৬ শতাংশ ব্যক্তিকে ঘুষ দিতে হয়।
- বিজয়ের মাসে অনন্যা সাহিত্য পুরস্কার-১৪২৪ পেলেন বিশিষ্ট লেখক নারীনেত্রী ও মুক্তিযোদ্ধা বেগম মুশতারী শফী।
- নিউইয়র্ক টাইমসের প্রতিবেদন– মিয়ানমারে রোহিঙ্গাদের অস্তিত্ব মুছে ফেলার সব আয়োজন সম্পন্ন।

**৪ ডিসেম্বর**

- বাংলাদেশের সঙ্গে দক্ষিণ পূর্ব এশিয়ার আসিয়ান জোটভুক্ত দেশ কম্বোডিয়ার ১০টি সমঝোতা স্মারক এবং একটি চুক্তি স্বাক্ষর। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও দেশটির প্রধানমন্ত্রী হুন সেনের যৌথ বিবৃতিতে দুই দেশের সম্পর্ক আরো এগিয়ে নেয়ার আশাবাদ ব্যক্ত। রোহিঙ্গা ইস্যুতে সহযোগিতা চান প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- জয় বাংলা স্লোগানকে কেন 'জাতীয় স্লোগান ও মূলমন্ত্র' ঘোষণা করার নির্দেশ দেয়া হবে না– তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট।
- ঢাকা মহানগরে কোচিং বাণিজ্যে জড়িত আট শিক্ষাপ্রতিষ্ঠানের ৯৭ জন শিক্ষকের বিরুদ্ধে শাস্তির সুপারিশ করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)।
- বিকল্প ধারার প্রেসিডেন্ট ও সাবেক রাষ্ট্রপতি একিউএম বদরুদ্দোজা চৌধুরীর নেতৃত্বে 'যুক্তফ্রন্ট' নামে নতুন রাজনৈতিক জোটের আত্মপ্রকাশ।
- রাজধানীর ৫০ খাল রক্ষায় কর্মপরিকল্পনা তৈরির নির্দেশ হাইকোর্টের।
- রংপুর সিটি নির্বাচন প্রার্থীদের মধ্যে প্রতীক বিতরণ।
- সরকারি কর্মচারী আইন-২০১৭ চূড়ান্ত। উপসচিব থেকে সচিব পর্যায়ে ১০% পর্যন্ত বাইরে থেকে নিয়োগের প্রস্তাব করা হয়েছে।
- হুথি বিদ্রোহীদের হামলায় ইয়েমেনের সাবেক প্রেসিডেন্ট সালেহ নিহত।
- জেরুজালেম সংকটে ওআইসি আরব লীগকে জরুরি বৈঠকের আহ্বান প্যালেস্টাইনের।

**৫ ডিসেম্বর**

- কম্বোডিয়ার রাজধানী নমপেনে এক হোটেলে প্রধানমন্ত্রী শেখ হাসি-নার সঙ্গে দেশটির সাবেক প্রধানমন্ত্রী নরোদম রানাবিধের সৌজন্য সাক্ষাৎ। এ সময় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এশিয়ার দেশগুলোর জনগণের স্বার্থে এ অঞ্চলের মধ্যে সংযোগ ও সহযোগিতা বাড়ানোর ওপর গুরুত্বারোপ করেন।



- কম্বোডিয়ায় তিনদিনের সরকারি সফর শেষে দেশে ফিরেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- আন্তর্জাতিক খোলাবাজার থেকে এলএনজি (তরলীকৃত প্রাকৃতিক গ্যাস) আমদানির জন্য বিভিন্ন দেশের ৩০টি কোম্পানি ননসোর্টিয়ামকে নির্বাচিত করেছে সরকার।
- চট্টগ্রামের সীতাকুণ্ডে মহান মুক্তিযুদ্ধে নিহত ভারতীয় সেনাদের স্মরণে স্মৃতিসৌধ নির্মাণ উদ্বোধন।
- রাজধানীর এক হাসপাতালে সাংবাদিকদের সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) উপনির্বাচনে আওয়ামী লীগ 'উইনেবল ক্যান্ডিডেট' দেবে।
- জিয়া অরফানেজ ও জিয়া চ্যারিটেবল ট্রাস্ট দুর্নীতি মামলায় আদালতে আত্মসমর্পণ করে জামিন পেয়েছেন বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া। এসময় তিনি দুর্নীতির সকল অভিযোগ প্রত্যাখ্যান করে এই মামলায় আদালতের কাছে ন্যায় বিচারের প্রত্যাশা করেন।
- জঙ্গিবাদে সম্পৃক্ত থাকার অভিযোগে বন্ধ করে দেয়া রাজধানীর লেকহেড গ্রামার স্কুলে সেনা প্রতিনিধি নিয়ে নতুন ম্যানেজিং কমিটি গঠনের জন্য শিক্ষা মন্ত্রণালয়কে নির্দেশ দিয়েছেন আদালত।
- সরকারি কর্মচারী আইন-২০১৭ অনুমোদন না দিয়ে আবারও যাচাই-বাছাই কমিটি গঠনের সিদ্ধান্ত নিয়েছে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি।
- প্রখ্যাত রাজনীতিবিদ হোসেন শহীদ সোহরাওয়ার্দীর ৫৪তম মৃত্যুবার্ষিকী উদযাপিত।
- বাংলা একাডেমি পরিচালিত পাঁচটি পুরস্কার ঘোষণা।
- ছয় মুসলিম দেশের বিরুদ্ধে ট্রাম্পের ভ্রমণ নিষেধাজ্ঞা কার্যকরের নির্দেশ দিয়েছেন মার্কিন সুপ্রিম কোর্ট।
- কুয়েতে উপসাগরীয় সম্মেলন শুরু। গালফ কো-অপারেশন কাউন্সিলের (জিসিসি) বাইরে নতুন জোট গঠনের ঘোষণা সংযুক্ত আরব আমিরাতের।

**৬ ডিসেম্বর**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে বঙ্গভবনে 'ন্যাশনাল ডিফেন্স কোর্স (এনডিসি) ও আর্মড ফোর্স ওয়ার কোর্স (এএফডব্লিউসি)-২০১৭' এর অংশগ্রহণকারীরা সাক্ষাৎ করতে গেলে রাষ্ট্রপতি বলেন, বাংলাদেশ সবসময় বন্ধুপ্রতিম দেশগুলোর সঙ্গে পারস্পরিক সম্পর্ক এবং বিশ্ব শান্তি ও সম্প্রীতিকে গুরুত্ব দেয়।

- বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে 'ডিজিটাল ওয়ার্ল্ড-২০১৭' উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা তথ্যপ্রযুক্তির বিকাশের ফলে দেশের তরুণ প্রজন্মকে আগামী দিনের জন্য প্রস্তুত থাকার আহ্বান জানিয়ে বলেছেন, তরুণরাই দেশের আইসিটি সেক্টরকে এগিয়ে নিয়ে জাতির জনকের স্বপ্নকে সার্থক করবে। অনুষ্ঠান উদ্বোধন শেষে কৃত্রিম বুদ্ধিমত্তার সোশ্যাল রোবট সুফিয়া প্রধানমন্ত্রীর বিভিন্ন প্রশ্নের জবাব দেন।
- গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে বার্ন ও প্ল্যাস্টিক এবং নিউরোলজিস্টদের সমন্বয়ে একদল বিদেশি চিকিৎসকদের সাক্ষাৎ।
- দক্ষিণ কোরিয়ায় অনুষ্ঠিত ইউনেস্কোর এক সভায় ইন্টারগভর্নমেন্টাল কমিটি ফর দ্য সেফগার্ডিং অব দ্য ইনটেনজিবল কালচারাল হেরিটেজ বাংলাদেশের বৃহত্তর সিলেটের ঐতিহ্যবাহী শীতলপাটিকে বিশ্বের 'নির্বস্তক সাংস্কৃতিক ঐতিহ্য-২০১৭' হিসেবে স্বীকৃতি প্রদান করেছে।
- রাজধানীর গুলশানের আজাদ মসজিদে মিলাদ মাহফিল কোরআন খানি ও দোয়া মোনাজাতের মধ্য দিয়ে ঢাকা উত্তর সিটির কর্পোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হকের কুলখানি সম্পন্ন।
- জাতীয় জাদুঘরের সুফিয়া কামাল অডিটরিয়ামে ঘাতক দালাল নির্মূল কমিটি আয়োজিত বাংলাদেশ-ভারত মৈত্রী সেমিনারে বক্তারা বলেন, মুক্তিযুদ্ধের শুরুতেই ভারত বাংলাদেশকে স্বীকৃতি দেয়।
- দক্ষিণ কোরিয়ার সিউলে 'যুক্তরাষ্ট্র-দক্ষিণ কোরিয়া' বার্ষিক সামরিক মহড়া শুরু। মহড়ায় যুক্ত হলো মার্কিন বোমারু বিমান বি-১বি।

**৭ ডিসেম্বর**

- কম্বোডিয়ায় রাষ্ট্রীয় সফর সম্পর্কে গণভবনে এক সংবাদ সম্মেলনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, আগাম নির্বাচন দেয়ার মতো দৈন্যদশায় নেই সরকার। গণতন্ত্রে বিশ্বাসী হলে বিএনপি নির্বাচনে আসবে। হত্যা-সন্ত্রাস-দুর্নীতির জন্য খালেদা জিয়ারই জাতির কাছে ক্ষমা চাওয়া উচিত। সাজাপ্রাপ্ত আসামি তারেক রহমানকে দেশে আনা হবে। সৌদিতে অর্থপাচারে জড়িতদের বিচার করা হবে। আর প্রার্থী বাছাইয়ে যোগ্য ব্যক্তিকেই বেছে নেব। এসময় প্রধানমন্ত্রী আগামী নির্বাচনে তাঁর দলের বিজয়ের ব্যাপারে দৃঢ় আশাবাদ ব্যক্ত করেন।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে তাঁর কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে নতুন বছরের প্রথম সংসদ অধিবেশনে রাষ্ট্রপতির ভাষণের খসড়া অনুমোদন।



- রংপুর বিভাগীয় কমিশনারের কার্যালয়ে 'রংপুর সিটি কর্পোরেশন (রসিক)-২০১৭' উপলক্ষ্যে এক সভায় সাংবাদিকদের প্রধান নির্বাচন কমিশনার কে এম নুরুল হুদা বলেছেন, সেনা মোতায়েন ছাড়াই অবাধ, সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠান সম্ভব।
- মন্ত্রিপরিষদ গঠিত তদন্ত কমিটি রংপুর সার্কিট হাউজে এক প্রেস ব্রিফিংয়ে বলেছে, ফেসবুক স্ট্যাটাসকে কেন্দ্র করে রংপুরে হিন্দু সম্প্রদায়ের ওপর হামলা পরিকল্পিত।
- রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত চার দিনব্যাপী ডিজিটাল ওয়ার্ল্ড মেলার দ্বিতীয় দিনে মিনিস্টেরিয়াল কনফারেন্সে প্রধানমন্ত্রীর তথ্যপ্রযুক্তি বিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয় বলেছেন, উন্নত প্রযুক্তি কাজে লাগিয়ে এগিয়ে যাবে বাংলাদেশ।
- জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে সদস্য সংখ্যায় এশিয়ায় তৃতীয় বাংলাদেশ।
- কক্সবাজারে ২৮৫ অস্ত্রধারী সন্ত্রাসী গ্রেফতার। সাড়ে ৫শ অস্ত্র সাড়ে চার হাজার গুলি উদ্ধার করেছে পুলিশ।
- বগুড়ায় জেএমবি'র উত্তরবঙ্গের সামরিক শাখার চার জঙ্গিকে গ্রেফতার করেছে পুলিশ।
- নিউইয়র্কে এক সংবাদ সম্মেলনে জাতিসংঘের (ইউএনএইচসিআর) কর্মকর্তা বলেছেন, মিয়ানমারের রাখাইনে রোহিঙ্গাদের ফেরার উপযুক্ত পরিবেশ নেই। মিয়ানমারে রোহিঙ্গাদের জাতিগত নিধনে মার্কিন কংগ্রেসে নিন্দা প্রস্তাব পাস। দায়ীদের বিরুদ্ধে অবরোধ আরোপের আহ্বান।
- জেরুজালেম নিয়ে মার্কিন ঘোষণায় বাংলাদেশসহ বিশ্বজুড়ে উদ্বেগ প্রকাশ। এ বিষয়ে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, এভাবে এক তরফা যুক্তরাষ্ট্রের ঘোষণা দেয়া মানে বিশ্বব্যাপী অশান্তি সৃষ্টি করা।
- প্যারিসে বর্ণাঢ্য অনুষ্ঠানে পঞ্চমবারের মতো 'ব্যালন ডি অর-২০১৭' জয়ের ট্রফি গ্রহণ করেন ফুটবলার ক্রিশ্চিয়ানো রোনাল্ডো।

**৮ ডিসেম্বর**

- সিলেটের শ্রীমঙ্গলে বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের (বিএফআইডিসি) অর্থায়নে দেশের সর্ববৃহৎ রাবার প্ল্যান্ট উদ্বোধন করেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত।
- বাংলা একাডেমি প্রাঙ্গণে দুইদিনের শিশু সাহিত্য সম্মেলন শুরু।

- প্রশিক্ষণপ্রাপ্ত সহকারী শিক্ষকের বেতনস্কেল নির্ধারণের একদফা দাবি জানিয়েছেন বাংলাদেশ প্রাথমিক সহকারী শিক্ষক মহাজোট।
- ফাইবার অপটিক ক্যাবল মেরামত সম্পন্ন হওয়ায় সারাদেশের টেলিফোন সংযোগ চালু।
- খুলনা-কলকাতা রুটে যশোরে স্টপেজ ও বেনাপোল-ঢাকা রুটে ২টি ট্রেন চালুসহ ১১দফা দাবি বাস্তবায়নে কর্মসূচি ঘোষণা করেছে রেল উন্নয়ন সংগ্রাম কমিটি যশোরের নেতৃবৃন্দ।
- দেশের মহাসড়কে ওজনসীমা পেরুলেই জরিমানা। সরকারের সিদ্ধান্তে আপত্তি নেই ট্রাক-লরি মালিক সমিতির।
- পুলিশ সদর দপ্তরের ওয়েবসাইটে প্রতিবেদন প্রকাশ– চলতি বছরের ৯ মাসে সারাদেশে ২,৭১৯ খুন, রাজনৈতিক ও ব্যক্তিগত দ্বন্দ্বে আওয়ামী লীগ নেতাকর্মীসহ খুন ৪শ' জন।
- চট্টগ্রামে বৌদ্ধদের পবিত্র ধর্মগ্রন্থ 'ত্রিপিটক' এর বাংলা অনুবাদের মোড়ক উন্মোচন করেন বাংলাদেশি বৌদ্ধদের সর্বোচ্চ ধর্মীয় গুরু সংঘরাজ ড. ধর্মসেন মহাস্থবির।
- ঢাকা বিশ্ববিদ্যালয়ে তিন দিনব্যাপী আন্তর্জাতিক গণিত উৎসব শুরু।
- শর্ত ভঙ্গ করায় চট্টগ্রামের সুলতানা জুট মিলস লিমিটেডের নিয়ন্ত্রণ নিল সরকার।
- ঢাকা-নারায়ণগঞ্জ-ডেমরা (ডিএনডি) এলাকার জলাবদ্ধতা নিরসনে ৫৫৮ কোটি টাকার প্রকল্পের আনুষ্ঠানিক উদ্বোধন করেন পানি সম্পদমন্ত্রী আনিসুল ইসলাম মাহমুদ।
- 'বিয়ের পর স্বামীর ধর্ম পালনে স্ত্রী বাধ্য নয়' মর্মে ভারতের সুপ্রিম কোর্টের রায়।
- জেরুজালেমকে রাজধানী স্বীকৃতির প্রতিবাদে প্যালেস্টাইনে বিক্ষোভ। ইসরায়েলি বাহিনীর গুলিবর্ষণে নিহত ১, আহত শতাধিক।
- জেনেভায় এক বিবৃতিতে ইউএনএইচসিআর মুখপাত্র বলেছেন, বাংলাদেশে পালিয়ে আসা রোহিঙ্গাদের মিয়ানমার ফেরত পাঠানো প্রক্রিয়ার আলোচনায় প্রস্তুত জাতিসংঘ।

**৯ ডিসেম্বর**

- রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে 'বেগম রোকেয়া দিবস' ও 'রোকেয়া পদক-২০১৭' বিতরণ উপলক্ষ্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা 'বাধা আসবেই তা অতিক্রম করে এগিয়ে যেতে হবে'। অনুষ্ঠানে নারী উন্নয়নে অবদানের জন্য দেশের পাঁচ নারীকে বেগম রোকেয়া পদক প্রদান করেন প্রধানমন্ত্রী।



- ভোলায় এক জনসভায় প্রধান অতিথির বক্তব্যে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল– জাতীয় নির্বাচন সংবিধান অনুযায়ী যথানিয়মে এবং যথাসময়ে অনুষ্ঠিত হবে।
- রাজধানীর মহানগর নাট্যমঞ্চে এক অনুষ্ঠানে আইনমন্ত্রী অ্যাডভোকেট আনিসুল হক বলেছেন, সংবিধান মেনেই আগামী জাতীয় নির্বাচনে অংশ নিতে হবে বিএনপিকে।
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচন দাবিতে ঢাবি স্মৃতি চিরন্তন চত্বরে ওয়ালিদ আশরাফের টানা ১৪ দিন পর এককভাবে করা অনশন ভাঙলেন। এদিকে ডাকসু নির্বাচন না হওয়ার সংস্কৃতি থেকে বেরিয়ে আসব বলে প্রতিশ্রুতি দিয়েছেন উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান।
- সাগরে নিম্নচাপের প্রভাবে রাজধানীসহ সারাদেশে বৃষ্টি। সমুদ্রবন্দরগুলোর জন্য ৩নং সতর্কতা সংকেত।
- ভারতের সেনাবাহিনী প্রধানের আমন্ত্রণে দেশটির মিলিটারি একাডেমিতে পাসিং আউট প্যারেড পরিদর্শন করলেন বাংলাদেশ সেনাবাহিনী প্রধান জেনারেল আবু বেলাল মোহাম্মদ শফিউল হক।
- দেশের বিভিন্ন স্থানে নানা আয়োজনে আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস উদযাপিত।
- ইসলামিক স্টেট (আইএস) জঙ্গি গোষ্ঠীর বিরুদ্ধে যুদ্ধের সমাপ্তি ঘোষণা করেছে ইরাক।
- ইসরায়েলের রাজধানী হিসেবে জেরুজালেমকে স্বীকৃতি ইস্যুতে উত্তাল গাজা। ইসরায়েলি হামলায় নিহত দুই জন, আহত শতাধিক। জাতিসংঘ নিরাপত্তা পরিষদে তোপের মুখে যুক্তরাষ্ট্র।

**১০ ডিসেম্বর**

- গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে যশোরে 'শেখ হাসিনা সফ্‌টওয়্যার টেকনোলজি পার্ক' উদ্বোধন করেন প্রধানমন্ত্রী। এ সময় প্রধানমন্ত্রী আশাবাদ ব্যক্ত করে বলেন, ভবিষ্যতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) দেশে রপ্তানিতে বড় অবদান রাখবে। এর আগে সকালে ভিডিও কনফারেন্সে দেশে দুটি সোলারসহ চারটি নতুন বিদ্যুৎকেন্দ্র এবং শতভাগ বিদ্যুতায়িত ১০ উপজেলার ঘোষণা দেন প্রধানমন্ত্রী।
- 'জয় বাংলা' জাতীয় স্লোগান নিয়ে রাষ্ট্রের বক্তব্য জানতে চেয়েছেন হাইকোর্ট।

- বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে জাতীয় মানবাধিকার কমিশন আয়োজিত 'আন্তর্জাতিক মানবাধিকার কনফারেন্স' উদ্বোধনকালে রোহিঙ্গা ইস্যুতে বিশ্ব সম্প্রদায়ের সহযোগিতা চেয়েছেন স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী।
- ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনে (ডিএনসিসি) হোল্ডিং ট্যাক্স (গৃহকর) আদায় কেন অবৈধ নয় তা জানতে চেয়ে রুল জারি করেছে হাইকোর্ট।
- তরল জ্বালানিতে আরও ৩০০ মেগাওয়াট বিদ্যুৎকেন্দ্র নির্মাণে সামিট পাওয়ারের সঙ্গে চুক্তি স্বাক্ষর করেছে সরকার।
- স্থায়ী কমিটির বৈঠকে ডিএনসিসি নির্বাচনে অংশ নেয়ার সিদ্ধান্ত নিয়েছে বিএনপি।
- প্রথমবারের মতো মুক্তিযুদ্ধ জাদুঘরের স্থায়ী ঠিকানা আগারগাঁওয়ে সপ্তাহব্যাপী 'বিজয় উৎসব' শুরু।
- রাজধানীসহ সারাদেশে নানা কর্মসূচির মধ্য দিয়ে বিশ্ব মানবাধিকার দিবস উদযাপিত।
- এশীয় প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের তথ্যপ্রযুক্তির অস্কারখ্যাত অ্যাপিকটা অ্যাওয়ার্ড পেয়েছে বাংলাদেশের শিক্ষা বিষয়ক ব্লগ 'টেন মিনিট স্কুল'।
- শ্রীলংকার দক্ষিণাঞ্চলে হাম্বনটোটা সমুদ্র বন্দর ৯৯ বছরের ইজারায় চীনকে হস্তান্তর করেছে দেশটির সরকার।
- পাকিস্তানে ব্র্যাকসহ ২১ এনজিওর কার্যক্রম বন্ধের নির্দেশ দিয়েছে দেশটির সরকার।
- বিশ্ব মানবাধিকার দিবস উপলক্ষ্যে বিশ্ব নেতাদের প্রতি 'মানবাধিকার সুরক্ষার' আহ্বান জানিয়েছেন জাতিসংঘের মহাসচিব অ্যান্তোনিও গুতেরেস।
- বাংলাদেশ টেস্ট দলের নতুন অধিনায়ক সাকিব আল হাসান ও সহ অধিনায়ক মাহমুদউল্লাহ রিয়াদকে নির্বাচিত করেছে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)।

**১১ ডিসেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা ফ্রান্সে 'ওয়ান প্ল্যানেট' সামিটে অংশগ্রহণের জন্য তিনদিনের সরকারি সফরে প্যারিস পৌঁছেছেন।
- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ তুরস্কের রাজধানী ইস্তাম্বুলে ইসলামি সহযোগিতা সংস্থা (ওআইসি)'র বিশেষ শীর্ষ সম্মেলনে যোগদানের জন্য ঢাকা ত্যাগ করেছেন।



- অধস্তন (নিম্ন) আদালতের বিচারকদের চাকরির শৃঙ্খলা ও আচরণবিধির গেজেট প্রকাশ করেছে আইন, বিচার ও সংসদ বিষয়দ মন্ত্রণালয়।
- সচিবালয়ে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সম্মেলন কক্ষে এক অনুষ্ঠানে 'ডাক টাকা' সেবা উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিন-ার তথ্যপ্রযুক্তি বিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়।
- জনপ্রশাসনের ১৩৩ জন কর্মকর্তাকে অতিরিক্ত সচিব হিসেবে পদোন্নতি।
- ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির ২০১৮ সালের কার্যনির্বাহী পরিষদের নির্বাচনে জয়ী হয়েছেন আওয়ামী লীগ সমর্থিত নীল দলের প্রার্থীরা।
- ভেনিজুয়েলায় প্রেসিডেন্ট নির্বাচনে প্রধান বিরোধীদলগুলোকে নিষিদ্ধ করেছেন দেশটির প্রেসিডেন্ট নিকোলাস মাদুরো।
- ভারতের প্রধান বিরোধীদল কংগ্রেস পার্টির নতুন সভাপতি নির্বাচিত হয়েছেন রাহুল গান্ধী।

**১২ ডিসেম্বর**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ইসলামি সম্মেলন সংস্থার (ওআইসি) ষষ্ঠ বিশেষ শীর্ষ সম্মেলনে যোগ দিতে তুরস্কের রাজধানী ইস্তাম্বুল পৌঁছেছেন।
- ফরাসি প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রো ও বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে ফ্রান্সের প্রেসিডেন্টের সরকারি বাসভবনে দ্বিপক্ষীয় বৈঠক অনুষ্ঠিত। বাণিজ্য, অর্থনীতি ও অন্যান্য অগ্রাধিকার ক্ষেত্রে সহযোগিতার সুযোগ-সুবিধা অনুসন্ধানে যৌথ কমিশন গঠনে সম্মত ঢাকা ও প্যারিস।
- দেশের সব সিটি কর্পোরেশনের অধীন গৃহকর (হোল্ডিং ট্যাক্স) পুনর্মূল্যায়ন স্থগিত করেছে সরকার। এছাড়া জন্ম ও মৃত্যু সনদপত্রের ফি ৫০০ টাকা থেকে কমিয়ে ১০০ টাকা নির্ধারণ করেছে স্থানীয় সরকার বিভাগ।
- রাজধানীর ডিএমপির কমান্ড অ্যান্ড কন্ট্রোল ভবনে 'জাতীয় জরুরি সেবা-৯৯৯' আনুষ্ঠানিক উদ্বোধন করেন প্রধানমন্ত্রীর তথ্য ও প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়।
- নানা আয়োজনে দেশে প্রথমবারের মতো জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি দিবস উদযাপিত।
- সাতক্ষীরায় এক অনুষ্ঠানে সাংবাদিকদের সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের– নিজেদের অস্তিত্ব রক্ষার স্বার্থেই বিএনপি আগামী নির্বাচনে যাবে।

- ডিজিটাল বাংলাদেশ অভিযাত্রায় অবদানের স্বীকৃতি হিসেবে অধ্যাপক জাফর ইকবাল, বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকমের প্রধান সম্পাদক তৌফিক ইমরোজ খালিদী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রয়াত মেয়র আনিসুল হকসহ ৯ ব্যক্তি ও ৬ প্রতিষ্ঠানকে বিশেষ সম্মাননা (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি পুরস্কার-২০১৭) দিয়েছে সরকার।
- নিউইয়র্কের ম্যানহাটন বাস টার্মিনালে সন্ত্রাসী হামলায় জড়িত সন্দেহে আটক বাংলাদেশি আকায়েদ উল্লাহ। যুক্তরাষ্ট্রে আরো কঠিন অভিবাসী আইন চান দেশটির প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। এই ঘটনায় বাংলাদেশি কমিউনিটি গভীর উদ্বেগ প্রকাশ করেছে।
- জলবায়ু তহবিল সংগ্রহের লক্ষ্যকে সামনে রেখে ফরাসি প্রেসিডেন্টের আমন্ত্রণে প্যারিসে 'ওয়ান প্ল্যানেট' সম্মেলনে ৫০ দেশের রাষ্ট্রপ্রধানসহ বেসরকারি সংস্থা ও কোম্পানির প্রতিনিধিদের অংশগ্রহণ।
- কলকাতায় নিজের ভাস্কর্য উদ্বোধন করলেন আর্জেন্টাইন ফুটবল কিংবদন্তি ডিয়েগো ম্যারাডোনা।
- মিরপুর শেরেবাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে বিপিএল ফাইনালে ঢাকা ডাইনামাইটকে ৫৭ রানে হারিয়ে প্রথমবার জয়ী রংপুর রাইডার্স।
- মালদ্বীপের সাউথ এশিয়ান অ্যাথলেটিক্স ফেডারেশনের কাউন্সিল সভায় সিদ্ধান্ত– 'দক্ষিণ এশিয়ান অ্যাথলেটিক্স ২০১৯' ঢাকায় অনুষ্ঠিত হবে।
- বিবিসি'র আফ্রিকান সেরা খেলোয়াড় নির্বাচিত হয়েছেন লিভারপুল ও মিশরের স্ট্রাইকার মোহামেদ সালাহ।

**১৩ ডিসেম্বর**

- ইস্তাম্বুলে ইসলামি সহযোগিতা সংস্থার (ওআইসি) ষষ্ঠ সম্মেলনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ জেরুজালেম প্রশ্নে যুক্তরাষ্ট্রকে সিদ্ধান্ত পরিবর্তনে বাধ্য করতে মুসলিম দেশগুলোর জোট ওআইসিকে দ্রুত কূটনৈতিক পদক্ষেপ নেয়ার আহ্বান জানান।
- ফ্রান্সে এক হোটেলে দেশটিতে অবস্থানরত আওয়ামী লীগ আয়োজিত সংবর্ধনা সভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী সাধারণ নির্বাচনে বিজয় নিশ্চিত করতে দলের সকল স্তরের নেতা-কর্মীদের ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানিয়ে বলেছেন, আমরা পুনর্নির্বাচিত হয়ে ক্ষমতায় আসব ইনশাল্লাহ এবং বাংলাদেশের উন্নয়নের গতি অব্যাহত থাকবে।



- বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে মুক্তিযোদ্ধাকে সংবর্ধনা দিয়েছে ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন।
- প্রসূতির পেটে গজ রেখে অপারেশনের ঘটনায় ভিকটিম মাকসুদাকে ৯ লাখ টাকা ক্ষতিপূরণের নির্দেশ দিয়েছেন হাইকোর্ট।
- রাজধানীর রামকৃষ্ণ মিশন প্রাঙ্গণে বিবেকানন্দ ভবন নির্মাণ অনুষ্ঠানে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, সংখ্যালঘুদের ওপর হামলায় আওয়ামী লীগ জড়িত থাকলেও রেহাই নেই। অনুষ্ঠানে ঢাকাস্থ ভারতীয় হাইকমিশনার বলেন, ইন্দো-বাংলা সম্পর্কের সোনালি অধ্যায় চলছে।
- তুরাগ নদে অবৈধ দখলে থাকা ৩০টি প্রতিষ্ঠান উচ্ছেদের নির্দেশ দিয়েছেন হাইকোর্ট।
- রাজধানীতে খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা ও সংশ্লিষ্ট পরিবারের সদস্যদের ঢাকা সিটি কর্পোরেশন এলাকায় ১,৫০০ বর্গফুটের ফ্ল্যাটে হোল্ডিং ট্যাক্স মওকুফের প্রজ্ঞাপন জারি করেছে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
- সচিবালয়ে সাংবাদিকদেরকে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল– আগামী ২৫ ডিসেম্বর বড়দিন ও ৩১ ডিসেম্বর থার্টিফার্স্ট নাইটে দেশব্যাপী কঠোর নিরাপত্তা দেয়া হবে। সন্ধ্যার পর বার বন্ধ ও বিশেষ এলাকায় চলাচল নিয়ন্ত্রিত থাকবে।
- বাংলাদেশে আশ্রয় নেয়া রোহিঙ্গা শিশুদের ডিপথেরিয়াসহ নানা রোগব্যাধি প্রতিরোধে টিকা প্রদান কার্যক্রম শুরু করেছে সরকার।
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদে প্রথম নারী ডিন নির্বাচিত হয়েছেন সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. সাদেকা হালিম।
- যুক্তরাষ্ট্রে সিটি কাউন্সিলে আরও তিন বাংলাদেশি জয়ী হয়েছেন।
- যুক্তরাষ্ট্রভিত্তিক কমিটি টু প্রটেক্ট জার্নালিস্ট (সিপিজে)'র প্রতিবেদন প্রকাশ– চলতি বছরে বিভিন্ন দেশে ২৬২ সাংবাদিক জেলবন্দি।

**১৪ ডিসেম্বর**

- সারাদেশে শহীদ বুদ্ধিজীবী দিবস উদযাপন। দিবসটি উপলক্ষ্যে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাজধানীর মিরপুরে শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে শ্রদ্ধার্ঘ্য নিবেদন করেন।
- মিরপুর শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে 'শহীদ বুদ্ধিজীবী দিবস' উপলক্ষ্যে দলের পক্ষ থেকে শ্রদ্ধা নিবেদন শেষে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের সাংবাদিকদের বলেছেন, বঙ্গবন্ধু ও বুদ্ধিজীবী হত্যায় বিদেশে পলাতক আসামিদের ফিরিয়ে আনার দ্বারপ্রান্তে সরকার।

- জেরুজালেমকে ইসরায়েলের রাজধানী করার ইস্যুতে ইস্তাম্বুলে ইসলামিক সহযোগিতা সংস্থার (ওআইসি) বিশেষ শীর্ষ সম্মেলনে যোগদান শেষে দেশে ফিরেছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্যারিসে 'ওয়ান প্ল্যানেট' শীর্ষ সম্মেলনে অংশগ্রহণ শেষে দেশে ফিরেছেন।
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় প্রশ্ন ফাঁসে জড়িত প্রেস কর্মচারী। তিন মাসে আটক ২২ জন।
- দেশের বিভিন্ন স্থানে কর্মরত পুলিশের ৯৬ জন অতিরিক্ত পুলিশ সুপারকে এসপি পদে পদোন্নতি দিয়েছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- ভারত সরকারের আমন্ত্রণে মহান বিজয় দিবস উপলক্ষ্যে আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে যোগ দিতে ৭০ সদস্যের বাংলাদেশ প্রতিনিধিদল কলকাতা পৌঁছেছেন।
- শিশু বিষয়ক প্রতিবেদনের জন্য ইউনিসেফের 'মীনা অ্যাওয়ার্ড-২০১৭' পেয়েছেন ৪৯ জন গণমাধ্যমকর্মী।
- রাজধানীর আবাসিক ও ভিআইপি এলাকায় রাত ১০টার পর সব ধরনের যানবাহনের হর্ন বাজানোর ওপর নিষেধাজ্ঞা দিয়েছেন হাইকোর্ট।
- রাজধানীতে নব্য জেএমবির প্রতিষ্ঠাতা তামিমের সেকেন্ড ইন কমান্ডসহ গ্রেফতার ৩০।
- আন্তর্জাতিক দাতব্য সংস্থা মেডিসিনস স্যানস ফ্রন্টিয়ারস (এমএসএফ)-এর প্রতিবেদন– চলতি বছর আগস্টে মিয়ানমারের রাখাইনে সহিংসতায় কমপক্ষে ৬ হাজার ৭শ' রোহিঙ্গাকে হত্যা করেছে দেশটির সেনাবাহিনী। বিশ্বের ১৪৪টি আন্তর্জাতিক সংস্থা ও ৩২জন বিশিষ্টজনের রোহিঙ্গাদের অধিকার রক্ষায় মিয়ানমার সরকারের প্রতি আহ্বান। মিয়ানমারে রোহিঙ্গা হত্যা নির্যাতনে জড়িত দেশটির সেনাবাহিনীর শীর্ষ জেনারেলদের ওপর অবরোধ আরোপের সুপারিশ ইউরোপীয় ইউনিয়নের।
- রোহিঙ্গা ইস্যুতে মিয়ানমারের নেত্রী অং সান সুচিকে দেয়া 'ফ্রিডম অব ডাবলিন সিটি' সম্মাননা প্রত্যাহার করলেন আয়ারল্যান্ডের ডাবলিন শহরের কাউন্সিলররা।
- যুক্তরাষ্ট্রের শীর্ষস্থানীয় মেরিয়াম ওয়েবসাইটের অভিধানে ২০১৭ সালের সেরা শব্দ 'ফেমিনিজম' (নারীবাদ) নির্বাচিত।
- পূর্ব জেরুজালেমকে ফিলিস্তিনের রাজধানী হিসেবে ওআইসির ঘোষণাকে প্রত্যাখ্যান করেছে ইসরায়েলি প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু।



- ব্রেক্সিট ডিভোর্স বিল অনুমোদন ইস্যুতে পার্লামেন্টে ভোটে পরাজিত প্রধানমন্ত্রী থেরেসা মে।
- সোমালিয়ায় পুলিশ একাডেমিতে আত্মঘাতী বোমা হালায় ১৫ জন কর্মকর্তা নিহত।
- শ্রীলংকা জিম্বাবুয়েকে নিয়ে বাংলাদেশের ত্রিদেশীয় সিরিজ সূচি চূড়ান্ত প্রকাশ করেছে বিসিবি।
- বিজয় দিবস বাস্কেটবল টুর্নামেন্ট রাজধানীর ধানমন্ডি উডেন ফ্লোরে বাস্কেটবল জিমনেশিয়ামে শুরু।

**১৫ ডিসেম্বর**

- মুক্তিযুদ্ধের সংগঠক, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাবেক মেয়র এবং চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগের সভাপতি এবিএম মহিউদ্দিন চৌধুরীর ইন্তেকাল। তাঁর মৃত্যুতে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার গভীর শোক প্রকাশ।
- রাজধানীর এক হোটেলে 'ষষ্ঠ কার্ডিওলজি অ্যান্ড কার্ডিয়াক সার্জারি আন্তর্জাতিক সম্মেলন এবং চতুর্থ ঢাকা লাইভ ২০১৭' উদ্বোধনী অনুষ্ঠানে স্বাস্থ্যসেবা মানুষের দোরগোড়ায় পৌঁছে দিতে চিকিৎসকদের প্রতি রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ আহ্বান জানান।
- মহান বিজয় দিবস উপলক্ষ্যে বাংলাদেশ সেনাবাহিনীতে ৪৫ জন অনারারি ক্যাপ্টেন ও ৮৩ জন অনারারি লেফটেন্যান্ট এবং নৌবাহিনীতে ১৮ জনকে অনারারি সাব-লেফটেন্যান্ট পদে পদোন্নতিপূর্বক অনারারি কমিশন প্রদান।
- রাজধানীর একটি হোটেলে ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী ভারতীয় ও রাশিয়ার সশস্ত্র বাহিনীর অবসরপ্রাপ্ত বীরযোদ্ধাদের একটি প্রতিনিধিদলকে বাংলাদেশ সেনাবাহিনীর পক্ষ থেকে অভ্যর্থনা দেয়া হয়েছে।
- বাংলাদেশের বিজয় দিবস উপলক্ষ্যে ভারতের ত্রিপুরা রাজ্য সরকার আয়োজিত বিজয় উৎসব ও আলোচনাসভায় প্রধান অতিথি হিসেবে যোগ দিতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম আগরতলা পৌঁছেছেন।
- মহান বিজয় দিবস উপলক্ষ্যে রাজধানী ও আশেপাশের এলাকায় বিশেষ নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করেছে আইন-শৃঙ্খলা বাহিনী।
- প্রশিক্ষণপ্রাপ্ত প্রাথমিক সহকারী শিক্ষকদের বেতনস্কেল উন্নীতকরণের একদফা দাবিতে সারাদেশে সহকারী শিক্ষক মহাজোটের সংবাদ সম্মেলন।

- ইউরোপীয় ইউনিয়ন (ইইউ) সম্মেলনের শেষদিনে যুক্তরাজ্যের সঙ্গে ব্রেক্সিট পরবর্তী সম্পর্ক নির্ধারণে আলোচনা শুরুর অনুমোদন দিয়েছে ইইউ।
- ভারতের প্রাচীন রাজনৈতিক দল কংগ্রেসের প্রধান হিসেবে অবসর ঘোষণা দিয়েছেন সোনিয়া গান্ধী।
- উত্তর কোরিয়া ইস্যুতে রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সঙ্গে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ফোনালাপ।

**১৬ ডিসেম্বর**

- সারাদেশে ৪৭তম মহান বিজয় দিবস উদযাপিত। দিবসটি উপলক্ষ্যে জাতীয় স্মৃতিসৌধে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা লাখো মানুষের বীর শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।
- মহান বিজয় দিবস উপলক্ষ্যে রাজধানীর জাতীয় প্যারেড গ্রাউন্ডে কুচকাওয়াজ অনুষ্ঠানে যোগদান করেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- বঙ্গভবনে রাষ্ট্রপ্রতি মো. আবদুল হামিদ আয়োজিত বিজয়ের ৪৬ বছর পূর্তি সংবর্ধনা অনুষ্ঠানে যোগদান করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- ৪৭তম বিজয় দিবস উদযাপন উপলক্ষ্যে ঐতিহাসিক সোহরাওয়ার্দী উদ্যানে রাষ্ট্রীয়ভাবে আয়োজিত 'বিজয় পতাকা হাতে চলি অবিরাম' সাংস্কৃতিক অনুষ্ঠানে গণভবন থেকে ভিডিও কনফারেন্সে তরুণদের প্রতি প্রধানমন্ত্রী শেখ হাসিনার মুক্তিযুদ্ধের চেতনায় দেশকে গড়ে তোলার আহ্বান।
- সংসদে সংরক্ষিত আসন ও পৃথক মন্ত্রণালয়সহ ১৪দফা দাবি মনিপু-রীসহ নৃতাত্তিক জনগোষ্ঠীর।
- পিলখানা হত্যা মামলায় আওয়ামী লীগের নেতাসহ ১৬ জন আসামির খালাসের বিরুদ্ধে আপিলের সিদ্ধান্ত সরকারের।
- রাজনৈতিক ব্যক্তিত্ব ও বর্ষীয়ান আওয়ামী লীগ নেতা মৎস্য ও প্রাণিসম্পদমন্ত্রী অ্যাডভোকেট মোহাম্মদ ছায়েদুল হক (৭৫) ইন্তেকাল করেছেন। তাঁর মৃত্যুতে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার গভীর শোক প্রকাশ।
- ৫ ফেব্রুয়ারিকে 'জাতীয় গ্রন্থাগার দিবস' হিসেবে ২০১৮ থেকে প্রতি বছর দেশে যথাযথ মর্যাদায় উদযাপনের সিদ্ধান্ত নিয়েছে সরকার।
- ভারতের দক্ষিণ ত্রিপুরায় 'বাংলাদেশ-ভারত মৈত্রী উদ্যান' উদ্বোধন।
- মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষ্যে পঞ্চগড়ের বাংলাবান্দা-ফুলবাড়ী নোম্যান্সল্যান্ডে দুই বাংলার মিলনমেলা।



- বাংলাদেশের মহান বিজয় দিবস উপলক্ষ্যে এক টুইট বার্তায় মুক্তিযোদ্ধাদের শুভেচ্ছা ও প্রণাম জানিয়েছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি।
- ভারতে কংগ্রেসের ৪৯তম সভাপতি হিসেবে রাহুল গান্ধী দায়িত্ব গ্রহণ করেছেন।
- সৌদি আরবে নারীদের ট্রাক ও মোটরসাইকেল চালানোর অনুমতি দিয়েছে দেশটির ট্রাফিক বিভাগ।
- অস্ট্রিয়ায় প্রথমবার সরকারে যোগ দিচ্ছে ইসলামবিরোধী উগ্রপন্থীরা।
- ইউক্রেন ইস্যুতে রাশিয়ার ওপর আরোপিত অর্থনৈতিক নিষেধাজ্ঞার মেয়াদ আরও ছয় মাস বাড়িয়েছে ইউরোপীয় ইউনিয়ন (ইইউ)।
- বিজয় দিবস বাস্কেটবল টুর্নামেন্টে ৮৮-৬২ পয়েন্টে বাংলাদেশ সেনাবাহিনীকে পরাজিত করে বাংলাদেশ নৌবাহিনী চ্যাম্পিয়ন।
- নেপালে প্রথমবারের মতো হুইলচেয়ার ক্রিকেটের ত্রিদেশীয় সিরিজে ভারতকে ৬ উইকেটে পরাজিত করেছে বাংলাদেশ।

**১৭ ডিসেম্বর**

- শহীদ বুদ্ধিজীবী দিবস ও ৪৭তম বিজয় দিবস উপলক্ষ্যে আওয়ামী লীগ আয়োজিত বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে এক আলোচনাসভায় বক্তৃতায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, স্বাধীনতাবিরোধী অপশক্তি ও দুর্নীতিবাজকে জনগণ ভোটের মাধ্যমে চিরবিদায় করবে।
- জাতীয় সংসদের দক্ষিণ প্লাজায় মৎস্য ও প্রাণিসম্পদমন্ত্রী মোহাম্মদ ছায়েদুল হকের কফিনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথকভাবে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন। ব্রাহ্মণবাড়িয়ার নাসিরনগরে বাবা-মায়ের পাশে দাফন।
- পুলিশ সদর দপ্তরে এক যৌথ সভায় জাল নোট রোধে বাংলাদেশ ও ভারত উভয় দেশের একযোগে কাজ করার সিদ্ধান্ত।
- বাংলাদেশ উন্নয়ন ফোরামের (বিডিএফ) দাতাদের সঙ্গে বৈঠকের আলোচ্যসূচি হিসেবে ৮ ইস্যু চূড়ান্ত করেছে সরকার।
- বাংলাদেশ সংবাদ সংস্থার (বাসস) সাংবাদিকদের অবসরের বয়স ৬৫ সংক্রান্ত হাইকোর্টের পূর্ণাঙ্গ রায় প্রকাশিত।
- বাংলাদেশের মুক্তিযুদ্ধে অবদান রাখা ভারত-রাশিয়ার সশস্ত্র বাহিনীর ৪০ জন যোদ্ধাকে বাংলাদেশ বিমানবাহিনীর সংবর্ধনা।
- মহান বিজয় দিবস উপলক্ষ্যে রাজধানীতে বিএনপির শোভাযাত্রা।
- কক্সবাজার জেলা প্রশাসকের কার্যালয়ে রোহিঙ্গা ইস্যু নিয়ে কক্সবাজার জেলা প্রশাসনের কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করেছেন ১৫ দেশের দূত।

- বরগুনায় দ্বিতীয় শ্রেণির পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হওয়ার ঘটনায় ১৪০টি সরকারি-বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে বার্ষিক পরীক্ষা স্থগিত।
- ধানমন্ডির আবাহনী মাঠে বেঙ্গল ফাউন্ডেশন আয়োজিত আগামী ২৬ থেকে ৩০ ডিসেম্বর পর্যন্ত পাঁচ দিনব্যাপী বেঙ্গল উচ্চাঙ্গ সংগীত উৎসবের অনলাইন রেজিস্ট্রেশন শুরু।
- রাশিয়ার সঙ্গে সৌদি আরবের পরমাণু চুক্তি স্বাক্ষর।
- উত্তর কোরিয়ার কাছে ক্ষেপণাস্ত্র সামগ্রী বিক্রির অভিযোগে অস্ট্রেলীয় নাগরিক গ্রেফতার।
- ইসলাম ধর্ম বিষয়ক বক্তা জাকির নায়েককে রেড-কর্নার নোটিস জারির বিষয়ে ভারতকে ভর্ৎসনা আন্তর্জাতিক পুলিশ সংস্থার (ইন্টারপোল)।
- মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের জেরুজালেমকে ইসরায়েলের রাজধানী ঘোষণার প্রতিবাদে ইন্দোনেশিয়ার রাজধানী জাকার্তায় বিক্ষোভ করেন লক্ষাধিক মানুষ।
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হল মাঠে আন্তর্জাতিক রেডক্রস কমিটির (আইসিআরসি) আয়োজনে শারীরিক প্রতিবন্ধীদের টি-২০ ক্রিকেট টুর্নামেন্ট শুরু।

**১৮ ডিসেম্বর**

- রাজধানীতে বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির ১৩তম 'জাতীয় যুব রেড ক্রিসেন্ট ক্যাম্প-২০১৭' উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ জলবায়ু পরিবর্তনজনিত দুর্যোগ মোকাবেলায় ব্যাপক সচেতনতা সৃষ্টি করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানিয়েছেন।
- মিরপুর সেনানিবাসের ডিফেন্স স্টাফ কলেজের শেখ হাসিনা কমপ্লেক্সে ন্যাশনাল ডিফেন্স কলেজে (এনডিসি) ও আর্মড ফোর্সেস ওয়ার কোর্স (এএফডব্লিউওসি)-২০১৭' গ্র্যাজুয়েশন উৎসবের বক্তৃতায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশকে অভীষ্ট লক্ষ্যে পৌঁছাতে সশস্ত্র বাহিনীসহ সবাইকে সম্মিলিতভাবে কাজ করার আহ্বান জানিয়েছেন। এদিকে প্রধানমন্ত্রী ৪৭তম মহান বিজয় দিবস উপলক্ষ্যে গণভবনের লনে মহান মুক্তিযুদ্ধে ও পরবর্তী সময়ে সদ্য স্বাধীন দেশ গঠনে সহায়তাকারী ভারত ও রাশিয়ার বীরযোদ্ধা ও তাদের স্ত্রীদের সংবর্ধনা প্রদান করেছেন। এসময় প্রধানমন্ত্রী আমন্ত্রিত বীরযোদ্ধাদের উদ্দেশে বলেছেন, একাত্তরে আমাদের স্বাধীনতার জন্য আপনারা লড়াই করেছেন, আমরা কখনো এ কথা ভুলব না।



- চট্টগ্রাম নগরীর আসকার দীঘির পাড়ে রিমা কমিউনিটি সেন্টারে সদ্য প্রয়াত আওয়ামী লীগের সভাপতি বর্ষীয়ান নেতা এবিএম মহিউদ্দিন চৌধুরীর কুলখানি উপলক্ষ্যে আয়োজিত মেজবানে পদদলিত হয়ে নিহত ১০ জন, আহত আরো ১১ জন। পাঁচজনের অবস্থা আশঙ্কাজনক।
- রোহিঙ্গা ইস্যুতে তুরস্কের প্রধানমন্ত্রী বিনালি ইলদিরিম দুই দিনের সরকারি সফরে ঢাকায় পৌঁছেছেন।
- রোহিঙ্গা প্রত্যাবাসন ইস্যুতে যৌথ ওয়ার্কিং গ্রুপ গঠনে ঢাকায় মিয়ানমার প্রতিনিধিদল।
- আগামী সংসদীয় আসনের তথ্য চেয়ে ৬৪ জেলায় চিঠি দিয়েছে নির্বাচন কমিশন (ইসি)।
- রাজশাহীর বাঘা উপজেলার দুই শিশুর বুদ্ধিমত্তায় রক্ষা পেল তেলবাহী ওয়াগন। তাদের জন্য বৃত্তির ব্যবস্থা করেছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী।
- 'অভিবাসন যেখানে, টেকসই উন্নয়ন সেখানে' প্রতিপাদ্য নিয়ে দেশের বিভিন্ন স্থানে আন্তর্জাতিক অভিবাসী দিবস-২০১৭ উদযাপিত।
- বিবিসিকে জাতিসংঘ মানবাধিকার বিষয়ক হাইকমিশনার জায়েদ রায়াদ আল হুসাইন বলেছেন, মিয়ানমারের রাখাইনে রোহিঙ্গাদের গণহত্যা পরিকল্পিত।
- স্যাটেলাইটে তোলা ছবি বিশ্লেষণের পর যুক্তরাষ্ট্রভিত্তিক মানবাধিকার সংস্থা হিউম্যান রাইটস ওয়াচ'র প্রতিবেদন– মিয়ানমারে রাখাইন রাজ্যে গত দুই মাসে ৪০ গ্রাম পুড়িয়েছে দেশটির সেনাবাহিনী।

**১৯ ডিসেম্বর**

- প্রধানমন্ত্রীর কার্যালয়ে সফররত তুরস্কের প্রধানমন্ত্রী বিনালি ইলদিরিম দুমফের সঙ্গে একান্ত ও দ্বিপক্ষীয় বৈঠকের পর যৌথ বিবৃতি– রোহিঙ্গা সংকট সমাধানে পারস্পরিক স্বার্থ ও আন্তর্জাতিক বিভিন্ন বিষয়ে ঢাকা-আঙ্কারা একসঙ্গে কাজ করতে সম্মত। অর্থনৈতিক সহযোগিতা বাড়াতে ঢাকা-আঙ্কারার মধ্যে দুটি সমঝোতা স্মারকে (এমওইউ) স্বাক্ষর।
- রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় বাংলাদেশ-মিয়ানমার পররাষ্ট্র সচিব পর্যায়ের বৈঠকে রোহিঙ্গা প্রত্যাবাসন ইস্যুতে উভয়পক্ষের ১৫ সদস্য করে ৩০ সদস্যের যৌথ ওয়ার্কিং গ্রুপ গঠন। প্রত্যাবাসন প্রক্রিয়ায় জাতিসংঘকে যুক্ত করে কার্যপরিধি স্বাক্ষরিত। শিগগিরই প্রত্যাবাসন শুরু।

- রংপুর সিটি কর্পোরেশন নির্বাচনে দেশে প্রথম তৃতীয় লিঙ্গের কাউন্সিলর প্রার্থী নাদিরা বেগম।
- বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার বিরুদ্ধে জিয়া অরফানেজ ট্রাস্ট দুর্নীতি মামলায় রাষ্ট্রপক্ষের যুক্তিতর্ক শেষ।
- সড়ক দুর্ঘটনায় আহত গাইবান্ধা-১ (সুন্দরগঞ্জ) আসনের আওয়ামী লীগের সংসদ সদস্য গোলাম মোস্তফা আহমেদ (৬৬) ইন্তেকাল করেন। তাঁর মৃত্যুতে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার গভীর শোক প্রকাশ।
- প্রয়াত আওয়ামী লীগ নেতা ও চট্টগ্রামের সাবেক মেয়র এবিএম মহিউদ্দিন চৌধুরীর কুলখানি অনুষ্ঠানে পদদলিত হয়ে নিহতদের শেষকৃত্য সম্পন্ন। এ বিষয়ে পাঁচ সদস্যের তদন্ত কমিটি গঠন করেছে চট্টগ্রাম জেলা প্রশাসক।
- ৪৫তম মার্কিন প্রেসিডেন্ট হিসেবে শপথ নেয়ার পর প্রথম দেশটির জাতীয় নিরাপত্তা কৌশলপত্র প্রকাশ করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।
- সাংবাদিকদের আন্তর্জাতিক সংগঠন রিপোর্টার্স উইদাউট বর্ডাসের (আরএসএফ) বার্ষিক প্রতিবেদন প্রকাশ– বিশ্বের বিভিন্ন দেশে ২০১৭ সালে দায়িত্ব পালনরত অবস্থায় ৬৫ জন সাংবাদিক ও গণমাধ্যমকর্মী নিহত হয়েছেন। এদের ৫০ জনই পেশাদার রিপোর্টার বা প্রতিবেদক।
- কমলাপুর স্টেডিয়ামে অনুষ্ঠিত নারী সাফ অনূর্ধ্ব-১৫ চ্যাম্পিয়নশিপে ভুটানকে ৩-০ গোলে হারিয়ে কৃতিত্বপূর্ণ জয়ে ফাইনালে বাংলাদেশ।

**২০ ডিসেম্বর**

- রাজধানীর পিলখানায় বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) সদর দপ্তরে 'বিজিবি দিবস-২০১৭' উপলক্ষ্যে আয়োজিত কুচকাওয়াজ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিজিবি সদস্যদের উদ্দেশে বলেছেন, দেশের কল্যাণের জন্য পারস্পরিক আস্থা, শ্রদ্ধাবোধ এবং সর্বোপরি শৃঙ্খলা ও সহানুভূতিশীলতার মাধ্যমে বাহিনীর বন্ধনকে দৃঢ় করুন।
- সচিবালয়ে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের সভাপতিত্বে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে এক হাজার ৭৭২ কোটি টাকা ব্যয়ে ১৬টি ক্রয় প্রস্তাব অনুমোদন দিয়েছে সরকার। দেশের বিভিন্ন স্থানে ১৩টি টেক্সটাইল মিল সরকারি-বেসরকারি অংশীদারিত্বের (পিপিপি) আওতায় চালুর সিদ্ধান্ত।
- সম্প্রতি দেশে বিভিন্ন স্থানে ১ম থেকে ৪র্থ শ্রেণির বার্ষিক পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় সরকারের দায় নেই বলে মনে করেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি।



- রংপুর সিটি কর্পোরেশন নির্বাচনে বিদ্যমান পরিস্থিতিতে সন্তোষ প্রকাশ করেছেন প্রধান নির্বাচন কমিশনার কে এম নুরুল হুদা।
- কলকাতায় বাংলাদেশ উপ-হাইকমিশনে এক সংবর্ধনা অনুষ্ঠানে সাংবাদিকদের আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের– রোহিঙ্গাদের নিয়ে ষড়যন্ত্র করছে পাকিস্তান। তিস্তা সমস্যা নিয়ে প্রশ্নের জবাবে তিনি বলেন, তিস্তা সমস্যা সমাধানের আশ্বাস দিয়েছে ভারত সরকার।
- কক্সবাজারের উখিয়ায় রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শনকালে তুর্কি প্রধানমন্ত্রী বিনালি ইলদিরিম বলেছেন, রোহিঙ্গা গণহত্যা জাতিগত নিধন। এসময় ইলদিরিম রোহিঙ্গা প্রত্যাবাসনে আন্তর্জাতিক মহলকে সম্মিলিতভাবে কাজ করার আহ্বান জানান।
- বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার পক্ষ থেকে দুর্নীতি নিয়ে 'অসত্য' বক্তব্য রাখার অভিযোগ এনে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে পাঠানো উকিল নোটিস দ্রুত প্রত্যাহারের দাবি আওয়ামী লীগের।
- লন্ডনভিত্তিক পত্রিকা বিশ্বখ্যাত ইকোনমিস্ট ম্যাগাজিনের চলতি প্রতিবেদন প্রকাশ– বর্ষসেরা দেশের তালিকায় 'রোহিঙ্গাদের আশ্রয় দেয়ার কারণে' শীর্ষে বাংলাদেশ।
- রাজধানীর শেরেবাংলা নগরে এনইসি সম্মেলন কক্ষে সরকারের অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) সঙ্গে জলবায়ু পরিবর্তন মোকাবেলায় ডেনমার্ক সরকারের চুক্তি স্বাক্ষরিত।
- ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি– মিয়ানমারের রাখাইন রাজ্যের অবকাঠামো উন্নয়নে ভারত-মিয়ানমারের মধ্যে এমওইউ স্মারক স্বাক্ষরিত। এদিকে মিয়ানমার সরকার এক বিবৃতিতে জানিয়েছে জাতিসংঘের মানবাধিকার তদন্তকারীকে মিয়ানমারে ঢুকতে দেয়া হবে না।

**২১ ডিসেম্বর**

- বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে সংযুক্ত আরব আমিরাতের বিদায়ী রাষ্ট্রদূত ড. সাঈদ বিন হাজর আল-শেহি সাক্ষাৎ করতে গেলে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ সংযুক্ত আরব আমিরাত (ইউএই) সরকার ও সে দেশের উদ্যোক্তাদের প্রতি বাংলাদেশে বিভিন্ন সেক্টরে বিশেষ করে অবকাঠামো, বিদ্যুৎ, জ্বালানি ও পর্যটন খাতে আরো বিনিয়োগ করতে আহ্বান জানান।
- গণভবনের সবুজ চত্বরে বড়দিন উপলক্ষ্যে খ্রিস্টান সম্প্রদায়ের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

- রাজধানীর শাহবাগে বিসিএস অ্যাডমিনেস্ট্রেটিভ একাডেমির ১০২তম ও ১০৩তম আইন ও প্রশাসনিক কোর্সের সমাপনী অনুষ্ঠানে ভাষণদানকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা, প্রশাসনিক ক্যাডার কর্মকর্তাদের তাদের নির্ধারিত এলাকায় সাধারণ দায়িত্ব পালনের পাশাপাশি সংশ্লিষ্ট এলাকার মানুষের সমস্যা দেখা এবং সেসব সমস্যা সমাধানে নিষ্ঠার সঙ্গে কাজ করার আহ্বান জানান।
- রাজধানীর আগারগাঁওয়ে ন্যাশনাল চিলড্রেনস টাস্কফোর্স আয়োজিত চাইল্ড পার্লামেন্ট অধিবেশন-২০১৭ শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রীকে বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার লিগ্যাল নোটিস প্রেরণ প্রসঙ্গে আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী আনিসুল হক বলেছেন, লিগ্যাল নোটিস হচ্ছে একটি আইনি প্রক্রিয়া তাই আইনি প্রক্রিয়ার মাধ্যমেই এর জবাব দেয়া হবে।
- জনপ্রশাসনে উপসচিব থেকে যুগ্মসচিব পদে ১৯৩ জন কর্মকর্তাকে পদোন্নতি দিয়েছে সরকার।
- রংপুর সিটি কর্পোরেশন নির্বাচনে মেয়র পদে জয়লাভ করেছেন জাতীয় পার্টির প্রার্থী মোস্তাফিজার রহমান মোস্তফা। তিনি প্রতিদ্বন্দ্বী আওয়ামী লীগ প্রার্থী সরফুদ্দিন আহমেদ ঝন্টুকে ৯৮ হাজার ৮৯ ভোটের ব্যবধানে পরাজিত করে প্রথমবারের মতো মেয়র নির্বাচিত হয়েছেন।
- কক্সবাজারে প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম সরকারি টিচার্স ট্রেনিং কলেজগুলোর সহযোগিতায় 'মাল্টিমিডিয়া কনটেন্ট প্রতিযোগিতা' আয়োজনে সারাদেশের বিভিন্ন পর্যায়ে সেরা ৩০০ জন শিক্ষক নির্বাচিত। নির্বাচিত কর্মকর্তাবৃন্দকে বিভিন্ন ক্যাটাগরিতে ক্রেস্ট এবং সার্টিফিকেট প্রদান করা হয়েছে।
- কলকাতার পার্ক সার্কাস ময়দানে আয়োজিত ৩০তম ইন্ডাস্ট্রিয়াল ইন্ডিয়া ট্রেড ফেয়ার বা শিল্প ও বাণিজ্য মেলার উদ্বোধন করে প্রধান অতিথির ভাষণে বাংলাদেশের শিল্পমন্ত্রী আমির হোসেন আমু বাংলাদেশের বিভিন্ন শিল্পে ভারতীয় শিল্পপতিদের বিনিয়োগের আহ্বান জানিয়েছেন।
- জেরুজালেমকে ইসরায়েলের রাজধানী হিসেবে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের স্বীকৃতি প্রত্যাহারের পক্ষে জাতিসংঘে একটি প্রস্তাব অনুমোদন হয়েছে। বিবিসির খবরে বলা হয়, সাধারণ পরিষদে অনুষ্ঠিত ভোটাভুটিতে ১২৮ সদস্য ওই প্রস্তাবের পক্ষে ভোট দেয়। বিপক্ষে ভোট দেয় মাত্র নয়টি দেশ। অনুপস্থিত ছিল ৩৫ দেশ।



- কমলাপুর স্টেডিয়ামে মেয়েদের সাফ অনূর্ধ্ব-১৫ চ্যাম্পিয়নশিপের লীগ পর্বের শেষ ম্যাচে ভারতকে ৩-০ গোলে হারিয়ে ফাইনালের আগেই সেরা হয়েছে স্বাগতিক বাংলাদেশ।

**২২ ডিসেম্বর**

- সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তৃতায় বর্তমান সরকার কৃষিবান্ধব উল্লেখ করে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, কৃষিতে আধুনিক প্রযুক্তি ব্যবহারের ফলে আমরা খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করেছি।
- ফেসবুকে ধর্মীয় কটূক্তির ঘটনাকে কেন্দ্র করে রংপুরের ঠাঁকুরপাড়ায় হিন্দু সম্প্রদায়ের বাড়িতে অগ্নিসংযোগ, হামলা, ভাঙচুর ও লুটপাটের ঘটনার নেতৃত্বদানকারী রংপুর জেলা পরিষদের সাবেক উপ-সহকারী প্রকৌশলী ফজলার রহমানকে গ্রেফতার করেছে আইন-শৃঙ্খলা বাহি-নীর সদস্যরা।
- রংপুর সিটি কর্পোরেশন (রসিক) নির্বাচনে মেয়র পদে বিজয়ী জাতীয় পার্টির (জাপা) মহানগর সভাপতি মোস্তাফিজার রহমান মোস্তফা বলেছেন, রংপুরকে সন্ত্রাস ও মাদকমুক্ত করব। রংপুরের অবকাঠামোগত উন্নয়নসহ বিগত মেয়রের অসমাপ্ত কাজগুলো শেষ করার ঘোষণা দিয়ে তিনি আরো বলেন, আমরা একটি আধুনিক, বসবাসযোগ্য, পরিবেশবান্ধব নগরী গড়ার জন্য শতভাগ চেষ্টা করব।
- ঢাকা মহানগরীর (উত্তর) ১১ থানায় কমিটি ঘোষণা করেছে যুবদল।
- ফিলিপাইনের কর্মকর্তারা জানান– দেশটির দক্ষিণাঞ্চলে গ্রীষ্মমণ্ডলীয় ঝড়ের আঘাতে মৃতের সংখ্যা বেড়ে ১৩০ জনে দাঁড়িয়েছে। প্রাকৃতিক এই দুর্যোগে পর্বতের পাদদেশের একটি গ্রামে ভূমিধস হয়েছে এবং আরেকটি শহর লণ্ডভণ্ড হয়ে গেছে।
- মেক্সিকোর এক সরকারি পরিসংখ্যানে প্রতিবেদন প্রকাশ– দেশটিতে ২০১৭ সালের জানুয়ারি থেকে নভেম্বর পর্যন্ত সহিংসতায় ২৩ হাজার ১শ' একজন প্রাণ হারিয়েছে। বিগত দুই দশকের মধ্যে এটি সবচেয়ে রক্তক্ষয়ী বছর।
- মিয়ানমারের রাখাইন রাজ্যে রোহিঙ্গাদের ওপর জাতিগত নিধনযজ্ঞ চালানো এবং হত্যাযজ্ঞ, যৌন সহিংসতা ও অগ্নিসংযোগের সঙ্গে জড়িত থাকার অভিযোগে দেশটির অন্যতম শীর্ষ সেনা কর্মকর্তা মেজর জেনারেল মং মং সোর ওপর নিষেধাজ্ঞা আরোপ করেছে যুক্তরাষ্ট্র।

- আন্তঃমহাদেশীয় ক্ষেপণাস্ত্রের পরীক্ষা চালানোর কারণে উত্তর কোরিয়ার ওপর নতুন অবরোধ আরোপ করেছে জাতিসংঘের নিরাপত্তা পরিষদ। এদিকে প্রেসিডেন্ট ট্রাম্প পুরো বিশ্বকে তাদের পদানত করতে চায় বলে অভিযোগ করেছে উত্তর কোরিয়ার পররাষ্ট্র মন্ত্রণালয়।
- আগামী মাসে ত্রিদেশীয় সিরিজ ও শ্রীলংকার বিপক্ষে দ্বিপক্ষীয় সিরিজের জন্য ৩২ সদস্যের প্রাথমিক স্কোয়াড ঘোষণা করেছে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)।

**২৩ ডিসেম্বর**

- গণভবনে আওয়ামী লীগ প্রেসিডিয়ামের সভায় প্রধানমন্ত্রী শেখ হাসি-না বলেছেন, 'স্বচ্ছ, পরিচ্ছন্ন ও গ্রহণযোগ্য নেতারাই আগামী নির্বাচনে আওয়ামী লীগের মনোনয়ন পাবেন'। এদিকে রংপুর সিটি কর্পোরেশন (রসিক) নির্বাচনে দলীয় প্রার্থীর পরাজয়ের কারণ খুঁজে বের করতে তাগিদ দিয়েছেন প্রধানমন্ত্রী।
- রংপুর সিটি কর্পোরেশন নির্বাচন দেশের ইতিহাসে স্থানীয় সরকার নির্বাচনগুলোর মধ্যে সেরা বলে আখ্যায়িত করেছে নির্বাচন পর্যবেক্ষণ সংস্থা ইলেকশন ওয়ার্কিং গ্রুপ (ইডব্লিউজি)।
- ষোড়শ সংশোধনী বাতিল করে আপিলের রায় রিভিউর প্রস্তুতি সম্পন্ন করেছে রাষ্ট্রপক্ষ। এদিকে চলতি সপ্তাহে অপ্রাসঙ্গিক বক্তব্য প্রত্যাহার চেয়ে শিগগিরই আবেদন দাখিল হবে জানিয়েছেন অ্যাটর্নি জেনারেল।
- সারাদেশে জাতীয় ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন (দ্বিতীয় রাউন্ড) পালন করেছে সরকার।
- রাজধানীর কেন্দ্রীয় গ্রন্থাগারে বাংলাদেশ রবীন্দ্রসঙ্গীত শিল্পী সংস্থার আয়োজনে চার দিনব্যাপী ২৯তম জাতীয় রবীন্দ্রসংগীত উৎসবের সমাপ্তি।
- গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধুর সমাধিতে শ্রদ্ধা জানান ঢাকা রিপোর্টার্স ইউনিটি'র (ডিআরইউ) নেতৃবৃন্দ।
- ব্রিটিশ সাময়িকী দ্য ইকোনমিস্টে এক প্রতিবেদন প্রকাশ– চলতি বছরে বিশ্বের ভীতিকর দেশ মিয়ানমার।
- ফিলিপাইনে ঘূর্ণিঝড়, বন্যা ও ভূমিধসে প্রাণহানি শতাধিক।
- ভারতে পশুখাদ্য মামলা কেলেঙ্কারিতে দোষী সাব্যস্ত আরজেডি দলের প্রধান বিহারের সাবেক মুখ্যমন্ত্রী লালু প্রাসাদ যাদব কারাগারে।
- রিয়ালের মাঠে চিরপ্রতিদ্বন্দ্বী রিয়াল মাদ্রিদকে ৩-০ গোলে হারিয়ে বার্সেলোনা জয়ী।



**২৪ ডিসেম্বর**

- চট্টগ্রাম সফররত প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনার সিদ্ধান্ত– বর্ষীয়ান রাজনীতিক আলহাজ এবিএম মহিউদ্দিন চৌধুরীর মৃত্যুতে চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতির দায়িত্ব পালন করবেন সংগঠনের জ্যেষ্ঠ সহ-সভাপতি মাহতাব উদ্দিন চৌধুরী।
- গার্ডিয়ান পত্রিকার প্রতিবেদন– বাংলাদেশে আশ্রয় নেয়া রোহিঙ্গাদের দেশে ফিরিয়ে নিয়ে তাদের পূর্ণ নাগরিক অধিকার দেয়ার আহ্বান জানিয়ে বিপুল সংখ্যাগরিষ্ঠতায় জাতিসংঘ সাধারণ পরিষদে প্রস্তাব পাস।
- বাংলাদেশ শিল্পকলা একাডেমিতে ভারতের ৬৫ শিল্পীর ১৫ দিনব্যাপী ছাপচিত্র প্রদর্শনী শুরু।
- বড়দিনের বার্তায় খ্রিষ্ট ধর্মাবলম্বীদের প্রধান ধর্মগুরু পোপ ফ্রান্সিস বাংলাদেশে আশ্রয় নেয়া রোহিঙ্গাদের মর্যাদা ও সুরক্ষা নিশ্চিত করতে আন্তর্জাতিক মহলকে আহ্বান জানিয়েছেন।
- বেসরকারি চ্যানেল ৭১-এর সাথে এক সাক্ষাৎকারে প্রধানমন্ত্রীর তথ্যপ্রযুক্তি বিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয় বলেছেন, আগামী সংসদ নির্বাচনে বিএনপি চাইলে আসবে, না চাইলে আসবে না। কাউন্সিলররা ঠিক করবেন ভবিষ্যৎ নেতৃত্ব।
- জেরুজালেমকে প্যালেস্টাইনের রাজধানী হিসেবে স্বীকৃতি দিয়ে খসড়া প্রস্তাব পাস করেছে ইরানের পার্লামেন্ট।

**২৫ ডিসেম্বর**

- বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও নানা আয়োজনে খ্রিষ্ট ধর্মাবলম্বীদের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব 'বড়দিন' উদযাপিত। এ দিবস উপলক্ষ্যে গণভবনে এক অনুষ্ঠানে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ সারাদেশে ধর্মীয় সম্প্রীতির গৌরবময় ঐতিহ্য আরও দৃঢ় করতে সবার প্রতি আহ্বান জানিয়েছেন।
- কেন্দ্রীয় শহীদ মিনারে প্রাথমিক সহকারী শিক্ষকদের সরকারের পক্ষ থেকে দাবি পূরণের আশ্বাসে অনশন কর্মসূচি সাময়িক স্থগিত।
- রাজধানীর জাতীয় জাদুঘরে মহান বিজয় দিবস উপলক্ষ্যে বাংলাদেশ-ভারত মৈত্রী সমিতি আয়োজিত এক অনুষ্ঠানে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের আগামী নির্বাচনেও মুক্তিযুদ্ধের চেতনা বিজয়ী হবে বলে আশাবাদ ব্যক্ত করেছেন।
- কুয়াকাটায় সাংবাদিকদের সাবেক রাষ্ট্রপতি ও জাতীয় পার্টির চেয়ারম্যান এবং প্রধানমন্ত্রীর বিশেষ দূত হুসেইন মুহম্মদ এরশাদ বলেছেন, বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনার অধীনে সংবিধান অনুযায়ী জাতীয় পার্টি আগামী সংসদ নির্বাচনে অংশ নেবে।

- সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতি মিলনায়তনে আয়োজিত সংবাদ সম্মেলনে ষোড়শ সংশোধনী বাতিলের রায়ের রিভিউ পিটিশন প্রসঙ্গে বার সভাপতি জয়নুল আবেদীন বলেছেন, বিচার বিভাগকে নিজেদের স্বার্থে পরিচালিত করতে চায় সরকার।
- বাংলাদেশ টেলিভিশনের (বিটিভি) ৫৩তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন।
- ইউরোপীয় মূল্যবোধ ও আইনের শাসন লঙ্ঘনের অভিযোগে পোল্যান্ডের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ ইউরোপীয় ইউনিয়নের (ইইউ)।
- পূর্ব জেরুজালেমে দূতাবাস স্থানান্তরের ঘোষণা। যুক্তরাষ্ট্রের পর গুয়াতেমালা।

**২৬ ডিসেম্বর**

- 'বাংলাদেশ ইউনিভারসিটি অব প্রফেশনালসের (বিইউপি) ৪র্থ সমাবর্তন-২০১৭'র অনুষ্ঠানে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ, গ্র্যাজুয়েটরা যাতে মেধা ও সম্ভাবনা কাজে লাগাতে পারে তার সুযোগ সৃষ্টি করতে সংশ্লিষ্ট সবার প্রতি আহ্বান।
- রাজধানীর এনইসি সম্মেলন কক্ষে একনেক চেয়ারপারসন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে বৈঠকে দক্ষিণ কোরিয়া থেকে ২০টি রেল ইঞ্জিন ও ১৫০টি কোচ কেনার প্রস্তাবসহ মোট ১৬ হাজার ১০ কোটি ২৪ লাখ টাকার ১৬টি প্রকল্পের অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)।
- রাজধানীর বকশীবাজারস্থ বিশেষ আদালতে জিয়া অরফানেজ ট্রাস্ট মামলায় প্রধান আসামি বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার পক্ষে যুক্তিতর্ক উপস্থাপন অব্যাহত।
- জাতীয় প্রেস ক্লাবের সামনে এমপিওভুক্তির দাবিতে এবার আন্দোলনে নেমেছেন দেশের নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকরা।
- ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) উচ্ছেদ অভিযানে রাজধানীর বিভিন্ন এলাকায় অর্ধশত অবৈধ স্থাপনা অপসারণসহ ফার্মগেটস্থ ছয় কোচিং সেন্টারের ট্রেড লাইসেন্স বাতিল করেছে ডিএনসিসি।
- নির্বাচন ভবনে শিক্ষা মন্ত্রণালয় ও নির্বাচন কমিশনের (ইসি) শীর্ষ কর্মকর্তাদের সঙ্গে বৈঠকের পর সাংবাদিকদের ইসি– ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) মেয়র পদে নির্বাচনের পাশাপাশি উত্তর-দক্ষিণের ৩৬টি ওয়ার্ডের কাউন্সিলর পদে ভোটের জন্য ঢাকা বোর্ডের এসএসসি'র ২৪ ও ২৫ ফেব্রুয়ারির দুইটি পরীক্ষার সূচি পরিবর্তন।



- রাজধানীর বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউটে এক অনুষ্ঠানে সাংবাদিকদের আইনমন্ত্রী আনিসুল হক সংবিধানের ষোড়শ সংশোধনী বাতিলের রায় প্রসঙ্গে– মামলার রিভিউ শুনানির জন্য নতুন করে বিচারপতি নিয়োগের প্রয়োজন নেই। আপিল বিভাগের পাঁচ বিচারপতিই শুনানি করতে পারবেন।
- সৌদি দুর্নীতিবিরোধী অভিযানে আটক ২৩ জনের মুক্তি দিয়েছে দেশটির প্রশাসন।
- কিউবায় বড়দিনের অনুষ্ঠানে আতশবাজি বিস্ফোরণে আহত ৩৯ জন।
- ভারতের গুজরাটের মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন বিজয় রুপানি।
- দুর্নীতির দায়ে পেরুর কারাবন্দি সাবেক প্রেসিডেন্ট আলবার্তো ফুজিমোরিকে ক্ষমার প্রতিবাদে পেরুতে বিক্ষোভ, সংঘর্ষ।
- রাজশাহীতে মুক্তিযুদ্ধ স্মৃতি স্টেডিয়ামে আন্তঃউপজেলা নকআউট ভিত্তিক ফুটবল প্রতিযোগিতা শুরু।
- রাজধানীর বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে অনুষ্ঠিত ফুটবল প্রতিযোগিতায় ঢাকা আবাহনী ২-১ গোলে হারাল মুক্তিযোদ্ধা সংসদ ক্রীড়া চক্রকে।

**২৭ ডিসেম্বর**

- চট্টগ্রামে বাংলাদেশ মিলিটারি একাডেমির ৭৫তম দীর্ঘমেয়াদি কোর্সের ক্যাডেটদের কমিশনপ্রাপ্তি উপলক্ষ্যে আয়োজিত রাষ্ট্রপতি প্যারেড অনুষ্ঠানে ৩৫০ জন কমিশনপ্রাপ্ত ক্যাডেটদের মধ্যে সেরা ক্যাডেটকে র‍্যাঙ্ক ব্যাচ পরিয়ে দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ সময় প্রধানমন্ত্রী নবীন সেনা কর্মকর্তাদের বলেন, স্বাধীনতা সার্বভৌমত্ব রক্ষায় সদা প্রস্তুত থাকতে হবে।
- সচিবালয়ে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষে নারী-শিশু নির্যাতন রোধে সমঝোতা স্মারক স্বাক্ষর ১২ মন্ত্রণালয়ের।
- সচিবালয়ে প্রথম ডিজিটাল হাজিরা সেবা চালু।
- বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের (ব্রি) বিজ্ঞানীদের আরো পাঁচটি নতুন জাতের ধান উদ্ভাবন।
- রাজধানীতে ছিনতাইবিরোধী অভিযানে এক রাতে ৫৬ ছিনতাইকারীকে আটক করেছে গোয়েন্দা পুলিশ।
- কারাবন্দিদের সংশোধন ও পুনর্বাসনের জন্য নারায়ণগঞ্জ জেলা কারাগারে নবনির্মিত পোশাক কারখানা উদ্বোধন করেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান এমপি।
- ২১ আগস্ট গ্রেনেড হামলা মামলায় সাক্ষীদের জবানবন্দির প্রেক্ষিতে রাষ্ট্রপক্ষের যুক্তিতর্ক সমাপ্ত।

- রোহিঙ্গা ক্যাম্পে ১২ এনজিও'র কার্যক্রম বন্ধ করে দিয়েছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- সব্যসাচী লেখক ও কবি সৈয়দ শামসুল হকের ৮৩তম জন্মজয়ন্তী উৎসব উদযাপিত।
- মিয়ানমারের রাখাইনে কারফিউর মেয়াদ বাড়ল। জাতিসংঘ দূতের সঙ্গে বৈঠকে রোহিঙ্গা নারীদের নির্যাতনের প্রসঙ্গে নিশ্চুপ দেশটির রাষ্ট্রীয় উপদেষ্টা অং সান সুচি।
- মিয়ানমারে রাখাইন রাজ্যে সেনাবাহিনী কর্তৃক রোহিঙ্গাদের নির্যাতনের সংবাদ সংগ্রহকারী রয়টার্সের দুই সাংবাদিক ১৫ দিনের রিমান্ডে।
- ব্রিটিশ দৈনিক দ্য গার্ডিয়ানের চলতি বছরের বর্ষসেরা টেস্ট একাদশে বাংলাদেশি ক্রিকেটার সাকিব আল হাসান ও মুশফিকুর রহিম।

**২৮ ডিসেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার নিজ কার্যালয়ে সাতটি সরকারি হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রে অত্যাধুনিক অ্যাম্বুলেন্সের চাবি হস্তান্তর। এসময় অনুষ্ঠানে বদলি হওয়া সরকারি চিকিৎসকদের কর্মক্ষেত্রে যথাযথ সেবা দেয়ার নির্দেশ দিয়ে প্রধানমন্ত্রী বলেছেন, 'কর্মস্থলে থাকুন, নয়তো চাকরি ছেড়ে দিন'।
- দীর্ঘকাল ঢাকায় অবস্থানকারী চিকিৎসকদের বদলি ব্যবস্থা গ্রহণ শুরু করেছে সরকার। ঢাকার বাইরে মেডিক্যাল কলেজগুলোতে গড়ে ৪০ ভাগ শিক্ষকের পদ শূন্য। উপজেলা পর্যায়ে ৫০ ভাগ অপারেশন বন্ধ।
- বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার বিরুদ্ধে জিয়া অরফানেজ ট্রাস্ট দুর্নীতি মামলায় ষষ্ঠ দিনের মতো যুক্তিতর্ক উপস্থাপন।
- রাজধানীতে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে এক অনুষ্ঠানে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের, বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার মামলায় সরকারের কোন হাত নেই। আদালতে নির্দোষ প্রমাণিত হলে ছাড়া পাবেন।
- ঢাকায় আন্তঃমন্ত্রণালয় সভা ও রোহিঙ্গা বিষয়ক জাতীয় টাস্কফোর্সের পৃথক সভায় মিয়ানমারে রোহিঙ্গাদের ফেরাতে 'ফিজিক্যাল অ্যারেঞ্জমেন্ট' স্বাক্ষরের প্রস্তুতি সম্পন্ন করেছে বাংলাদেশ।
- ঠাকুরগাঁওয়ে গ্রাম্য সালিশে মধ্যযুগীয় নির্যাতন– তওবা পড়িয়ে ১০১ দোররায় গৃহবধূর মৃত্যু। গ্রেফতার একজন।
- চট্টগ্রামের প্রয়াত আওয়ামী লীগ নেতা এবিএম মহিউদ্দিন চৌধুরীর কুলখানি উপলক্ষ্যে আয়োজিত মেজবানে ১০ জন পদদলিত হয়ে নিহতের ঘটনায় চার কারণ চিহ্নিত করেছে জেলা প্রশাসনের তদন্ত কমিটি।



- এবি ব্যাংকের ১৬৫ কোটি টাকা পাচারের ঘটনা দুর্নীতি দমন কমিশনের (দুদক) কাছে স্বীকার করেছে ব্যাংকটির সাবেক চেয়ারম্যান ও এমডি।
- মালয়েশিয়ায় কর্মী নিয়োগে 'ওয়ানস্টপ' সার্ভিস চালু করেছে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- আফগানিস্তানের রাজধানী কাবুলে এক শিয়া সাংস্কৃতিক কেন্দ্র ও কাবুলে স্থানীয় বার্তা সংস্থার দপ্তরে আত্মঘাতী হামলায় ৪১ জন নিহত ও ৮০ জন আহত। আইএসের দায় স্বীকার।
- ভারতে মুসলমানদের মধ্যে স্ত্রীকে মুখে তাৎক্ষণিক তিন তালাক দেয়াকে বেআইনি এবং তা ফৌজদারি অপরাধ ঘোষণা করে দেশটির লোকসভায় বিল পাস।
- জেরুজালেম ইস্যুতে মুসলিম বিশ্বকে এক হওয়ার ডাক দিয়েছেন সৌদি বাদশাহ সালমান।
- জাতিসংঘের শিশু বিষয়ক সংস্থা ইউনিসেফের প্রতিবেদন– মিয়ানমারের রাখাইনে রোহিঙ্গা শিশুরা ভয়াবহ সহিংসতার শিকার।

**২৯ ডিসেম্বর**

- কক্সবাজারের উখিয়ার কুতুবপালং শিবিরে রোহিঙ্গাদের মধ্যে ত্রাণ বিতরণ শেষে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের সাংবাদিকদের বলেন, আগামী জাতীয় সংসদ নির্বাচন কারও জন্য অপেক্ষা করবে না। বিএনপি না এলেও যথাসময়ে নির্বাচন অনুষ্ঠিত হবে।
- দেশের ২৮৩টি পরীক্ষা কেন্দ্রে একযোগে ৩৮তম বিসিএসের প্রিলিমিনারি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। এতে অংশ নেন তিন লাখ ৪৬ হাজার ৫৩২ পরীক্ষার্থী।
- নির্বাচন কমিশনের (ইসি) ওয়েবসাইট হ্যাক হয়েছে। ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন কমিশনের পরিচালক (জনসংযোগ) এস এম আসাদুজ্জামান।
- সারাদেশে ৩৭টি ইউনিয়ন পরিষদ এবং ৬টি পৌরসভা নির্বাচনে ভোট অনুষ্ঠিত হয়। ভোটের ফলাফলে ইউপি চেয়ারম্যান পদে আওয়ামী লীগ মনোনীত ৩০ জন প্রার্থী বিজয়ী হয়েছেন।
- চলতি বছর এসএসসি পরীক্ষায় উত্তরপত্র মূল্যায়নে অবহেলার দায়ে বরিশাল বোর্ডের তালিকাভুক্ত ১৩০ জন পরীক্ষকের বিরুদ্ধে বিভিন্ন মেয়াদে শাস্তিমূলক ব্যবস্থা নিয়েছে বোর্ড কর্তৃপক্ষ।
- রোহিঙ্গাদের ফেরাতে ফিজিক্যাল অ্যারেঞ্জমেন্ট স্বাক্ষরের প্রস্তুতি সম্পন্ন করেছে বাংলাদেশ। ঢাকায় আন্তঃমন্ত্রণালয় সভা ও রোহিঙ্গা বিষয়ক জাতীয় টাস্কফোর্সের পৃথক সভায় বিস্তারিত আলোচনার পর বিষয়টি চূড়ান্ত হয়।

- বেনাপোল স্থলবন্দরের উন্নয়ন ও গতিশীলতার নিমিত্ত গঠিত উপদেষ্টা কমিটির অষ্টম সভা বেনাপোল স্থলবন্দরের সভাকক্ষে অনুষ্ঠিত হয়েছে। উপদেষ্টা কমিটির সভায় সভাপতিত্ব করেন নৌপরিবহন মন্ত্রী শাজাহান খান।
- অবৈধভাবে ব্যানার-ফেস্টুন টানানোর অভিযোগে এবার রাজধানীর আটটি কোচিং সেন্টারের ট্রেড লাইসেন্স বাতিল করল ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন (ডিএসসিসি)।
- লাইবেরিয়ার সাবেক ফুটবলার জজ উইয়াহ (৫১) প্রেসিডেন্ট নির্বাচনে জয়ী হয়েছেন।
- তৃতীয়বারের মতো গ্লোব সকার অ্যাওয়ার্ড জিতে নিয়েছেন রিয়াল মাদ্রিদ তারকা ক্রিশ্চিয়ানো রোনালদো। ২০১৭ সালের বর্ষসেরা খেলোয়াড় হিসেবে এ পুরস্কার জিতেন। বর্ষসেরা কোচ হয়েছেন রিয়ালেরই জিনেদিন জিদান।

**৩০ ডিসেম্বর**

- রাজধানীর মিরপুরে পুলিশ কনভেনশন সেন্টারে বৃহত্তর ময়মনসিংহ সমিতির নিজস্ব ভবনে এক অনুষ্ঠানে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ– জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাবে হাওর এলাকায় সংশ্লিষ্টদের ফসল উৎপাদনে নতুন জাত ও পদ্ধতি উদ্ভাবন করার আহ্বান।
- গণভবনে 'বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ-২০১৮' কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন। চলতি বছরে সারাদেশে অনুষ্ঠিত প্রাথমিক শিক্ষা সমাপনী (পিইসি), ইবতেদায়ি জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি), জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) এবং সমমানের পরীক্ষার ফলাফল গ্রহণকালে শিক্ষাপ্রতিষ্ঠান কর্তৃপক্ষের প্রতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা যথাযথ শিক্ষার প্রতি মনোযোগ দেয়ার আহ্বান জানান।
- গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) উপনির্বাচনে মেয়র পদে আলোচনার শীর্ষে থাকা পোশাকশিল্প প্রস্তুত ও রপ্তানিকারক সমিতির (বিজেএমইএ) সাবেক সভাপতি আতিকুল ইসলাম।
- রাজধানীর মোহাম্মদপুরে বিআরটিসি ডিপো পরিদর্শনকালে সাংবাদিকদের সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, ডিএনসিসি নির্বাচনে মনোনয়নের আগে নৌকা প্রতীক ব্যবহারের সুযোগ নেই।
- ভারতের মোস্ট ওয়ান্টেড জঙ্গি আবু সাঈদ ওরফে করিম বগুড়ায় গ্রেফতার। বর্ধমান বিস্ফোরণ মামলার এই আসামি জেএমবির দক্ষিণাঞ্চলীয় প্রধান, তিনদিনের রিমান্ডে।



- আনন্দঘন আয়োজনে বাংলা একাডেমি'র ৪০তম বার্ষিক সভায় দেশের বিভিন্ন ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ সাতবিশিষ্ট ব্যক্তিকে 'বাংলা একাডেমি সম্মানসূচক ফেলোশিপ-২০১৭' দেয়া হয়। এছাড়াও ৬ জনকে বিভিন্ন ব্যক্তিত্বের নামে প্রবর্তিত পুরস্কার দেয়া হয়।
- নববর্ষ উপলক্ষ্যে কমিউনিটি হেলথ কেয়ার খাতে বিশেষ অবদানের স্বীকৃতি হিসেবে ব্রিটিশ বাংলাদেশি চিকিৎসক আনওয়ারা আলীকে দেশটির রাণীর বিশেষ সম্মানজনক খেতাব প্রদান।
- রাজধানীর ধানমন্ডি আবাহনী মাঠে পাঁচদিনব্যাপী উচ্চাঙ্গ সংগীত উৎসব-২০১৭ সমাপ্ত।
- জিম্বাবুয়ের ক্ষমতাচ্যুত প্রেসিডেন্ট রবার্ট মুগাবের জন্য প্রথমবারের মতো সরকারি অর্থায়নে অবসর প্যাকেজ অনুমোদন দেন দেশটির প্রশাসন।
- যুক্তরাষ্ট্রের পথ অনুসরণ করে জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি বিষয়ক সংস্থা (ইউনেস্কো) ছাড়ার আনুষ্ঠানিক নোটিস দিয়েছে ইসরায়েল।
- নেপাল সরকারের সিদ্ধান্তে দুর্ঘটনা কমানোর চেষ্টা হিসেবে নেপালে একাকী পর্বতারোহণে নিষেধাজ্ঞা জারি।

**৩১ ডিসেম্বর**

- ইংরেজি নতুন বছর '২০১৮' উপলক্ষ্যে দেশবাসীসহ বিশ্ববাসীকে পৃথক বাণীতে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসি-না আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন।
- যশোর ঈদগাহ ময়দানে আওয়ামী লীগ আয়োজিত জনসভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা নৌকাকে জনগণের উন্নয়নের প্রতীক হিসেবে আখ্যায়িত করে আবারও নৌকা মার্কায় ভোট দিয়ে আওয়ামী লীগকে বিজয়ী করার জন্য দেশবাসীর প্রতি আহ্বান জানান। কপোতাক্ষ নদের পানি ব্যবস্থাপনার উন্নয়নসহ ২৮টি প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।
- যশোরে বিমানবাহিনী একাডেমিতে ৭৪তম বাফা কোর্স ও ডিরেক্ট এন্ট্রি-২০১৭ কোর্সের কমিশন উপলক্ষ্যে কুচকাওয়াজ-২০১৭ অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে দেশে বরিশাল ও সিলেটে নতুন দুটি বিমান ঘাঁটি করার ঘোষণা দিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ।
- জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান ও অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সিনিয়র সচিব মো. নজিবুর রহমানকে প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সচিবের দায়িত্ব দিয়েছে সরকার। এছাড়া ভারপ্রাপ্ত সচিব হলেন চার কর্মকর্তা।

- সচিবালয়ে সাংবাদিকদের অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, আগামী বাজেট হবে গতানুগতিক, নতুন কোন ট্যাক্স আরোপ করা হবে না।
- ব্রাহ্মণবাড়িয়ার কসবার জনসভায় প্রধান অতিথির বক্তব্যে আইনমন্ত্রী আনিসুল হক বলেন, দুর্নীতির কারণেই প্রধান বিচারপতি এস কে সিনহা পদত্যাগ করেছেন।
- রোহিঙ্গাদের মিয়ানমারে ফেরত পাঠানোর লক্ষ্যে ফিজিক্যাল অ্যারেঞ্জমেন্ট চুক্তির খসড়া চূড়ান্ত করেছে বাংলাদেশ। চলতি সপ্তাহে মিয়ানমার পাঠানোর সিদ্ধান্ত।
- কক্সবাজার থেকে ৫০ হাজার ইয়াবাসহ দুই সেনা সদস্যকে আটক করেছে পুলিশ।
- মিথ্যা তথ্য দিয়ে মামলা করার অভিযোগে কবি প্রাবন্ধিক ফরহাদ মজহার ও তাঁর স্ত্রী ফরিদা আখতারকে আদালতে হাজিরের নির্দেশ।
- প্রধান তথ্য কমিশনার নিয়োগে পাঁচ সদস্যের কমিটি গঠন করেছে সরকার।
- নিবন্ধনের জন্য নির্বাচন কমিশনে (ইসি) ৭৬টি রাজনৈতিক দলের আবেদন। আগামী মার্চে নতুন দলের ব্যাপারে সিদ্ধান্ত।
- ভারতে তামিলনাড়ুর কিংবদন্তি অভিনেতা রজনীকান্ত রাজনীতিতে আসার ঘোষণা দেন।
- ইংরেজি নতুন বছর ২০১৮ উপলক্ষ্যে সারাবিশ্বে ঐক্যের ডাক দিয়েছেন জাতিসংঘ মহাসচিব অ্যান্তোনিও গুতেরেস।
- ইরানে চলমান সরকারবিরোধী ও পাল্টা বিক্ষোভ, নিহত দুইজন।



# ২০১৭ সালের উল্লেখযোগ্য দেশি ও বিদেশি ঘটনাসমূহ

**বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণের ইউনেস্কো স্বীকৃতি**

১৯৭১ সালের ৭ই মার্চ ঢাকার ঐতিহাসিক রেসকোর্স ময়দানের (বর্তমান সোহরাওয়ার্দী উদ্যান) বিশাল জনসভায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দেয়া ভাষণে অনুপ্রাণিত হয়ে লাখ লাখ বাঙালি প্রাণ বাজি রেখে মহান মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়েছিলেন, সেটা এক অমরগাঁথা। বঙ্গবন্ধু এই ভাষণে বলেছিলেন, 'এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম, এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম'। বঙ্গবন্ধুর দেয়া সেই ভাষণকে 'বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য' হিসেবে জাতিসংঘ শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি সংস্থা (ইউনেস্কো) স্বীকৃতি প্রদান করে। এই ভাষণের আন্তর্জাতিক স্বীকৃতি বাঙালির মুক্তি সংগ্রাম ও স্বাধীনতা যুদ্ধের ইতিহাসের অবিচ্ছেদ্য অংশ গোটা জাতিকে আনন্দে উদ্বেলিত করে তোলে।

ফ্রান্সের প্যারিসে ইউনেস্কোর মহাপরিচালক ইরিনা বোকোভা এক ঘোষণায় জানান, বঙ্গবন্ধুর দেয়া এই ভাষণ 'বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য' হিসেবে ইউনেস্কোর 'মেমোরি অব দ্য ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল' রেজিস্ট্রারে যুক্ত হয়েছে। সারাবিশ্ব থেকে আসা প্রস্তাবগুলো দু'বছর ধরে নানা পর্যালোচনার পর ইউনেস্কোর মেমোরি অব দ্য ওয়ার্ল্ড (এমওডব্লিউ) কর্মসূচির উপদেষ্টা কমিটি মোট ৭৮টি দলিলের মনোনয়ন চূড়ান্ত বলে সংস্থার ওয়েবসাইটে। সেখানে বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণকে ৪৮ নম্বরে স্থান দেয়া হয়েছে বলে উল্লেখ করা হয়। পরদিন ৩১ অক্টোবর পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে পাঠানো এক বিবৃতিতে বঙ্গবন্ধুর ভাষণের বিশ্ব ঐতিহ্য হিসেবে স্বীকৃতির এই তথ্য জানানো হয়।

ইউনেস্কোর এই গৌরবোজ্জ্বল স্বীকৃতির ঘোষণার পরের কয়েকদিন আনন্দ সমাবেশ, আনন্দ শোভাযাত্রাসহ নানা কর্মসূচিতে দেশ ছিল উৎসবমুখর। রাষ্ট্রীয় উদ্যোগে ২৫ নভেম্বর আয়োজিত সারাদেশে বর্ণাঢ্য আনন্দ শোভাযাত্রায় অংশ নেন গোটা দেশের মানুষ। বঙ্গবন্ধুর ঐতিহাসিক ভাষণের স্মৃতিধন্য সেই সোহরাওয়ার্দী উদ্যানে ২৫ নভেম্বরের আনন্দ শোভাযাত্রা, পরবর্তী বিশাল সমাবেশ এবং এর আগেকার নাগরিক সমাবেশে প্রধানমন্ত্রী ও বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার অংশগ্রহণ এসব আয়োজনকে পূর্ণতা দেয়। এতে প্রধানমন্ত্রী ইউনেস্কোসহ সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানান।

**প্রধানমন্ত্রী শেখ হাসিনা মাদার অব হিউম্যানিটি হিসেবে আখ্যায়িত**

সারা বছরই বাংলাদেশে প্রধান আলোচনার একটি ছিল রোহিঙ্গা ইস্যু। মিয়ানমারের রোহিঙ্গা নিপীড়নের ঘটনায় বাংলাদেশের অবস্থান ছিল মানবতার পক্ষে। রাখাইন রাজ্যের চলমান অস্থিরতা ও মানবাধিকার লঙ্ঘন আবারও বাংলাদেশ-মিয়ানমার সীমান্তের পরিস্থিতি নৃশংস করে তুলেছে। এ ঘটনায় ২১ সেপ্টেম্বর জাতিসংঘে প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেয়া ভাষণের পর বিশ্ব গণমাধ্যম প্রধানমন্ত্রীকে 'মাদার অব হিউম্যানিটি বা মানবতার জননী' হিসেবে আখ্যায়িত করে। ২০১৬ সালের শান্তিতে নোবেল জয়ী জুয়ান ইম্যানুয়েল সান্তোস বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে 'বিশ্ব মানবতার বিবেক' হিসেবে আখ্যায়িত করেন। আরেক নোবেল জয়ী কৈলাস সত্যার্থী প্রধানমন্ত্রীকে 'বিশ্ব মানবতার আলোকবর্তিকা' হিসেবে তুলনা করেন। তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোগান দেশরত্ন প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে 'বিরল মানবতাবাদী নেতা' হিসেবে চিহ্নিত করেছেন। গার্ডিয়ান পত্রিকায় রোহিঙ্গা ইস্যুতে এক প্রতিবেদনে বলা হয়, বাংলাদেশের প্রধানমন্ত্রী যে বিশাল মহানুভবতার পরিচয় দিয়েছেন, তা বিরল। তিনি একজন হৃদয়বান রাষ্ট্রনায়ক তা তিনি আগেও প্রমাণ করেছেন, এবারও প্রমাণ করলেন।

**শীতলপাটির আন্তর্জাতিক সাংস্কৃতিক ঐতিহ্যের তালিকায় অন্তর্ভুক্ত**

দক্ষিণ কোরিয়ায় ৬ ডিসেম্বর ইউনেস্কোর দ্বাদশ আন্তর্জাতিক সম্মেলনে বাংলাদেশের সিলেট অঞ্চলের শীতলপাটি বুননের ঐতিহ্যগত হস্তশিল্পকে বিশ্বের গুরুত্বপূর্ণ 'নির্বস্তক সাংস্কৃতিক ঐতিহ্য' তালিকায় অন্তর্ভুক্ত করা হয়। দক্ষিণ কোরিয়ার জেজুদ্বীপে অনুষ্ঠিত ইউনেস্কোর নির্বস্তুক পর্ষদ বাংলাদেশ সরকারের 'শীতলপাটি' বিষয়ক প্রস্তাবটি অনুমোদন করে। বাংলাদেশ সরকারের পক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ২০১৬ সালে সেপ্টেম্বরে এ বিষয়ে ইউনেস্কোর কাছে আবেদন করে। স্বীকৃতিদানের মূল কাজটি করে ইন্টারগর্ভনমেন্টাল কমিটি ফর দ্য সেফগার্ডিং অব দ্য ইনট্যানজিবল কালচারাল হেরিটেজ। এতে বিশ্বসভায় বাংলাদেশের সম্মান বেড়েছে।

**ফ্রান্সিস পোপের ঢাকা সফর**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও বাংলাদেশের ক্যাথলিক বিশপের আমন্ত্রণে পূর্বনির্ধারিত সফরসূচি অনুযায়ী রোমান ক্যাথলিক প্রধান ধর্মগুরু পোপ ফ্রান্সিস তিনদিনের সফরে ৩০ নভেম্বর ঢাকা এসেছিলেন। বাংলাদেশে আসার আগে তিনি মিয়ানমার যান। সেখান থেকে সরাসরি ঢাকা আসেন। সফরে পোপ ১৬ যাজকের অভিষেক অনুষ্ঠানে সোহরাওয়ার্দী উদ্যানে



বিশাল জনসমাবেশে বক্তব্য দেন। নটরডেম কলেজে আয়োজিত যুব সমাবেশে বক্তব্য দেন। নেতৃত্ব দিয়েছেন আন্তঃধর্মীয় প্রার্থনা সভায়। প্রতি পর্বে শান্তি ও সম্প্রীতির বাণী এবং ভালোবাসা দিয়ে মানুষকে সেবা করার আহ্বান সবার মাঝে সাড়া ফেলে।

পোপ কক্সবাজারে রোহিঙ্গা শরণার্থীদের সাথে কথা বলেন এবং তাদের এই অবস্থার প্রেক্ষিতে সহমর্মিতা ব্যক্ত করেন। সফরকালে পোপ ফ্রান্সিস রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। বাংলাদেশের পক্ষ থেকে পোপকে সর্বোচ্চ সম্মান, মর্যাদা ও নিরাপত্তা দেয়া হয়।

**৩২তম পরমাণু ক্লাবে বাংলাদেশ**

পাবনার ঈশ্বরদীর রূপপুরে পদ্মার পাড়ে দেশের সবচেয়ে বড় প্রকল্প রূপপুর পরমাণু বিদ্যুৎকেন্দ্রের মূল নির্মাণ কাজ শুরু হয়েছে। গত শতাব্দীর ষাটের দশকে এই প্রকল্পের উদ্যোগ নেয়া হলেও প্রায় পাঁচ দশক পর তা বাস্তবায়িত হচ্ছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ৩০ নভেম্বর দেশের প্রথম পরমাণু বিদ্যুৎকেন্দ্রের মূল পর্বের নির্মাণ কাজ উদ্বোধন করেন। এর মধ্য দিয়ে বিদ্যুৎকেন্দ্রটির পরমাণু চুল্লি বসানোর কাজ শুরু হবে। এর আগে ৩ নভেম্বর রূপপুর পরমাণু বিদ্যুৎ কেন্দ্রটির মূল নির্মাণ পর্বের প্রাথমিক কাজ শুরুর ফার্স্ট কংক্রিট পৌরিং (এফসিপি) অংশ হিসেবে ডিজাইন অ্যান্ড কনস্ট্রাকশন লাইসেন্স দেয় বাংলাদেশ আণবিক শক্তি কমিশন (বিএইসি)। বিদ্যুৎকেন্দ্র নির্মাণের প্রথম ইউনিটের লাইসেন্স দিয়েছে বাংলাদেশ অ্যাটমিক এনার্জি রেগুলেটরি অথরিটি (বিএইআরএ)। এই লাইসেন্স পাওয়ার মধ্য দিয়ে বাংলাদেশ আনুষ্ঠানিকভাবে বিশ্ব পরমাণু ক্লাবে (নিউক্লিয়ার নেশন) যুক্ত হলো। বাংলাদেশ এই ক্লাবের ৩২তম দেশ।

বর্তমানে বিশ্বের ৩১টি দেশে ৪৫০টি পারমাণবিক বিদ্যুতের ইউনিট চলমান। দেশ স্বাধীনের পর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সেই সময়ের প্রেক্ষাপটে এখানে ২০০ মেগাওয়াট পরমাণু বিদ্যুৎকেন্দ্র স্থাপনের উদ্যোগ নেন। এরপর প্রকল্পটি বাস্তবায়নে কার্যকর কোন উদ্যোগ আর দেখা যায়নি। ২০০৮ সালে আওয়ামী লীগ তার নির্বাচনী ইশতেহারে এ প্রকল্পটি বাস্তবায়নের অঙ্গীকার করে। ২০১০ সালে রাশিয়ার সঙ্গে পারমাণবিক শক্তির শান্তিপূর্ণ ব্যবহার নিয়ে ফ্রেমওয়ার্ক এগ্রিমেন্ট হয়। একই বছর জাতীয় সংসদে এই প্রকল্পের নির্মাণের সিদ্ধান্ত প্রস্তাব গ্রহণ করা হয়। ২০১২ সালে বিএইআরএ অ্যাক্ট পাস হয়। ২০১৩ সালে এই বিদ্যুৎকেন্দ্রের প্রথম পর্যায়ের কাজের উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসি-না।

এটি এককভাবে বাংলাদেশের সবচেয়ে বড় প্রকল্প। এই প্রকল্প বাস্তবায়নে মোট ব্যয় ১ লাখ ১৩ হাজার ৯২ কোটি টাকা। এজন্য বাংলাদেশ সরকার ঋণ হিসেবে রাশিয়া থেকে নিচ্ছে ৯১ হাজার ৪০ কোটি টাকা, আর বাকিটা দিচ্ছে বাংলাদেশ সরকার। নির্মিতব্য এই বিদ্যুৎকেন্দ্রের দুই ইউনিট থেকে ২,৪০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন হবে।

**রোহিঙ্গা অনুপ্রবেশ**

মিয়ানমারের রাখাইন প্রদেশে সীমান্তরক্ষী বাহিনীর চৌকিতে আরাকান রোহিঙ্গা সালভেশন আর্মির (আরসা) হামলাকে কেন্দ্র করে রোহিঙ্গা গ্রামগুলোতে শুরু হয় দেশটির সেনাবাহিনীর গণনিষ্ঠুরতা। এ অবস্থায় প্রাণ বাঁচাতে মিয়ানমার থেকে এ বছর ২৫ আগস্ট বাংলাদেশে অনুপ্রবেশ করেছে ছয় লাখের বেশি রোহিঙ্গা। আগে থেকেই বিভিন্ন সময়ে মিয়ানমার থেকে চার লাখের মতো রোহিঙ্গা এদেশে বাস করছে। সব মিলিয়ে বর্তমানে মিয়ানমারের সাড়ে ১০ লাখ রোহিঙ্গা বাংলাদেশে অনুপ্রবেশ করেছে। ২০১৭ সালের আগস্ট পরবর্তী ঘটনা ছিল সারাবিশ্বের ইতিহাসে ভয়াবহ রোহিঙ্গা বাস্তুচ্যুতির ঘটনা। জাতিসংঘসহ বিভিন্ন দেশ এবং সংস্থা গভীর উদ্বেগের পাশাপাশি প্রতিদিনই ক্যাম্পগুলোতে রোহিঙ্গাদের জন্য সরকারের পাশাপাশি বেসরকারি ও ব্যক্তি পর্যায়ে শরণার্থী ক্যাম্পে ত্রাণ সহায়তা দেয়। আন্তর্জাতিক সম্প্রদায় ফেব্রুয়ারি পর্যন্ত প্রথম ছয় মাসে ছয় লাখ রোহিঙ্গার জরুরি ত্রাণ সহায়তার জন্য ৩৩৪ মিলিয়ন ডলারের সাহায্য ঘোষণা করেছে।

মিয়ানমার সরকারের এ আচরণের তীব্র নিন্দা জানিয়েছে বাংলাদেশ। বাংলাদেশ উদার মানবিকতা দেখালেও বিশ্ব আহ্বান উপেক্ষা করে মিয়ানমার সেনাবাহিনী বছরের শেষ প্রান্ত পর্যন্ত নিষ্ঠুর অভিযান অব্যাহত রাখে। মার্কিন যুক্তরাষ্ট্র এবং ইউরোপীয় ইউনিয়ন কিছু কিছু ক্ষেত্রে মিয়ানমারের ওপর অবরোধ আরোপ করে। রোহিঙ্গাদের প্রতি সহানুভূতি জানাতে বাংলাদেশে ছুটে আসেন ক্যাথলিক খ্রিষ্টানদের প্রধান ধর্মগুরু পোপ ফ্রান্সিস, তুরস্কের প্রধানমন্ত্রী, তুরস্কের ফার্স্ট লেডি এমিনি এরদোগান, জর্দানের রাণী রানিয়াসহ অনেক দেশের মন্ত্রী এবং সরকারের উচ্চপর্যায়ের প্রতিনিধিরা। নির্যাতিতদের দেখতে চট্টগ্রামের উখিয়ার ক্যাম্প পরিদর্শনে ছুটে যান বাংলাদেশ নিযুক্ত ৪০ দেশের ৭০ জন কূটনীতিক। নিপীড়িতদের পাশে দাঁড়ানোর এমন উদাহরণে দেশের সরকার ও জনগণ বিশ্ববাসীর অভিনন্দন ও প্রশংসা পেয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২১ সেপ্টেম্বর জাতিসংঘের অধিবেশনে রোহিঙ্গা সংকট নিরসনে পাঁচ দফা প্রস্তাব দেন। প্রধানমন্ত্রীর দেয়া পাঁচ-দফা প্রস্তাবই এখন বিশ্ব নেতাদের মুখে আলোচিত।



এ ঘটনায় জাতিসংঘের সাধারণ পরিষদে চীন ও রাশিয়া মিয়ানমারের পক্ষ নেয়। তবে পরিষদে কফি আনান কমিশনের সুপারিশ অনুযায়ী রোহিঙ্গাদের রাখাইনে নাগরিক অধিকার ফিরিয়ে দিতে আহ্বান জানিয়ে বিবৃতি দেয়া হয়। শেষ পর্যন্ত মিয়ানমার বিশ্বব্যাপী ব্যাপক সমালোচনা, আন্তর্জাতিক চাপ এবং বাংলাদেশ সরকারের তৎপরতার মুখে রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে সম্মত হয়। এ লক্ষ্যে গত ২৩ নভেম্বর মিয়ানমারের রাজধানী নেপিদো'তে বাংলাদেশ ও মিয়ানমারের মধ্যে চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তি অনুযায়ী বছরের শেষ প্রান্তে গঠন করা হয়েছে যৌথ ওয়ার্কিং গ্রুপ। নিরাপত্তা অভিযান বন্ধ হয়েছে বলে মিয়ানমার জাতিসংঘকে জানালেও রোহিঙ্গারা এখনো দেশ ছাড়ছে।

**প্রধান বিচারপতির পদত্যাগ**

২০১৫ সালের ১৭ জানুয়ারি দেশের ২১তম প্রধান বিচারপতি হিসেবে এস কে সিনহা শপথ নেন। এরপর থেকে বিচার বিভাগের নানা প্রসঙ্গ, রাজনীতি, শাসনব্যবস্থাসহ বিভিন্ন বিষয়ে প্রকাশ্য বক্তৃতা করার কারণে তিনি বারবার আলোচিত ছিলেন। শেষ পর্যন্ত সংবিধানের ষোড়শ সংশোধনী বাতিলের রায় প্রকাশের পর তাঁর সঙ্গে সরকারের দূরত্বের সৃষ্টি হয়। এ নিয়ে বিচার ও নির্বাহী বিভাগের মধ্যে টানাপোড়েন স্পষ্ট হয়। তাঁর পদত্যাগের দাবি ওঠে।

এ পরিস্থিতিতে তিনি ৮ সেপ্টেম্বর ছুটি নিয়ে কানাডা ও জাপান সফরে যান। কিন্তু ২ অক্টোবর অসুস্থতার কারণ দেখিয়ে এক মাসের ছুটি চেয়ে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বরাবর চিঠি পাঠান প্রধান বিচারপতি। রাষ্ট্রপতি সেই ছুটি মঞ্জুর করেন। পরে বিদেশ যাওয়ার বিষয়ে সরকারি আদেশ প্রসঙ্গ এলে প্রধান বিচারপতি রাষ্ট্রপতির কাছে আবারও আবেদন করেন, ১০ নভেম্বর পর্যন্ত বিদেশে থাকতে চান। ১২ অক্টোবর রাষ্ট্রপতির আদেশক্রমে বিচারপতি এস কে সিনহার ছুটির মেয়াদ ১০ নভেম্বর পর্যন্ত বেড়েছে মর্মে আইন মন্ত্রণালয় এক প্রজ্ঞাপন জারি করে। প্রধান বিচারপতি ১৩ অক্টোবর রাতে অস্ট্রেলিয়ার উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন। তাঁর দেশত্যাগের পরদিন সুপ্রিম কোর্ট প্রশাসন থেকে প্রধান বিচারপতির বিরুদ্ধে ১১টি সুনির্দিষ্ট অভিযোগ তুলে বিবৃতি দেয়া হয়। বিচারপতি অস্ট্রেলিয়া থেকে ৬ নভেম্বর সিঙ্গাপুর যান। ১০ নভেম্বর সিঙ্গাপুর থেকে কানাডা যাওয়ার পথে সেখানে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনের মাধ্যমে রাষ্ট্রপতি বরাবর পদত্যাগপত্র জমা দেন। রাষ্ট্রপতি পদত্যাগপত্র গ্রহণ করেন ১৪ নভেম্বর। প্রধান বিচারপতির চাকরির মেয়াদ ছিল ৩১ জানুয়ারি ২০১৮ তারিখ পর্যন্ত। অবসরে যাওয়ার ৮২ দিন আগেই পদত্যাগ করেন প্রধান বিচারপতি।

### হাওরে অকাল বন্যা চালের দর বৃদ্ধি

হাওরে অকাল বন্যা এবার বিধ্বংসী রূপ নিয়েছিল। এপ্রিল মাসে উজান থেকে নেমে আসা পাহাড়ি ঢলের কারণে হাওরের সাত জেলার মানুষ ভয়াবহ বন্যার কবলে পড়ে। বন্যায় ৭৫ ভাগ ফসল তলিয়ে যায়। বন্যায় ২২ লাখ টন ধান উৎপাদন ব্যাহত হয়েছে। ১১ লাখ ৩৪ হাজার ৬০০ পরিবারের এই বন্যায় ভয়াবহ ক্ষতি হয়েছে। অকাল বন্যার প্রভাবে চালের দাম বেড়ে যায়। সাম্প্রতিক বছরগুলোর মধ্যে চালের দর বৃদ্ধি সর্বোচ্চ ছিল। যাতে সব থেকে বেশি ক্ষতিগ্রস্ত হয় নিম্ন আয়ের মানুষ।

### বর্ষসেরা একাদশ সাকিব-মুশফিক

ক্রিকেট অস্ট্রেলিয়ার নিজস্ব ওয়েবসাইট ক্রিকেট ডটকম ডট এইউ ২০১৭ সালের সেরা টেস্ট একাদশ সাজাতে জায়গা করে নিয়েছেন বাংলাদেশের বাঁ হাতি তারকা সাকিব আল হাসান ও ডানহাতি মুশফিক রহিম। এ বছর সাকিব সাতটি টেস্ট খেলেছেন। ৪৭.৫০ গড়ে দুটি সেঞ্চুরিসহ ৬৬৫ রান করেছেন। আর নিউজিল্যান্ডের ওয়েলিংটনে বাংলাদেশের হয়ে রেকর্ড সর্বোচ্চ ২১৭ রানের ইনিংস খেলেছিলেন সাকিব। শ্রীলংকার কলম্বোয় টাইগারদের শততম টেস্ট জয়ে প্রথম ইনিংসে ১১৬ রান করে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছিলেন। ব্যাটিংয়ের পাশাপাশি বোলিংয়েও সমান ভূমিকা রেখেছেন সাকিব। ৩.১৮ ইকোনমিতে নিয়েছেন ২৯ উইকেট। মিরপুর মাঠে বাংলাদেশ-অস্ট্রেলিয়া ম্যাচে দুই ইনিংসে পাঁচ উইকেট করে নেন সাকিব।

### বাংলাদেশের মেয়েরাই দক্ষিণ এশিয়ার সেরা

রাজধানীর কমলাপুরে স্টেডিয়ামে দর্শকের ফাইনাল খেলা দেখার আবহ পুরোমাত্রায়। আসলে বাংলাদেশের শিরোপা জয়ের প্রস্তুতি। টুর্নামেন্টের আগের ম্যাচগুলোতে মনিকা, মার্জিয়ারা জানিয়ে দিয়েছিল তারাই সেরা। সেই আনুষ্ঠানিকতাও সেরেছে তারা ভারতকে ১-০ গোলে হারিয়ে। প্রতিযোগিতায় কোন গোল না খেয়ে অপরাজিত চ্যাম্পিয়ন হয় বাংলাদেশের সাফ অনূর্ধ্ব-১৫ মহিলা ফুটবল টুর্নামেন্ট। নেপালকে ৬-০ গোলে হারিয়ে দেয়ার পর লীগের দ্বিতীয় ম্যাচে ভুটানের বিপক্ষে ৩-০ গোলের ব্যবধানে জিতে মার্জিয়ারা। লীগের শেষ ম্যাচেও ভারতকে ৩-০ গোলে হারিয়েছিল বাংলাদেশ। বাংলার দামাল মেয়েরা সাফ অনূর্ধ্ব-১৫ মহিলা ফুটবল টুর্নামেন্টে অপরাজিত চ্যাম্পিয়ন হয়ে বাংলাদেশকে দিয়েছে অসামান্য মর্যাদা।



### কাতালোনিয়ার স্বাধীনতা দাবি

রাজনৈতিক, অর্থনৈতিক ও ভৌগোলিক কারণে স্পেনের উত্তর-পূর্বাঞ্চলীয় স্বায়ত্তশাসিত অঞ্চল কাতালোনিয়া এ পর্যন্ত কিছু বাড়তি সুবিধা পেয়ে আসছে। স্পেনের সঙ্গে এ অঞ্চলটির ভাষা ও সাংস্কৃতিক পার্থক্য রয়েছে। প্রায় এক হাজার বছরের পুরোনো ইতিহাসসমৃদ্ধ স্পেনের স্বায়ত্তশাসিত অঞ্চল কাতালোনিয়া সম্প্রতি মাদ্রিদের হুঁশিয়ারি ও আদালতের নিষেধাজ্ঞা উপেক্ষো করে ১ অক্টোবর গণভোটের আয়োজন করে। এতে কাতালোনিয়ার স্বাধীনতার পক্ষে রায় হয়। পরে ২৭ অক্টোবর কাতালান প্রাদেশিক আইনসভায় সেই ঘোষণা অনুমোদিত হয়।

এতে স্পেনের অনেক হিসাব বদলে যায়। এ রায়ের প্রেক্ষিতে একই মাসে কাতালোনিয়ার প্রেসিডেন্ট কার্লোস পুজদেমন ও আঞ্চলিক নেতারা স্বাধীন কাতালোনিয়া রাষ্ট্র গঠনে ঘোষণাপত্রে স্বাক্ষর করেন। কিন্তু পুজদেমন স্বাধীনতার ঘোষণা না দিয়ে কেন্দ্রীয় সরকারের আলোচনা সমঝোতার প্রস্তাব দেন। এ সময় স্পেন সরকার তার প্রস্তাব প্রত্যাখ্যান করে কাতালোনিয়ার স্বায়ত্তশাসন বাতিল করতে সংবিধানের ১৫৫ ধারা সচলের উদ্যোগ নেয়। কাতালান নেতা পুজদেমনকে বরখাস্তের পাশাপাশি অঞ্চলটির স্বায়ত্তশাসন কেড়ে প্রত্যক্ষ শাসন জারি এবং মধ্যবর্তী নির্বাচনের ঘোষণা করে মাদ্রিদ। ২২ ডিসেম্বর প্রকাশিত ফলাফলে স্বাধীনতাকামী দলগুলোই সংখ্যাগরিষ্ঠতা পেয়েছে।

### ব্রেক্সিট প্রক্রিয়া শুরু

ইউরোপীয় ইউনিয়ন (ইইউ) থেকে যুক্তরাজ্যের বেরিয়ে আসার প্রক্রিয়া ব্রেক্সিট বিতর্কের বড় চ্যালেঞ্জের সময়ে প্রধানমন্ত্রীর দায়িত্ব গ্রহণ করেন যুক্তরাজ্যের কনজারভেটিভ পার্টির নেতা থেরেসা মে। ব্রেক্সিট ইস্যুতে যুক্তরাজ্যের রাজনৈতিক নেতা ও জনগণের বিভক্তির মধ্যে আয়ারল্যান্ডও মত বদলায়। বেলজিয়ামের রাজধানী ব্রাসেলসে অনুষ্ঠিত ইইউয়ের শীর্ষ সম্মেলনের শেষদিনে ব্রেক্সিট ইস্যুতে যুক্তরাজ্যের সঙ্গে করা স্মারকের অনুমোদন দেয় ইইউ। এদিন বিচ্ছেদ পরবর্তী সম্পর্কের রূপরেখা নির্ধারণে আলোচনা শুরুর অনুমোদনও দেয়া হয়। এ পদক্ষেপকে ব্রেক্সিট কার্যকরের একটি গুরুত্বপূর্ণ অগ্রগতি হিসেবে দেখা হয়। এতে বিশেষ করে দু'পক্ষের বাণিজ্যিক বিষয়ে গুরুত্বারোপ করা হয়েছে। ২০১৯ সালের ২৯ মার্চ স্থানীয় সময় রাত ১১টায় আনুষ্ঠানিকভাবে যুক্তরাজ্যের ইউরোপীয় ইউনিয়ন ত্যাগের কথা জানান।

**সৌদি আরবে ও রাজপরিবারে সংস্কার ঘোষণা**

সৌদি বাদশাহ সালমান বিন আবদুল আজিজ ভাতিজা নায়েফকে সরিয়ে ২১ জুন আকস্মিকভাবে নিজের ছেলে মোহাম্মদ বিন সালমানকে যুবরাজ ঘোষণা দেন। দায়িত্ব পেয়েই সালমান রক্ষণশীল সৌদিকে উদারনীতি প্রত্যাবর্তনের ঘোষণা দেন। তার নতুন প্রশাসন মাত্র কয়েক মাসের মধ্যে সৌদি নারীদের গাড়ি চালানোর ও পরিবারের সদস্যের সঙ্গে স্টেডিয়ামে গিয়ে খেলা দেখার অনুমতি, সিনেমা হল খোলারও নির্দেশ দেয়াসহ দুর্নীতিমুক্ত সৌদি গড়ার লক্ষ্যে কমিটি গঠনের ঘোষণা দিয়ে এক ডিক্রি জারি করেন। ডেপুটি ক্রাউন প্রিন্সের দায়িত্ব পালনের সময় থেকেই তিনি সরকারের ব্যয় কমিয়ে আনতে তৎপর ছিলেন। এসময় দেশটির প্রভাবশালী প্রায় ২০ জন যুবরাজ এবং সাবেক ও বর্তমান ৩৮ মন্ত্রী ছাড়াও ১৫৮ বিশিষ্ট ব্যক্তিকে দুর্নীতির অভিযোগে গ্রেফতার করে সৌদি প্রশাসন।

**মার্কিন প্রেসিডেন্টের শপথগ্রহণ ও বিক্ষোভ**

ডোনাল্ড ট্রাম্প ২০১৬ সালের ৮ নভেম্বর নির্বাচনে আমেরিকার রিপাবলিকান দল থেকে প্রেসিডেন্ট নির্বাচিত হন। ২০ জানুয়ারি ২০১৭ সালে তিনি আমেরিকার ৪৫তম প্রেসিডেন্ট হিসেবে শপথ গ্রহণ করেন। শপথ গ্রহণের পর থেকেই আমেরিকার শহরে শহরে বিক্ষোভ, ধরপাকড় হয়েছে। বিক্ষোভে অংশগ্রহণকারীদের একটি বড় অংশ নারী। কারণ নারীদের সঙ্গে অসৌজন্যমূলক আচরণ ও নারীবিদ্বেষী মন্তব্যের জন্য ক্ষুব্ধ মার্কিন নারীসমাজ। ট্রাম্প ক্ষমতায় এসে একের পর এক নির্বাহী আদেশ জারি করেন। ছয়টি মুসলিম দেশ থেকে যুক্তরাষ্ট্রে প্রবেশে ট্রাম্পের নিষেধাজ্ঞা, প্রেসিডেন্ট হিসেবে প্রথম বিদেশ সফরে তার সৌদি আরব গমন ও দেশটির সাথে ১১ হাজার কোটি ডলারের অস্ত্র বিক্রির চুক্তি, ১১ দিনের সফরে এশিয়া আগমন, একেক করে ঘনিষ্ঠ সহচরদের পদত্যাগ, উত্তর কোরিয়াকে যুদ্ধের হুমকি, প্যারিস জলবায়ু চুক্তি থেকে যুক্তরাষ্ট্রের বেরিয়ে যাওয়ার ঘোষণা, এসব নিয়ে সারা বছর আলোচনায় ছিলেন প্রেসিডেন্ট ট্রাম্প। জাতিসংঘের সঙ্গে যুক্তরাষ্ট্রের সম্পর্কের টানাপোড়েনের জের ধরে বিশ্ব সংস্থাটিকে দেয়া বরাদ্দ কমিয়ে দেয়ার ফলে বাজেট কমাতে বাধ্য হয়েছে জাতিসংঘ। বছরের শেষ প্রান্তে জেরুজালেমকে ইসরায়েলের রাজধানী ঘোষণায় মধ্যপ্রাচ্যের অস্থিরতাকে আরো উসকে দেন ট্রাম্প।



# ২০১৭ সালে যাদের হারিয়েছি

**সুরঞ্জিত সেনগুপ্ত**

আওয়ামী লীগের উপদেষ্টা পরিষদের সদস্য ও প্রবীণ রাজনীতিক সুরঞ্জিত সেনগুপ্ত (৭১) আর নেই। ৫ ফেব্রুয়ারি রাজধানীর ল্যাব এইড হাসপাতালে করোনারি কেয়ার ইউনিটে (সিসিইউ) লাইফ সাপোর্টে চিকিৎসাধীন অবস্থায় মারা যান। দিরাইয়ে তাঁর শেষকৃত্যানুষ্ঠান হয়। সুরঞ্জিত সেনগুপ্তের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ, প্রধানমন্ত্রী শেখ হাসিনা, বিরোধীদলীয় নেতা রওশন এরশাদসহ বিভিন্ন রাজনৈতিক দল ও সংগঠন। সুরঞ্জিত সেনগুপ্ত আইন বিচার ও সংসদবিষয়ক সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি ছিলেন। সুরঞ্জিত সেনগুপ্ত ১৯৪৬ সালে সুনামগঞ্জ জেলার দিরাই উপজেলার আনোয়ারপুর গ্রামে জন্মগ্রহণ করেন। ছাত্রজীবনেই তিনি বামপন্থী আন্দোলনের সঙ্গে জড়িয়ে পড়েন। সুরঞ্জিত সেনগুপ্ত সুনামগঞ্জ-২ আসন থেকে স্বাধীনতা পরবর্তী সময়ে মোট সাতবার সংসদ সদস্য নির্বাচিত হন। এর আগে সত্তরের নির্বাচনেও তিনি প্রাদেশিক পরিষদের সদস্য নির্বাচিত হন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ও স্নাতকোত্তর করেন। পরে এলএলবি ডিগ্রি সম্পন্ন করে আইন পেশায় নিযুক্ত হন। নব্বই দশকে সুরঞ্জিত সেনগুপ্ত আওয়ামী লীগে যোগ দেন। এর আগে তিনি ন্যাশনাল আওয়ামী পার্টি ও একতা পার্টির সঙ্গে যুক্ত ছিলেন। তিনি ২০০৮ সালে আওয়ামী লীগ ক্ষমতায় আসার পর ২০১১ সালের ২৮ নভেম্বর রেলমন্ত্রী নিযুক্ত হন। পরে তিনি দপ্তরবিহীন মন্ত্রী হিসেবে মন্ত্রিপরিষদে ছিলেন। এর আগে ১৯৯৬ সালে তিনি প্রধানমন্ত্রীর সংসদবিষয়ক উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করেন।

**মহিউদ্দিন চৌধুরী**

বছরের শেষদিকে এসে চট্টগ্রামবাসীকে কাঁদিয়ে গেলেন এবিএম মহিউদ্দিন চৌধুরী। ১৪ ডিসেম্বর রাতে তিনি মারা যান। মহিউদ্দিন চৌধুরী চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগের সভাপতি এবং সাবেক তিনবারের নির্বাচিত মেয়র ছিলেন। বছরের ১৫ ডিসেম্বর চট্টলা বীর মহিউদ্দিন চৌধুরী পৃথিবীকে বিদায় জানান। তাঁর মৃত্যুতে চট্টগ্রামের ১৪টি কমিউনিটি সেন্টারে কুলখানি ও মেজবানের আয়োজন করা হয়। এর মধ্যে রীমা কমিউনিটি সেন্টারে হিন্দু-বৌদ্ধ ধর্মাবলম্বীসহ অমুসলিমের জন্য মেজবানের ব্যবস্থা করা হয়। সেখানে দুপুর ১টার পর প্রচণ্ড ভিড় তৈরি হয়। এক পর্যায়ে হুড়োহুড়ি করে পদদলিত হয়ে ১১ জন নিহত হয়। শোক থেকে গভীর শোকে ডুবে যায় চট্টগ্রাম।

**আনিসুল হক**

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হক (৬৫) আর নেই। ৩০ নভেম্বর বাংলাদেশ সময় রাত ১০টা ২৩ মিনিটে (লন্ডনের স্থানীয় সময় ৪টা ২৩ মিনিট) লন্ডনের ওয়েলিংটন হাসপাতালে তিনি ইন্তেকাল করেন। নাতির জন্মদিন উপলক্ষ্যে ২৯ জুলাই সপরিবারে আনিসুল হক যুক্তরাজ্যে যান। সেখানে তিনি হঠাৎ অসুস্থ হয়ে পড়েন। ১৩ আগস্ট তাঁকে লন্ডনের ন্যাশনাল নিউরো সায়েন্স হাসপাতালে ভর্তি করা হয়। তাঁর মস্তিষ্কের রক্তনালিতে প্রদাহজনিত সেরিব্রাল ভাসকুলাইটিস ধরা পড়লে তাকে নিবিড় পরিচর্যা কেন্দ্রে নেয়া হয়। অবস্থার উন্নতি হলে ৩১ অক্টোবর তাকে আইসিইউ থেকে রিহ্যাবিলিটেশনে স্থানান্তর করা হয়। মেয়র আনিসুল হক ৯ মাস ধরে লন্ডনে চিকিৎসাধীন ছিলেন। মেয়র আনিসুল হকের মৃত্যুতে শোক জানিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ, প্রধানমন্ত্রী শেখ হাসিনা, বিরোধীদলীয় নেত্রী রওশন এরশাদ, বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া, সাবেক রাষ্ট্রপতি ও জাতীয় পার্টির চেয়ারম্যান হুসেইন মুহম্মদ এরশাদ। ২০১৫ সালে মিডিয়া ব্যক্তিত্ব ও তৈরি পোশাক ব্যবসায়ী আনিসুল হক আওয়ামী লীগের প্রার্থী হিসেবে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র নির্বাচিত হন। নির্বাচিত হওয়ার পর ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে তিনি ব্যাপক সংস্কার করেন। সিটি কর্পোরেশনে দুর্নীতি বন্ধে তিনি পদক্ষেপ নেন। এছাড়া ঠিকাদারদের বিল দ্রুত ছাড় করা, তেজগাঁও ট্রাক স্ট্যান্ড উচ্ছেদ, গুলশান-বনানীতে ফুটপাত দখলমুক্ত করা, অবৈধ স্থাপনা উচ্ছেদ এবং সরকারি বেশকিছু জমি উদ্ধার করে আলোচনায় আসেন তিনি। এছাড়া পরিবহন খাতে শৃঙ্খলা ফেরানোরও চেষ্টা করেন তিনি। ১৯৫২ সালের ২৭ অক্টোবর নোয়াখালীতে জন্মগ্রহণ করেন আনিসুল হক। তাঁর বাবার নাম সৈয়দ মঈনুদ্দিন ও তার মায়ের নাম ফাতেমা জোহরা বেগম। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় থেকে অর্থনীতিতে স্নাতকোত্তর করে তিনি ১৯৮৬ সালে মোহাম্মদী গ্রুপ প্রতিষ্ঠা করেন। বর্তমানে এ গ্রুপ গার্মেন্টস পণ্য, আবাসন, তথ্যপ্রযুক্তি এবং বিদ্যুৎ উৎপাদনসহ বহুমুখী ব্যবসা পরিচালনা করে। ১৯৮০ থেকে ৯০-এর দশকে টেলিভিশন উপস্থাপক হিসেবে ব্যাপক পরিচিতি লাভ করেন আনিসুল হক। ১৯৯১ সালের নির্বাচনের আগে আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা ও বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার মুখোমুখি একটি অনুষ্ঠান উপস্থাপন করেন তিনি। ২০০৮-'১০ সালে তিনি ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন এফবিসিসিআই সভাপতি এবং ২০০৫ ও ২০০৬ দুই মেয়াদের তৈরি পোশাক কারখানার মালিক পক্ষের সংগঠন বিজিএমইএ'র সভাপতির দায়িত্ব পালন করেন। ২০১০-'১২ সালে দক্ষিণ এশিয়ার ব্যবসায়ীদের সংগঠন সার্ক চেম্বারের সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেন তিনি। এছাড়া



বেসরকারি খাতে বিদ্যুৎ কোম্পানির মালিকদের সংগঠন বিআইপিপিএ (বাংলাদেশ ইনডিপেনডেন্ট পাওয়ার প্রডিউসার অ্যাসোসিয়েশন) সভাপতি ছিলেন আনিসুল হক। মেয়র আনিসুল হকের মৃত্যুতে আরো শোক জানান আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের, অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত, আইনমন্ত্রী অ্যাডভোকেট আনিসুল হক, তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু, পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল প্রমুখ।

**মুহাম্মদ ছায়েদুল হক**

১৬ ডিসেম্বর চিকিৎসাধীন অবস্থায় মারা যান মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী মুহাম্মদ ছায়েদুল হক। তিনি ব্রাহ্মণবাড়িয়া-১ আসনে আওয়ামী লীগ থেকে পাঁচবার সংসদ সদস্য নির্বাচিত হন। ২০১৪ সালে শেখ হাসিনার সরকারে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের দায়িত্ব পান প্রবীণ এই নেতা।

**নূরজাহান বেগম**

নারী সাংবাদিকতার পথিকৃৎ বেগম পত্রিকা'র সম্পাদক নূরজাহান বেগম ৯১ বছর বয়সে মৃত্যুবরণ করেন ২৩ মে। তিনি ১৯৪২ সালে ম্যাট্রিক, ১৯৪৪ সালে আইএ ও ১৯৪৬ সালে বিএ পাস করেন। কলকাতা থেকে ১৯৪৭ সালের ২০ জুলাই বেগম পত্রিকা প্রকাশিত হয়। প্রতিষ্ঠাতা সম্পাদক ছিলেন কবি বেগম সুফিয়া কামাল। পরে নূরজাহান বেগম সম্পাদনার দায়িত্ব নেন। ভারত ভাগের পর ১৯৫০ সালে বেগম ঢাকায় চলে আসে। বেগম ছিল বাংলায় প্রথম সচিত্র নারী সাপ্তাহিক। নারীর উন্নয়নে অবদান রাখায় নূরজাহান বেগম বাংলাদেশ মহিলা পরিষদ পুরস্কার, বেগম রোকেয়া পদকসহ বহু পুরস্কার ও পদকে সম্মানিত হয়েছেন।

**লাকী আখন্দ**

২১ এপ্রিলে মারা যান মুক্তিযোদ্ধা, শিল্পী, গীতিকার ও সুরকার লাকী আখান্দ। 'এই নীল মনিহার, আমায় ডেকো না, আগে যদি জানতাম'- এর মতো বহু জনপ্রিয় গান তিনি গেয়েছেন। শৈশবেই সংগীতশিল্পী হিসেবে আত্মপ্রকাশ করেন লাকী আখান্দ।

**সুধীন দাশ**

উপমহাদেশের বিশিষ্ট সংগীতজ্ঞ, স্বরলিপিকার, নজরুল গবেষক সুধীন দাশ ২৭ জুন মারা যান। নজরুল সংগীতের আদি গ্রামোফোন রেকর্ডের বাণী ও সুর অনুসারে স্বরলিপি গ্রন্থ তিনি লিখেন। তিনিই প্রথম লালন গীতির স্বরলিপি গ্রন্থ প্রকাশ করেছেন।

**করুণাময় গোস্বামী**

বিশিষ্ট শিক্ষাবিদ ও সংগীত গবেষক করুণাময় গোস্বামী ৩০ জুন মারা যান।

একুশে পুরস্কার ও স্বাধীনতা পুরস্কারখ্যাত এই শিক্ষাবিদ ও সংগীত গবেষকের ১৯টি গ্রন্থ রয়েছে।

**শহীদুল হক মামা**

মুক্তিযুদ্ধকালে মামা গেরিলা বাহিনীর প্রধান মুক্তিযোদ্ধা শহীদুল হক মামা ৩০ জুন মারা যান। মুক্তিযুদ্ধকালে দুই নম্বর সেক্টরের মেলাঘর ইউনিটের প্রধান শহীদুল হক সেসময় বিহারিদের দখলে থাকা দুর্ভেদ্য ঘাঁটি মিরপুর মুক্ত করেন।

**দ্বিজেন শর্মা**

প্রকৃতিপ্রেমী, নিসর্গের মানুষ দ্বিজেন শর্মা মারা যান ১৫ সেপ্টেম্বর। নিসর্গ নিয়ে তাঁর গুরুত্বপূর্ণ গ্রন্থের মধ্যে 'সপুষ্পক উদ্ভিদের শ্রেণিবিন্যাস, ফুলগুলি যেন কথা, গাছের কথা ফুলের কথা' অন্যতম।

**নায়করাজ রাজ্জাক**

বাংলা চলচ্চিত্রের কিংবদন্তি অভিনেতা নায়করাজ রাজ্জাক ২১ আগস্ট মারা যান। অভিনয় জীবনে তিনি বেহুলা, আগুন নিয়ে খেলা, এতটুকু আশা, নীল আকাশের নিচে, জীবন থেকে নেওয়া, ওরা ১১ জন, অবুঝ মনসহ মোট ৩০০ বাংলা ও উর্দু চলচ্চিত্রে অভিনয়ের পাশাপাশি ১৬টি চলচ্চিত্র পরিচালনা করেছেন।

**আবদুল জব্বার**

সংগীতশিল্পী আবদুল জব্বার ৩০ আগস্ট মারা যান। গুণী এই শিল্পী বাংলাদেশের স্বাধীনতাযুদ্ধ চলাকালে স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে প্রচারিত 'সালাম সালাম হাজার সালাম'সহ অনেক উদ্বুদ্ধকরণ গানের গায়ক।

**কাজী সিরাজ**

১ সেপ্টেম্বর মারা যান বরেণ্য সাংবাদিক-কলামিস্ট, লেখক ও মুক্তিযোদ্ধা কাজী সিরাজ (৭০)। টানা চারযুগ সাংবাদিকতায় নিবেদিত কাজী সিরাজ সর্বশেষ সাপ্তাহিক রোববার-এর উপদেষ্টা সম্পাদক ছিলেন।

**এম কে আনোয়ার**

বিএনপির স্থায়ী কমিটির সদস্য সাবেক মন্ত্রী এম কে আনোয়ার ২৩ অক্টোবর মারা যান। ১৯৯০ সালে এম কে আনোয়ার রাজনীতির মাঠে নামেন, যোগ দেন বিএনপিতে। ২০০১-২০০৬ মেয়াদে কৃষিমন্ত্রী ছিলেন।

**বারী সিদ্দিকী**

২৪ নভেম্বর মারা যান খ্যাতিমান সংগীতশিল্পী, গীতিকার ও বংশীবাদক বারী সিদ্দিকী। তিনি মূলত গ্রামীণ লোকসংগীত ও আধ্যাত্মিক ধারার গান করতেন। তাঁর অসংখ্য গান বহুল জনপ্রিয়।